'অভিধর্ম' শব্দের অর্থ বিশ্লেষণ করতে গিয়ে স্বনামধন্য অর্থকথাচার্য বুদ্ধঘোষ তাঁর *অত্থসালিনী* নামক গ্রন্থে বলেছেন : **'ধম্মাতিরেক ধম্মবিসেসট্‌ঠেন অভিধম্মোতি বুচ্চতি'** অর্থাৎ সূত্রাতিরিক্ত ধর্মই অভিধর্ম অথবা সূত্রোক্ত বিশেষ ধর্মই হচ্ছে অভিধর্ম। এখানে 'অভি' উপসর্গের দ্বারা 'অধিকতর' বা 'বিশিষ্টতর' বুঝানো হয়েছে। তিনি এ-প্রসঙ্গে বহু উপমা

প্রদান করেছেন। যেমন, একস্থানে সমবেত বহু রাজকুমার ও দেবতার মধ্যে যিনি জাতি, ভোগসম্পত্তি, যশ, ঐশ্বর্য প্রভৃতিতে অধিক সমৃদ্ধশালী ও বিশেষ বৈশিষ্টসম্পন্ন, তিনিই 'অতিরাজকুমার' ও 'অতিদেব' বলে বিবেচিত হন, ঠিক তদ্রুপ সূত্রাতিরিক্ত ধর্মই 'অভিধর্ম' অথবা সূত্রোক্ত বিশেষ ধর্মই হচ্ছে 'অভিধর্ম'। অতএব সূত্র ও অভিধর্মের পার্থক্য হচ্ছে মূলত উভয়ের বিষয় বিন্যাস, সম্পাদন ও ব্যাখ্যা প্রসঙ্গে। সূত্রপিটকে যা সাধারণভাবে সাধারণের ভাষায় আলোচিত ও উপদিষ্ট, অভিধর্মপিটকে তা তন্নিষ্ঠরূপে বিভাজিত, বিশ্লেষিত, আলোচিত ও উপদিষ্ট। এক কথায় বলতে গেলে সত্ত্ব, আত্মা, নামরূপ ও জড়জগৎ সম্পর্কে অভিধর্ম যেই পরম সত্য উপনীত, সূত্রপিটকে তা সাধারণের মাঝে তাদেরই ভাষায় ব্যাখ্যাত। সেজন্য সূত্রপিটকের ভাষা ব্যবহারিক অর্থাৎ সত্ত্ব, আত্মা, জীব, জন্ম, মৃত্যু, দেবতা, ব্রহ্মা, তুমি, আমি প্রভৃতি। কিন্তু অভিধর্মের ভাষা পারমার্থিক অর্থাৎ স্কন্ধ, আয়তন, ধাতু, চ্যুতি, প্রতিসন্ধি, অনাত্মা প্রভৃতি। এভাবেই সমগ্র অভিধর্মপিটকে প্রতিটি বিষয় পারমার্থিকভাবে আলোচিত হয়েছে, যা সাধারণ পাঠকের কাছে নিরস মনে হতে পারে। প্রখ্যাত আভিধার্মিক শ্রী বীরেন্দ্রলাল মুৎসুদ্দি মহাশয় যথার্থই বলেছেন :

> সূত্রের ভাষা আছে, সে ভাষার তরঙ্গ আছে, উচ্ছ্বাস আছে, উদান আছে, গাথা আছে, উদ্দীপনা আছে, অপায় আছে, অপায় ভয় আছে, দেব-ব্রহ্মা আছে, দেবলোক-ব্রহ্মলোকের আকর্ষণ আছে, নির্বাণের সুসমাচার আছে। অভিধর্ম যেন ভাষাহীন, শুধু ছেদন, বিশ্লেষণ, বিভাজন, পর্যবেক্ষণ এবং নৈর্ব্যক্তিক পরম সত্যজ্ঞানের উদ্ভাসন। সঙ্গে সঙ্গে চিরচঞ্চল ব্যবহারিক জগতের নিরবশেষ বিলয়সাধন।

বিজ্ঞ পাঠক, এখন *যমক* গ্রন্থে আলোচিত বিষয়বস্তুর আলোচনায় আসা যাক। বার্মায় তথা মায়ানমারে অনুষ্ঠিত সর্বশেষ ষষ্ঠ সঙ্গীতিতে *যমক* গ্রন্থটি তিন খণ্ডে সম্পাদিত হয়েছে। *যমক* গ্রন্থের মূল আলোচ্য বিষয় হচ্ছে দশটি; যথা : ১) মূল-যমক, ২) স্কন্ধ-যমক, ৩) আয়তন-যমক, ৪) ধাতু-যমক, ৫) সত্য-যমক, ৬) সংস্কার-যমক, ৭) অনুশয়-যমক, ৮) চিত্ত-যমক, ৯) ধর্ম-যমক, এবং ১০) ইন্দ্রিয়-যমক। তন্মধ্যে মূল-যমক, স্কন্ধ-যমক, আয়তন-যমক, ধাতু-যমক ও সত্য-যমক এই পাঁচটি যমক মিলিয়ে প্রথম খণ্ড সম্পাদিত হয়েছে। সংস্কার-যমক, অনুশয়-যমক ও চিত্ত-যমক এই তিনটি যমক মিলিয়ে দ্বিতীয় খণ্ড সম্পাদিত হয়েছে। আর সর্বশেষ ধর্ম-যমক ও

ইন্দ্রিয়-যমক এই দুটি যমক মিলিয়েই তৃতীয় খণ্ডটি সম্পাদিত হয়েছে।

প্রখ্যাত অর্থকথাচার্য বুদ্ধঘোষের মতে 'যমক' অর্থে যুগল, যুগ্ম, জোড়া।[১] ইহাতে অনুলোম (স্বপক্ষীয়) ও প্রত্যানীক (প্রতিপক্ষীয়) প্রশ্নযুগল ও তদুত্তর দ্বারা অভিধর্মের পারমার্থিক বিষয়ের বিস্তারিত আলোচনা করা হয়েছে। এভাবে আলোচনা করার মূখ্য উদ্দেশ্য হচ্ছে, অভিধর্মে আলোচিত পারমার্থিক সত্যকে বিশদরূপে প্রকাশ করা ও নিশ্চয়ার্থবোধক করা, সেই সাথে তাতে যেন কোনোরূপ দ্ব্যর্থ, কল্পিতার্থ বা উদ্দেশ্যবহির্ভূত অর্থ আরোপ করা না যায়।

যমক গ্রন্থে দশটি অধ্যায়ে প্রশ্নোত্তর আকারে আলোচনা করতে গিয়ে প্রথমে 'মূল-যমক' আলোচনা করা হয়েছে। মূল-যমকের আলোচ্য বিষয় মূখ্যত চারিটি; যথা : কুশল ধর্ম, অকুশল ধর্ম, অব্যাকৃত ধর্ম ও নামধর্ম। আচার্য বুদ্ধঘোষ এগুলোর সংজ্ঞা নির্ণয় করতে গিয়ে *অত্থসালিনী* গ্রন্থে বলেছেন :

> কুৎসিত পাপমূলক বিষয়গুলোকে কম্পিত করে, দুর্বল করে, বিতারিত করে, ধ্বংস করে এই অর্থে কুশল। অথবা বলা যেতে পারে যে, কুৎসিত আকারে চিত্তসন্ততিতে শয়ন করে এই অর্থে 'কুশ'। সেই অকুশলভুক্ত কুশকে ছিন্ন করে অর্থে কুশল। যা কুশল নয় তা অকুশল। বন্ধুর প্রতিপক্ষ যেমন শত্রু, লোভের প্রতিপক্ষ যেমন অলোভ, ঠিক তদ্রুপ কুশলের প্রতিপক্ষ অকুশল। যা ব্যাকৃত তথা ব্যাখ্যাত নয় তা-ই অব্যাকৃত। অথবা যা কুশলও নয়, অকুশলও নয় তা-ই অব্যাকৃত। তন্মধ্যে কুশলের লক্ষণ অনবদ্য সুখবিপাক, অকুশলের লক্ষণ সদোষ দুঃখবিপাক এবং অব্যাকৃতের লক্ষণ অবিপাকী।

'কুশল ধর্ম' হচ্ছে একুশ প্রকার কুশল চিত্ত এবং তৎসম্প্রযুক্ত আটত্রিশটি চৈতসিক। 'অকুশল ধর্ম' হচ্ছে দ্বাদশ অকুশল চিত্ত এবং তৎসম্প্রযুক্ত সাতাশটি চৈতসিক। 'অব্যাকৃত ধর্ম' হচ্ছে ছাপ্পান্ন প্রকার অহেতুক, বিপাক ও ক্রিয়াচিত্ত এবং তৎসম্প্রযুক্ত চৈতসিকসমূহ, আটাশ প্রকার রূপ ও নির্বাণ। আর 'নামধর্ম' হচ্ছে বেদনা, সংজ্ঞা, সংস্কার ও বিজ্ঞান এই চারি অরূপস্কন্ধ ও নির্বাণ। তন্মধ্যে কুশল ধর্মের মূল হচ্ছে মাত্র তিনটি; যথা : অলোভ, অদ্বেষ, অমোহ। অকুশল ধর্মের মূলও তিনটি; যথা : লোভ, দ্বেষ, মোহ।

---

[১]। যমক-অট্ঠকথা

অব্যাকৃত ধর্মের মূলও অলোভ, অদ্বেষ, অমোহ এই তিনটি। এই সমস্ত বিষয়ের উপর অনুলোম ও প্রত্যানীক প্রশ্নোত্তর আকারে চুলচেড়া বিশ্লেষণ করা হয়েছে মূল-যমকে। পাঠকদের বুঝার সুবিধার্থে কয়েকটি দৃষ্টান্ত দিবার লোভ সংবরণ করতে পারছি না।

(ক) যা কিছু কুশল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূল?

অলোভ, অদ্বেষ, অমোহ এই তিনটি মাত্র কুশলমূল। বাকি কুশল ধর্মসমূহ কিন্তু কুশলমূল নয়।

(খ) অথবা যা কিছু কুশলমূল, তৎসমস্ত ধর্মই কি কুশল? হ্যাঁ।

(ক) যা কিছু কুশল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূলের সহিত একমূল? হ্যাঁ।

(খ) অথবা যা কিছু কুশলমূলের সহিত একমূল, তৎসমস্ত ধর্মই কি কুশল?

কুশল-সমুত্থান-রূপ কুশলমূলের সহিত একমূল বটে, তবে কুশল নয়। 'কুশল' কিন্তু যুগপৎ কুশলমূলের সহিত একমূল ও কুশল।

বাস্তবিকই কুশল-সমুত্থিত-রূপ কুশলমূলের সহিত একমূল তথা একইমূল হলেও তা কিন্তু কুশল নয়। কারণ 'রূপ' হচ্ছে অব্যাকৃত—যা কুশলও নয়, অকুশলও নয়। 'রূপ' অব্যাকৃত হলেও প্রতিসন্ধি ও প্রবর্তনের সময় কুশলাকুশল চিত্ত দ্বারা সমুত্থিত তথা অবস্থান্তরপ্রাপ্ত হয় বিধায় কুশলাকুশলের সহিত একমূল তথা একইমূল হয়। ইহার বিস্তারিত অর্থ অভিধর্মার্থ-সংগ্রহের 'রূপ-সংগ্রহ পরিচ্ছেদ'টি দেখুন।

স্কন্ধ-যমকের মূল আলোচ্য বিষয় পঞ্চস্কন্ধ; যথা : রূপস্কন্ধ, বেদনাস্কন্ধ, সংজ্ঞাস্কন্ধ, সংস্কারস্কন্ধ ও বিজ্ঞানস্কন্ধ। তন্মধ্যে আটাশ প্রকার রূপই রূপস্কন্ধ। বেদনা চৈতসিকই বেদনাস্কন্ধ। সংজ্ঞা চৈতসিকই সংজ্ঞাস্কন্ধ। বেদনা ও সংজ্ঞা ব্যতীত বাকি পঞ্চাশটি চৈতসিকই সংস্কারস্কন্ধ। ঊননব্বই প্রকার চিত্তই বিজ্ঞানস্কন্ধ। বেদনা ও সংজ্ঞাকে স্বতন্ত্রভাবে স্কন্ধ বলার কারণ কী? এ-প্রসঙ্গে বলা হয়েছে :

"বট্টধম্মেসু অস্‌সাদং তদস্‌সাদুপসেবনং
বিনিভুঞ্জ নিদস্‌সতুং খন্ধদ্বয়মুদাহটং।"

অর্থাৎ কাম, রূপ ও অরূপ-ভূমিতে বেদনা আস্বাদ অনুভব করেই উৎপন্ন হয়। এবং সংজ্ঞা অশুভে শুভ-সংজ্ঞার, অনিত্যে নিত্য-সংজ্ঞার, অনাত্মায় আত্ম-সংজ্ঞার আকারে আস্বাদের উপকরণ হয়। এরূপে বেদনা ও সংজ্ঞা

সংসারচক্রে পরিভ্রমণের প্রধান-প্রত্যয় হয়। সে-কারণেই এই চৈতসিকদ্বয়কে স্বতন্ত্র দুটি 'স্কন্ধ' বলা হয়েছে।

এই স্কন্ধ-যমকে তিনটি মহাবারে ভাগ করে আলোচনা করা হয়েছে। সেই তিনটি মহাবার হচ্ছে : প্রজ্ঞপ্তি বার, প্রবর্তন বার ও পরিজ্ঞা বার। প্রত্যেক বারে আরও কতকগুলো উপবিভাগ দৃষ্ট হয়। যেমন, প্রজ্ঞপ্তি বারে প্রধানত দুটি বার 'উদ্দেশ' ও 'নির্দেশ'। তন্মধ্যে আরও কয়েকটি উপবিভাগ দৃষ্ট হয়; যেমন : পদশোধন বার, পদশোধন মূলচক্র বার, সুদ্ধস্কন্ধ বার, সুদ্ধস্কন্ধ মূলচক্র বার। এখানে প্রজ্ঞপ্তি অর্থ পরিচিতি।

প্রবর্তন বারে প্রধানত তিনটি বার; যথা : উৎপত্তি বার, নিরোধ বার ও উৎপত্তি-নিরোধ বার। উক্ত প্রত্যেক বারে কালানুসারে মোট ছয়টি বারে আলোচিত হয়েছে; যথা : বর্তমান, অতীত, ভবিষ্যৎ, বর্তমান-অতীত, বর্তমান-ভবিষ্যৎ ও অতীত-ভবিষ্যৎ। তন্মধ্যে আরও পুদ্গল বার, স্থান বার ও পুদ্গল-স্থান বার ভেদে তিনটি বারে আলোচিত হয়েছে।

আর পরিজ্ঞা বারে শুধুমাত্র কালানুসারে ছয়টি বার; যথা : বর্তমান, অতীত, ভবিষ্যৎ, বর্তমান-অতীত, বর্তমান-ভবিষ্যৎ, ও অতীত-ভবিষ্যৎ। পরিজ্ঞা বারে পুদ্গলানুসারে আলোচনা করা হলেও স্থান ও পুদ্গল-স্থান বার অনুসারে আলোচনা করা হয়নি।

এভাবে পঞ্চস্কন্ধকে নানা আঙ্গিক থেকে বিশ্লেষণ করার উদ্দেশ্য কী? উদ্দেশ্য একটাই পঞ্চস্কন্ধসম্বন্ধে যেন কোনোরূপ দ্বিধা-দ্বন্দ্ব বিরাজ না করে এবং পঞ্চস্কন্ধের উপর যেন কোনোরূপ দ্ব্যর্থ, কল্পিতার্থ আরোপ করা না যায়। দৃষ্টান্তস্বরূপ বলা যেতে পারে :

(ক) সর্ববিধ রূপই কি রূপস্কন্ধ ?

প্রিয়রূপ, সাতরূপ, (মধুররূপ) রূপ বটে, তবে রূপাস্কন্ধ নয়। 'রূপস্কন্ধ' কিন্তু যুগপৎ রূপ ও রূপস্কন্ধ।

(খ) রূপস্কন্ধ কি সর্ববিধ রূপ ? হ্যাঁ।

ইহার তাৎপর্য এই যে, প্রিয়রূপ ও সাতরূপ অর্থে মূলত যা সুখকর ও আনন্দদায়ক। অতএব প্রিয়রূপ ও সাতরূপ নামমাত্র রূপ হলেও ইহারা কিন্তু সৌমনস্য ও উপেক্ষা বেদনার অন্তর্গত। ইহারা বেদনাস্কন্ধ, রূপস্কন্ধ নয়।

আয়তন-যমকের মূল আলোচ্য বিষয় দ্বাদশায়তন; যথা : চক্ষায়তন, শ্রোত্রায়তন, ঘ্রাণায়তন, জিহ্বায়তন, কায়ায়তন, মনায়তন, রূপায়তন, শব্দায়তন, গন্ধায়তন, রসায়তন, স্প্রষ্টব্যায়তন ও ধর্মায়তন। 'আয়তন' অর্থে উৎপত্তি-স্থান, নিবাস-স্থান। চক্ষু ও রূপ দ্বার ও আলম্বনের আকারে

চক্ষুবিজ্ঞানের আয়তন বা উৎপত্তি-স্থান। এই প্রকারে শ্রোত্র ও শব্দ শ্রোত্রবিজ্ঞানের, ঘ্রাণ (নাক) ও গন্ধ ঘ্রাণবিজ্ঞানের, জিহ্বা ও রস জিহ্বাবিজ্ঞানের, কায় ও স্প্রষ্টব্য কায়বিজ্ঞানের এবং মন ও ধর্ম মনোবিজ্ঞানের আয়তন বা উৎপত্তি-স্থান। ইহাদের মধ্যে চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায় ও মন এই ছয়টি আধ্যাত্মিক বা দ্বারভূত দেহস্থ আয়তন। এবং রূপ, শব্দ, গন্ধ, রস, স্প্রষ্টব্য ও ধর্ম—এই ছয়টি বহিরায়তন। এখানে ধর্ম বলতে ৫২ প্রকার চৈতসিক, ১৬ প্রকার সূক্ষ্মরূপ এবং নির্বাণ।

এই আয়তন-যমকেও নানা আঙ্গিক থেকে পূর্বানুরূপ তন্নিষ্ঠ পর্যালোচনা করা হয়েছে। দ্বাদশায়তনের পারস্পরিক সম্বন্ধ-বিচার, প্রকৃত সংজ্ঞা-নির্ণয় ও কখন, কোথায়, কোন পুদ্গালের উৎপন্ন হয় বা হয় না প্রভৃতি সূক্ষ্মতর আলোচনা ইহাতে বিদ্যমান। পাঠকদের কৌতূহল বৃদ্ধির জন্যে কয়েকটি দৃষ্টান্ত দিব :

(ক) চক্ষু কি চক্ষায়তন ?

দিব্যচক্ষু, প্রজ্ঞাচক্ষু চক্ষু বটে, তবে চক্ষায়তন নয়। 'চক্ষায়তন' কিন্তু যুগপৎ চক্ষু ও চক্ষায়তন।

(খ) চক্ষায়তন কি চক্ষু ? হ্যাঁ।

বাস্তবিকই দিব্যচক্ষু ও প্রজ্ঞাচক্ষু মূলত অভিজ্ঞা-উৎপাদক পঞ্চম ধ্যানজ বিশেষ জ্ঞান। এই দিব্যচক্ষু ও প্রজ্ঞাচক্ষু নামক বিশেষ চক্ষুদ্বয় চক্ষু নাম ধারণ করলেও ইহাদের প্রকৃতপক্ষে প্রসাদগুণ নেই। তাই ইহারা চক্ষায়তন নয়। কারণ ইহারা চক্ষুবিজ্ঞান উৎপত্তির জন্য আয়তনের কাজ করতে পারে না। একমাত্র প্রসাদগুণবিশিষ্ট চক্ষুই যুগপৎ চক্ষু ও চক্ষায়তন।

(ক) শ্রোত্র কি শ্রোত্রায়তন ?

দিব্যশ্রোত্র ও তৃষ্ণাস্রোত যথাক্রমে শ্রোত্র ও স্রোত বটে, তবে শ্রোত্রায়তন নয়। 'শ্রোত্রায়তন' কিন্তু যুগপৎ শ্রোত্র ও শ্রোত্রায়তন।

(খ) শ্রোত্রায়তন কি শ্রোত্র ? হ্যাঁ।

এখানে উক্ত 'দিব্যশ্রোত্র' মূলত অভিজ্ঞা-উৎপাদক পঞ্চম ধ্যানজ বিশেষ জ্ঞান। আর 'তৃষ্ণাস্রোত' অর্থে মূলত তৃষ্ণাকেই বুঝায়। এই উভয়ের মধ্যেই প্রসাদগুণ নেই। সেজন্য ইহারা যথাক্রমে শ্রোত্র ও স্রোত নাম ধারণ করলেও শ্রোত্রায়তন হতে পারে না।

ধাতু-যমকের মূল আলোচ্য বিষয় অষ্টাদশ ধাতু; যথা : চক্ষুধাতু, শ্রোত্রধাতু, ঘ্রাণধাতু, জিহ্বাধাতু, কায়ধাতু, রূপধাতু, শব্দধাতু, গন্ধধাতু, রসধাতু, স্প্রষ্টব্যধাতু, চক্ষুবিজ্ঞানধাতু, শ্রোত্রবিজ্ঞানধাতু, ঘ্রাণবিজ্ঞানধাতু,

জিহ্বাবিজ্ঞানধাতু, কায়বিজ্ঞানধাতু, মনোধাতু, মনোবিজ্ঞানধাতু ও ধর্মধাতু। ধাতুসম্বন্ধে অর্থকথায় বলা হয়েছে : **'অত্তনো সভাবং ধারেন্তীতি ধাতুযো'**। যারা নিজ নিজ স্বভাব ধারণ করে অর্থাৎ আত্মার স্বভাব ধারণ করে না, তারাই ধাতু। দর্শনকার্যে সাহায্য করার গুণ বা স্বভাব একমাত্র চক্ষুই ধারণ করে অতএব চক্ষু 'ধাতু'। শ্রোত্রাদি সম্বন্ধেও তদ্রুপ বিচার্য। চক্ষু-প্রসাদই চক্ষুধাতু, শ্রোত্র-প্রসাদই শ্রোত্রধাতু, ঘ্রাণ-প্রসাদই ঘ্রাণধাতু, জিহ্বা-প্রসাদই জিহ্বাধাতু, কায়-প্রসাদই কায়ধাতু। দৃশ্যমান যাবতীয় রূপই রূপধাতু, কর্ণগ্রাহ্য শব্দই শব্দধাতু, নাসিকাগ্রাহ্য গন্ধই গন্ধধাতু, জিহ্বাগ্রাহ্য রসই রসধাতু, কায়গ্রাহ্য স্প্রষ্টব্যই স্প্রষ্টব্যধাতু। অহেতুক বিপাকচিত্ত দ্বিপঞ্চ বিজ্ঞানই যথাক্রমে চক্ষুবিজ্ঞানধাতু, শ্রোত্রবিজ্ঞানধাতু, ঘ্রাণবিজ্ঞানধাতু, জিহ্বাবিজ্ঞানধাতু, কায়বিজ্ঞানধাতু। পঞ্চদ্বারাবর্তন চিত্ত এবং সম্প্রতীচ্ছচিত্তদ্বয় সমন্বিত আকারে 'মনোধাতু'। দ্বিপঞ্চ বিজ্ঞান ও মনোধাতুত্রিক ব্যতীত বাকি ৭৬ প্রকার মনোবিজ্ঞানই 'মনোবিজ্ঞানধাতু'। পূর্বোক্ত ধর্মায়তনই ধর্মধাতু।

এই অষ্টাদশ ধাতুর সম্বন্ধ-বিচার, সংজ্ঞা-নির্ণয় এবং কখন, কোথায়, কোন পুদ্গালের কোন কোন ধাতু উৎপন্ন হয় বা হয় না প্রভৃতি বিষয়ে অনুপুঙ্খ আলোচনা আছে এই ধাতু-যমকে। পাঠকদের বুঝার সুবিধার্থে কয়েকটি দৃষ্টান্ত উপস্থাপন করছি :

(ক) গন্ধ কি গন্ধধাতু?

শীলগন্ধ, সমাধিগন্ধ, প্রজ্ঞাগন্ধ গন্ধ বটে, তবে গন্ধধাতু নয়।

'গন্ধধাতু' কিন্তু যুগপৎ গন্ধ ও গন্ধধাতু।

(খ) গন্ধধাতু কি গন্ধ? হ্যাঁ।

(ক) রস কি রসধাতু ?

অর্থরস, ধর্মরস, বিমুক্তিরস রস বটে, তবে রসধাতু নয়। 'রসধাতু' কিন্তু যুগপৎ রস ও রসধাতু।

(খ) রসধাতু কি রস ? হ্যাঁ।

ইহার তাৎপর্য এই যে, শীলগন্ধাদি গন্ধসমূহ গন্ধ আখ্যা পেলেও নাসিকাগ্রাহ্য গন্ধ নয় বিধায় গন্ধধাতুর অন্তর্গত নয়। ঠিক তদ্রুপ অর্থরসাদি রসসমূহও রস আখ্যা পেলেও জিহ্বাগ্রাহ্য রস না হওয়ায় রসধাতুর অন্তর্গত নয়।

সত্য-যমকের আলোচ্য বিষয় মূলত চারিটি; যথা : দুঃখসত্য, সমুদয়সত্য, নিরোধসত্য ও মার্গসত্য। জন্মদুঃখ, জরাদুঃখ প্রভৃতি আট

প্রকার জাগতিক দুঃখের কথা বলা হলেও মূলত ৮১ প্রকার লোকীয় চিত্ত, লোভ-মোহ চৈতসিকদ্বয় ব্যতীত অবশিষ্ট ৫০ প্রকার চৈতসিক ও আট প্রকার ইন্দ্রিয়রূপ, ইহারাই 'দুঃখসত্য'। অবিদ্যা-তৃষ্ণা নামক মোহ ও লোভ চৈতসিকই 'সমুদয়সত্য'। 'সমুদয়' অর্থে উৎপত্তি, উদ্ভব, যার দ্বারা যাবতীয় দুঃখের উদ্ভব হয় তা-ই দুঃখের কারণ। এই একত্রিশ লোকভূমিতে বারংবার জন্মগ্রহণজনিত দুঃখের নিঃসরণই 'নিরোধসত্য'। ইহার অন্য নাম হচ্ছে 'নির্বাণ'।

বুদ্ধোপদিষ্ট আর্য অষ্টাঙ্গিক মার্গই একমাত্র দুঃখনিরোধের উপায় তথা নির্বাণ লাভের উপায়। অতএব এই আর্য অষ্টাঙ্গিক মার্গই 'মার্গসত্য'।

এই চারি আর্যসত্যসম্বন্ধে ভগবান তথাগত বুদ্ধ এক সূত্রে বলেছেন :

দুঃখসত্যকে অভিজ্ঞা দ্বারা সম্যক উপলব্ধি করতে হবে, সমুদয়সত্যকে অভিজ্ঞা দ্বারা অনবশেষ পরিত্যাগ করতে হবে, নিরোধসত্যকে অভিজ্ঞা দ্বারা প্রত্যক্ষ করতে হবে এবং মার্গসত্যকে অভিজ্ঞা দ্বারা আপন জীবনে গঠন তথা অনুশীলন করতে হবে।

সিদ্ধার্থ গৌতম আজ থেকে আড়াই হাজার বছরেরও আগে বৈশাখী পূর্ণিমার রাতে এই চারি আর্যসত্য আবিষ্কার করেছিলেন। জগতে বুদ্ধ উৎপন্ন হোন বা না হোন, প্রথম তিন সত্য কিন্তু সদা বিরাজমান। একমাত্র বুদ্ধ উৎপন্ন হলেই কেবল চতুর্থ মার্গসত্য জগতে মুক্তিকামী মানুষের নিকট প্রকটিত হয়। বুদ্ধ-উদ্ভাবিত এই 'চতুর্সত্য' সম্বন্ধে যেন কোনোরূপ কাল্পনিক অর্থ বা ভিন্নার্থ আরোপ করা না হয় সেই দিকটি বিবেচনায় রেখেই নানা আঙ্গিক থেকে অনুপুঙ্খ আলোচনা করা হয়েছে এই সত্য-যমকে। কয়েকটি দৃষ্টান্ত দিলে বিষয়টি পাঠকদের সহজবোধ্য হবে। যেমন :

(ক) দুঃখ কি দুঃখসত্য ? হ্যাঁ।

(খ) দুঃখসত্য কি দুঃখ ?

কায়িক দুঃখ ও চৈতসিক দুঃখ ব্যতীত বাকিগুলো দুঃখসত্য বটে, তবে দুঃখ নয়। কায়িক দুঃখ ও চৈতসিক দুঃখ কিন্তু যুগপৎ দুঃখ ও দুঃখসত্য।

ইহাতে মূলত যেটা বুঝানোর চেষ্টা করা হয়েছে সেটা হলো, সুখ-বেদনা দুঃখ নয় বটে, তবে দুঃখসত্যের অন্তর্গত। কারণ, **'সুখ-বেদনা ঠিতা সুখা, বিপরিণাম দুক্খা'** সুখ-বেদনা আপাত সুখ বটে, তবে তার পরিণামফল কিন্তু দুঃখই অর্থাৎ ভাবী দুঃখ। তাই দুঃখসত্যের অন্তর্গত। প্রখ্যাত আভিধার্মিক শ্রীবীরেন্দ্রলাল মুৎসুদ্দি মহাশয় যথার্থই বলেছেন :

‘দুঃখসত্য’ জাতি (Genus) এবং সুখ, দুঃখ, অদুঃখ-অসুখ সর্ববিধ বেদনা উহার শ্রেণী (Species)। সর্ববিধ বেদনা অনিত্য-স্বভাব বলিয়া দুঃখবিপাকী ও দুঃখসত্যের সমধর্মী; সুতরাং দুঃখসত্যের অন্তর্গত।

আরও একটি দৃষ্টান্ত দিব :

(ক) মার্গ কি মার্গসত্য?

মার্গসত্য ব্যতীত বাকিগুলো মার্গ বটে, তবে মার্গসত্য নয়। মার্গসত্য কিন্তু যুগপৎ মার্গ ও মার্গসত্য।

(খ) মার্গসত্য কি মার্গ? হ্যাঁ।

ইহাতে বলা হয়েছে যে, মিথ্যামার্গ, জঙ্ঘামার্গ (হাঁটার রাস্তা), শকটমার্গ (ঘোড়াগাড়ি চলার রাস্তা) প্রভৃতি মার্গ মার্গ হলেও মার্গসত্যের অন্তর্গত নয়। একমাত্র আর্য অষ্টাঙ্গিকমার্গই ‘মার্গসত্য’। কারণ এই মার্গ দ্বারাই একমাত্র যাবতীয় দুঃখ হতে মুক্ত হয়ে পরমা শান্তি নির্বাণে উপনীত হওয়া যায়।

এমনতরো বহুবিধ গুরুগম্ভীর দার্শনিক তত্ত্বসমৃদ্ধ আলোচনায় পরিপূর্ণ এই *যমক* গ্রন্থ। এমন দর্শনশাস্ত্র পাঠে মন্দপ্রাজ্ঞ সাধারণ পাঠক আনন্দ ও রস পাবেন বলে মনে হয় না। কিন্তু তীক্ষ্মপ্রাজ্ঞ মুক্তিকামী মনোযোগী পাঠক এমন দর্শনশাস্ত্র আলোচনায় ও পাঠে অনির্বচনীয় আনন্দে আপ্লুত হন। তার উজ্জ্বল দৃষ্টান্ত মধ্যমনিকায়ের *মহাগোসিঙ্গ সূত্রে* পাওয়া যায়। তাতে ধর্মসেনাপতি সারিপুত্র স্থবির বন্ধুবর মোদ্গাল্লায়ন স্থবিরকে বললেন :

“রমনীযং, আবুসো মোগ্গল্লান, গোসিঙ্গ-সালবনং, দোসিনা রত্তি, সব্ব-ফালিফুল্লা সালা, দিব্বা মঞ্ঞে গন্ধা সম্পবাযন্তি। কথং রূপেন, আবুসো মোগ্গল্লান, ভিক্খুনা গোসিঙ্গসালবনং সোভেয্যাতি?”

“ইধাবুসো সারিপুত্ত, দ্বে ভিক্খূ অভিধম্ম-কথং কথেন্তি, তে অঞ্ঞমঞ্ঞং পঞ্হং পুচ্ছন্তি, অঞ্ঞমঞ্ঞস্স পঞ্হং পুট্ঠা বিস্সজ্জেন্তি, নো চ সংসাদেন্তি, ধম্মী চ নেসং কথা পবত্তনী হোতি। এবরূপেন খো আবুসো সারিপুত্ত, ভিক্খুনা গোসিঙ্গ-সালবনং সোভেয্যাতি।”

“বন্ধু মোগ্গল্লান, রমনীয় এই গোশৃঙ্গ শালবন। জ্যোৎস্না রাত্রী, সমগ্র বনভূমি যেন ফুলে ফুলে ভরা। মনে হয় দিব্যগন্ধই প্রবাহিত হচ্ছে! বল দেখি বন্ধু, কীদৃশ ভিক্ষু ঈদৃশ বনের শোভা বর্ধন

করবে?”

“বন্ধু সারিপুত্র, এখানে দুজন ভিক্ষু অভিধর্ম-কথা বলতে থাকবে। তারা পরস্পর পরস্পরকে প্রশ্ন করবে। পরস্পর পরস্পরের প্রশ্নের উত্তর দেবে। কেউ কাউকে থামতে দেবে না। তাদের ধর্মালোচনা চলতেই থাকবে। ঈদৃশ ভিক্ষুই ঈদৃশ বনের শোভা বর্ধন করবে।”

সেই জ্যোৎস্না-প্লাবিত ফুলেল উপবনে অগ্রশ্রাবকদ্বয়ের নিরনুশয় চিত্তপ্রবাহে যে-অনির্বচনীয় নির্মল আনন্দধারা প্রবাহিত হয়েছিল তা অভিধর্মের ভাষায় কামাবচরের **‘সৌমনস্য-সহগত জ্ঞানসম্প্রযুক্ত ক্রিয়াচিত্ত’**। গল্প, উপন্যাস প্রভৃতি পাঠে সাধারণ পাঠক আনন্দে আপ্লুত হলেও তা কামনামূলক। কিন্তু অভিধর্ম আলোচনা ও পাঠ মুক্তিকামী তীক্ষ্ণপ্রাজ্ঞ মনযোগী পাঠকদের কামনা-বাসনাবিরহিত এক নির্মলানন্দে আপ্লুত করে।

বৌদ্ধদর্শন-শাস্ত্র এই অভিধর্ম অধ্যয়ন ও পাঠ করতে ইচ্ছুক প্রত্যেকের উচিত আগে হাজার বছরের প্রাচীন জনপ্রিয় *অভিধর্মার্থ-সংগ্রহ* গ্রন্থটি ভালোভাবে মুখস্থ ও অধিগত করা। এতে করে সমস্ত অভিধর্মপিটক যেন তার হাতের মুঠোয় এসে পড়ে, অধ্যয়নের সময় কোথাও তিনি দিশেহারা হবেন না। অতএব আমি পাঠকদের বিনীতভাবে অনুরোধ করব, এই *যমক* গ্রন্থটি পড়ার আগে অবশ্যই প্রখ্যাত আভিধার্মিক শ্রীবীরেন্দ্রলাল মুৎসুদ্দি কর্তৃক অনূদিত ও সম্পাদিত *অভিধর্মার্থ-সংগ্রহে*র সটীক বঙ্গানুবাদ গ্রন্থটি ভালোভাবে অধ্যয়ন ও আয়ত্ত করুন।

এটির অনুবাদকার্য চলাকালে আমি বেশ কিছু বইয়ের সহায়তা নিয়েছি। তন্মধ্যে পালি ভাষায় লিখিত *পঞ্চপ্পকরণ*, *অত্থসালিনী*, *পট্ঠানুদ্দেসদীপনী* প্রভৃতি। বাংলা ভাষায় লিখিত শ্রীবীরেন্দ্রলাল মুৎসুদ্দির *অভিধর্মার্থ-সংগ্রহ*, ড. বেণীমাধব বড়ুয়ার *বৌদ্ধ গ্রন্থকোষ* ও শ্রীমৎ শান্তরক্ষিত মহাস্থবিরের *পালি-বাংলা অভিধান* প্রভৃতি। আমি উক্ত সকল গ্রন্থ-কর্তাদের নিকট আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। অনুবাদকালে আমি আন্তরিক চেষ্টা করেছি যথাসম্ভব সহজ, সরল ও প্রাঞ্জলভাবে অনুবাদ করার এবং সেই সাথে চেষ্টা করেছি মূলের অর্থ যাতে কোনোরূপ বিকৃত না হয়। কিন্তু সবাইকে মনে রাখতে হবে যে, ইহা কোনো কাল্পনিক গল্প, উপন্যাস নয়, ইহা গভীর তত্ত্বপূর্ণ দর্শনশাস্ত্র। অতএব ইহার ভাষা একটু কঠিন ও জটিল বলে মনে হবেই। তবে প্রথমে *অভিধর্মার্থ-সংগ্রহ* অধ্যয়ন ও পরে ইহার ধারাবাহিক অধ্যয়নে ভাষাগত কঠিনতা ও দার্শনিক জটিলতা অনেকাংশে কেটে যাবে, তাতে কোনো সন্দেহ নেই।

সুদেশক, সুলেখক, বহু পিটকীয় গ্রন্থের অনুবাদক মদীয় দীক্ষা ও শিক্ষাগুরু পণ্ডিত প্রবর ভদন্ত প্রজ্ঞাবংশ মহাস্থবির মহোদয়কে আমি এই গ্রন্থের 'ভূমিকা' লিখে দিতে অনুরোধ করি। তিনি শতব্যস্ততা সত্ত্বেও অনুগ্রহপূর্বক তাতে সম্মত হন এবং সংক্ষিপ্ত অথচ পাণ্ডিত্যপূর্ণ ভূমিকা লিখে দিয়ে আমাকে কৃতার্থ করেছেন। এতে বইয়ের মান ও গুরুত্ব অনেকাংশে বৃদ্ধি পেয়েছে, ইহা বলার অপেক্ষা রাখে না।

কম্পিউটার কম্পোজের মতো শ্রমসাধ্য কাজটি সাগ্রহে অত্যন্ত সুচারুরূপে সম্পাদন করে দিয়েছেন স্নেহভাজন শ্রীমান বিমলজ্যোতি শ্রামণ। আমি তার প্রতি অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। বানানশুদ্ধির বেলায় বন্ধুভাজন শ্রদ্ধেয় শ্রীমৎ সংকিচ্ছ স্থবির মহোদয় আমাকে যথেষ্ট সহায়তা করেছেন। স্নেহভাজন শ্রীমৎ জ্ঞানলোক ভিক্ষুও আমাকে বিভিন্নভাবে আন্তরিক সহায়তা করেছেন। আমি উভয়ের নিকট অশেষ কৃতজ্ঞতা প্রকাশ করছি।

এই বছর 'স্থবির' পদে উন্নীত হওয়া ২০জন বন্ধুভাজন ভিক্ষু এই *যমক* গ্রন্থটি প্রকাশের সমস্ত ব্যয়ভার বহন করায় আমি অনেকটা নির্ভার ও চিন্তামুক্ত হয়েছি। বন্ধুভাজন ভিক্ষুগণের এমন শাসন-হিতমূলক সময়োপযোগী উদ্যোগ বৌদ্ধ সমাজের কাছে ভূয়সী প্রশংসার দাবি রাখে। আশা করি এই উদ্যোগ এতদঞ্চলে বুদ্ধশাসনের সার্বিক উন্নতি-শ্রীবৃদ্ধি ও স্থিতিকল্পে সামান্য হলেও অবদান রাখবে। প্রার্থনা করি, গ্রন্থ-প্রকাশজনিত সমুদয় পুণ্যে আমাদের সকলের বুদ্ধজ্ঞান-বিমণ্ডিত প্রাজ্জ্বোজ্জ্বল শাসনিক জীবন লাভ হোক এবং দুঃখমুক্তি নির্বাণলাভ ত্বরান্বিত হোক। আমি আবারও উক্ত সকল বন্ধুভাজন ভিক্ষুর নিকট অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

ইতি

ভদন্ত করুণাবংশ ভিক্ষু

২১ জুলাই ২০১২

প্রকাশকবৃন্দের নিবেদন

খুব জোরেশোরে না হলেও ইতিমধ্যে প্রায় সমগ্র ত্রিপিটক বাংলায় অনূদিত হয়ে বিভিন্ন সময় বিভিন্নভাবে প্রকাশিত হয়েছে। মাত্র গুটিকয়েক মূল পিটকীয় গ্রন্থ এখনো প্রকাশিত হয়নি। সেই গুটিকয়েক পিটকীয় গ্রন্থগুলোর মধ্যে *যমক* একটি। ইহা সাত খণ্ডবিশিষ্ট অভিধর্মপিটকের ষষ্ঠ গ্রন্থ। ইহা মোট তিন খণ্ডে বিভক্ত।

পরম সুখের বিষয় এই যে, বিগত বছর অনেক আগে আমাদেরই বন্ধুপ্রতিম বিশিষ্ট অনুবাদক ভদন্ত করুণাবংশ ভিক্ষু অত্যন্ত দক্ষতার সাথে সম্পূর্ণ *যমক* গ্রন্থটি বাংলায় অনুবাদ করেছেন। যার ফলে *যমক* তিন খণ্ডের মধ্যে প্রথম দুটি খণ্ড প্রকাশের সুযোগ আমরা পেলাম। বেশ আয়াস স্বীকার করে সম্পূর্ণ *যমক* গ্রন্থটি অনুবাদ করে বাংলা ভাষাভাষী পাঠকদের উপহার দেওয়ায় আমরা তাঁকে অশেষ কৃতজ্ঞতা জানাচ্ছি। ইতিপূর্বে তিনি বিনয়পিটকের *পাচিত্তিয়* গ্রন্থসহ বেশ কয়েকটি মূল্যবান গ্রন্থ উপহার দিয়েছেন। ভবিষ্যতেও আমরা তাঁর কাছ থেকে এমন মূল্যবান গ্রন্থ উপহার পাবো বলে আশা করছি। আমাদের পক্ষ থেকে তাঁর প্রতি রইল মৈত্রীপূর্ণ অশেষ শুভকামনা।

উল্লেখ্য, আমরা যারা বিগত ২০১২ সালের বর্ষাশেষে তথাকথিত **'সম্মতি-স্থবির'** পদে উন্নীত হয়েছি, তাদেরই সমন্বিত উদ্যোগে ও স্বতঃস্ফূর্ত আর্থিক সহায়তায় এই *যমক প্রথম খণ্ড* গ্রন্থটি প্রকাশ করা সম্ভব হলো। এই গ্রন্থটি প্রকাশে আমাদের আরও স্বতঃস্ফূর্ত আর্থিক সহায়তা দিয়েছেন খাগড়াছড়ি, বান্দরবান ও নানিয়ারচরসহ বিভিন্ন এলাকার বেশ কিছু দায়ক-দায়িকাবৃন্দ। কলেবর বৃদ্ধির ভয়ে সকলের নাম ও ঠিকানা প্রকাশ করা থেকে সচেতনভাবে বিরত থাকলাম। আমরা তাদের সকলের নিকট অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

বৌদ্ধ পরমার্থ-দর্শন সম্বন্ধীয় এমন গুরুগম্ভীর, জ্ঞানগম্য তত্ত্বসমৃদ্ধ অভিধর্মপিটকভুক্ত *যমক* গ্রন্থটি পড়ে অভিধর্মপিপাসু, তত্ত্বদর্শী, মুক্তিকামী বিজ্ঞ পাঠকগণ উপকৃত হলেই কেবল গ্রন্থটি প্রকাশের পেছনে আমাদের সমুদয় অর্থব্যয় ও শ্রম সার্থক মনে করবো।

পরিশেষে গ্রন্থ-প্রকাশজনিত পুণ্যপ্রভাবে আমাদের সকলের বুদ্ধজ্ঞান-বিমণ্ডিত প্রাজ্ঞোজ্জ্বল জীবন লাভ হোক এবং পরমা শান্তি দুঃখমুক্তি নির্বাণ লাভ হোক—এই কামনা ও প্রার্থনা করছি।

চিরং তিট্‌ঠতু বুদ্ধসাসনম্‌!

বিনীত

২০১২ সালে স্থবির পদে
উন্নীত হওয়া বনভন্তের শিষ্য ভিক্ষুবৃন্দ
রাজবন বিহার, রাঙামাটি
৫ নভেম্বর ২০১২

“সেই ভগবান অর্হৎ সম্যকসম্বুদ্ধকে বন্দনা”

অভিধর্মপিটকে

(প্রথম খণ্ড)

১. মূল-যমক

(ক) উদ্দেশ

১. মূল বার

১. কুশল ধর্ম

(১) মূল-ক্রম

১. (ক) যা কিছু কুশল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূল?

(খ) অথবা যা কিছু কুশলমূল, তৎসমস্ত ধর্মই কি কুশল?

২. (ক) যা কিছু কুশল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূলের সহিত একমূল?

(খ) অথবা যা কিছু কুশলমূলের সহিত একমূল, তৎসমস্ত ধর্মই কি কুশল?

৩. (ক) যা কিছু কুশলমূলের সহিত একমূল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূলের সহিত পরস্পরমূল?

(খ) অথবা যা কিছু কুশলমূলের সহিত পরস্পরমূল, তৎসমস্ত ধর্মই কি কুশল?

(২) মূলমূল-ক্রম

৪. (ক) যা কিছু কুশল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূলমূল?

(খ) অথবা যা কিছু কুশলমূলমূল, তৎসমস্ত ধর্মই কি কুশল?

৫. (ক) যা কিছু কুশল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূলের সহিত একমূলমূল?

(খ) অথবা যা কিছু কুশলমূলের সহিত একমূলমূল, তৎসমস্ত ধর্মই কি কুশল?

৬. (ক) যা কিছু কুশলমূলের সহিত একমূলমূল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশল-মূলের সহিত পরস্পরমূলমূল?

(খ) অথবা যা কিছু কুশলমূলমূলের সহিত পরস্পরমূলমূল, তৎসমস্ত ধর্মই কি কুশল?

(৩) মূলক-ক্রম

৭. (ক) যা কিছু কুশল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূলক?

(খ) অথবা যা কিছু কুশলমূলক, তৎসমস্ত ধর্মই কি কুশল?

৮. (ক) যা কিছু কুশল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূলকের সহিত একমূল?

(খ) অথবা যা কিছু কুশলমূলের সহিত একমূলক, তৎসমস্ত ধর্মই কি কুশল?

৯. (ক) যা কিছু কুশলমূলের সহিত একমূলক ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূলের সহিত পরস্পরমূলক?

(খ) অথবা যা কিছু কুশলমূলের সহিত পরস্পরমূলক, তৎসমস্ত ধর্মই কি কুশল?

(৪) মূলমূলক-ক্রম

১০. (ক) যা কিছু কুশল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূলমূলক?

(খ) অথবা যা কিছু কুশলমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি কুশল?

১১. (ক) যা কিছু কুশল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূলের সহিত একমূলমূলক?

(খ) অথবা যা কিছু কুশলমূলের সহিত একমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি কুশল?

১২. (ক) যা কিছু কুশলমূলের সহিত একমূলমূলক ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূলের সহিত পরস্পরমূলমূলক?

(খ) অথবা যা কিছু কুশলমূলের সহিত পরস্পরমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি কুশল?

২. অকুশল ধর্ম

(১) মূল-ক্রম

১৩. (ক) যা কিছু অকুশল ধর্ম আছে, তৎসমস্তই কি অকুশলমূল?

(খ) অথবা যা কিছু অকুশলমূল, তৎসমস্ত ধর্মই কি অকুশল?

১৪. (ক) যা কিছু অকুশল ধর্ম আছে, তৎসমস্তই কি অকুশলমূলের সহিত একমূল?

(খ) অথবা যা কিছু অকুশলমূলের সহিত একমূল, তৎসমস্ত ধর্মই কি অকুশল?

১৫. (ক) যা কিছু অকুশলমূলের সহিত একমূল ধর্ম আছে, তৎসমস্তই কি অকুশলমূলের সহিত পরস্পরমূল?

(খ) অথবা যা কিছু অকুশলমূলের সহিত পরস্পরমূল, তৎসমস্ত ধর্মই কি অকুশল?

(২) মূলমূল-ক্রম

১৬. (ক) যা কিছু অকুশল ধর্ম আছে, তৎসমস্তই কি অকুশলমূলমূল?

(খ) অথবা যা কিছু অকুশলমূলমূল, তৎসমস্ত ধর্মই কি অকুশল?

১৭. (ক) যা কিছু অকুশল ধর্ম আছে, তৎসমস্তই কি অকুশলমূলের সহিত একমূলমূল?

(খ) অথবা যা কিছু অকুশলমূলের সহিত একমূলমূল, তৎসমস্ত ধর্মই কি অকুশল?

১৮. (ক) যা কিছু অকুশলমূলের সহিত একমূলমূল ধর্ম আছে, তৎসমস্তই কি অকুশলমূলের সহিত পরস্পরমূলমূল?

(খ) অথবা যা কিছু অকুশলমূলমূলের সহিত পরস্পরমূলমূল, তৎসমস্ত ধর্মই কি অকুশল?

(৩) মূলক-ক্রম

১৯. (ক) যা কিছু অকুশল ধর্ম আছে, তৎসমস্তই কি অকুশলমূলক?

(খ) অথবা যা কিছু অকুশলমূলক, তৎসমস্ত ধর্মই কি অকুশল?

২০. (ক) যা কিছু অকুশল ধর্ম আছে, তৎসমস্তই কি অকুশলমূলকের সহিত একমূল?

(খ) অথবা যা কিছু অকুশলমূলের সহিত একমূলক, তৎসমস্ত ধর্মই কি অকুশল?

২১. (ক) যা কিছু অকুশলমূলের সহিত একমূলমূল ধর্ম আছে,

তৎসমস্তই কি অকুশলমূলের সহিত পরস্পরমূলক?

(খ) অথবা যা কিছু অকুশলমূলের সহিত পরস্পরমূলক, তৎসমস্ত ধর্মই কি অকুশল?

(৪) মূলমূলক-ক্রম

২২. (ক) যা কিছু অকুশল ধর্ম আছে, তৎসমস্তই কি অকুশলমূলমূলক?

(খ) অথবা যা কিছু অকুশলমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি অকুশল?

২৩. (ক) যা কিছু অকুশল ধর্ম আছে, তৎসমস্তই কি অকুশলমূলের সহিত একমূলমূলক?

(খ) অথবা যা কিছু অকুশলমূলের সহিত একমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি অকুশল?

২৪. (ক) যা কিছু অকুশলমূলের সহিত একমূলমূলক ধর্ম আছে, তৎসমস্তই কি অকুশলমূলের সহিত পরস্পরমূলমূলক?

(খ) অথবা যা কিছু অকুশলমূলের সহিত পরস্পরমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি অকুশল?

৩. অব্যাকৃত ধর্ম

(১) মূল-ক্রম

২৫. (ক) যা কিছু অব্যাকৃত ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূল?

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূল, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত?

২৬. (ক) যা কিছু অব্যাকৃত ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূলের সহিত একমূল?

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূলের সহিত একমূল, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত?

২৭. (ক) যা কিছু অব্যাকৃতমূলের সহিত একমূল ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূলের সহিত পরস্পরমূল?

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূলের সহিত পরস্পরমূল, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত?

(২) মূলমূল-ক্রম

২৮. (ক) যা কিছু অব্যাকৃত ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূলমূল?

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূলমূল, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত?

২৯. (ক) যা কিছু অব্যাকৃত ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূলের সহিত একমূলমূল?

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূলের সহিত একমূলমূল, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত?

৩০. (ক) যা কিছু অব্যাকৃতমূলের সহিত একমূলমূল ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূলের সহিত পরস্পরমূলমূল?

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূলমূলের সহিত পরস্পরমূলমূল, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত?

(৩) মূলক-ক্রম

৩১. (ক) যা কিছু অব্যাকৃত ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূলক?

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূলক, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত?

৩২. (ক) যা কিছু অব্যাকৃত ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূলকের সহিত একমূল?

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূলের সহিত একমূলক, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত?

৩৩. (ক) যা কিছু অব্যাকৃতমূলের সহিত একমূলমূল ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃত মূলের সহিত পরস্পরমূলক?

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূলের সহিত পরস্পরমূলক, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত?

(৪) মূলমূলক-ক্রম

৩৪. (ক) যা কিছু অব্যাকৃত ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূলমূলক?

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত?

৩৫. (ক) যা কিছু অব্যাকৃত ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূলের সহিত একমূলমূলক?

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূলের সহিত একমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত?

৩৬. (ক) যা কিছু অব্যাকৃতমূলের সহিত একমূলমূলক ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূলের সহিত পরস্পরমূলমূলক?

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূলের সহিত পরস্পরমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত?

৪. নামধর্ম

(১) মূল-ক্রম

৩৭. (ক) যা কিছু নাম ধর্ম আছে, তৎসমস্তই কি নামমূল?

(খ) অথবা যা কিছু নামমূল, তৎসমস্ত ধর্মই কি নাম?

৩৮. (ক) যা কিছু নাম ধর্ম আছে, তৎসমস্তই কি নামমূলের সহিত একমূল?

(খ) অথবা যা কিছু নামমূলের সহিত একমূল, তৎসমস্ত ধর্মই কি নাম?

৩৯. (ক) যা কিছু নামমূলের সহিত একমূল ধর্ম আছে, তৎসমস্তই কি নামমূলের সহিত পরস্পরমূল?

(খ) অথবা যা কিছু কুশলমূলের সহিত পরস্পরমূল, তৎসমস্ত ধর্মই কি নাম?

(২) মূলমূল-ক্রম

৪০. (ক) যা কিছু নাম ধর্ম আছে, তৎসমস্তই কি নামমূলমূল?

(খ) অথবা যা কিছু নামমূলমূল, তৎসমস্ত ধর্মই কি নাম?

৪১. (ক) যা কিছু নাম ধর্ম আছে, তৎসমস্তই কি নামমূলের সহিত একমূলমূল?

(খ) অথবা যা কিছু নামমূলের সহিত একমূলমূল, তৎসমস্ত ধর্মই কি নাম?

৪২. (ক) যা কিছু নামমূলের সহিত একমূলমূল ধর্ম আছে, তৎসমস্তই কি নামমূলের সহিত পরস্পরমূলমূল?

(খ) অথবা যা কিছু নামমূলমূলের সহিত পরস্পরমূলমূল, তৎসমস্ত ধর্মই কি নাম?

(৩) মূলক-ক্রম

৪৩. (ক) যা কিছু নাম ধর্ম আছে, তৎসমস্তই কি নামমূলক?

(খ) অথবা যা কিছু নামমূলক, তৎসমস্ত ধর্মই কি নাম?

৪৪. (ক) যা কিছু নাম ধর্ম আছে, তৎসমস্তই কি নামমূলকের সহিত একমূল?

(খ) অথবা যা কিছু নামমূলের সহিত একমূলক, তৎসমস্ত ধর্মই কি নাম?

৪৫. (ক) যা কিছু নামমূলের সহিত একমূলমূল ধর্ম আছে, তৎসমস্তই কি নামমূলের সহিত পরস্পরমূলক?

(খ) অথবা যা কিছু কুশলমূলের সহিত পরস্পরমূলক, তৎসমস্ত ধর্মই কি নাম?

(৪) মূলমূলক-ক্রম

৪৬. (ক) যা কিছু নাম ধর্ম আছে, তৎসমস্তই কি নামমূলমূলক?

(খ) অথবা যা কিছু নামমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি নাম?

৪৭. (ক) যা কিছু নাম ধর্ম আছে, তৎসমস্তই কি নামমূলের সহিত একমূলমূলক?

(খ) অথবা যা কিছু নামমূলের সহিত একমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি নাম?

৪৮. (ক) যা কিছু নামমূলের সহিত একমূলমূলক ধর্ম আছে, তৎসমস্তই কি নামমূলের সহিত পরস্পরমূলমূলক?

(খ) অথবা যা কিছু নামমূলের সহিত পরস্পরমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি নাম?

২-১০. হেতু বার প্রভৃতি

৪৯. যা কিছু কুশল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশল-হেতু... কুশল-নিদান... কুশল-সম্ভব... কুশল-প্রভব... কুশল-সমুত্থান... কুশলাহার... কুশলালম্বন... কুশল-প্রত্যয়... কুশল-সমুদয়... ?

স্মারক-গাথা : মূল, হেতু, নিদান, সম্ভব ও প্রভব নিচয়;
সমুত্থান, আহার, আলম্বন, প্রত্যয় ও সমুদয়।

[উদ্দেশ বার সমাপ্ত]

(খ) নির্দেশ

১. মূল বার

১. কুশল ধর্ম

(১) মূল-ক্রম

৫০. (ক) যা কিছু কুশল ধর্ম[১] আছে, তৎসমস্তই কি কুশলমূল?

অলোভ, অদ্বেষ, অমোহ এই তিনটিই মাত্র কুশলমূল[২]। বাকি কুশল

---

[১]। 'কুশল ধর্ম' অর্থে একুশ প্রকার কুশল চিত্ত এবং তৎসম্প্রযুক্ত আটত্রিশটি চৈতসিক। একুশ প্রকার কুশল চিত্ত; যথা : কামাবচর কুশল চিত্ত ৮টি, রূপাবচর কুশল চিত্ত ৫টি, অরূপাবচর কুশল চিত্ত ৪টি এবং লোকোত্তর কুশল চিত্ত ৪টি। আটত্রিশটি চৈতসিক; যথা : সপ্ত সর্বচিত্ত সাধারণ চৈতসিক, ছয় প্রকীর্ণ চৈতসিক এবং পঁচিশ শোভন চৈতসিক।

[২]। 'কুশলমূল' অর্থে অলোভ, অদ্বেষ ও অমোহ। এই তিনটি চৈতসিক চিত্তকে কুশলে প্রতিষ্ঠিত রাখে। সেজন্য এই তিনটি চৈতসিককে 'কুশলমূল' বলা হয়।

ধর্মসমূহ কিন্তু কুশলমূল নয়।

(খ) অথবা যা কিছু কুশলমূল, তৎসমস্ত ধর্মই কি কুশল? হ্যাঁ।

৫১. (ক) যা কিছু কুশল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূলের সহিত একমূল[১]? হ্যাঁ।

(খ) অথবা যা কিছু কুশলমূলের সহিত একমূল, তৎসমস্ত ধর্মই কি কুশল?

কুশল-সমুত্থান-রূপ কুশলমূলের সহিত একমূল বটে, তবে কুশল নয়। 'কুশল' কিন্তু যুগপৎ কুশলমূলের সহিত একমূল ও কুশল।

৫২. (ক) যা কিছু কুশলমূলের সহিত একমূল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূলের সহিত পরস্পরমূল[২]?

যেই সমস্ত কুশলমূল একই সঙ্গে উৎপন্ন হয় সেগুলোই শুধু যুগপৎ একমূল ও পরস্পরমূল। বাকি কুশলমূল-সহজাত ধর্মসমূহ কুশলমূলের সহিত একমূল বটে, তবে পরস্পরমূল নয়।

(খ) অথবা যা কিছু কুশলমূলের সহিত পরস্পরমূল, তৎসমস্ত ধর্মই কি কুশল? হ্যাঁ।

(২) মূলমূল-ক্রম

৫৩. (ক) যা কিছু কুশল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূলমূল?

অলোভ, অদ্বেষ, অমোহ এই তিনটিই মাত্র কুশলমূলমূল[৩]। বাকি কুশল ধর্মসমূহ কিন্তু কুশলমূলমূল নয়।

(খ) অথবা যা কিছু কুশলমূলমূল, তৎসমস্ত ধর্মই কি কুশল? হ্যাঁ।

৫৪. (ক) যা কিছু কুশল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূলের সহিত একমূলমূল? হ্যাঁ।

(খ) অথবা যা কিছু কুশলমূলের সহিত একমূলমূল, তৎসমস্ত ধর্মই কি কুশল?

কুশল-সমুত্থান-রূপ কুশলমূলের সহিত একমূলমূল বটে, তবে কুশল নয়। 'কুশল' কিন্তু যুগপৎ কুশলমূলের সহিত একমূলমূল ও কুশল।

৫৫. (ক) যা কিছু কুশলমূলের সহিত একমূলমূল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূলের সহিত পরস্পরমূলমূল?

---

[১]। 'একমূল' অর্থে অলোভ প্রভৃতি কুশলমূলের সহিত একই মূল।

[২]। 'পরস্পরমূল' অর্থে পরস্পর হেতু প্রত্যয়ের দ্বারা প্রত্যয় হয়।

[৩]। 'কুশলমূলমূল' অর্থে কুশলমূলের অর্ন্তগত মূল।

যেই সমস্ত কুশলমূল একই সঙ্গে উৎপন্ন হয় সেগুলোই শুধু যুগপৎ একমূলমূল ও পরস্পরমূলমূল। বাকি কুশলমূল-সহজাত ধর্মসমূহ কুশলমূলের সহিত একমূলমূল বটে, তবে পরস্পরমূলমূল নয়।

(খ) অথবা যা কিছু কুশলমূলের সহিত পরস্পরমূলমূল, তৎসমস্ত ধর্মই কি কুশল? হ্যাঁ।

(৩) মূলক-ক্রম

৫৬. (ক) যা কিছু কুশল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূলক? হ্যাঁ।

(খ) অথবা যা কিছু কুশলমূলক, তৎসমস্ত ধর্মই কি কুশল?

কুশল-সমুত্থান-রূপ কুশলমূলক বটে, তবে কুশল নয়। 'কুশল' কিন্তু যুগপৎ কুশলমূলক ও কুশল।

৫৭. (ক) যা কিছু কুশল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূলের সহিত একমূলক? হ্যাঁ।

(খ) অথবা যা কিছু কুশলমূলের সহিত একমূলক, তৎসমস্ত ধর্মই কি কুশল?

কুশল-সমুত্থান-রূপ কুশলমূলের সহিত একমূলক বটে, তবে কুশল নয়। 'কুশল' কিন্তু যুগপৎ কুশলমূলের সহিত একমূলক ও কুশল।

৫৮. (ক) যা কিছু কুশলমূলের সহিত একমূলক ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূলের সহিত পরস্পরমূলক?

যেই সমস্ত কুশলমূল একই সঙ্গে উৎপন্ন হয় সেগুলোই শুধু যুগপৎ একমূলক ও পরস্পরমূলক। বাকি কুশলমূল-সহজাত ধর্মসমূহ কুশলমূলের সহিত একমূলক বটে, তবে পরস্পরমূলক নয়।

(খ) অথবা যা কিছু কুশলমূলের সহিত পরস্পরমূলক, তৎসমস্ত ধর্মই কি কুশল? হ্যাঁ।

(৪) মূলমূলক

৫৯. (ক) যা কিছু কুশল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূলমূলক? হ্যাঁ।

(খ) অথবা যা কিছু কুশলমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি কুশল?

কুশল-সমুত্থান-রূপ কুশলমূলমূলক বটে, তবে কুশল নয়। 'কুশল' কিন্তু যুগপৎ কুশলমূলমূলক ও কুশল।

৬০. (ক) যা কিছু কুশল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূলের সহিত একমূলমূলক? হ্যাঁ।

(খ) অথবা যা কিছু কুশলমূলের সহিত একমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি

কুশল?

কুশল-সমুত্থান-রূপ কুশলমূলের সহিত একমূলমূলক বটে, তবে কুশল নয়। 'কুশল' কিন্তু যুগপৎ কুশলমূলের সহিত একমূলমূলক ও কুশল।

৬১. (ক) যা কিছু কুশলমূলের সহিত একমূলমূলক ধর্ম আছে, তৎসমস্তই কি কুশলমূলের সহিত পরস্পরমূলমূলক?

যেই সমস্ত কুশলমূল একই সঙ্গে উৎপন্ন হয়, সেগুলোই শুধু যুগপৎ একমূলমূলক ও পরস্পরমূলমূলক। বাকি কুশলমূল-সহজাত ধর্মসমূহ কুশলমূলের সহিত একমূলমূলক বটে, তবে পরস্পরমূলমূলক নয়।

(খ) অথবা যা কিছু কুশলমূলের সহিত পরস্পরমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি কুশল? হ্যাঁ।

২. অকুশল ধর্ম

(১) মূল-ক্রম

৬২. (ক) যা কিছু অকুশল ধর্ম[১] আছে, তৎসমস্তই কি অকুশলমূল?

লোভ, দ্বেষ, মোহ এই তিনটিই মাত্র অকুশলমূল[২]। বাকি অকুশল ধর্মসমূহ কিন্তু অকুশলমূল নয়।

(খ) অথবা যা কিছু অকুশলমূল, তৎসমস্ত ধর্মই কি অকুশল? হ্যাঁ।

৬৩. (ক) যা কিছু অকুশল ধর্ম আছে, তৎসমস্তই কি অকুশলমূলের সহিত একমূল?

অহেতুক অকুশল অকুশলের সহিত একমূল নয়। সহেতুক অকুশলই শুধু অকুশলমূলের সহিত একমূল।

(খ) অথবা যা কিছু অকুশলমূলের সহিত একমূল, তৎসমস্ত ধর্মই কি অকুশল?

অকুশল-সমুত্থান-রূপ অকুশলমূলের সহিত একমূল বটে, তবে অকুশল নয়। 'অকুশল' কিন্তু যুগপৎ অকুশলমূলের সহিত একমূল ও অকুশল।

৬৪. (ক) যা কিছু অকুশলমূলের সহিত একমূল ধর্ম আছে, তৎসমস্তই কি অকুশলমূলের সহিত পরস্পরমূল?

যেই সমস্ত অকুশলমূল একই সঙ্গে উৎপন্ন হয় সেগুলোই শুধু যুগপৎ একমূল ও পরস্পরমূল। বাকি অকুশলমূল-সহজাত ধর্মসমূহ অকুশলমূলের

---

[১]। 'অকুশল ধর্ম' অর্থে দ্বাদশ অকুশল চিত্ত এবং তৎসম্প্রযুক্ত সাতাশটি চৈতসিক।

[২]। 'অকুশলমূল' অর্থে লোভ, দ্বেষ ও মোহ। এই তিনটি চৈতসিক চিত্তকে অকুশলে প্রতিষ্ঠিত রাখে। সেজন্য এই তিনটি চৈতসিককে 'অকুশলমূল' বলা হয়।

সহিত একমূল বটে, তবে পরস্পর মূল নয়।

(খ) অথবা যা কিছু অকুশলমূলের সহিত পরস্পরমূল, তৎসমস্ত ধর্মই কি অকুশল? হ্যাঁ।

(২) মূলমূল-ক্রম

৬৫. (ক) যা কিছু অকুশল ধর্ম আছে, তৎসমস্তই কি অকুশলমূলমূল?

লোভ, দ্বেষ, মোহ এই তিনটিই মাত্র অকুশলমূলমূল। বাকি অকুশল ধর্মসমূহ কিন্তু অকুশলমূলমূল নয়।

(খ) অথবা যা কিছু অকুশলমূলমূল, তৎসমস্ত ধর্মই কি অকুশল? হ্যাঁ।

৬৬. (ক) যা কিছু অকুশল ধর্ম আছে, তৎসমস্তই কি অকুশলমূলের সহিত একমূলমূল?

অহেতুক অকুশল অকুশলের সহিত একমূলমূল নয়। সহেতুক অকুশলই শুধু অকুশলমূলের সহিত একমূলমূল।

(খ) অথবা যা কিছু অকুশলমূলের সহিত একমূলমূল, তৎসমস্ত ধর্মই কি অকুশল?

অকুশল-সমুত্থান-রূপ অকুশলমূলের সহিত একমূলমূল বটে, তবে কুশল নয়। 'অকুশল' কিন্তু যুগপৎ কুশলমূলের সহিত একমূলমূল ও অকুশল।

৬৭. (ক) যা কিছু অকুশলমূলের সহিত একমূলমূল ধর্ম আছে, তৎসমস্তই কি অকুশলমূলের সহিত পরস্পরমূলমূল?

যেই সমস্ত অকুশলমূল একই সঙ্গে উৎপন্ন হয় সেগুলোই শুধু যুগপৎ একমূলমূল ও পরস্পরমূলমূল। বাকি অকুশলমূল-সহজাত ধর্মসমূহ অকুশলমূলের সহিত একমূলমূল বটে, তবে পরস্পরমূলমূল নয়।

(খ) অথবা যা কিছু অকুশলমূলের সহিত পরস্পরমূলমূল, তৎসমস্ত ধর্মই কি অকুশল? হ্যাঁ।

(৩) মূলক-ক্রম

৬৮. (ক) যা কিছু অকুশল ধর্ম আছে, তৎসমস্তই কি অকুশলমূলক?

অহেতুক অকুশল অকুশলের সহিত একমূলক নয়। সহেতুক অকুশলই শুধু অকুশলমূলক।

(খ) অথবা যা কিছু অকুশলমূলক, তৎসমস্ত ধর্মই কি অকুশল?

অকুশল-সমুত্থান-রূপ অকুশলমূলক বটে, তবে অকুশল নয়। 'অকুশল' কিন্তু যুগপৎ অকুশলমূলক ও অকুশল।

৬৯. (ক) যা কিছু অকুশল ধর্ম আছে, তৎসমস্তই কি অকুশলমূলের সহিত

একমূলক?

অহেতুক অকুশল অকুশলের সহিত একমূলক নয়। সহেতুক অকুশল কিন্তু অকুশলমূলের সহিত একমূলক।

(খ) অথবা যা কিছু অকুশলমূলের সহিত একমূলক, তৎসমস্ত ধর্মই কি অকুশল?

অকুশল-সমুত্থান-রূপ অকুশলমূলের সহিত একমূলক বটে, তবে অকুশল নয়। 'অকুশল' কিন্তু যুগপৎ অকুশলমূলের সহিত একমূলক ও অকুশল।

৭০. (ক) যা কিছু অকুশলমূলের সহিত একমূলক ধর্ম আছে, তৎসমস্তই কি অকুশলমূলের সহিত পরস্পরমূলক?

যেই সমস্ত অকুশলমূল একই সঙ্গে উৎপন্ন হয় সেগুলোই শুধু যুগপৎ একমূলক ও পরস্পরমূলক। বাকি অকুশলমূল-সহজাত ধর্মসমূহ অকুশলমূলের সহিত একমূলক বটে, তবে পরস্পরমূলক নয়।

(খ) অথবা যা কিছু অকুশলমূলের সহিত পরস্পরমূলক, তৎসমস্ত ধর্মই কি অকুশল? হ্যাঁ।

(৪) মূলমূলক

৭১. (ক) যা কিছু অকুশল ধর্ম আছে, তৎসমস্তই কি অকুশলমূলমূলক?

অহেতুক অকুশল অকুশলমূলমূলক নয়। সহেতুক অকুশলই শুধু অকুশলমূলমূলক।

(খ) অথবা যা কিছু অকুশলমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি অকুশল?

অকুশল-সমুত্থান-রূপ অকুশলমূলমূলক বটে, তবে অকুশল নয়। 'অকুশল' কিন্তু যুগপৎ অকুশলমূলমূলক ও অকুশল।

৭২. (ক) যা কিছু অকুশল ধর্ম আছে, তৎসমস্তই কি অকুশলমূলের সহিত একমূলমূলক?

অহেতুক অকুশল অকুশলমূলের সহিত একমূলমূলক নয়। সহেতুক অকুশলই শুধু অকুশলমূলের সহিত একমূলমূলক।

(খ) অথবা যা কিছু অকুশলমূলের সহিত একমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি অকুশল?

অকুশল-সমুত্থান-রূপ অকুশলমূলের সহিত একমূলমূলক বটে, তবে অকুশল নয়। 'অকুশল' কিন্তু যুগপৎ অকুশলমূলের সহিত একমূলমূলক ও অকুশল।

৭৩. (ক) যা কিছু অকুশলমূলের সহিত একমূলমূলক ধর্ম আছে,

তৎসমস্তই কি অকুশলমূলের সহিত পরস্পরমূলমূলক?

যেই সমস্ত অকুশলমূল একই সঙ্গে উৎপন্ন হয় সেগুলোই শুধু যুগপৎ একমূলমূলক ও পরস্পরমূলমূলক। বাকি অকুশলমূল-সহজাত ধর্মসমূহ অকুশলমূলের সহিত একমূলমূলক বটে, তবে পরস্পরমূলমূলক নয়।

(খ) অথবা যা কিছু অকুশলমূলের সহিত পরস্পরমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি অকুশল? হ্যাঁ।

৩. অব্যাকৃত ধর্ম

(১) মূল-ক্রম

৭৪. (ক) যা কিছু অব্যাকৃত ধর্ম[১] আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূল?

অলোভ, অদ্বেষ, অমোহ এই তিনটিই মাত্র অব্যাকৃতমূল[২]। বাকি অব্যাকৃত ধর্মসমূহ কিন্তু অব্যাকৃতমূল নয়।

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূল, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত? হ্যাঁ।

৭৫. (ক) যা কিছু অব্যাকৃত ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূলের সহিত একমূল?

অহেতুক অব্যাকৃত অব্যাকৃতমূলের সহিত একমূল নয়। সহেতুক অব্যাকৃতই শুধু অব্যাকৃতমূলের সহিত একমূল।

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূলের সহিত একমূল, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত? হ্যাঁ।

৭৬. (ক) যা কিছু অব্যাকৃতমূলের সহিত একমূল ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূলের সহিত পরস্পরমূল?

যেই সমস্ত অব্যাকৃতমূল একই সঙ্গে উৎপন্ন হয় সেগুলোই শুধু যুগপৎ একমূল ও পরস্পরমূল। বাকি অব্যাকৃতমূল-সহজাত ধর্মসমূহ অব্যাকৃতমূলের সহিত একমূল বটে, তবে পরস্পরমূল নয়।

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূলের সহিত পরস্পরমূল, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত? হ্যাঁ।

---

[১]। 'অব্যাকৃত ধর্ম' অর্থে ছাপ্পান্ন প্রকার চিত্ত, তৎসম্প্রযুক্ত চৈতসিকসমূহ, আটাশ প্রকার রূপ ও নির্বাণ। ছাপ্পান্ন প্রকার চিত্ত; যথা : আঠার প্রকার অহেতুক চিত্ত, আট কামাবচর বিপাক চিত্ত, আট কামাবচর ক্রিয়াচিত্ত, পাঁচ রূপাবচর বিপাক চিত্ত, পাঁচ রূপাবচর ক্রিয়া চিত্ত, চার অরূপাবচর বিপাক চিত্ত, চার অরূপাবচর ক্রিয়াচিত্ত এবং চার লোকোত্তর বিপাক চিত্ত।

[২]। 'অব্যাকৃতমূল' অর্থে অলোভ, অদ্বেষ ও অমোহ। এই তিনটি চৈতসিক যখন বিপাক ও ক্রিয়া চিত্তে মূলাকারে ব্যবহৃত হয় তখন 'অব্যাকৃতমূল' বলা হয়।

(২) মূলমূল-ক্রম

৭৭. (ক) যা কিছু অব্যাকৃত ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূলমূল?

অলোভ, অদ্বেষ, অমোহ এই তিনটিই মাত্র অব্যাকৃতমূলমূল। বাকি অব্যাকৃত ধর্মসমূহ কিন্তু অব্যাকৃতমূলমূল নয়।

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূলমূল, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত? হ্যাঁ।

৭৮. (ক) যা কিছু অব্যাকৃত ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূলের সহিত একমূলমূল?

অহেতুক অব্যাকৃত অব্যাকৃতমূলের সহিত একমূলমূল। সহেতুক অব্যাকৃতই শুধু অব্যাকৃতমূলের সহিত একমূলমূল।

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূলের সহিত একমূলমূল, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত? হ্যাঁ।

৭৯. (ক) যা কিছু অব্যাকৃতমূলের সহিত একমূলমূল ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূলের সহিত পরস্পরমূলমূল?

যেই সমস্ত অব্যাকৃতমূল একই সঙ্গে উৎপন্ন হয় সেগুলোই শুধু যুগপৎ একমূলমূল ও পরস্পরমূলমূল। বাকি অব্যাকৃতমূল-সহজাত ধর্মসমূহ অব্যাকৃত মূলের সহিত একমূলমূল বটে, তবে পরস্পরমূলমূল নয়।

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূলের সহিত পরস্পরমূলমূল, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত? হ্যাঁ।

(৩) মূলক-ক্রম

৮০. (ক) যা কিছু অব্যাকৃত ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূলক?

অহেতুক অব্যাকৃত অব্যাকৃতমূলের সহিত একমূলক নয়। সহেতুক অব্যাকৃতই শুধু অব্যাকৃতমূলক।

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূলক, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত? হ্যাঁ।

৮১. (ক) যা কিছু অব্যাকৃত ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতের সহিত একমূলক?

অহেতুক অব্যাকৃত অব্যাকৃতের সহিত একমূলক নয়। সহেতুক অব্যাকৃতই শুধু অব্যাকৃতমূলের সহিত একমূলক।

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূলের সহিত একমূলক, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত? হ্যাঁ।

৮২. (ক) যা কিছু অব্যাকৃতমূলের সহিত একমূলক ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূলের সহিত পরস্পরমূলক?

যেই সমস্ত অব্যাকৃতমূল একই সঙ্গে উৎপন্ন হয় সেগুলোই শুধু যুগপৎ

একমূলক ও পরস্পরমূলক। বাকি অব্যাকৃতমূল-সহজাত ধর্মসমূহ অব্যাকৃতমূলের সহিত একমূলক বটে, তবে পরস্পরমূলক নয়।

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূলের সহিত পরস্পরমূলক, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত? হ্যাঁ।

(৪) মূলমূলক

৮৩. (ক) যা কিছু অব্যাকৃত ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূলমূলক?

অহেতুক অব্যাকৃত অব্যাকৃতমূলমূলক নয়। সহেতুক অব্যাকৃতই শুধু অব্যাকৃতমূলমূলক।

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত? হ্যাঁ।

৮৪. (ক) যা কিছু অব্যাকৃত ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূলের সহিত একমূলমূলক?

অহেতুক অব্যাকৃত অব্যাকৃতমূলের সহিত একমূলমূলক নয়। সহেতুক অব্যাকৃতই শুধু অব্যাকৃতমূলের সহিত একমূলমূলক।

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূলের সহিত একমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত? হ্যাঁ।

৮৫. (ক) যা কিছু অব্যাকৃতমূলের সহিত একমূলমূলক ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূলের সহিত পরস্পরমূলমূলক?

যেই সমস্ত অব্যাকৃতমূল একই সঙ্গে উৎপন্ন হয় সেগুলোই শুধু যুগপৎ একমূলমূলক ও পরস্পরমূলমূলক। বাকি অব্যাকৃতমূল-সহজাত ধর্মসমূহ অব্যাকৃতমূলের সহিত একমূলমূলক বটে, তবে পরস্পরমূলমূলক নয়।

(খ) অথবা যা কিছু অব্যাকৃতমূলের সহিত পরস্পরমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি অব্যাকৃত? হ্যাঁ।

৪. নাম ধর্ম

(১) মূল-ক্রম

৮৬. (ক) যা কিছু নাম ধর্ম[১] আছে, তৎসমস্তই কি নামমূল?

নামমূল মাত্র নয়টি। যথা : কুশলমূল তিনটি, অকুশলমূল তিনটি ও অব্যাকৃতমূল তিনটি। বাকি নাম ধর্মসমূহ কিন্তু নামমূল নয়।

১। 'নাম ধর্ম' অর্থে বেদনা, সংজ্ঞা, সংস্কার, বিজ্ঞান—এই চারি অরূপস্কন্ধ ও নির্বাণ।

(খ) অথবা যা কিছু নামমূল, তৎসমস্ত ধর্মই কি নাম? হ্যাঁ।

৮৭. (ক) যা কিছু নাম ধর্ম আছে, তৎসমস্তই কি নামমূলের সহিত একমূল?

অহেতুক নাম নামমূলের সহিত একমূল নয়। সহেতুক নামই শুধু নামমূলের সহিত একমূল।

(খ) অথবা যা কিছু নামমূলের সহিত একমূল, তৎসমস্ত ধর্মই কি নাম?

নাম-সমুত্থান-রূপ নামমূলের সহিত একমূল বটে, তবে নাম নয়। 'নাম' কিন্তু যুগপৎ নামমূলের সহিত একমূল ও নাম।

৮৮. (ক) যা কিছু নামমূলের সহিত একমূল ধর্ম আছে, তৎসমস্তই কি নামমূলের সহিত পরস্পরমূল?

যেই সমস্ত নামমূল একই সঙ্গে উৎপন্ন হয় সেগুলোই শুধু যুগপৎ একমূল ও পরস্পরমূল। বাকি নামমূল-সহজাত ধর্মসমূহ নামমূলের সহিত একমূল বটে, তবে পরস্পমূল নয়।

(খ) অথবা যা কিছু নামমূলের সহিত পরস্পরমূল, তৎসমস্ত ধর্মই কি নাম? হ্যাঁ।

(২) মূলমূল-ক্রম

৮৯. (ক) যা কিছু নাম ধর্ম আছে, তৎসমস্তই কি অব্যাকৃতমূলমূল?

নামমূল মাত্র নয়টি। যথা : কুশলমূল তিনটি, অকুশলমূল তিনটি ও অব্যাকৃতমূল তিনটি। বাকি নাম ধর্মসমূহ কিন্তু নামমূল নয়।

(খ) অথবা যা কিছু নামমূলমূল, তৎসমস্ত ধর্মই কি নাম? হ্যাঁ।

৯০. (ক) যা কিছু নাম ধর্ম আছে, তৎসমস্তই কি নামমূলের সহিত একমূলমূল?

অহেতুক-নাম নামমূলের সহিত একমূলমূল। সহেতুক নামই শুধু নামমূলের সহিত একমূলমূল।

(খ) অথবা যা কিছু নামমূলের সহিত একমূলমূল, তৎসমস্ত ধর্মই কি নাম?

নাম-সমুত্থান-রূপ নামমূলের সহিত একমূলমূল বটে, তবে নাম নয়। 'নাম' কিন্তু যুগপৎ একমূলমূল ও নাম।

৯১. (ক) যা কিছু নামমূলের সহিত একমূলমূল ধর্ম আছে, তৎসমস্তই কি নামমূলের সহিত পরস্পরমূলমূল?

যেই সমস্ত নামমূল একই সঙ্গে উৎপন্ন হয়, সেগুলোই শুধু যুগপৎ

একমূলমূল ও পরস্পরমূলমূল। বাকি নামমূল-সহজাত ধর্মসমূহ নামমূলের সহিত একমূলমূল বটে, তবে পরস্পরমূলমূল নয়।

(খ) অথবা যা কিছু নামমূলের সহিত পরস্পরমূলমূল, তৎসমস্ত ধর্মই কি নাম? হ্যাঁ।

(৩) মূলক-ক্রম

৯২. (ক) যা কিছু নাম ধর্ম আছে, তৎসমস্তই কি নামমূলক?

অহেতুক নাম নামমূলক নয়। সহেতুক নামই শুধু নামমূলক।

(খ) অথবা যা কিছু নামমূলক, তৎসমস্ত ধর্মই কি নাম?

নাম-সমুত্থান-রূপ নামমূলক বটে, তবে নাম নয়। 'নাম' কিন্তু যুগপৎ নামমূলক ও নাম।

৯৩. (ক) যা কিছু নাম ধর্ম আছে, তৎসমস্তই কি নামের সহিত একমূলক?

অহেতুক নাম নামমূলের সহিত একমূলক নয়। সহেতুক নামই শুধু নামমূলের সহিত একমূলক।

(খ) অথবা যা কিছু নামমূলের সহিত একমূলক, তৎসমস্ত ধর্মই কি নাম?

নাম-সমুত্থান-রূপ নামমূলের সহিত একমূলক বটে, তবে নাম নয়। 'নাম' কিন্তু যুগপৎ নামমূলের সহিত নামমূলক ও নাম।

৯৪. (ক) যা কিছু নামমূলের সহিত একমূলক ধর্ম আছে, তৎসমস্তই কি নামমূলের সহিত পরস্পরমূলক?

যেই সমস্ত নামমূল একই সঙ্গে উৎপন্ন হয়, সেগুলোই শুধু যুগপৎ একমূলক ও পরস্পরমূলক। বাকি নামমূল-সহজাত ধর্মসমূহ নামমূলের সহিত একমূলক বটে, তবে পরস্পরমূলক নয়।

(খ) অথবা যা কিছু নামমূলের সহিত পরস্পরমূলক, তৎসমস্ত ধর্মই কি নাম? হ্যাঁ।

(৪) মূলমূলক

৯৫. (ক) যা কিছু নাম ধর্ম আছে, তৎসমস্তই কি নামমূলমূলক?

অহেতুক নাম নামমূলমূলক নয়। সহেতুক নামই শুধু নামমূলমূলক।

(খ) অথবা যা কিছু নামমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি নাম?

নাম-সমুত্থান-রূপ নামমূলক বটে, তবে নাম নয়। 'নাম' কিন্তু যুগপৎ নামমূলমূলক ও নাম।

৯৬. (ক) যা কিছু নাম ধর্ম আছে, তৎসমস্তই কি নামমূলের সহিত একমূলমূলক?

অহেতুক নাম নামমূলের সহিত একমূলমূলক নয়। সহেতুক নামই শুধু নামমূলের সহিত একমূলমূলক।

(খ) অথবা যা কিছু নামমূলের সহিত একমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি নাম?

নাম-সমুত্থান-রূপ নামমূলমূলক বটে, তবে নাম নয়। 'নাম' কিন্তু যুগপৎ নামমূলমূলক ও নাম।

৯৭. (ক) যা কিছু নামমূলের সহিত একমূলমূলক ধর্ম আছে, তৎসমস্তই কি নামমূলের সহিত পরস্পরমূলমূলক?

যেই সমস্ত নামমূল একই সঙ্গে উৎপন্ন হয়, সেগুলোই শুধু যুগপৎ একমূলমূলক ও পরস্পরমূলমূলক। বাকি নামমূল-সহজাত ধর্মসমূহ নামমূলের সহিত একমূলমূলক বটে, তবে পরস্পরমূলমূলক নয়।

(খ) অথবা যা কিছু নামমূলের সহিত পরস্পরমূলমূলক, তৎসমস্ত ধর্মই কি নাম? হ্যাঁ।

২-১০. হেতু বার প্রভৃতি

৯৮. যা কিছু কুশল ধর্ম আছে, তৎসমস্তই কি কুশল হেতু... ?

অলোভ, অদ্বেষ, অমোহ এই তিনটি মাত্র কুশল-হেতু[১], বাকি কুশল ধর্মসমূহ কুশল-হেতু নয়... কুশল-নিদান[২]... কুশল-সম্ভব[৩]... কুশল-প্রভব[৪]... কুশল-সমুত্থান[৫]... কুশলাহার[৬]... কুশলালম্বন[৭]... কুশল-প্রত্যয়[৮]... কুশল-সমুদয়[৯]... ?

স্মারক-গাথা : মূল, হেতু, নিদান, সম্ভব ও প্রভব নিচয়;
সমুত্থান, আহার, আলম্বন, প্রত্যয় ও সমুদয়।

[নির্দেশ বার সমাপ্ত]

[মূল-যমক সমাপ্ত]

১। নিজের ফল প্রদানে প্রবর্তিত করে এই অর্থে 'হেতু'।

২। 'ওহে, ইহা নাও' এভাবে দেখানোর ন্যায় নিজের ফল প্রদর্শন করে এই অর্থে 'নিদান'।

৩। ইহা হতেই ফল উৎপন্ন হয় এই অর্থে 'সম্ভব'।

৪। প্রাদুর্ভূত হয় এই অর্থে 'প্রভব'।

৫। ইহা দ্বারা অথবা এখানেই ফল সমুত্থিত হয় এই অর্থে 'সমুত্থান'।

৬। নিজের ফল নিজেই আহরণ করে এই অর্থে 'আহার'।

৭। নিজের ফলের সহিত অবিচ্ছেদ্যভাবে আলম্বিত হয় এই অর্থে 'আলম্বন'।

৮। ইহার কারণেই ফল উৎপন্ন হয় এই অর্থে 'প্রত্যয়'।

৯। ইহা হতেই ফল সমুদিত হয় এই অর্থে 'সমুদয়'।

২. স্কন্ধ-যমক

১. প্রজ্ঞপ্তি (পরিচিতি) বার

(ক) উদ্দেশ

১. স্কন্ধ পাঁচ প্রকার; যথা : রূপস্কন্ধ, বেদনাস্কন্ধ, সংজ্ঞাস্কন্ধ, সংস্কারস্কন্ধ ও বিজ্ঞানস্কন্ধ।

১. পদশোধন বার

(ক) অনুলোম

২. (ক) সর্ববিধ রূপই কি রূপস্কন্ধ?

(খ) রূপস্কন্ধ কি সর্ববিধ রূপ?

(ক) সর্ববিধ বেদনাই কি বেদনাস্কন্ধ?

(খ) বেদনাস্কন্ধ কি সর্ববিধ বেদনা?

(ক) সর্ববিধ সংজ্ঞাই কি সংজ্ঞাস্কন্ধ?

(খ) সংজ্ঞাস্কন্ধ কি সর্ববিধ সংজ্ঞা?

(ক) সর্ববিধ সংস্কারই কি সংস্কারস্কন্ধ?

(খ) সংস্কারস্কন্ধ কি সর্ববিধ সংস্কার?

(ক) সর্ববিধ বিজ্ঞানই কি বিজ্ঞানস্কন্ধ?

(খ) বিজ্ঞানস্কন্ধ কি সর্ববিধ বিজ্ঞান?

(খ) প্রত্যানীক

৩. (ক) যা রূপ নয় তা রূপস্কন্ধ নয় কি?

(খ) যা রূপস্কন্ধ নয় তা রূপ নয় কি?

(ক) যা বেদনা নয় তা বেদনাস্কন্ধ নয় কি?

(খ) যা বেদনাস্কন্ধ নয় তা বেদনা নয় কি?

(ক) যা সংজ্ঞা নয় তা সংজ্ঞাস্কন্ধ নয় কি?

(খ) যা সংজ্ঞাস্কন্ধ নয় তা সংজ্ঞা নয় কি?

(ক) যা সংস্কার নয় তা সংস্কারস্কন্ধ নয় কি?

(খ) যা সংস্কারস্কন্ধ নয় তা সংস্কার নয় কি?

(ক) যা বিজ্ঞান নয় তা বিজ্ঞানস্কন্ধ নয় কি?

(খ) যা বিজ্ঞানস্কন্ধ নয় তা বিজ্ঞান নয় কি?

২. পদশোধন মূলচক্র বার

(ক) অনুলোম

৪. (ক) সর্ববিধ রূপই কি রূপস্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি বেদনাস্কন্ধ?
(ক) সর্ববিধ রূপই কি রূপস্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি সংজ্ঞাস্কন্ধ?
(ক) সর্ববিধ রূপই কি রূপস্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি সংস্কারস্কন্ধ?
(ক) সর্ববিধ রূপই কি রূপস্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি বিজ্ঞানস্কন্ধ?
৫. (ক) সর্ববিধ বেদনাই কি বেদনাস্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি রূপস্কন্ধ?
(ক) সর্ববিধ বেদনাই কি বেদনাস্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি সংজ্ঞাস্কন্ধ?
(ক) সর্ববিধ বেদনাই কি বেদনাস্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি সংস্কারস্কন্ধ?
(ক) সর্ববিধ বেদনাই কি বেদনাস্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি বিজ্ঞানস্কন্ধ?
৬. (ক) সর্ববিধ সংজ্ঞাই কি সংজ্ঞাস্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি রূপস্কন্ধ?
(ক) সর্ববিধ সংজ্ঞাই কি সংজ্ঞাস্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি বেদনাস্কন্ধ?
(ক) সর্ববিধ সংজ্ঞাই কি সংজ্ঞাস্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি সংস্কারস্কন্ধ?
(ক) সর্ববিধ সংজ্ঞাই কি সংজ্ঞাস্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি বিজ্ঞানস্কন্ধ?
৭. (ক) সর্ববিধ সংস্কারই কি সংস্কারস্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি রূপস্কন্ধ?
(ক) সর্ববিধ সংস্কারই কি সংস্কারস্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি বেদনাস্কন্ধ?
(ক) সর্ববিধ সংস্কারই কি সংস্কারস্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি সংজ্ঞাস্কন্ধ?

(ক) সর্ববিধ সংস্কারই কি সংস্কারস্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি বিজ্ঞানস্কন্ধ?
৮. (ক) সর্ববিধ বিজ্ঞানই কি বিজ্ঞানস্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি রূপস্কন্ধ?
(ক) সর্ববিধ বিজ্ঞানই কি বিজ্ঞানস্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি বেদনাস্কন্ধ?
(ক) সর্ববিধ বিজ্ঞানই কি বিজ্ঞানস্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি সংজ্ঞাস্কন্ধ?
(ক) সর্ববিধ বিজ্ঞানই কি বিজ্ঞানস্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি সংস্কারস্কন্ধ?

(খ) প্রত্যানীক

৯. (ক) যা রূপ নয় তা রূপস্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা বেদনাস্কন্ধ নয় কি?
(ক) যা রূপ নয় তা রূপস্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা সংজ্ঞাস্কন্ধ নয় কি?
(ক) যা রূপ নয় তা রূপস্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা সংস্কারস্কন্ধ নয় কি?
(ক) যা রূপ নয় তা রূপস্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা বিজ্ঞানস্কন্ধ নয় কি?
১০. (ক) যা বেদনা নয় তা বেদনাস্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা রূপস্কন্ধ নয় কি?
(ক) যা বেদনা নয় তা বেদনাস্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা সংজ্ঞাস্কন্ধ নয় কি?
(ক) যা বেদনা নয় তা বেদনাস্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা সংস্কারস্কন্ধ নয় কি?
(ক) যা বেদনা নয় তা বেদনাস্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা বিজ্ঞানস্কন্ধ নয় কি?
১১. (ক) যা সংজ্ঞা নয় তা সংজ্ঞাস্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা রূপস্কন্ধ নয় কি?
(ক) যা সংজ্ঞা নয় তা সংজ্ঞাস্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা বেদনাস্কন্ধ নয় কি?
(ক) যা সংজ্ঞা নয় তা সংজ্ঞাস্কন্ধ নয় কি?

(খ) যা স্কন্ধ নয় তা সংস্কারস্কন্ধ নয় কি?
(ক) যা সংজ্ঞা নয় তা সংজ্ঞাস্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা বিজ্ঞানস্কন্ধ নয় কি?
১২. (ক) যা সংস্কার নয় তা সংস্কারস্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা রূপস্কন্ধ নয় কি?
(ক) যা সংস্কার নয় তা সংস্কারস্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা বেদনাস্কন্ধ নয় কি?
(ক) যা সংস্কার নয় তা সংস্কারস্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা সংজ্ঞাস্কন্ধ নয় কি?
(ক) যা সংস্কার নয় তা সংস্কারস্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা বিজ্ঞানস্কন্ধ নয় কি?
১৩. (ক) যা বিজ্ঞান নয় তা বিজ্ঞানস্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা রূপস্কন্ধ নয় কি?
(ক) যা বিজ্ঞান নয় তা বিজ্ঞানস্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা বেদনাস্কন্ধ নয় কি?
(ক) যা বিজ্ঞান নয় তা বিজ্ঞানস্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা সংজ্ঞাস্কন্ধ নয় কি?
(ক) যা বিজ্ঞান নয় তা বিজ্ঞানস্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা সংস্কারস্কন্ধ নয় কি?

৩. সুদ্ধস্কন্ধ বার

(ক) অনুলোম

১৪. (ক) সর্ববিধ রূপই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি রূপ?
(ক) সর্ববিধ বেদনাই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি বেদনা?
(ক) সর্ববিধ সংজ্ঞাই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি সংজ্ঞা?
(ক) সর্ববিধ সংস্কারই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি সংস্কার?
(ক) সর্ববিধ বিজ্ঞানই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি বিজ্ঞান?

(খ) প্রত্যানীক

১৫. (ক) যা রূপ নয় তা স্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা রূপ নয় কি
(ক) যা বেদনা নয় তা স্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা বেদনা নয় কি
(ক) যা সংজ্ঞা নয় তা স্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা সংজ্ঞা নয় কি?
(ক) যা সংস্কার নয় তা স্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা সংস্কার নয় কি?
(ক) যা বিজ্ঞান নয় তা স্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা বিজ্ঞান নয় কি?

৪. সুদ্ধস্কন্ধ মূলচক্র বার

(ক) অনুলোম

১৬. (ক) সর্ববিধ রূপই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি বেদনা?
(ক) সর্ববিধ রূপই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি সংজ্ঞা?
(ক) সর্ববিধ রূপই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি সংস্কার?
(ক) সর্ববিধ রূপই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি বিজ্ঞান?
১৭. (ক) সর্ববিধ বেদনাই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি রূপ?
(ক) সর্ববিধ বেদনাই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি সংজ্ঞা?
(ক) সর্ববিধ বেদনাই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি সংস্কার?
(ক) সর্ববিধ বেদনাই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি বিজ্ঞান?
১৮. (ক) সর্ববিধ সংজ্ঞাই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি রূপ?

(ক) সর্ববিধ সংজ্ঞাই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি বেদনা?
(ক) সর্ববিধ সংজ্ঞাই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি সংস্কার?
(ক) সর্ববিধ সংজ্ঞাই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি বিজ্ঞান?
১৯. (ক) সর্ববিধ সংস্কারই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি রূপ?
(ক) সর্ববিধ সংস্কারই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি বেদনা?
(ক) সর্ববিধ সংস্কারই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি সংজ্ঞা?
(ক) সর্ববিধ সংস্কারই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি বিজ্ঞান?
২০. (ক) সর্ববিধ বিজ্ঞানই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি রূপ?
(ক) সর্ববিধ বিজ্ঞানই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি বেদনা?
(ক) সর্ববিধ বিজ্ঞানই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি সংজ্ঞা?
(ক) সর্ববিধ বিজ্ঞানই কি স্কন্ধ?
(খ) সর্ববিধ স্কন্ধই কি সংস্কার?

(খ) প্রত্যানীক

২১. (ক) যা রূপ নয় তা স্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা বেদনা নয় কি?
(ক) যা রূপ নয় তা স্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা সংজ্ঞা নয় কি?
(ক) যা রূপ নয় তা স্কন্ধ নয় কি?
(খ) যা স্কন্ধ নয় তা সংস্কার নয় কি?
(ক) যা রূপ নয় তা স্কন্ধ নয় কি?
যা রূপ নয় তা আয়তন নয় কি?

রূপ ব্যতীত... শব্দ ব্যতীত... গন্ধ ব্যতীত... রস ব্যতীত... স্প্রষ্টব্য

ব্যতীত... আয়তনও নয়।

যা আয়তন নয় তা স্প্রষ্টব্য নয় কি? হ্যাঁ।

(ক) যা মন নয় তা আয়তন নয় কি?

মন ব্যতীত বাকি আয়তনগুলো মন নয় বটে, তবে আয়তন। মন ও আয়তন ব্যতীত বাকিগুলো কিন্তু মনও নয়, আয়তনও নয়।

(খ) যা আয়তন নয় তা মনায়তন নয় কি? হ্যাঁ।

(ক) যা ধর্ম নয় তা আয়তন নয় কি? হ্যাঁ।

(খ) যা আয়তন নয় তা ধর্মায়তন নয় কি? হ্যাঁ।

৪. সুদ্ধায়তন মূলচক্র বার

(ক) অনুলোম

১৬. (ক) চক্ষু কি আয়তন? হ্যাঁ।

(খ) সর্ববিধ আয়তনই কি শ্রোত্রায়তন?

শ্রোত্রায়তনই শুধু যুগপৎ শ্রোত্র ও শ্রোত্রায়তন। বাকি আয়তনগুলো শ্রোত্রায়তন নয়।

চক্ষু কি আয়তন? হ্যাঁ।

সর্ববিধ আয়তনই কি ঘ্রাণায়তন?...

সকল প্রকার আয়তনই কি ধর্মায়তন?

ধর্মায়তনই শুধু যুগপৎ ধর্ম ও ধর্মায়তন। বাকি আয়তনগুলো ধর্মায়তন নয়।

শ্রোত্র কি শ্রোত্রায়তন? হ্যাঁ।

সর্ববিধ আয়তনই কি চক্ষায়তন?... চক্ষায়তন নয়... সর্ববিধ আয়তনই কি ধর্মায়তন?... ধর্মায়তন নয়।

ঘ্রাণ কি আয়তন? হ্যাঁ।

সর্ববিধ আয়তনই কি চক্ষায়তন?...

সর্ববিধ আয়তনই কি ধর্মায়তন?... ধর্মায়তন নয়...।

ধর্ম কি আয়তন? হ্যাঁ।

সর্ববিধ আয়তনই কি চক্ষায়তন?...

সর্ববিধ আয়তনই কি মনায়তন?

মনায়তনই শুধু যুগপৎ আয়তন ও মনায়তন। বাকি আয়তনগুলো মনায়তন নয়।

[এভাবে চক্রাকারে যোগ করতে হবে।]

(খ) প্রত্যানীক

১৭. (ক) যা চক্ষু নয় তা আয়তন নয় কি?

চক্ষু ব্যতীত বাকি আয়তনগুলো চক্ষু নয় বটে, তবে আয়তন। চক্ষু ও আয়তন ব্যতীত বাকিগুলো কিন্তু চক্ষুও নয়, আয়তনও নয়।

(খ) যা আয়তন নয় তা শ্রোত্রায়তন নয় কি? হ্যাঁ।

যা চক্ষু নয় তা আয়তন নয় কি?

চক্ষু ব্যতীত বাকি আয়তনগুলো চক্ষু নয় বটে, তবে আয়তন। চক্ষু ও আয়তন ব্যতীত বাকিগুলো কিন্তু চক্ষুও নয়, আয়তনও নয়...।

যা আয়তন নয় তা ঘ্রাণ নয় কি?...।

যা আয়তন নয় তা ধর্ম নয় কি? হ্যাঁ।

যা শ্রোত্র নয় তা আয়তন নয় কি?

শ্রোত্র ব্যতীত... ঘ্রাণ ব্যতীত... জিহ্বা ব্যতীত... আয়তনও নয়।

যা আয়তন নয় তা ধর্মায়তন নয় কি? হ্যাঁ।

যা কায় নয় তা আয়তন নয় কি? হ্যাঁ।

যা আয়তন নয় তা চক্ষায়তন নয় কি? হ্যাঁ।

... যা আয়তন নয় তা ধর্মায়তন নয় কি? হ্যাঁ।...

(ক) যা ধর্ম নয় তা আয়তন নয় কি? হ্যাঁ।

(খ) যা আয়তন নয় তা চক্ষায়তন নয় কি? হ্যাঁ।

(ক) যা ধর্ম নয় তা আয়তন নয় কি? হ্যাঁ।

(খ) যা আয়তন নয় তা শ্রোত্রায়তন নয় কি? হ্যাঁ।...।

যা আয়তন নয় তা মনায়তন নয় কি? হ্যাঁ।

[এভাবে চক্রাকারে যোগ করতে হবে।]

[প্রজ্ঞপ্তি নির্দেশ বার]

২. প্রবর্তন বার ১. উৎপত্তি বার

(১) বর্তমান বার

(ক) অনুলোম-পুদ্গল

১৮. (ক) যার চক্ষায়তন উৎপন্ন হয়, তার শ্রোত্রায়তন উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচক্ষুক কিন্তু অশ্রোত্রক[1] সত্ত্বগণের চক্ষায়তন উৎপন্ন হয়

---

[1]। 'সচক্ষুক' অর্থে যার চক্ষু বিদ্যমান আছে। আর 'অশ্রোত্রক' অর্থে শ্রোত্রহীন তথা কর্ণহীন। ইহা অপায়িক, জন্মগত বধির ও ঔপপাতিক সত্ত্বগণকে উপলক্ষ করে বলা হয়েছে। এই সমস্ত সত্ত্বগণ সচক্ষুক কিন্তু অশ্রোত্রক হয়েই উৎপন্ন হয় তথা জন্মগ্রহণ করে।

বটে, তবে শ্রোত্রায়তন উৎপন্ন হয় না। সচক্ষুক ও সশ্রোত্রক[১] সত্ত্বগণের কিন্তু উৎপদ্যমান চক্ষায়তনও উৎপন্ন হয়, শ্রোত্রায়তনও উৎপন্ন হয়।

(খ) অথবা যার শ্রোত্রায়তন উৎপন্ন হয়, তার চক্ষায়তন উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সশ্রোত্রক কিন্তু অচক্ষুক সত্ত্বগণের শ্রোত্রায়তন উৎপন্ন হয় বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সশ্রোত্রক ও সচক্ষুক সত্ত্বগণের কিন্তু শ্রোত্রায়তনও উৎপন্ন হয়, চক্ষায়তনও উৎপন্ন হয়।

(ক) যার চক্ষায়তন উৎপন্ন হয়, তার ঘ্রাণায়তন উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচক্ষুক কিন্তু অঘ্রাণক[২] সত্ত্বগণের চক্ষায়তন উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক ও সঘ্রাণক[৩] সত্ত্বগণের কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হয়, ঘ্রাণায়তনও উৎপন্ন হয়।

(খ) অথবা যার ঘ্রাণায়তন উৎপন্ন হয়, তার চক্ষায়তন উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সঘ্রাণক কিন্তু অচক্ষুক[৪] সত্ত্বগণের ঘ্রাণায়তন উৎপন্ন হয় বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক ও সচক্ষুক[৫] সত্ত্বগণের কিন্তু ঘ্রাণায়তনও উৎপন্ন হয়, চক্ষায়তনও উৎপন্ন হয়।

(ক) যার চক্ষায়তন উৎপন্ন হয়, তার রূপায়তন উৎপন্ন হয় কি? হ্যাঁ।

যেমন বলা হয়েছে : 'কামধাতুতে উৎপত্তিক্ষণে কোনো কোনো সত্ত্বের বাকি দশটি আয়তন আবির্ভূত হয়। ঔপপাতিক প্রেতদের, ঔপপাতিক অসুরদের, ঔপপাতিক তির্যগ্‌সত্ত্বগণের, ঔপপাতিক নৈরয়িক সত্ত্বগণের ও জন্মগত বধির সত্ত্বগণের উৎপত্তিক্ষণে মাত্র দশটি আয়তন আবির্ভূত হয়; যথা : চক্ষায়তন, রূপায়তন, ঘ্রাণায়তন, গন্ধায়তন, জিহ্বায়তন, রসায়তন, কায়ায়তন, স্প্রষ্টব্যায়তন, মনায়তন ও ধর্মায়তন।'

[১]। ইহা সুগতি-দুর্গতি ভূমিতে পরিপূর্ণায়তন হয়ে জন্ম নিয়েছেন এমন সত্ত্বগণকে এবং ঔপপাতিক রূপব্রহ্মলোকবাসী সত্ত্বগণকে উপলক্ষ করে বলা হয়েছে। এই সমস্ত সত্ত্বগণ সেখানে সচক্ষুক ও সশ্রোত্রক হয়েই উৎপন্ন হয় তথা জন্মগ্রহণ করে। যেমন বলা হয়েছে, 'কামধাতুতে উৎপত্তিক্ষণে কোনো কোনো সত্ত্বের এগারোটি আয়তন আবির্ভূত হয়; যথা : পরিপূর্ণায়তন কামাবচর দেবগণের, পরিপূর্ণায়তন মনুষ্যগণের, ঔপপাতিক প্রেতদের, ঔপপাতিক অসুরদের, ঔপপাতিক তির্যগ্‌সত্ত্বগণের, ঔপপাতিক নৈরয়িক সত্ত্বগণের।' রূপধাতুতে উৎপত্তিক্ষণে মাত্র পাঁচটি আয়তন আবির্ভূত হয়; যথা : চক্ষায়তন, রূপায়তন, শ্রোত্রায়তন, মনায়তন ও ধর্মায়তন।

[২]। 'অঘ্রাণক' অর্থে ঘ্রাণ তথা নাকহীন। ইহা ব্রহ্মপরিষদ প্রভৃতি ব্রহ্মলোকবাসী সত্ত্বগণকে উপলক্ষ করে বলা হয়েছে। এই সমস্ত সত্ত্বগণ সেখানে সচক্ষুক কিন্তু অঘ্রাণক হয়েই উৎপন্ন হয়। কামধাতুতে কিন্তু অঘ্রাণক ঔপপাতিক সত্ত্ব নেই।

[৩]। ইহা জন্মগত বধির ও পরিপূর্ণায়তন ঔপপাতিক সত্ত্বগণকে উপলক্ষ করে বলা হয়েছে।

[৪]। ইহা জন্মান্ধ, জন্মগত বধির ও ঔপপাতিক সত্ত্বগণকে উপলক্ষ করে বলা হয়েছে।

[৫]। ইহা পরিপূর্ণায়তন ঔপপাতিক সত্ত্বগণকে উপলক্ষ করে বলা হয়েছে।

(খ) অথবা যার রূপায়তন উৎপন্ন হয়, তার চক্ষায়তন উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সরূপক কিন্তু অচক্ষুক[1] সত্ত্বগণের রূপায়তন উৎপন্ন হয় বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের কিন্তু রূপায়তনও উৎপন্ন হয়, চক্ষায়তনও উৎপন্ন হয়।

(ক) যার চক্ষায়তন উৎপন্ন হয়, তার মনায়তন উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার মনায়তন উৎপন্ন হয় তার চক্ষায়তন উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচিত্তক কিন্তু অচক্ষুক[2] সত্ত্বগণের মনায়তন উৎপন্ন হয় বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের কিন্তু মনায়তনও উৎপন্ন হয়, চক্ষায়তনও উৎপন্ন হয়।

(ক) যার চক্ষায়তন উৎপন্ন হয়, তার ধর্মায়তন উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার ধর্মায়তন উৎপন্ন হয়, তার চক্ষায়তন উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের ধর্মায়তন উৎপন্ন হয় বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হয়, চক্ষায়তনও উৎপন্ন হয়।

১৯. (ক) যার ঘ্রাণায়তন উৎপন্ন হয়, তার রূপায়তন উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার রূপায়তন উৎপন্ন হয়, তার ঘ্রাণায়তন উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সরূপক কিন্তু অঘ্রাণক সত্ত্বগণের রূপায়তন উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের কিন্তু রূপায়তনও উৎপন্ন হয়, ঘ্রাণায়তনও উৎপন্ন হয়।

(ক) যার ঘ্রাণায়তন উৎপন্ন হয়, তার মনায়তন উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার মনায়তন উৎপন্ন হয়, তার ঘ্রাণায়তন উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচিত্তক কিন্তু অঘ্রাণক সত্ত্বগণের মনায়তন উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের কিন্তু মনায়তনও উৎপন্ন হয়, ঘ্রাণায়তনও উৎপন্ন হয়।

(ক) যার ঘ্রাণায়তন উৎপন্ন হয়, তার ধর্মায়তন উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার ধর্মায়তন উৎপন্ন হয়, তার ঘ্রাণায়তন উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের ধর্মায়তন উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণায়তন

---

[1]। জন্মান্ধ, জন্মগত বধির, ঔপপাতিক সত্ত্বগণের মধ্যে কোনো কোনো সত্ত্ব এবং গর্ভাশয় সত্ত্বগণকে বুঝায়।

[2]। পূর্বোক্ত জন্মান্ধ প্রভৃতি সত্ত্বগণকে ও অরূপ সত্ত্বগণকে বুঝায়।

উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হয়, ঘ্রাণায়তনও উৎপন্ন হয়। (ঘ্রাণায়তনমূলক)

২০. (ক) যার রূপায়তন উৎপন্ন হয়, তার মনায়তন উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অচিত্তক সত্ত্বগণের রূপায়তন উৎপন্ন হয় বটে, তবে মনায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সরূপক ও সচিত্তক সত্ত্বগণের কিন্তু রূপায়তনও উৎপন্ন হয়, মনায়তনও উৎপন্ন হয়।

(খ) অথবা যার মনায়তন উৎপন্ন হয়, তার রূপায়তন উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অরূপক সত্ত্বগণের মনায়তন উৎপন্ন হয় বটে, তবে রূপায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচিত্তক ও সরূপক সত্ত্বগণের কিন্তু মনায়তনও উৎপন্ন হয়, রূপায়তনও উৎপন্ন হয়।

(ক) যার রূপায়তন উৎপন্ন হয়, তার ধর্মায়তন উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার ধর্মায়তন উৎপন্ন হয়, তার রূপায়তন উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অরূপক সত্ত্বগণের ধর্মায়তন উৎপন্ন হয় বটে, তবে রূপায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সরূপক সত্ত্বগণের কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হয়, রূপায়তনও উৎপন্ন হয়। (রূপায়তনমূলক)

২১. (ক) যার মনায়তন উৎপন্ন হয়, তার ধর্মায়তন উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার ধর্মায়তন উৎপন্ন হয়, তার মনায়তন উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অচিত্তক সত্ত্বগণের ধর্মায়তন উৎপন্ন হয় বটে, তবে মনায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচিত্তক সত্ত্বগণের কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হয়, মনায়তনও উৎপন্ন হয়। (মনায়তনমূলক)

(খ) অনুলোম-স্থান

২২. (ক) যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়, সেখানে শ্রোত্রায়তন উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে শ্রোত্রায়তন উৎপন্ন হয়, সেখানে চক্ষায়তন উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়, সেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয় কি?

রূপাবচর ভূমিতে চক্ষায়তন উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণায়তন উৎপন্ন হয় না। কামাবচর ভূমিতে কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হয়, ঘ্রাণায়তনও উৎপন্ন হয়।

(খ) অথবা যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়, সেখানে চক্ষায়তন উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়, সেখানে রূপায়তন উৎপন্ন হয় কি?

হ্যাঁ।

(খ) অথবা যেখানে রূপায়তন উৎপন্ন হয়, সেখানে চক্ষায়তন উৎপন্ন হয় কি?

অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে রূপায়তন উৎপন্ন হয় বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু রূপায়তনও উৎপন্ন হয়, চক্ষায়তনও উৎপন্ন হয়।

(ক) যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়, সেখানে মনায়তন উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে মনায়তন উৎপন্ন হয়, সেখানে চক্ষায়তন উৎপন্ন হয় কি?

অরূপ-ভূমিতে মনায়তন উৎপন্ন হয় বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু মনায়তনও উৎপন্ন হয়, চক্ষায়তনও উৎপন্ন হয়।

(ক) যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়, সেখানে ধর্মায়তন উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে ধর্মায়তন উৎপন্ন হয়, সেখানে চক্ষায়তন উৎপন্ন হয় কি?

অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে ও অরূপ-ভূমিতে ধর্মায়তন উৎপন্ন হয় বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হয়, চক্ষায়তনও উৎপন্ন হয়। (চক্ষায়তনমূলক)

২৩. (ক) যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়, সেখানে রূপায়তন উৎপন্ন হয় কি?

রূপাবচর ভূমিতে রূপায়তন উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণায়তন উৎপন্ন হয় না। কামাবচর ভূমিতে কিন্তু রূপায়তনও উৎপন্ন হয়, ঘ্রাণায়তনও উৎপন্ন হয়।

[যেই ভূমিতে ঘ্রাণায়তন উৎপন্ন হয়, সেই ভূমিতে অবশ্যই মনায়তন ও ধর্মায়তন উৎপন্ন হয়। ইহার কোনো ব্যত্যয় ঘটে না। পূর্বোক্ত বার সংক্ষেপে এভাবেই জ্ঞাতব্য।]

(ক) অথবা যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়, সেখানে ধর্মায়তন উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে ধর্মায়তন উৎপন্ন হয়, সেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয় কি?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে ধর্মায়তন উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণায়তন উৎপন্ন হয় না। কামাবচর ভূমিতে কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হয়, ঘ্রাণায়তনও উৎপন্ন হয়।

২৪. (ক) যেখানে রূপায়তন উৎপন্ন হয়, সেখানে মনায়তন উৎপন্ন হয় কি?

অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে রূপায়তন উৎপন্ন হয় বটে, তবে মনায়তন উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু রূপায়তনও উৎপন্ন হয়, মনায়তনও উৎপন্ন হয়।

(খ) অথবা যেখানে মনায়তন উৎপন্ন হয়, সেখানে রূপায়তন উৎপন্ন হয় কি?

অরূপ-ভূমিতে মনায়তন উৎপন্ন হয় বটে, তবে রূপায়তন উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু মনায়তনও উৎপন্ন হয়, রূপায়তনও উৎপন্ন হয়।

(ক) যেখানে রূপায়তন উৎপন্ন হয়, সেখানে ধর্মায়তন উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে ধর্মায়তন উৎপন্ন হয়, সেখানে রূপায়তন উৎপন্ন হয় কি?

অরূপ-ভূমিতে ধর্মায়তন উৎপন্ন হয় বটে, তবে রূপায়তন উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে ও অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হয়, রূপায়তনও উৎপন্ন হয়। (রূপায়তনমূলক)

২৫. (ক) যেখানে মনায়তন উৎপন্ন হয়, সেখানে ধর্মায়তন উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে ধর্মায়তন উৎপন্ন হয়, সেখানে মনায়তন উৎপন্ন হয় কি?

অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে ধর্মায়তন উৎপন্ন হয় বটে, তবে মনায়তন উৎপন্ন হয় না। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হয়, মনায়তনও উৎপন্ন হয়। (মনায়তনমূলক)

(গ) অনুলোম-পুদ্গাল-স্থান

২৬. (ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়, তার সেখানে শ্রোত্রায়তন উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচক্ষুক কিন্তু অশ্রোত্রক সত্ত্বগণের সেখানে চক্ষায়তন উৎপন্ন হয় বটে, তবে শ্রোত্রায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক ও সশ্রোত্রক সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হয়, শ্রোত্রায়তনও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে শ্রোত্রায়তন উৎপন্ন হয়, তার সেখানে চক্ষায়তন উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সশ্রোত্রক কিন্তু অচক্ষুক সত্ত্বগণের সেখানে শ্রোত্রায়তন উৎপন্ন হয় বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সশ্রোত্রক ও সচক্ষুক সত্ত্বগণের সেখানে শ্রোত্রায়তনও উৎপন্ন হয়, চক্ষায়তনও উৎপন্ন হয়।

২৭. (ক) যার যেখানে মনায়তন উৎপন্ন হয়, তার সেখানে ধর্মায়তন উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে ধর্মায়তন উৎপন্ন হয়, তার সেখানে মনায়তন উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অচিত্তক সত্ত্বগণের সেখানে ধর্মায়তন উৎপন্ন হয় বটে, তবে মনায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচিত্তক সত্ত্বগণের সেখানে কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হয়, মনায়তনও উৎপন্ন হয়।

(ঘ) প্রত্যানীক-পুদ্গাল

২৮. (ক) যার চক্ষায়তন উৎপন্ন হয় না, তার কি শ্রোত্রায়তন উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অচক্ষুক কিন্তু সশ্রোত্রক সত্ত্বগণের চক্ষায়তন উৎপন্ন হয় না বটে, তবে শ্রোত্রায়তন উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অচক্ষুক ও অশ্রোত্রক সত্ত্বগণের কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হয় না, শ্রোত্রায়তনও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার শ্রোত্রায়তন উৎপন্ন হয় না, তার কি চক্ষায়তন উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অশ্রোত্রক কিন্তু সচক্ষুক সত্ত্বগণের শ্রোত্রায়তন উৎপন্ন হয় না বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অশ্রোত্রক ও অচক্ষুক সত্ত্বগণের কিন্তু শ্রোত্রায়তনও উৎপন্ন হয় না, চক্ষায়তনও উৎপন্ন হয় না।

(ক) যার চক্ষায়তন উৎপন্ন হয় না, তার কি ঘ্রাণায়তন উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অচক্ষুক কিন্তু অঘ্রাণক সত্ত্বগণের চক্ষায়তন উৎপন্ন হয় না বটে, তবে ঘ্রাণায়তন উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অচক্ষুক ও অঘ্রাণক সত্ত্বগণের কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হয় না, ঘ্রাণায়তনও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার ঘ্রাণায়তন উৎপন্ন হয় না, তার কি চক্ষায়তন উৎপন্ন হয়

না?

উৎপদ্যমান অঘ্রাণক কিন্তু সচক্ষুক সত্ত্বগণের ঘ্রাণায়তন উৎপন্ন হয় না বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অঘ্রাণক ও অচক্ষুক সত্ত্বগণের কিন্তু ঘ্রাণায়তনও উৎপন্ন হয় না, চক্ষায়তনও উৎপন্ন হয় না।

(ক) যার চক্ষায়তন উৎপন্ন হয় না, তার কি রূপায়তন উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অচক্ষুক কিন্তু সরূপক সত্ত্বগণের চক্ষায়তন উৎপন্ন হয় না বটে, তবে রূপায়তন উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অরূপক সত্ত্বগণের কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হয় না, রূপায়তনও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার রূপায়তন উৎপন্ন হয় না, তার কি চক্ষায়তন উৎপন্ন হয় না? হ্যাঁ।

(ক) যার চক্ষায়তন উৎপন্ন হয় না, তার কি মনায়তন উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অচক্ষুক কিন্তু সচিত্তক সত্ত্বগণের চক্ষায়তন উৎপন্ন হয় না বটে, তবে মনায়তন উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অচিত্তক সত্ত্বগণের কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হয় না, মনায়তনও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার মনায়তন উৎপন্ন হয় না, তার কি চক্ষায়তন উৎপন্ন হয় না? হ্যাঁ।

(ক) যার চক্ষায়তন উৎপন্ন হয় না, তার কি ধর্মায়তন উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের চক্ষায়তন উৎপন্ন হয় না বটে, তবে ধর্মায়তন উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হয় না, ধর্মায়তনও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার ধর্মায়তন উৎপন্ন হয় না, তার কি চক্ষায়তন উৎপন্ন হয় না? হ্যাঁ। (চক্ষায়তনমূলক)

২৯. (ক) যার ঘ্রাণায়তন উৎপন্ন হয় না, তার কি রূপায়তন উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অঘ্রাণক কিন্তু সরূপক সত্ত্বগণের ঘ্রাণায়তন উৎপন্ন হয় না বটে, তবে রূপায়তন উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অরূপক সত্ত্বগণের কিন্তু ঘ্রাণায়তনও উৎপন্ন হয় না, রূপায়তনও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার রূপায়তন উৎপন্ন হয় না, তার কি ঘ্রাণায়তন উৎপন্ন হয়

না? হ্যাঁ।

(ক) যার ঘ্রাণায়তন উৎপন্ন হয় না, তার কি মনায়তন উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অঘ্রাণক কিন্তু সচিত্তক সত্ত্বগণের ঘ্রাণায়তন উৎপন্ন হয় না বটে, তবে মনায়তন উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অচিত্তক সত্ত্বগণের কিন্তু ঘ্রাণায়তনও উৎপন্ন হয় না, মনায়তনও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার মনায়তন উৎপন্ন হয় না, তার কি ঘ্রাণায়তন উৎপন্ন হয় না? হ্যাঁ।

(ক) যার ঘ্রাণায়তন উৎপন্ন হয় না, তার কি ধর্মায়তন উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের ঘ্রাণায়তন উৎপন্ন হয় না বটে, তবে ধর্মায়তন উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের কিন্তু ঘ্রাণায়তনও উৎপন্ন হয় না, ধর্মায়তনও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার ধর্মায়তন উৎপন্ন হয় না, তার কি ঘ্রাণায়তন উৎপন্ন হয় না? হ্যাঁ। (ঘ্রাণায়তনমূলক)

৩০. (ক) যার রূপায়তন উৎপন্ন হয় না, তার কি মনায়তন উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অরূপক সত্ত্বগণের রূপায়তন উৎপন্ন হয় না বটে, তবে মনায়তন উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের কিন্তু রূপায়তনও উৎপন্ন হয় না, মনায়তনও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার মনায়তন উৎপন্ন হয় না, তার কি রূপায়তন উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অচিত্তক সত্ত্বগণের মনায়তন উৎপন্ন হয় না বটে, তবে রূপায়তন উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের কিন্তু মনায়তনও উৎপন্ন হয় না, রূপায়তনও উৎপন্ন হয় না।

(ক) যার রূপায়তন উৎপন্ন হয় না, তার কি ধর্মায়তন উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অরূপক সত্ত্বগণের রূপায়তন উৎপন্ন হয় না বটে, তবে ধর্মায়তন উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের কিন্তু রূপায়তনও উৎপন্ন হয় না, ধর্মায়তনও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার ধর্মায়তন উৎপন্ন হয় না, তার কি রূপায়তন উৎপন্ন হয় না? হ্যাঁ। (রূপায়তনমূলক)

৩১. (ক) যার মনায়তন উৎপন্ন হয় না, তার কি ধর্মায়তন উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অচিত্তক সত্ত্বগণের মনায়তন উৎপন্ন হয় না বটে, তবে ধর্মায়তন উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের কিন্তু মনায়তনও উৎপন্ন হয় না, ধর্মায়তনও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার ধর্মায়তন উৎপন্ন হয় না, তার কি মনায়তন উৎপন্ন হয় না? হ্যাঁ। (মনায়তনমূলক)

(ঙ) প্রত্যানীক-স্থান

৩২. (ক) যেখানে চক্ষায়তন উৎপন্ন হয় না, সেখানে কি শ্রোত্রায়তন উৎপন্ন হয় না? হ্যাঁ।

(খ) অথবা যেখানে শ্রোত্রায়তন উৎপন্ন হয় না, সেখানে কি চক্ষায়তন উৎপন্ন হয় না? হ্যাঁ।

(ক) যেখানে চক্ষায়তন উৎপন্ন হয় না, সেখানে কি ঘ্রাণায়তন উৎপন্ন হয় না? হ্যাঁ।

(খ) অথবা যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয় না, সেখানে কি চক্ষায়তন উৎপন্ন হয় না?

রূপাবচর ভূমিতে ঘ্রাণায়তন উৎপন্ন হয় না বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয় না তা নয়। অসংজ্ঞসত্ত্ব-ভূমি ও অরূপ-ভূমিতে কিন্তু ঘ্রাণায়তনও উৎপন্ন হয় না, চক্ষায়তনও উৎপন্ন হয় না।

(ক) যেখানে চক্ষায়তন উৎপন্ন হয় না, সেখানে কি রূপায়তন উৎপন্ন হয় না?

অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে চক্ষায়তন উৎপন্ন হয় না বটে, তবে রূপায়তন উৎপন্ন হয় না তা নয়। অরূপ-ভূমিতে কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হয় না, রূপায়তনও উৎপন্ন হয় না।

(খ) অথবা যেখানে রূপায়তন উৎপন্ন হয় না, সেখানে কি চক্ষায়তন উৎপন্ন হয় না? হ্যাঁ।

(ক) যেখানে চক্ষায়তন উৎপন্ন হয় না, সেখানে কি মনায়তন উৎপন্ন হয় না?

অরূপ-ভূমিতে চক্ষায়তন উৎপন্ন হয় না বটে, তবে মনায়তন উৎপন্ন হয় না তা নয়। অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হয় না, মনায়তনও উৎপন্ন হয় না।

(খ) অথবা যেখানে মনায়তন উৎপন্ন হয় না, সেখানে কি চক্ষায়তন উৎপন্ন হয় না? হ্যাঁ।

(ক) যেখানে চক্ষায়তন উৎপন্ন হয় না, সেখানে কি ধর্মায়তন উৎপন্ন হয়

না? উৎপন্ন হয়।

(খ) অথবা যেখানে ধর্মায়তন উৎপন্ন হয় না, সেখানে কি চক্ষায়তন উৎপন্ন হয় না? নেই। (চক্ষায়তনমূলক)

৩৩. (ক) যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয় না, সেখানে কি রূপায়তন উৎপন্ন হয় না?

রূপাবচর ভূমিতে ঘ্রাণায়তন উৎপন্ন হয় না বটে, তবে রূপায়তন উৎপন্ন হয় না তা নয়। অরূপ-ভূমিতে কিন্তু ঘ্রাণায়তনও উৎপন্ন হয় না, রূপায়তনও উৎপন্ন হয় না।

(খ) অথবা যেখানে রূপায়তন উৎপন্ন হয় না, সেখানে কি ঘ্রাণায়তন উৎপন্ন হয় না? হ্যাঁ।

(ক) যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয় না, সেখানে কি মনায়তন উৎপন্ন হয় না?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে ঘ্রাণায়তন উৎপন্ন হয় না বটে, তবে মনায়তন উৎপন্ন হয় না তা নয়। অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে কিন্তু ঘ্রাণায়তনও উৎপন্ন হয় না, মনায়তনও উৎপন্ন হয় না।

(খ) অথবা যেখানে মনায়তন উৎপন্ন হয় না, সেখানে কি ঘ্রাণায়তন উৎপন্ন হয় না? হ্যাঁ।

(ক) যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয় না, সেখানে কি ধর্মায়তন উৎপন্ন হয় না? উৎপন্ন হয়।

(খ) অথবা যেখানে ধর্মায়তন উৎপন্ন হয় না, সেখানে কি ঘ্রাণায়তন উৎপন্ন হয় না? নেই। (ঘ্রাণায়তনমূলক)

৩৪. (ক) যেখানে রূপায়তন উৎপন্ন হয় না, সেখানে কি মনায়তন উৎপন্ন হয় না? উৎপন্ন হয়।

(খ) অথবা যেখানে মনায়তন উৎপন্ন হয় না, সেখানে কি রূপায়তন উৎপন্ন হয় না? উৎপন্ন হয়।

(ক) যেখানে রূপায়তন উৎপন্ন হয় না, সেখানে কি ধর্মায়তন উপন্ন হয় না? উৎপন্ন হয়।

(খ) অথবা যেখানে ধর্মায়তন উৎপন্ন হয় না, সেখানে কি রূপায়তন উৎপন্ন হয় না? নেই। (রূপায়তনমূলক)

৩৫. (ক) যেখানে মনায়তন উৎপন্ন হয় না, সেখানে কি ধর্মায়তন উৎপন্ন হয় না? উৎপন্ন হয়।

(খ) অথবা যেখানে ধর্মায়তন উৎপন্ন হয় না, সেখানে কি মনায়তন

উৎপন্ন হয় না? নেই। (মনায়তনমূলক)

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

৩৬. (ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হয় না, তার সেখানে কি শ্রোত্রায়তন উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অচক্ষুক কিন্তু সশ্রোত্রক সত্ত্বগণের সেখানে চক্ষায়তন উৎপন্ন হয় না বটে, তবে শ্রোত্রায়তন উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অচক্ষুক ও অশ্রোত্রক সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হয় না, শ্রোত্রায়তনও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার যেখানে শ্রোত্রায়তন উৎপন্ন হয় না, তার সেখানে কি চক্ষায়তন উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অশ্রোত্রক কিন্তু সচক্ষুক সত্ত্বগণের সেখানে শ্রোত্রায়তন উৎপন্ন হয় না বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের এবং উৎপদ্যমান অশ্রোত্রক ও অচক্ষুক সত্ত্বগণের সেখানে শ্রোত্রায়তনও উৎপন্ন হয় না, চক্ষায়তনও উৎপন্ন হয় না...।

৩৭. (ক) যার যেখানে মনায়তন উৎপন্ন হয় না, তার সেখানে কি ধর্মায়তন উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অচিত্তক সত্ত্বগণের সেখানে মনায়তন উৎপন্ন হয় না বটে, তবে ধর্মায়তন উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের সেখানে কিন্তু মনায়তনও উৎপন্ন হয় না, ধর্মায়তনও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার যেখানে ধর্মায়তন উৎপন্ন হয় না, তার সেখানে কি মনায়তন উৎপন্ন হয় না? হ্যাঁ।

(২) অতীত বার

(ক) অনুলোম-পুদ্গল

৩৮. (ক) যার চক্ষায়তন উৎপন্ন হয়েছিল, তার শ্রোত্রায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার শ্রোত্রায়তন উৎপন্ন হয়েছিল, তার চক্ষায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

যার চক্ষায়তন উৎপন্ন হয়েছিল, তার ঘ্রাণায়তন... রূপায়তন... মনায়তন... ধর্মায়তন... উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যার ধর্মায়তন উৎপন্ন হয়েছিল, তার চক্ষায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

৩৯. যার ঘ্রাণায়তন... রূপায়তন... মনায়তন উৎপন্ন হয়েছিল, তার ধর্মায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যার ধর্মায়তন উৎপন্ন হয়েছিল, তার মনায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অনুলোম-স্থান

৪০. (ক) যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়েছিল...।

[এখানে বর্তমান, অতীত, ভবিষ্যৎ, বর্তমান-অতীত, বর্তমান-ভবিষ্যৎ, অতীত-ভবিষ্যৎ প্রভৃতি সবক্ষেত্রেই একই। শুধু *‘উৎপন্ন হয়’*, *‘উৎপন্ন হয়েছিল’*, *‘উৎপন্ন হবে’* প্রভৃতি যথোপযুক্তভাবে যোগ করতে হবে।]

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৪১. (ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে শ্রোত্রয়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে শ্রোত্রায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর সত্ত্বগণের সেখানে চক্ষায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণায়তন উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণায়তনও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে রূপায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে রূপায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষায়তন উৎপন্ন হয়েছিল কি?

অসংজ্ঞসত্ত্বগণের সেখানে রূপায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয়েছিল তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু রূপায়তনও উৎপন্ন হয়েছিল, চক্ষায়তনও উৎপন্ন হয়েছিল।

(ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে মনায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে মনায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে

চক্ষায়তন উৎপন্ন হয়েছিল কি?

অরূপ সত্ত্বগণের সেখানে মনায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয়েছিল তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু মনায়তনও উৎপন্ন হয়েছিল, চক্ষায়তনও উৎপন্ন হয়েছিল।

(ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষায়তন উৎপন্ন হয়েছিল কি?

অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয়েছিল তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হয়েছিল, চক্ষায়তনও উৎপন্ন হয়েছিল। (চক্ষায়তনমূলক)

৪২. (ক) যার যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে রূপায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে রূপায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর সত্ত্বগণের সেখানে রূপায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণায়তন উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু রূপায়তনও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণায়তনও উৎপন্ন হয়েছিল।

(ক) যার যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে মনায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে মনায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে মনায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণায়তন উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু মনায়তনও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণায়তনও উৎপন্ন হয়েছিল।

(ক) যার যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণায়তন উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর সত্ত্বগণের সেখানে

কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণায়তনও উৎপন্ন হয়েছিল।

৪৩. (ক) যার যেখানে রূপায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে মনায়তন উৎপন্ন হয়েছিল কি?

অসংজ্ঞসত্ত্বগণের সেখানে রূপায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে মনায়তন উৎপন্ন হয়েছিল তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু রূপায়তনও উৎপন্ন হয়েছিল, মনায়তনও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে মনায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে রূপায়তন উৎপন্ন হয়েছিল কি?

অরূপ সত্ত্বগণের সেখানে মনায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে রূপায়তন উৎপন্ন হয়েছিল তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু মনায়তনও উৎপন্ন হয়েছিল, রূপায়তনও উৎপন্ন হয়েছিল।

(ক) যার যেখানে রূপায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে রূপায়তন উৎপন্ন হয়েছিল কি?

অরূপ সত্ত্বগণের সেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে রূপায়তন উৎপন্ন হয়েছিল তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হয়েছিল, রূপায়তনও উৎপন্ন হয়েছিল। (রূপায়তনমূলক)

৪৪. (ক) যার যেখানে মনায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে মনায়তন উৎপন্ন হয়েছিল কি?

অসংজ্ঞসত্ত্বগণের সেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে মনায়তন উৎপন্ন হয়েছিল তা নয়। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হয়েছিল, মনায়তনও উৎপন্ন হয়েছিল। (মনায়তনমূলক)

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

৪৫. (ক) যার চক্ষায়তন উৎপন্ন হয়নি, তার কি শ্রোত্রায়তন উৎপন্ন হয়নি? নেই।

(খ) অথবা যার শ্রোত্রায়তন উৎপন্ন হয়নি, তার কি চক্ষায়তন উৎপন্ন হয়নি? নেই (সংক্ষিপ্ত)

৪৬. (ক) যার মনায়তন উৎপন্ন হয়নি, তার কি ধর্মায়তন উৎপন্ন হয়নি? নেই।

(খ) অথবা যার ধর্মায়তন উৎপন্ন হয়নি, তার কি মনায়তন উৎপন্ন হয়নি? নেই...।

(ঙ) প্রত্যানীক-স্থান

৪৭. যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়নি...।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

৪৮. (ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়নি, তার সেখানে কি শ্রোত্রায়তন উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে শ্রোত্রায়তন উৎপন্ন হয়নি, তার সেখানে চক্ষায়তন উৎপন্ন হয়নি? হ্যাঁ।

ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়নি, তার সেখানে কি ঘ্রাণায়তন উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়নি, তার সেখানে চক্ষায়তন উৎপন্ন হয়নি?

রূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়নি বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণায়তনও উৎপন্ন হয়নি, চক্ষায়তনও উৎপন্ন হয়নি।

(ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়নি, তার সেখানে কি রূপায়তন উৎপন্ন হয়নি?

অসংজ্ঞসত্ত্বগণের সেখানে চক্ষায়তন উৎপন্ন হয়নি বটে, তবে রূপায়তন উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হয়নি, রূপায়তনও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখান রূপায়তন উৎপন্ন হয়নি, তার সেখানে কি চক্ষায়তন উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়নি, তার সেখানে কি মনায়তন উৎপন্ন হয়নি?

অরূপ সত্ত্বগণের সেখানে চক্ষায়তন উৎপন্ন হয়নি বটে, তবে মনায়তন উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হয়নি, মনায়তনও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে মনায়তন উৎপন্ন হয়নি, তার সেখানে কি চক্ষায়তন উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়নি, তার সেখানে কি ধর্মায়তন উৎপন্ন হয়নি?

অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে চক্ষায়তন উৎপন্ন হয়নি বটে, তবে ধর্মায়তন উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হয়নি, ধর্মায়তনও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে ধর্মায়তন উৎপন্ন হয়নি, তার সেখানে কি চক্ষায়তন উৎপন্ন হয়নি? হ্যাঁ। (চক্ষায়তনমূলক)

৪৯. (ক) যার যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়নি, তার সেখানে কি রূপায়তন উৎপন্ন হয়নি?

রূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়নি বটে, তবে রূপায়তন উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণায়তনও উৎপন্ন হয়নি, রূপায়তনও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে রূপায়তন উৎপন্ন হয়নি, তার সেখানে কি ঘ্রাণায়তন উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(ক) যার যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়নি, তার সেখানে কি মনায়তন উৎপন্ন হয়নি?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়নি বটে, তবে মনায়তন উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণায়তনও উৎপন্ন হয়নি, মনায়তনও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে মনায়তন উৎপন্ন হয়নি, তার সেখানে কি ঘ্রাণায়তন উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(ক) যার যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়নি, তার সেখানে কি ধর্মায়তন উৎপন্ন হয়নি?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়নি বটে, তবে ধর্মায়তন উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণায়তনও উৎপন্ন হয়নি, ধর্মায়তনও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে ধর্মায়তন উৎপন্ন হয়নি, তার সেখানে কি ঘ্রাণায়তন উৎপন্ন হয়নি? হ্যাঁ। (ঘ্রাণায়তনমূলক)

৫০. (ক) যার যেখানে রূপায়তন উৎপন্ন হয়নি, তার সেখানে কি মনায়তন উৎপন্ন হয়নি?

অরূপ সত্ত্বগণের সেখানে রূপায়তন উৎপন্ন হয়নি বটে, তবে মনায়তন উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু রূপায়তনও উৎপন্ন হয়নি, মনায়তনও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে মনায়তন উৎপন্ন হয়নি, তার সেখানে কি রূপায়তন উৎপন্ন হয়নি?

অসংজ্ঞসত্ত্বগণের সেখানে মনায়তন উৎপন্ন হয়নি বটে, তবে রূপায়তন উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু মনায়তনও উৎপন্ন হয়নি, রূপায়তনও উৎপন্ন হয়নি।

(ক) যার যেখানে রূপায়তন উৎপন্ন হয়নি, তার সেখানে কি ধর্মায়তন উৎপন্ন হয়নি?

অরূপ সত্ত্বগণের সেখানে রূপায়তন উৎপন্ন হয়নি বটে, তবে ধর্মায়তন উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু রূপায়তনও উৎপন্ন হয়নি, ধর্মায়তনও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে ধর্মায়তন উৎপন্ন হয়নি, তার সেখানে কি রূপায়তন উৎপন্ন হয়নি? হ্যাঁ। (রূপায়তনমূলক)

৫১. (ক) যার যেখানে মনায়তন উৎপন্ন হয়নি, তার সেখানে কি ধর্মায়তন উৎপন্ন হয়নি?

অসংজ্ঞসত্ত্বগণের সেখানে মনায়তন উৎপন্ন হয়নি বটে, তবে ধর্মায়তন উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু মনায়তনও উৎপন্ন হয়নি, ধর্মায়তনও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে ধর্মায়তন উৎপন্ন হয়নি, তার সেখানে কি মনায়তন উৎপন্ন হয়নি? হ্যাঁ। (মনায়তনমূলক)

(৩) ভবিষ্যৎ বার

(ক) অনুলোম-পুদ্গল

৫২. (ক) যার চক্ষায়তন উৎপন্ন হবে, তার শ্রোত্রায়তন উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার শ্রোত্রায়তন উৎপন্ন হবে, তার চক্ষায়তন উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(ক) যার চক্ষায়তন উৎপন্ন হবে, তার ঘ্রাণায়তন উৎপন্ন হবে কি?

যাঁরা রূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের চক্ষায়তন উৎপন্ন হবে বটে, তবে ঘ্রাণায়তন উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হবে, ঘ্রাণায়তনও উৎপন্ন হবে।

(খ) অথবা যার ঘ্রাণায়তন উৎপন্ন হবে, তার চক্ষায়তন উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(ক) যার চক্ষায়তন উৎপন্ন হবে, তার রূপায়তন উৎপন্ন হবে কি? হ্যাঁ।

যার চক্ষায়তন উৎপন্ন হবে...। (এখানে তার মনায়তন ও ধর্মায়তন এই দুটি একই হয়ে থাকে।)

(ক) যার চক্ষায়তন উৎপন্ন হবে, তার ধর্মায়তন উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার ধর্মায়তন উৎপন্ন হবে, তার চক্ষায়তন উৎপন্ন হবে কি?

যাঁরা অরূপ-ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের ধর্মায়তন উৎপন্ন হবে বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হবে, চক্ষায়তনও উৎপন্ন হবে। (চক্ষায়তনমূলক)

৫৩. (ক) যার ঘ্রাণায়তন উৎপন্ন হবে, তার রূপায়তন উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার রূপায়তন উৎপন্ন হবে, তার ঘ্রাণায়তন উৎপন্ন হবে কি?

যাঁরা রূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের রূপায়তন উৎপন্ন হবে বটে, তবে ঘ্রাণায়তন উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু রূপায়তনও উৎপন্ন হবে, ঘ্রাণায়তনও উৎপন্ন হবে।

৫৪. যার ঘ্রাণায়তন উৎপন্ন হবে, তার মনায়তন... ধর্মায়তন উৎপন্ন হবে কি? হ্যাঁ।

অথবা যার মনায়তন উৎপন্ন হবে, তার ঘ্রাণায়তন উৎপন্ন হবে কি?

যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের ধর্মায়তন উৎপন্ন হবে বটে, তবে ঘ্রাণায়তন উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হবে, ঘ্রাণায়তনও উৎপন্ন হবে। (ঘ্রাণায়তনমূলক)

৫৫. (ক) যার মনায়তন উৎপন্ন হবে, তার ধর্মায়তন উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার ধর্মায়তন উৎপন্ন হবে, তার মনায়তন উৎপন্ন হবে কি? হ্যাঁ। (মনায়তনমূলক)

(খ) অনুলোম-স্থান

৫৬. (ক) যেখানে চক্ষায়তন উৎপন্ন হবে...।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৫৭. (ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হবে, তার সেখানে শ্রোত্রায়তন উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে শ্রোত্রায়তন উৎপন্ন হবে, তার সেখানে চক্ষায়তন উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হবে, তার সেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হবে কি?

রূপাবচর সত্ত্বগণের সেখানে চক্ষায়তন উৎপন্ন হবে বটে, তবে ঘ্রাণায়তন উৎপন্ন হবে না। কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হবে, ঘ্রাণায়তনও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হবে, তার সেখানে চক্ষায়তন উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হবে, তার সেখানে রূপায়তন উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে রূপায়তন উৎপন্ন হবে, তার সেখানে চক্ষায়তন উৎপন্ন হবে কি?

অসংজ্ঞসত্ত্বগণের সেখানে রূপায়তন উৎপন্ন হবে বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হবে না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু রূপায়তনও উৎপন্ন হবে, চক্ষায়তনও উৎপন্ন হবে।

(ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হবে, তার সেখানে মনায়তন উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে মনায়তন উৎপন্ন হবে, তার সেখানে চক্ষায়তন উৎপন্ন হবে কি?

অরূপ সত্ত্বগণের সেখানে মনায়তন উৎপন্ন হবে বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হবে না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু মনায়তনও উৎপন্ন হবে, চক্ষায়তনও উৎপন্ন হবে।

(ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হবে, তার সেখানে ধর্মায়তন উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে ধর্মায়তন উৎপন্ন হবে, তার সেখানে চক্ষায়তন উৎপন্ন হবে কি?

অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে ধর্মায়তন উৎপন্ন হবে বটে,

তবে চক্ষায়তন উৎপন্ন হবে না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হবে, চক্ষায়তনও উৎপন্ন হবে। (চক্ষায়তনমূলক)

৫৮. (ক) যার যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হবে, তার সেখানে রূপায়তন উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে রূপায়তন উৎপন্ন হবে, তার সেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হবে কি?

রূপাবচর সত্ত্বগণের সেখানে রূপায়তন উৎপন্ন হবে বটে, তবে ঘ্রাণায়তন উৎপন্ন হবে না। কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু রূপায়তনও উৎপন্ন হবে, ঘ্রাণায়তনও উৎপন্ন হবে।

যার যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হবে, তার সেখানে মনায়তন... ধর্মায়তন উৎপন্ন হবে কি? হ্যাঁ।

অথবা যার যেখানে ধর্মায়তন উৎপন্ন হবে, তার সেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হবে কি?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে ধর্মায়তন উৎপন্ন হবে বটে, তবে ঘ্রাণায়তন উৎপন্ন হবে না। কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হবে, ঘ্রাণায়তনও উৎপন্ন হবে। (ঘ্রাণায়তনমূলক)

৫৯. (ক) যার যেখানে রূপায়তন উৎপন্ন হবে, তার সেখানে মনায়তন উৎপন্ন হবে কি?

অসংজ্ঞসত্ত্বগণের সেখানে রূপায়তন উৎপন্ন হবে বটে, তবে মনায়তন উৎপন্ন হবে না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু রূপায়তনও উৎপন্ন হবে, মনায়তনও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে মনায়তন উৎপন্ন হবে, তার সেখানে রূপায়তন উৎপন্ন হবে কি?

অরূপ সত্ত্বগণের সেখানে মনায়তন উৎপন্ন হবে বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হবে না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু মনায়তনও উৎপন্ন হবে, রূপায়তনও উৎপন্ন হবে।

(ক) যার যেখানে রূপায়তন উৎপন্ন হবে, তার সেখানে ধর্মায়তন উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে ধর্মায়তন উৎপন্ন হবে, তার সেখানে রূপায়তন উৎপন্ন হবে কি?

অরূপ সত্ত্বগণের সেখানে ধর্মায়তন উৎপন্ন হবে বটে, তবে রূপায়তন উৎপন্ন হবে না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের

সেখানে কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হবে, রূপায়তনও উৎপন্ন হবে। (রূপায়তনমূলক)

৬০. (ক) যার যেখানে মনায়তন উৎপন্ন হবে, তার সেখানে ধর্মায়তন উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে ধর্মায়তন উৎপন্ন হবে, তার সেখানে মনায়তন উৎপন্ন হবে কি?

অসংজ্ঞসত্ত্বগণের সেখানে ধর্মায়তন উৎপন্ন হবে বটে, তবে মনায়তন উৎপন্ন হবে না। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হবে, মনায়তনও উৎপন্ন হবে। (মনায়তনমূলক)

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

৬১. (ক) যার চক্ষায়তন উৎপন্ন হবে না, তার কি শ্রোত্রায়তন উৎপন্ন হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার শ্রোত্রায়তন উৎপন্ন হবে না, তার কি চক্ষায়তন উৎপন্ন হবে না? হ্যাঁ।

(ক) যার চক্ষায়তন উৎপন্ন হবে না, তার কি ঘ্রাণায়তন উৎপন্ন হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার ঘ্রাণায়তন উৎপন্ন হবে না, তার কি চক্ষায়তন উৎপন্ন হবে না?

যাঁরা রূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের ঘ্রাণায়তন উৎপন্ন হবে না বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা অরূপ-ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের কিন্তু ঘ্রাণায়তনও উৎপন্ন হবে না, চক্ষায়তনও উৎপন্ন হবে না।

(ক) যার চক্ষায়তন উৎপন্ন হবে না, তার কি রূপায়তন উৎপন্ন হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার রূপায়তন উৎপন্ন হবে না, তার কি চক্ষায়তন উৎপন্ন হবে না? হ্যাঁ।

যার চক্ষায়তন উৎপন্ন হবে না, তার কি মনায়তন... ধর্মায়তন উৎপন্ন হবে না?

যাঁরা অরূপ-ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের চক্ষায়তন উৎপন্ন হবে না বটে, তবে ধর্মায়তন উৎপন্ন হবে না তা নয়।

অন্তিমজন্মী সত্ত্বগণের কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হবে না, ধর্মায়তনও উৎপন্ন হবে না।

অথবা যার ধর্মায়তন উৎপন্ন হবে না, তার কি চক্ষায়তন উৎপন্ন হবে না? হ্যাঁ। (চক্ষায়তনমূলক)

৬২. (ক) যার ঘ্রাণায়তন উৎপন্ন হবে না, তার কি রূপায়তন উৎপন্ন হবে না?

যাঁরা রূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের ঘ্রাণায়তন উৎপন্ন হবে না বটে, তবে রূপায়তন উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা অরূপ-ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের কিন্তু ঘ্রাণায়তনও উৎপন্ন হবে না, রূপায়তনও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার রূপায়তন উৎপন্ন হবে না, তার কি ঘ্রাণায়তন উৎপন্ন হবে না? হ্যাঁ।

যার ঘ্রাণায়তন উৎপন্ন হবে না, তার কি মনায়তন... ধর্মায়তন উৎপন্ন হবে না?

যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের ঘ্রাণায়তন উৎপন্ন হবে না বটে, তবে ধর্মায়তন উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের কিন্তু ঘ্রাণায়তনও উৎপন্ন হবে না, ধর্মায়তনও উৎপন্ন হবে না।

অথবা যার ধর্মায়তন উৎপন্ন হবে না, তার কি ঘ্রাণয়তন উৎপন্ন হবে না? হ্যাঁ। (ঘ্রাণায়তনমূলক)

৬৩. (ক) যার রূপায়তন উৎপন্ন হবে না, তার কি মনায়তন... ধর্মায়তন উৎপন্ন হবে না?

যাঁরা অরূপ-ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের রূপায়তন উৎপন্ন হবে না বটে, তবে মনায়তন উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের কিন্তু রূপায়তনও উৎপন্ন হবে না, ধর্মায়তনও উৎপন্ন হবে না।

অথবা যার ধর্মায়তন উৎপন্ন হবে না, তার কি রূপায়তন উৎপন্ন হবে না? হ্যাঁ। (রূপায়তনমূলক)

৬৪. (ক) যার মনায়তন উৎপন্ন হবে না, তার কি ধর্মায়তন উৎপন্ন হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার ধর্মায়তন উৎপন্ন হবে না, তার কি মনায়তন উৎপন্ন হবে

না। হ্যাঁ। (মনায়তনমূলক)

(ঙ) প্রত্যানীক-স্থান

৬৫. (ক) যেখানে চক্ষায়তন উৎপন্ন হবে না...

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

৬৬. (ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হবে না, তার সেখানে কি শ্রোত্রায়তন উৎপন্ন হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে শ্রোত্রায়তন উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষায়তন উৎপন্ন হবে না? হ্যাঁ।

(ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণায়তন উৎপন্ন হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষায়তন উৎপন্ন হবে না?

রূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হবে না বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হবে না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণায়তনও উৎপন্ন হবে না, চক্ষায়তনও উৎপন্ন হবে না।

(ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হবে না, তার সেখানে কি রূপায়তন উৎপন্ন হবে না?

অসংজ্ঞসত্ত্বগণের সেখানে চক্ষায়তন উৎপন্ন হবে না বটে, তবে রূপায়তন উৎপন্ন হবে না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হবে না, রূপায়তনও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে রূপায়তন উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষায়তন উৎপন্ন হবে না? হ্যাঁ।

(ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হবে না, তার সেখানে কি মনায়তন উৎপন্ন হবে না?

অরূপ সত্ত্বগণের সেখানে চক্ষায়তন উৎপন্ন হবে না বটে, তবে মনায়তন উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হবে না, মনায়তনও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে মনায়তন উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষায়তন উৎপন্ন হবে না? হ্যাঁ।

(ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হবে না, তার সেখানে কি ধর্মায়তন উৎপন্ন হবে না?

অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে চক্ষায়তন উৎপন্ন হবে না বটে, তবে ধর্মায়তন উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হবে না, ধর্মায়তনও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে ধর্মায়তন উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষায়তন উৎপন্ন হবে না? হ্যাঁ। (চক্ষায়তনমূলক)

৬৭. (ক) যার যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হবে না, তার সেখানে কি রূপায়তন উৎপন্ন হবে না?

রূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হবে না বটে, তবে রূপায়তন উৎপন্ন হবে না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণায়তনও উৎপন্ন হবে না, রূপায়তনও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে রূপায়তন উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণায়তন উৎপন্ন হবে না? হ্যাঁ।

(ক) যার যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হবে না, তার সেখানে কি মনায়তন উৎপন্ন হবে না?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হবে না বটে, তবে মনায়তন উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণায়তনও উৎপন্ন হবে না, মনায়তনও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে মনায়তন উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণায়তন উৎপন্ন হবে না? হ্যাঁ।

(ক) যার যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হবে না, তার সেখানে কি ধর্মায়তন উৎপন্ন হবে না?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হবে না বটে, তবে ধর্মায়তন উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণায়তনও উৎপন্ন হবে না, ধর্মায়তনও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে ধর্মায়তন উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণায়তন উৎপন্ন হবে না? হ্যাঁ। (ঘ্রাণায়তনমূলক)

৬৮. (ক) যার যেখানে রূপায়তন উৎপন্ন হবে না, তার সেখানে কি মনায়তন উৎপন্ন হবে না?

অরূপাবচর সত্ত্বগণের সেখানে রূপায়তন উৎপন্ন হবে না বটে, তবে মনায়তন উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু রূপায়তনও উৎপন্ন হবে না, মনায়তনও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে মনায়তন উৎপন্ন হবে না, তার সেখানে কি রূপায়তন উৎপন্ন হবে না?

অসংজ্ঞসত্ত্বগণের সেখানে মনায়তন উৎপন্ন হবে না বটে, তবে রূপায়তন উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু মনায়তনও উৎপন্ন হবে না, রূপায়তনও উৎপন্ন হবে না।

(ক) যার যেখানে রূপায়তন উৎপন্ন হবে না, তার সেখানে কি ধর্মায়তন উৎপন্ন হবে না?

অরূপ সত্ত্বগণের সেখানে রূপায়তন উৎপন্ন হবে না বটে, তবে ধর্মায়তন উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু রূপায়তনও উৎপন্ন হবে না, ধর্মায়তনও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে ধর্মায়তন উৎপন্ন হবে না, তার সেখানে কি রূপায়তন উৎপন্ন হবে না? হ্যাঁ। (রূপায়তনমূলক)

৬৯. (ক) যার যেখানে মনায়তন উৎপন্ন হবে না, তার সেখানে কি ধর্মায়তন উৎপন্ন হবে না?

অসংজ্ঞসত্ত্বগণের সেখানে মনায়তন উৎপন্ন হবে না বটে, তবে ধর্মায়তন উৎপন্ন হবে না তা নয়। অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু মনায়তনও উৎপন্ন হবে না, ধর্মায়তনও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে ধর্মায়তন উৎপন্ন হবে না, তার সেখানে কি মনায়তন উৎপন্ন হবে না? হ্যাঁ। (মনায়তনমূলক)

(৪) বর্তমান-অতীত বার

(ক) অনুলোম-পুদ্গল

৭০. (ক) যার চক্ষায়তন উৎপন্ন হয়, তার শ্রোত্রায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার শ্রোত্রায়তন উৎপন্ন হয়েছিল, তার চক্ষায়তন উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের শ্রোত্রায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের কিন্তু শ্রোত্রায়তনও উৎপন্ন হয়েছিল, চক্ষায়তনও উৎপন্ন হয়।

যার চক্ষায়তন উৎপন্ন হয়, তার ঘ্রাণায়তন... রূপায়তন... মনায়তন... ধর্মায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যা।

অথবা যার ধর্মায়তন উৎপন্ন হয়েছিল, তার চক্ষায়তন উৎপন্ন হয় কি ?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের ধর্মায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হয়েছিল, চক্ষায়তনও উৎপন্ন হয়। (চক্ষায়তনমূলক)

৭১. যার ঘ্রাণায়তন উৎপন্ন হয়, তার রূপায়তন... মনায়তন... ধর্মায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যার ধর্মায়তন উৎপন্ন হয়েছিল, তার ঘ্রাণায়তন উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের ধর্মায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণায়তনও উৎপন্ন হয়েছিল। (ঘ্রাণায়তনমূলক)

৭২. যার রূপায়তন উৎপন্ন হয়, তার মনায়তন... ধর্মায়তন উৎপন্ন হয়েছিল কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অরূপক সত্ত্বগণের ধর্মায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে রূপায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সরূপক সত্ত্বগণের কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হয়েছিল, রূপায়তনও উৎপন্ন হয়। (রূপায়তনমূলক)

৭৩. (ক) যার মনায়তন উৎপন্ন হয়, তান ধর্মায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার ধর্মায়তন উৎপন্ন হয়েছিল, তার মনায়তন উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অচিত্তক সত্ত্বগণের ধর্মায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে রূপায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচিত্তক সত্ত্বগণের কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হয়েছিল, মনায়তনও উৎপন্ন হয়। (মনায়তনমূলক)

(খ) অনুলোম-স্থান

৭৪. যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়, সেখানে শ্রোত্রায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ...।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৭৫. (ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়, তার সেখান শ্রোত্রায়তন উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে চক্ষায়তন উৎপন্ন হয় বটে, তবে শ্রোত্রায়তন উৎপন্ন হয়েছিল তা নয়। উৎপদ্যমান অপরাপর সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হয়, শ্রোত্রায়তনও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে শ্রোত্রায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষায়তন উৎপন্ন হয় কি?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের সেখানে শ্রোত্রায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে শ্রোত্রায়তনও উৎপন্ন হয়েছিল, চক্ষায়তনও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়, তার ঘ্রাণায়তন উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে চক্ষায়তন উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণায়তন উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর ভূমিতে উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হয়, ঘ্রাণায়তনও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষায়তন উৎপন্ন হয় কি?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের সেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয় না। কামাবচর ভূমিতে উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণায়তনও উৎপন্ন হয়েছিল, চক্ষায়তনও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়, তার রূপায়তন উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে চক্ষায়তন উৎপন্ন হয় বটে, তবে রূপায়তন উৎপন্ন হয়েছিল তা নয়। উৎপদ্যমান অপরাপর সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হয়, রূপায়তনও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে রূপায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে

চক্ষায়তন উৎপন্ন হয় কি?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে রূপায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু রূপায়তনও উৎপন্ন হয়েছিল, চক্ষায়তনও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়, তার মনায়তন উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে চক্ষায়তন উৎপন্ন হয় বটে, তবে মনায়তন উৎপন্ন হয়েছিল তা নয়। উৎপদ্যমান অপরাপর সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হয়, মনায়তনও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে মনায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষায়তন উৎপন্ন হয় কি?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে মনায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু মনায়তনও উৎপন্ন হয়েছিল, চক্ষায়তনও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে চক্ষায়তন উৎপন্ন হয়, তার সেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে চক্ষায়তন উৎপন্ন হয় বটে, তবে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল তা নয়। উৎপদ্যমান অপরাপর সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষায়তনও উৎপন্ন হয়, ধর্মায়তনও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষায়তন উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের সেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের সেখানে কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হয়েছিল, চক্ষায়তনও উৎপন্ন হয়।

৭৬. (ক) যার যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়, তার রূপায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে রূপায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে

ঘ্রাণায়তন উৎপন্ন হয় কি?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের ও রূপাবচর সত্ত্বগণের সেখানে রূপায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের সেখানে কিন্তু রূপায়তনও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণায়তনও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয়, তার মনায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে মনায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয় কি?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে মনায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের সেখানে কিন্তু মনায়তনও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণায়তনও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে ঘ্রাণয়তন উৎপন্ন হয়, তার সেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে ঘ্রাণায়তন উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের সেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের সেখানে কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণায়তনও উৎপন্ন হয়। (ঘ্রাণায়তনমূলক)

৭৭. (ক) যার যেখানে রূপায়তন উৎপন্ন হয়, তার মনায়তন উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে রূপায়তন উৎপন্ন হয় বটে, তবে মনায়তন উৎপন্ন হয়েছিল তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উৎপদ্যমান অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু রূপায়তনও উৎপন্ন হয়, মনায়তনও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে মনায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে রূপায়তন উৎপন্ন হয় কি?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে মনায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে রূপায়তন উৎপন্ন হয় না।

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে কিন্তু মনায়তনও উৎপন্ন হয়েছিল, রূপায়তনও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে রূপায়তন উৎপন্ন হয়, তার সেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে রূপায়তন উৎপন্ন হয় বটে, তবে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল তা নয়। উৎপদ্যমান অপরাপর সরূপক সত্ত্বগণের সেখানে কিন্তু রূপায়তনও উৎপন্ন হয়, ধর্মায়তনও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে রূপায়তন উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অরূপক সত্ত্বগণের সেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল বটে, তবে রূপায়তন উৎপন্ন হয় না। উৎপদ্যমান সরূপক সত্ত্বগণের সেখানে কিন্তু ধর্মায়তনও উৎপন্ন হয়েছিল, রূপায়তনও উৎপন্ন হয়।

৭৮. (ক) যার যেখানে মনায়তন উৎপন্ন হয়, তার সেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে মনায়তন উৎপন্ন হয় বটে, তবে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল তা নয়। উৎপদ্যমান অপরাপর সচিত্তক সত্ত্বগণের সেখানে কিন্তু মনায়তনও উৎপন্ন হয়, ধর্মায়তনও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে ধর্মায়তন উৎপন্ন হয়েছিল, তার সেখানে মনায়তন উৎপন্ন হয় কি?

অরূপ-ভূমিতে ও অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে দুঃখসত্য উৎপন্ন হয় বটে, তবে মার্গসত্য উৎপন্ন হয় না। অবশিষ্ট চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয়, মার্গসত্যও উৎপন্ন হয়।

(খ) অথবা যেখানে মার্গসত্য উৎপন্ন হয়, সেখানে দুঃখসত্য উৎপন্ন হয় কি? হ্যাঁ।

৩০. (ক) যেখানে সমুদয়সত্য উৎপন্ন হয়, তার মার্গসত্য উৎপন্ন হয় কি?

অরূপ-ভূমিতে সমুদয় উৎপন্ন হয় বটে, তবে মার্গসত্য উৎপন্ন হয় না। অবশিষ্ট চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয়, মার্গসত্যও উৎপন্ন হয়।

(খ) অথবা যেখানে... ? হ্যাঁ।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৩১. যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়, তার সেখানে সমুদয়সত্য উৎপন্ন হয় কি?...।

(অনুলোম-পুদ্গল ও অনুলোম-স্থানে বর্ণিত মতেই যোগ করতে হবে।)

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

৩২. (ক) যার দুঃখসত্য উৎপন্ন হয় না, তার কি সমুদয়সত্য উৎপন্ন হয় না? হ্যাঁ।

(খ) অথবা যার সমুদয়সত্য উৎপন্ন হয় না, তার কি দুঃখসত্য উৎপন্ন হয় না?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সমুদয়সত্য উৎপন্ন হয় না বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে এবং অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয় না, দুঃখসত্যও উৎপন্ন হয় না।

(ক) যার দুঃখসত্য উৎপন্ন হয় না, তার কি মার্গসত্য উৎপন্ন হয় না?

অরূপ-ভূমিতে মার্গচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের দুঃখসত্য উৎপন্ন হয় না বটে, তবে মার্গসত্য উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে ও অরূপ-ভূমিতে ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয় না, মার্গসত্যও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার মার্গসত্য উৎপন্ন হয় না, তার কি দুঃখসত্য উৎপন্ন হয় না?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে মার্গবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের মার্গসত্য উৎপন্ন হয় না বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে ও অরূপ-ভূমিতে ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু মার্গসত্যও উৎপন্ন হয় না, দুঃখসত্যও উৎপন্ন হয় না।

৩৩. (ক) যার সমুদয়সত্য উৎপন্ন হয় না, তার কি মার্গসত্য উৎপন্ন হয় না?

মার্গচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সমুদয়সত্য উৎপন্ন হয় না বটে, তবে মার্গসত্য উৎপন্ন হয় না তা নয়। চিত্তের ভঙ্গক্ষণে তৃষ্ণাবিপ্রযুক্ত ও মার্গবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সকল সত্ত্বগণের, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয় না, মার্গসত্যও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার মার্গসত্য উৎপন্ন হয় না, তার কি সমুদয়সত্য উৎপন্ন হয় না?

তৃষ্ণার উৎপত্তিক্ষণে সত্ত্বগণের মার্গসত্য উৎপন্ন হয় না বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হয় না তা নয়। চিত্তের ভঙ্গক্ষণে, মার্গবিপ্রযুক্ত ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সকল সত্ত্বগণের, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কিন্তু মার্গসত্যও উৎপন্ন হয় না, সমুদয়সত্যও উৎপন্ন হয়

না।

(ঙ) প্রত্যানীক-স্থান

৩৪. (ক) যেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না, সেখানে কি সমুদয়সত্য উৎপন্ন হয় না? নেই।

(খ) অথবা যেখানে সমুদয়সত্য উৎপন্ন হয় না, সেখানে কি দুঃখসত্য উৎপন্ন হয় না? উৎপন্ন হয়।

(ক) যেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না, সেখানে কি মার্গসত্য উৎপন্ন হয় না? নেই।

(খ) অথবা যেখানে মার্গসত্য উৎপন্ন হয় না, সেখানে কি দুঃখসত্য উৎপন্ন হয় না? উৎপন্ন হয়।

৩৫. (ক) যেখানে সমুদয়সত্য উৎপন্ন হয় না, সেখানে কি মার্গসত্য উৎপন্ন হয় না? হ্যাঁ।

(খ) অথবা যেখানে মার্গসত্য উৎপন্ন হয় না, সেখানে কি সমুদয়সত্য উৎপন্ন হয় না?

অরূপ-ভূমিতে মার্গসত্য উৎপন্ন হয় না বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হয় না তা নয়। অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে কিন্তু মার্গসত্যও উৎপন্ন হয় না, সমুদয়সত্যও উৎপন্ন হয় না।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

৩৬. (ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না, তার সেখানে কি সমুদয়সত্য উৎপন্ন হয় না? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হয় না, তার সেখানে কি দুঃখসত্য উৎপন্ন হয় না?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে সমুদয়সত্য উৎপন্ন হয় না বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয় না, দুঃখসত্যও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না, তার সেখানে কি মার্গসত্য উৎপন্ন হয় না?

অরূপ-ভূমিতে মার্গচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না বটে, তবে মার্গসত্য উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল

সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে ও অরূপ-ভূমিতে ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয় না, মার্গসত্যও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য উৎপন্ন হয় না, তার সেখানে কি দুঃখসত্য উৎপন্ন হয় না?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে মার্গবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে মার্গসত্য উৎপন্ন হয় না বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে ও অরূপ-ভূমিতে ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও উৎপন্ন হয় না, দুঃখসত্যও উৎপন্ন হয় না।

৩৭. (ক) যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হয় না, তার সেখানে কি মার্গসত্য উৎপন্ন হয় না?

মার্গচিত্তের উৎপত্তিক্ষণে সেখানে সমুদয়সত্য উৎপন্ন হয় না বটে, তবে মার্গসত্য উৎপন্ন হয় না তা নয়। চিত্তের ভঙ্গক্ষণে, তৃষ্ণাবিপ্রযুক্ত ও মার্গবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সকল সত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয় না, মার্গসত্যও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য উৎপন্ন হয় না, তার সেখানে কি সমুদয়সত্য উৎপন্ন হয় না?

তৃষ্ণার উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে মার্গসত্য উৎপন্ন হয় না বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হয় না তা নয়। চিত্তের ভঙ্গক্ষণে মার্গবিপ্রযুক্ত ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সকল সত্ত্বগণের এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও উৎপন্ন হয় না, সমুদয়সত্যও উৎপন্ন হয় না।

(২) অতীত বার

(ক) অনুলোম-পুদ্গল

৩৮. (ক) যার দুঃখসত্য উৎপন্ন হয়েছিল, তার সমুদয়সত্য উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার সমুদয়সত্য উৎপন্ন হয়েছিল, তার দুঃখসত্য উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার দুঃখসত্য উৎপন্ন হয়েছিল, তার মার্গসত্য উৎপন্ন হয়েছিল কি?

অপরিজ্ঞানী[১] সত্ত্বগণের দুঃখসত্য উৎপন্ন হয়েছিল বটে, তবে মার্গসত্য উৎপন্ন হয়েছিল তা নয়। পরিজ্ঞানী[২] সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয়েছিল, মার্গসত্যও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার... উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

৩৯. (ক) যার সমুদয়সত্য উৎপন্ন হয়েছিল, তার মার্গসত্য উৎপন্ন হয়েছিল কি?

অপরিজ্ঞানী সত্ত্বগণের সমুদয়সত্য উৎপন্ন হয়েছিল বটে, তবে মার্গসত্য উৎপন্ন হয়েছিল তা নয়। পরিজ্ঞানী সত্ত্বগণের কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয়েছিল, মার্গসত্যও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার...উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অনুলোম-স্থান

৪০. (ক) যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়েছিল...।

(অনুলোম-স্থানের সর্বত্রই একই। ইহার শ্রেণীবিভাজন পূর্বোক্ত 'অনুলোম-স্থান' সদৃশ।)

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৪১. (ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়েছিল, তার সেখানে সমুদয়সত্য উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত[৩] বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে দুঃখসত্য উৎপন্ন হয়েছিল বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হয়েছিল তা নয়। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয়েছিল, সমুদয়সত্যও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হয়েছিল, তার সেখানে দুঃখসত্য উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়েছিল, তার সেখানে মার্গসত্য উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়,

---

১। চতুরার্যসত্য প্রতিবেধ নামক আর্যসত্য বিষয়ক পূর্ণজ্ঞান লাভ করেনি এমন সত্ত্বগণকে 'অপরিজ্ঞানী' বলা হয়।

২। যিনি আর্যসত্য বিষয়ক পূর্ণজ্ঞান লাভ করেছেন।

৩। প্রতিসন্ধির পর থেকে দ্বিতীয় ভবাঙ্গ চিত্ত।

অপরিজ্ঞানী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে দুঃখসত্য উৎপন্ন হয়েছিল বটে, তবে মার্গসত্য উৎপন্ন হয়েছিল তা নয়। পরিজ্ঞানী সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয়েছিল, মার্গসত্যও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে... উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

৪২. (ক) যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হয়েছিল, তার সেখানে মার্গসত্য উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় অকুশল চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, অপরিজ্ঞানী সত্ত্বগণের সেখানে সমুদয়সত্য উৎপন্ন হয়েছিল বটে, তবে মার্গসত্য উৎপন্ন হয়েছিল তা নয়। পরিজ্ঞানী সত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয়েছিল, মার্গসত্যও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে... উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

৪৩. (ক) যার দুঃখসত্য উৎপন্ন হয়নি, তার কি সমুদয়সত্য উৎপন্ন হয়নি? নেই।

(খ) অথবা যার... উৎপন্ন হয়নি? নেই।

(ক) যার দুঃখসত্য উৎপন্ন হয়নি, তার কি মার্গসত্য উৎপন্ন হয়নি? নেই।

(খ) অথবা যার মার্গসত্য উৎপন্ন হয়নি, তার কি দুঃখসত্য উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

৪৪. (ক) যার সমুদয়সত্য উৎপন্ন হয়নি, তার কি মার্গসত্য উৎপন্ন হয়নি?

(খ) অথবা যার... উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

(ঙ) প্রত্যানীক-স্থান

৪৫. যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়নি...।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

৪৬. (ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়নি, তার সেখানে কি সমুদয়সত্য উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হয়নি, তার সেখানে কি দুঃখসত্য উৎপন্ন হয়নি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, অসংজ্ঞসত্ত্বগণের সেখানে সমুদয়সত্য উৎপন্ন হয়নি বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে কিন্তু

সমুদয়সত্যও উৎপন্ন হয়নি, দুঃখসত্যও উৎপন্ন হয়নি।

(ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়নি, তার সেখানে কি মার্গসত্য উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য উৎপন্ন হয়নি, তার সেখানে কি দুঃখসত্য উৎপন্ন হয়নি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, অপরিজ্ঞানী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে মার্গসত্য উৎপন্ন হয়নি বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও উৎপন্ন হয়নি, দুঃখসত্যও উৎপন্ন হয়নি।

৪৭. (ক) যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হয়নি, তার সেখানে কি মার্গসত্য উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য উৎপন্ন হয়নি, তার সেখানে কি সমুদয়সত্য উৎপন্ন হয়নি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় অকুশল চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অপরিজ্ঞানী সত্ত্বগণের সেখানে মার্গসত্য উৎপন্ন হয়নি বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও উৎপন্ন হয়নি, সমুদয়সত্যও উৎপন্ন হয়নি।

(৩) ভবিষ্যৎ বার

(ক) অনুলোম-পুদ্গল

৪৮. (ক) যার দুঃখসত্য উৎপন্ন হবে, তার সমুদয়সত্য উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের ও যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের দুঃখসত্য উৎপন্ন হবে বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হবে, সমুদয়সত্যও উৎপন্ন হবে।

(খ) অথবা যার... ? হ্যাঁ।

(ক) যার দুঃখসত্য উৎপন্ন হবে, তার মার্গসত্য উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের ও যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের দুঃখসত্য উৎপন্ন হবে বটে, তবে মার্গসত্য উৎপন্ন হবে না। যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন ও যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হবে,

মার্গসত্যও উৎপন্ন হবে।

(খ) অথবা যার... উৎপন্ন হবে কি? হ্যাঁ।

৪৯. (ক) যার সমুদয়সত্য উৎপন্ন হবে, তার মার্গসত্য উৎপন্ন হবে কি?

যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের সমুদয়সত্য উৎপন্ন হবে বটে, তবে মার্গসত্য উৎপন্ন হবে না। যাঁরা মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হবে, মার্গসত্যও উৎপন্ন হবে।

(খ) অথবা যার মার্গসত্য উৎপন্ন হবে, তার সমুদয়সত্য উৎপন্ন হবে কি?

যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের মার্গসত্য উৎপন্ন হবে বটে, সমুদয়সত্য উৎপন্ন হবে না। যাঁরা মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের কিন্তু মার্গসত্যও উৎপন্ন হবে, সমুদয়সত্যও উৎপন্ন হবে।

(খ) অনুলোম-স্থান

৫০. (ক) যেখানে দুঃখসত্য উৎপন্ন হবে...।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৫১. (ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হবে, তার সেখানে সমুদয়সত্য উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে দুঃখসত্য উৎপন্ন হবে বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হবে না। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হবে, সমুদয়সত্যও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হবে... উৎপন্ন হবে কি ? হ্যাঁ।

(ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হবে, তার সেখানে মার্গসত্য উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের, অপায়িক সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে দুঃখসত্য উৎপন্ন হবে বটে, তবে মার্গসত্য উৎপন্ন হবে না। যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন ও যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হবে, মার্গসত্যও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য উৎপন্ন হবে, তার সেখানে দুঃখসত্য উৎপন্ন হবে কি? হ্যাঁ।

৫২. (ক) যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হবে, তার সেখানে মার্গসত্য উৎপন্ন হবে কি?

অপায়িক সত্ত্বগণের ও যেই পৃথগ্জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের সেখানে সমুদয়সত্য উৎপন্ন হবে বটে, তবে মার্গসত্য উৎপন্ন হবে না। যাঁরা মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হবে, মার্গসত্যও উৎপন্ন হবে।

(খ) অথবা যার, যেখানে মার্গসত্য উৎপন্ন হবে, তার সেখানে সমুদয়সত্য উৎপন্ন হবে কি?

যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের সেখানে মার্গসত্য উৎপন্ন হবে বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হবে না। যাঁরা মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও উৎপন্ন হবে, সমুদয়সত্যও উৎপন্ন হবে।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

৫৩. (ক) যার দুঃখসত্য উৎপন্ন হবে না, তার কি সমুদয়সত্য উৎপন্ন হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার সমুদয়সত্য উৎপন্ন হবে না, তার কি দুঃখসত্য উৎপন্ন হবে না?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের ও যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের সমুদয়সত্য উৎপন্ন হবে না বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত ক্ষীণাসব সত্ত্বগণের কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হবে না, দুঃখসত্যও উৎপন্ন হবে না।

(ক) যার দুঃখসত্য উৎপন্ন হবে না, তার কি মার্গসত্য উৎপন্ন হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার মার্গসত্য উৎপন্ন হবে না, তার কি দুঃখসত্য উৎপন্ন হবে না?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের ও যেই পৃথগ্জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের মার্গসত্য উৎপন্ন হবে না বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত ক্ষীণাসব সত্ত্বগণের কিন্তু মার্গসত্যও উৎপন্ন হবে না, দুঃখসত্যও উৎপন্ন হবে না।

৫৪. (ক) যার সমুদয়সত্য উৎপন্ন হবে না, তার কি মার্গসত্য উৎপন্ন হবে না?

যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের সমুদয়সত্য উৎপন্ন হবে না বটে, তবে মার্গসত্য উৎপন্ন হবে না তা নয়। অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের ও অর্হৎগণের সমুদয়সত্যও উৎপন্ন হবে না, মার্গসত্যও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার মার্গসত্য উৎপন্ন হবে না, তার কি সমুদয়সত্য উৎপন্ন হবে না?

যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের মার্গসত্য উৎপন্ন হবে না বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হবে না তা নয়। অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের ও অর্হৎগণের কিন্তু মার্গসত্যও উৎপন্ন হবে না, সমুদয়সত্যও উৎপন্ন হবে না।

(ঙ) প্রত্যানীক-স্থান

৫৫. (ক) যেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না...।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

৫৬. (ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হবে না, তার সেখানে কি সমুদয়সত্য উৎপন্ন হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হবে না, তার সেখানে কি দুঃখসত্য উৎপন্ন হবে না?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে সমুদয়সত্য উৎপন্ন হবে না বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত ক্ষীণাসব সত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হবে না, দুঃখসত্যও উৎপন্ন হবে না।

(ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হবে না, তার সেখানে কি মার্গসত্য উৎপন্ন হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য উৎপন্ন হবে না, তার সেখানে কি দুঃখসত্য উৎপন্ন হবে না?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের, অপায়িক সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে মার্গসত্য উৎপন্ন হবে না বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত ক্ষীণাসব সত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও

উৎপন্ন হবে না, দুঃখসত্যও উৎপন্ন হবে না।

৫৭. (ক) যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হবে না, তার সেখানে কি মার্গসত্য উৎপন্ন হবে না?

যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের সেখানে সমুদয়সত্য উৎপন্ন হবে না বটে, তবে মার্গসত্য উৎপন্ন হবে না তা নয়। অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হবে না, মার্গসত্যও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য উৎপন্ন হবে না, তার সেখানে কি সমুদয়সত্য উৎপন্ন হবে না?

অপায়িক সত্ত্বগণের ও যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের সেখানে মার্গসত্য উৎপন্ন হবে না বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হবে না তা নয়। অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও উৎপন্ন হবে না, সমুদয়সত্যও উৎপন্ন হবে না।

(৪) বর্তমান-অতীত বার

(ক) অনুলোম-পুদ্গল

৫৮. (ক) যার দুঃখসত্য উৎপন্ন হয়, তার সমুদয়সত্য উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার সমুদয়সত্য উৎপন্ন হয়েছিল, তার দুঃখসত্য উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সমুদয়সত্য উৎপন্ন হয়েছিল বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না। উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয়েছিল, দুঃখসত্যও উৎপন্ন হয়।

(ক) যার দুঃখসত্য উৎপন্ন হয়, তার মার্গসত্য উৎপন্ন হয়েছিল কি?

উৎপদ্যমান অপরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের দুঃখসত্য উৎপন্ন হয় বটে, তবে মার্গসত্য উৎপন্ন হয়েছিল তা নয়। উৎপদ্যমান পরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয়, মার্গসত্যও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার মার্গসত্য উৎপন্ন হয়েছিল, তার দুঃখসত্য উৎপন্ন হয় কি?

চ্যুতমান অপরিজ্ঞানী সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের মার্গসত্য উৎপন্ন হয়েছিল বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না। উৎপদ্যমান অপরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু মার্গসত্যও উৎপন্ন হয়েছিল, দুঃখসত্যও উৎপন্ন হয়।

৫৯. (ক) যার সমুদয়সত্য উৎপন্ন হয়, তার মার্গসত্য উৎপন্ন হয়েছিল কি?

অপরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে সমুদয়সত্য উৎপন্ন হয় বটে, তবে মার্গসত্য উৎপন্ন হয়েছিল তা নয়। পরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয়, মার্গসত্যও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার মার্গসত্য উৎপন্ন হয়েছিল, তার সমুদয়সত্য উৎপন্ন হয় কি?

পরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় এবং নিরোধসমাপন্ন সত্ত্বগণের মার্গসত্য উৎপন্ন হয়েছিল বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হয় না। পরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে কিন্তু মার্গসত্যও উৎপন্ন হয়েছিল, সমুদয়সত্যও উৎপন্ন হয়।

(খ) অনুলোম-স্থান

৬০. (ক) যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়...।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৬১. (ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়, তার সেখানে সমুদয়সত্য উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের উৎপত্তিচিত্তের (প্রতিসন্ধিচিত্তের) উৎপত্তিক্ষণে ও অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে দুঃখসত্য উৎপন্ন হয় বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হয়েছিল তা নয়। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উৎপদ্যমান অপরাপর সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয়, সমুদয়সত্যও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হয়েছিল, তার সেখানে দুঃখসত্য উৎপন্ন হয় কি?

চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের

সেখানে সমুদয়সত্য উৎপন্ন হয়েছিল বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয়েছিল, দুঃখসত্যও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়, তার সেখানে মার্গসত্য উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের উৎপত্তিচিত্তের উৎপত্তিক্ষণে, উৎপদ্যমান অপরিজ্ঞানী সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে দুঃখসত্য উৎপন্ন হয় বটে, তবে মার্গসত্য উৎপন্ন হয়েছিল তা নয়। উৎপদ্যমান পরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয়, মার্গসত্যও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য উৎপন্ন হয়েছিল, তার সেখানে দুঃখসত্য উৎপন্ন হয় কি?

চ্যুতমান পরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে মার্গসত্য উৎপন্ন হয়েছিল বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না। উৎপদ্যমান পরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও উৎপন্ন হয়েছিল, দুঃখসত্যও উৎপন্ন হয়।

৬২. (ক) যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হয়, তার সেখানে মার্গসত্য উৎপন্ন হয়েছিল কি?

অপরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে সেখানে সমুদয়সত্য উৎপন্ন হয় বটে, তবে মার্গসত্য উৎপন্ন হয়েছিল তা নয়। পরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে সেখানে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয়, মার্গসত্যও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য উৎপন্ন হয়েছিল, তার সেখানে সমুদয়সত্য উৎপন্ন হয় কি?

পরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় সেখানে মার্গসত্য উৎপন্ন হয়েছিল বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হয় না। পরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে সেখানে কিন্তু মার্গসত্যও উৎপন্ন হয়েছিল, সমুদয়সত্যও উৎপন্ন হয়।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

৬৩. (ক) যার দুঃখসত্য উৎপন্ন হয় না, তার কি সমুদয়সত্য উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার সমুদয়সত্য উৎপন্ন হয়নি, তার কি দুঃখসত্য উৎপন্ন হয় না? নেই।

(ক) যার দুঃখসত্য উৎপন্ন হয় না, তার কি মার্গসত্য উৎপন্ন হয়নি?

চ্যুতমান পরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের দুঃখসত্য উৎপন্ন হয় না বটে, তবে মার্গসত্য উৎপন্ন হয়নি তা নয়। চ্যুতমান অপরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয় না, মার্গসত্যও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার মার্গসত্য উৎপন্ন হয়নি, তার কি দুঃখসত্য উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অপরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে মার্গসত্য উৎপন্ন হয়নি বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান অপরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু মার্গসত্যও উৎপন্ন হয়নি, দুঃখসত্যও উৎপন্ন হয় না।

৬৪. (ক) যার সমুদয়সত্য উৎপন্ন হয় না, তার কি মার্গসত্য উৎপন্ন হয়নি?

পরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় এবং নিরোধসমাপন্ন সত্ত্বগণের সমুদয়সত্য উৎপন্ন হয় না বটে, তবে মার্গসত্য উৎপন্ন হয়নি তা নয়। অপরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় এবং অসংজ্ঞসত্ত্বগণের কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয় না, মার্গসত্যও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার মার্গসত্য উৎপন্ন হয়নি, তার কি সমুদয়সত্য উৎপন্ন হয় না?

অপরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে মার্গসত্য উৎপন্ন হয়নি বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হয় না তা নয়। অপরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্তচিত্ত বিদ্যমান থাকা অবস্থায় এবং অসংজ্ঞসত্ত্বগণের কিন্তু মার্গসত্যও উৎপন্ন হয়নি, সমুদয়সত্যও উৎপন্ন হয় না।

(ঙ) প্রত্যানীক-স্থান

৬৫. (ক) যেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না...।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

৬৬. (ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না, তার সেখানে কি সমুদয়সত্য উৎপন্ন হয়নি?

চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের উৎপত্তিচিত্তের ভঙ্গক্ষণে ও অসংজ্ঞসত্ত্ব-ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয় না, সমুদয়সসত্যও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হয়নি, তার সেখানে কি দুঃখসত্য উৎপন্ন হয় না?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের উৎপত্তিচিত্তের উৎপত্তিক্ষণে ও অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে সমুদয়সত্য উৎপন্ন হয়নি বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের উৎপত্তিচিত্তের ভঙ্গক্ষণে ও অসংজ্ঞসত্ত্ব-ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয়নি, দুঃখসত্যও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না, তার সেখানে কি মার্গসত্য উৎপন্ন হয়নি?

চ্যুতমান পরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না বটে, তবে মার্গসত্য উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের উৎপত্তিচিত্তের ভঙ্গক্ষণে, চ্যুতমান অপরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয় না, মার্গসত্যও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য উৎপন্ন হয়নি, তার সেখানে কি দুঃখসত্য উৎপন্ন হয় না?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের উৎপত্তিচিত্তের উৎপত্তিক্ষণে, উৎপদ্যমান অপরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে মার্গসত্য উৎপন্ন হয়নি বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না তা নয়। সুদ্ধবাস ভূমিবাসী সত্ত্বগণের উৎপত্তিচিত্তের ভঙ্গক্ষণে, চ্যুতমান অপরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও উৎপন্ন হয়নি, দুঃখসত্যও

উৎপন্ন হয় না।

৬৭. (ক) যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হয় না, তার সেখানে কি মার্গসত্য উৎপন্ন হয়নি?

পরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় সেখানে সমুদয়সত্য উৎপন্ন হয় না বটে, তবে মার্গসত্য উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, অপরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয় না, মার্গসত্যও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য উৎপন্ন হয়নি, তার সেখানে কি সমুদয়সত্য উৎপন্ন হয় না?

অপরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে সেখানে মার্গসত্য উৎপন্ন হয়নি বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হয় না তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, অপরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও উৎপন্ন হয়নি, সমুদয়সত্যও উৎপন্ন হয় না।

(৫) বর্তমান-ভবিষ্যৎ বার

(ক) অনুলোম-পুদ্গল

৬৮. (ক) যার দুঃখসত্য উৎপন্ন হয়, তার সমুদয়সত্য উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে ও যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে সেই সত্ত্বগণের দুঃখসত্য উৎপন্ন হয় বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হবে না। উৎপদ্যমান অপরাপর সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয়, সমুদয়সত্যও উৎপন্ন হবে।

(খ) অথবা যার সমুদয়সত্য উৎপন্ন হবে, তার দুঃখসত্য উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সমুদয়সত্য উৎপন্ন হবে বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না। উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হবে, দুঃখসত্যও উৎপন্ন হয়।

(ক) যার দুঃখসত্য উৎপন্ন হয়, তার মার্গসত্য উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের দুঃখসত্য উৎপন্ন হয় বটে, তবে মার্গসত্য উৎপন্ন হবে না। যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয়, মার্গসত্যও উৎপন্ন হবে।

(খ) অথবা যার মার্গসত্য উৎপন্ন হবে, তার দুঃখসত্য উৎপন্ন হয় কি?

যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের মার্গসত্য উৎপন্ন হবে বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না। যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু মার্গসত্যও উৎপন্ন হবে, দুঃখসত্যও উৎপন্ন হয়।

৬৯. (ক) যার সমুদয়সত্য উৎপন্ন হয়, তার মার্গসত্য উৎপন্ন হবে কি?

যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে সমুদয়সত্য উৎপন্ন হয় বটে, তবে মার্গসত্য উৎপন্ন হবে না। যাঁরা মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয়, মার্গসত্যও উৎপন্ন হবে।

(খ) অথবা যার মার্গসত্য উৎপন্ন হবে, তার সমুদয়সত্য উৎপন্ন হয় কি?

যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, নিরোধসমাপন্ন সত্ত্বগণের এবং অসংজ্ঞসত্ত্বগণের মার্গসত্য উৎপন্ন হবে বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হয় না। যাঁরা মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে কিন্তু মার্গসত্যও উৎপন্ন হবে, দুঃখসত্যও উৎপন্ন হয়।

(খ) অনুলোম-স্থান

৭০. যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়...।

(সবটাই '*পুদ্গল-স্থান*' অনুসারে জ্ঞাতব্য।)

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৭১. (ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়, তার সেখানে সমুদয়সত্য উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে ও অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে দুঃখসত্য উৎপন্ন হয় বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হবে না। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উৎপদ্যমান অপরাপর সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয়, সমুদয়সত্যও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হবে, তার সেখানে দুঃখসত্য উৎপন্ন হয় কি?

চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে সমুদয়সত্য উৎপন্ন হবে বটে. তবে দুঃখসত্য উৎপন্ন হয় না। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সেখানে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হবে, দুঃখসত্যও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়, তার সেখানে মার্গসত্য উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে, অপায়িক সত্ত্বগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে দুঃখসত্য উৎপন্ন হয় বটে, তবে মার্গসত্য উৎপন্ন হবে না। যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎত্তিক্ষণে, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয়, মার্গসত্যও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য উৎপন্ন হবে, তার সেখানে দুঃখসত্য উৎপন্ন হয় কি?

যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে

সত্ত্বগণের সেখানে মার্গসত্য উৎপন্ন হবে বটে. তবে দুঃখসত্য উৎপন্ন হয় না। যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও উৎপন্ন হবে, দুঃখসত্যও উৎপন্ন হয়।

৭২. (ক) যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হয়, তার সেখানে মার্গসত্য উৎপন্ন হবে কি?

অপায়িক সত্ত্বগণের, যেই পৃথগ্জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে সেখানে সমুদয়সত্য উৎপন্ন হয় বটে, তবে মার্গসত্য উৎপন্ন হবে না। যাঁরা মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে সেখানে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয়, মার্গসত্যও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য উৎপন্ন হবে, তার সেখানে সমুদয়সত্য উৎপন্ন হয় কি?

যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় সেখানে মার্গসত্য উৎপন্ন হবে বটে. তবে সমুদয়সত্য উৎপন্ন হয় না। যাঁরা মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে সেখানে কিন্তু মার্গসত্যও উৎপন্ন হবে, সমুদয়সত্যও উৎপন্ন হয়।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

৭৩. (ক) যার দুঃখসত্য উৎপন্ন হয় না, তার কি সমুদয়সত্য উৎপন্ন হবে না?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের দুঃখসত্য উৎপন্ন হয় না বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে অর্হত্ত্বমার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয় না, সমুদয়সত্যও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার সমুদয়সত্য উৎপন্ন হবে না, তার কি দুঃখসত্য উৎপন্ন হয় না?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে সেই

সত্ত্বগণের সমুদয়সত্য উৎপন্ন হবে না বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে অর্হত্ত্বমার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হবে না, দুঃখসত্যও উৎপন্ন হয় না।

(ক) যার দুঃখসত্য উৎপন্ন হয় না, তার কি মার্গসত্য উৎপন্ন হবে না?

যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের দুঃখসত্য উৎপন্ন হয় না বটে, তবে মার্গসত্য উৎপন্ন হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবেন না এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে অর্হত্ত্বমার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের দুঃখসত্যও উৎপন্ন হয় না, মার্গসত্যও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার মার্গসত্য উৎপন্ন হবে না, তার কি দুঃখসত্য উৎপন্ন হয় না?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবেন না এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে মার্গসত্য উৎপন্ন হবে না বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবেন না এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে অর্হত্ত্বমার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু মার্গসত্যও উৎপন্ন হবে না, দুঃখসত্যও উৎপন্ন হয় না।

৭৪. (ক) যার সমুদয়সত্য উৎপন্ন হয় না, তার কি মার্গসত্য উৎপন্ন হবে না?

যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন ও যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সমুদয়সত্য উৎপন্ন হয় না বটে, তবে মার্গসত্য উৎপন্ন হবে না তা নয়। অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয় না, মার্গসত্যও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার মার্গসত্য উৎপন্ন হবে না, তার কি সমুদয়সত্য উৎপন্ন হয় না?

যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে মার্গসত্য উৎপন্ন হবে না বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হয় না তা নয়। অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের ও যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় কিন্তু মার্গসত্যও উৎপন্ন হবে না, সমুদয়সত্যও উৎপন্ন হয় না।

(ঙ) প্রত্যানীক-স্থান

৭৫. যেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না...।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

৭৬. (ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না, তার সেখানে কি সমুদয়সত্য উৎপন্ন হবে না?

চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে অর্হত্ত্বমার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয় না, সমুদয়সত্যও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হবে না, তার সেখানে কি দুঃখসত্য উৎপন্ন হয় না?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে সমুদয়সত্য উৎপন্ন হবে না বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে অর্হত্ত্বমার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হবে না, দুঃখসত্যও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না, তার সেখানে কি মার্গসত্য

উৎপন্ন হবে না?

যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না বটে, তবে মার্গসত্য উৎপন্ন হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে, অপায়িক সত্ত্বগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, অরূপ-ভূমিতে অর্হত্ত্বমার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে দুঃখসত্যও উৎপন্ন হয় না, মার্গসত্যও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য উৎপন্ন হবে না, তার সেখানে কি দুঃখসত্য উৎপন্ন হয় না?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে, অপায়িক সত্ত্বগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে মার্গসত্য উৎপন্ন হবে না বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে, অপায়িক সত্ত্বগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে অর্হত্ত্বমার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও উৎপন্ন হবে না, দুঃখসত্যও উৎপন্ন হয় না।

৭৭. (ক) যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হয় না, তার সেখানে কি মার্গসত্য উৎপন্ন হবে না?

যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় সেখানে সমুদয়সত্য উৎপন্ন হয় না বটে, তবে মার্গসত্য উৎপন্ন হবে না তা নয়। অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের, অপায়িক সত্ত্বগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয় না, মার্গসত্যও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য উৎপন্ন হবে না, তার সেখানে কি সমুদয়সত্য উৎপন্ন হয় না?

অপায়িক সত্ত্বগণের ও যেই পৃথগ্জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে সেখানে মার্গসত্য উৎপন্ন হবে না বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হয় না তা নয়। অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের, অপায়িক সত্ত্বগণের, যেই পৃথগ্জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও উৎপন্ন হবে না, সমুদয়সত্যও উৎপন্ন হয় না।

(৬) অতীত-ভবিষ্যৎ বার

(ক) অনুলোম-পুদ্গল

৭৮. (ক) যার দুঃখসত্য উৎপন্ন হয়েছিল, তার সমুদয়সত্য উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের ও যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের দুঃখসত্য উৎপন্ন হয়েছিল বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয়েছিল, সমুদয়সত্যও উৎপন্ন হবে।

(খ) অথবা যার সমুদয়সত্য উৎপন্ন হবে, তার দুঃখসত্য উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার দুঃখসত্য উৎপন্ন হয়েছিল, তার মার্গসত্য উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের ও যেই পৃথগ্জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের দুঃখসত্য উৎপন্ন হয়েছিল বটে, তবে মার্গসত্য উৎপন্ন হবে না। যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন ও যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয়েছিল, মার্গসত্যও উৎপন্ন হবে।

(খ) অথবা যার... ? হ্যাঁ।

৭৯. (ক) যার সমুদয়সত্য উৎপন্ন হয়েছিল, তার মার্গসত্য উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের ও যেই পৃথগ্জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের সমুদয়সত্য উৎপন্ন হয়েছিল বটে, তবে মার্গসত্য উৎপন্ন হবে না। যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন ও যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের সমুদয়সত্যও উৎপন্ন

হয়েছিল, মার্গসত্যও উৎপন্ন হবে।

(খ) অথবা যার... ? হ্যাঁ।

(খ) অনুলোম-স্থান

৮০. যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়েছিল...।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৮১. (ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়েছিল, তার সেখানে সমুদয়সত্য উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হত্ত্বগণের, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে দুঃখসত্য উৎপন্ন হয়েছিল বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হবে না। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয়েছিল, সমুদয়সত্যও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হবে, তার সেখানে দুঃখসত্য উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে সমুদয়সত্য উৎপন্ন হবে বটে. তবে দুঃখসত্য উৎপন্ন হয়েছিল তা নয়। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হবে, দুঃখসত্যও উৎপন্ন হয়েছিল।

(ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়েছিল, তার সেখানে মার্গসত্য উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের, অপায়িক সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে দুঃখসত্য উৎপন্ন হয়েছিল বটে, তবে মার্গসত্য উৎপন্ন হবে না। যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন ও যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয়েছিল, মার্গসত্যও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য উৎপন্ন হবে, তার সেখানে দুঃখসত্য উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে মার্গসত্য উৎপন্ন হবে বটে. তবে দুঃখসত্য উৎপন্ন হয়েছিল তা নয়। যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন ও যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের

সেখানে কিন্তু মার্গসত্যও উৎপন্ন হবে, দুঃখসত্যও উৎপন্ন হয়েছিল।

৮২. (ক) যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হয়েছিল, তার সেখানে মার্গসত্য উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের যেই পৃথগ্‌জনেরা মার্গলাভ করবে না সেই সত্ত্বগণের ও অপায়িক সত্ত্বগণের সেখানে সমুদয়সত্য উৎপন্ন হয়েছিল বটে, তবে মার্গসত্য উৎপন্ন হবে না। যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন ও যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয়েছিল, মার্গসত্যও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য উৎপন্ন হবে, তার সেখানে সমুদয়সত্য উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় সেখানে মার্গসত্য উৎপন্ন হবে বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হয়েছিল তা নয়। যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন ও যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও উৎপন্ন হবে, সমুদয়সত্যও উৎপন্ন হয়েছিল।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

৮৩. (ক) যার দুঃখসত্য উৎপন্ন হয়নি, তার কি সমুদয়সত্য উৎপন্ন হবে না? নেই।

(খ) অথবা যার সমুদয়সত্য উৎপন্ন হবে না, তার কি দুঃখসত্য উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

(ক) যার দুঃখসত্য উৎপন্ন হয়নি, তার কি মার্গসত্য উৎপন্ন হবে না? নেই।

(খ) অথবা যার মার্গসত্য উৎপন্ন হবে না, তার কি দুঃখসত্য উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

৮৪. (ক) যার সমুদয়সত্য উৎপন্ন হয়নি, তার কি মার্গসত্য উৎপন্ন হবে না? নেই।

(খ) অথবা যার মার্গসত্য উৎপন্ন হবে না, তার কি সমুদয়সত্য উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

(ঙ) প্রত্যানীক-স্থান

৮৫. যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়নি...।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

৮৬. (ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়নি, তার সেখানে কি সমুদয়সত্য উৎপন্ন হবে না? উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হবে না, তার সেখানে কি দুঃখসত্য উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

(ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়নি, তার সেখানে কি মার্গসত্য উৎপন্ন হবে না? উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য উৎপন্ন হবে না, তার সেখানে কি দুঃখসত্য উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

৮৭. (ক) যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হয়নি, তার সেখানে কি মার্গসত্য উৎপন্ন হবে না?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় সেখানে সমুদয়সত্য উৎপন্ন হয়নি বটে, তবে মার্গসত্য উৎপন্ন হবে না তা নয়। অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয়নি, মার্গসত্যও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য উৎপন্ন হবে না, তার সেখানে কি সমুদয়সত্য উৎপন্ন হয়নি?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের ও অপায়িক সত্ত্বগণের সেখানে মার্গসত্য উৎপন্ন হবে না বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হয়নি তা নয়। অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও উৎপন্ন হবে না, সমুদয়সত্যও উৎপন্ন হয়নি।

[উৎপত্তি বার]

২. প্রবর্তন বার ২. নিরোধ বার

(১) বর্তমান বার

(ক) অনুলোম-পুদ্গল

৮৮. (ক) যার দুঃখসত্য নিরুদ্ধ হয়, তার সমুদয়সত্য নিরুদ্ধ হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের দুঃখসত্য নিরুদ্ধ হয় বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হয় না। তৃষ্ণার ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হয়, সমুদয়সত্যও নিরুদ্ধ হয়।

(খ) অথবা যার সমুদয়সত্য নিরুদ্ধ হয়, তার দুঃখসত্য নিরুদ্ধ হয় কি? হ্যাঁ।

(ক) যার দুঃখসত্য নিরুদ্ধ হয়, তার মার্গসত্য নিরুদ্ধ হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে মার্গবিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের দুঃখসত্য নিরুদ্ধ হয় বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে মার্গচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হয়, মার্গসত্যও নিরুদ্ধ হয়।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হয়, তার দুঃখসত্য নিরুদ্ধ হয় কি?

অরূপ-ভূমিতে মার্গচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের মার্গসত্য নিরুদ্ধ হয় বটে, তবে দুঃখসত্য নিরুদ্ধ হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে মার্গচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হয়, দুঃখসত্যও নিরুদ্ধ হয়।

৮৯. (ক) যার সমুদয়সত্য নিরুদ্ধ হয়, তার মার্গসত্য নিরুদ্ধ হয় কি? না।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হয়, তার সমুদয়সত্য নিরুদ্ধ হয় কি? না।

(খ) অনুলোম-স্থান

৯০. (ক) যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয়, সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হয় কি?

অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে দুঃখসত্য নিরুদ্ধ হয় বটে...।

(এই '*অনুলোম-স্থান*' উৎপত্তি বার, নিরোধ বার ও উৎপত্তি-নিরোধ বার সবক্ষেত্রেই একই। কোন প্রকার ভিন্নতা নেই।)

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৯১. যার যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয়...।

(এখানেও পূর্বোক্তভাবে যোগ করতে হবে।)

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

৯২. (ক) যার দুঃখসত্য নিরুদ্ধ হয় না, তার কি সমুদয়সত্য নিরুদ্ধ হয় না? হ্যাঁ।

(খ) অথবা যার সমুদয়সত্য নিরুদ্ধ হয় না, তার কি দুঃখসত্য নিরুদ্ধ হয় না?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সমুদয়সত্য নিরুদ্ধ হয় না বটে, তবে দুঃখসত্য নিরুদ্ধ হয় না তা

নয়। উৎপদ্যমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হয় না, দুঃখসত্যও নিরুদ্ধ হয় না।

(ক) যার দুঃখসত্য নিরুদ্ধ হয় না, তার কি মার্গসত্য নিরুদ্ধ হয় না?

অরূপ-ভূমিতে মার্গচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের দুঃখসত্য নিরুদ্ধ হয় না বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হয় না তা নয়। উৎপদ্যমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে ও অরূপ-ভূমিতে ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হয় না, মার্গসত্যও নিরুদ্ধ হয় না।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হয় না, তার কি দুঃখসত্য নিরুদ্ধ হয় না?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে মার্গবিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের মার্গসত্য নিরুদ্ধ হয় না বটে, তবে দুঃখসত্য নিরুদ্ধ হয় না তা নয়। উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে ও অরূপ-ভূমিতে ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হয় না, দুঃখসত্যও নিরুদ্ধ হয় না।

৯৩. (ক) যার সমুদয়সত্য নিরুদ্ধ হয় না, তার কি মার্গসত্য নিরুদ্ধ হয় না?

মার্গের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সমুদয়সত্য নিরুদ্ধ হয় না বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হয় না তা নয়। সকল সত্ত্বগণের চিত্তের উৎপত্তিক্ষণে তৃষ্ণাবিপ্রযুক্ত ও মার্গবিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হয় না, মার্গসত্যও নিরুদ্ধ হয় না।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হয় না, তার কি সমুদয়সত্য নিরুদ্ধ হয় না?

তৃষ্ণার ভঙ্গক্ষণে সত্ত্বগণের মার্গসত্য নিরুদ্ধ হয় না বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হয় না তা নয়। সকল সত্ত্বগণের চিত্তের উৎপত্তিক্ষণে, মার্গবিপ্রযুক্ত ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হয় না, সমুদয়সত্যও নিরুদ্ধ হয় না।

(ঙ) প্রত্যানীক-স্থান

৯৪. (ক) যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয় না...।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

৯৫. (ক) যার যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয় না... ।

(বাকি অংশ *'প্রত্যানীক-পুদ্গল'* -এর মতো জ্ঞাতব্য। তবে এখানে *'নিরোধসমাপন্ন সত্ত্বগণের'* এই কথাটা বাদ দিতে হবে।)

(২) অতীত বার

(ক) অনুলোম-পুদ্গল

৯৬. যার দুঃখসত্য নিরুদ্ধ হয়েছিল, তার সমুদয়সত্য নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

(উৎপত্তি বারে যেভাবে অতীতবিষয়ক প্রশ্নগুলো *'অনুলোম'* ও *'প্রত্যানীক'* আকারে বর্ণিত হয়েছে, ঠিক সেভাবেই নিরোধ বারেও জ্ঞাতব্য। কোন প্রকার ভিন্নতা নেই।)

(৩) ভবিষ্যৎ বার

(ক) অনুলোম-পুদ্গল

৯৭. (ক) যার দুঃখসত্য নিরুদ্ধ হবে, তার সমুদয়সত্য নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের ও যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের দুঃখসত্য নিরুদ্ধ হবে বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হবে, সমুদয়সত্যও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার... ? হ্যাঁ।

(ক) যার দুঃখসত্য নিরুদ্ধ হবে, তার মার্গসত্য নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের ও যেই পৃথগ্জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের দুঃখসত্য নিরুদ্ধ হবে বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না। যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন ও যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হবে, মার্গসত্যও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার... নিরুদ্ধ হবে কি? হ্যাঁ।

৯৮. (ক) যার সমুদয়সত্য নিরুদ্ধ হবে, তার মার্গসত্য নিরুদ্ধ হবে কি?

যেই পৃথগ্জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের সমুদয়সত্য নিরুদ্ধ হবে বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না। যাঁরা মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হবে, মার্গসত্যও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হবে, তার সমুদয়সত্য নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে ও যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের মার্গসত্য নিরুদ্ধ হবে না বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হবে। যাঁরা মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে, সমুদয়সত্যও নিরুদ্ধ হবে।

(খ) অনুলোম-স্থান

৯৯. (ক) যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হবে...।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

১০০. (ক) যার যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হবে, তার সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে দুঃখসত্য নিরুদ্ধ হবে বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হবে না। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হবে, সমুদয়সত্যও নিরুদ্ধ হবে।...।

(বাকি অংশ পূর্বোক্ত '*অনুলোম-পুদ্গল*' সদৃশ।)

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

১০১. (ক) যার দুঃখসত্য নিরুদ্ধ হবে না, তার কি সমুদয়সত্য নিরুদ্ধ হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার সমুদয়সত্য নিরুদ্ধ হবে না, তার কি দুঃখসত্য নিরুদ্ধ হবে না?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের ও যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের সমুদয়সত্য নিরুদ্ধ হবে না বটে, তবে দুঃখসত্য নিরুদ্ধ হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হবে না, দুঃখসত্যও নিরুদ্ধ হবে না।

(ক) যার দুঃখসত্য নিরুদ্ধ হবে না, তার কি মার্গসত্য নিরুদ্ধ হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হবে না, তার কি দুঃখসত্য নিরুদ্ধ হবে না?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের ও যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে

না সেই সত্ত্বগণের মার্গসত্য নিরুদ্ধ হবে না বটে, তবে দুঃখসত্য নিরুদ্ধ হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তে ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে না, দুঃখসত্যও নিরুদ্ধ হবে না।

১০২. (ক) যার সমুদয়সত্য নিরুদ্ধ হবে না, তার কি মার্গসত্য নিরুদ্ধ হবে না?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে ও যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের সমুদয়সত্য নিরুদ্ধ হবে না বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে ও অর্হৎগণের কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হবে না, মার্গসত্যও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হবে না, তার কি সমুদয়সত্য নিরুদ্ধ হবে না?

যেই পৃথগ্‌জনেরা মার্গলাভ করবে না সেই সত্ত্বগণের মার্গসত্য নিরুদ্ধ হবে না বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে ও অর্হৎগণের কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে না, সমুদয়সত্যও নিরুদ্ধ হবে না।

(ঙ) প্রত্যানীক-স্থান

১০৩. (ক) যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হবে না...।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

১০৪. (ক) যার যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হবে না, তার সেখানে কি সমুদয়সত্য নিরুদ্ধ হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হবে না, তার সেখানে কি দুঃখসত্য নিরুদ্ধ হবে না?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হবে না বটে, তবে দুঃখসত্য নিরুদ্ধ হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হবে না, দুঃখসত্যও নিরুদ্ধ হবে না।

(ক) যার যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হবে না, তার সেখানে কি মার্গসত্য নিরুদ্ধ হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে না, তার সেখানে কি দুঃখসত্য নিরুদ্ধ হবে না?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের, অপায়িক সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে না বটে, তবে দুঃখসত্য নিরুদ্ধ হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে না, দুঃখসত্যও নিরুদ্ধ হবে না।

১০৫. (ক) যার যেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হবে না, তার সেখানে কি মার্গসত্য নিরুদ্ধ হবে না?

অর্হত্ত্বগণের উৎপত্তিক্ষণে ও যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হবে না বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হবে না, মার্গসত্যও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে না, তার সেখানে কি সমুদয়সত্য নিরুদ্ধ হবে না?

অপায়িক সত্ত্বগণের ও যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের সেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে না বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে না, সমুদয়সত্যও নিরুদ্ধ হবে না।

(৪) বর্তমান-অতীত বার

(ক) অনুলোম-পুদ্গল

১০৬. (ক) যার দুঃখসত্য নিরুদ্ধ হয়, তার সমুদয়সত্য নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার সমুদয়সত্য নিরুদ্ধ হয়েছিল, তার দুঃখসত্য নিরুদ্ধ হয় কি?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সমুদয়সত্য নিরুদ্ধ হয়েছিল বটে, তবে দুঃখসত্য নিরুদ্ধ হয় না। চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হয়েছিল, দুঃখসত্যও নিরুদ্ধ হয়।

(ক) যার দুঃখসত্য নিরুদ্ধ হয়, তার মার্গসত্য নিরুদ্ধ হয়েছিল কি?

চ্যুতমান অপরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের

দুঃখসত্য নিরুদ্ধ হয় বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হয়েছিল তা নয়। চ্যুতমান পরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হয়, মার্গসত্যও নিরুদ্ধ হয়েছিল।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হয়েছিল, তার দুঃখসত্য নিরুদ্ধ হয় কি?

উৎপদ্যমান পরিজ্ঞানী সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের মার্গসত্য নিরুদ্ধ হয়েছিল বটে, তবে দুঃখসত্য নিরুদ্ধ হয় না। চ্যুতমান পরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হয়েছিল, দুঃখসত্যও নিরুদ্ধ হয়।

১০৭. (ক) যার সমুদয়সত্য নিরুদ্ধ হয়, তার মার্গসত্য নিরুদ্ধ হয়েছিল কি?

অপরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে সমুদয়সত্য নিরুদ্ধ হয় বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হয়েছিল তা নয়। পরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হয়, মার্গসত্যও নিরুদ্ধ হয়েছিল।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হয়েছিল, তার সমুদয়সত্য নিরুদ্ধ হয় কি?

পরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় এবং নিরোধসমাপন্ন সত্ত্বগণের মার্গসত্য নিরুদ্ধ হয়েছিল বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হয় না। পরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হয়েছিল, সমুদয়সত্যও নিরুদ্ধ হয়।

(খ) অনুলোম-স্থান

১০৮. (ক) যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয়...।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

১০৯. (ক) যার যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয়, তার সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের উৎপত্তিচিত্তের ভঙ্গক্ষণে ও অসংজ্ঞসত্ত্ব-ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয় বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হয়েছিল তা নয়। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে অপরাপর চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সেখানে কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হয়, সমুদয়সত্যও নিরুদ্ধ হয়েছিল।

(খ) অথবা যার যেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হয়েছিল, তার সেখানে

দুঃখসত্য নিরুদ্ধ হয় কি?

চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হয়েছিল বটে, তবে দুঃখসত্য নিরুদ্ধ হয় না। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হয়েছিল, দুঃখসত্যও নিরুদ্ধ হয়।

(ক) যার যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয়, তার সেখানে মার্গসত্য নিরুদ্ধ হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের উৎপত্তিচিত্তের ভঙ্গক্ষণে, চ্যুতমান অপরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তর ভঙ্গক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয় বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হয়েছিল তা নয়। চ্যুতমান পরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হয়, মার্গসত্যও নিরুদ্ধ হয়েছিল।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য নিরুদ্ধ হয়েছিল, তার সেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয় কি?

উৎপদ্যমান পরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে মার্গসত্য নিরুদ্ধ হয়েছিল বটে, তবে দুঃখসত্য নিরুদ্ধ হয় না। চ্যুতমান পরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হয়েছিল, দুঃখসত্যও নিরুদ্ধ হয়।

১১০. (ক) যার যেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হয়, তার সেখানে মার্গসত্য নিরুদ্ধ হয়েছিল কি?

অপরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হয় বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হয়েছিল তা নয়। পরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে সেখানে কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হয়, মার্গসত্যও নিরুদ্ধ হয়েছিল।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য নিরুদ্ধ হয়েছিল, তার সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হয় কি?

পরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় সেখানে মার্গসত্য নিরুদ্ধ হয়েছিল বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হয় না। পরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে সেখানে কিন্তু

মার্গসত্যও নিরুদ্ধ হয়েছিল, সমুদয়সত্যও নিরুদ্ধ হয়।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

১১১. (ক) যার দুঃখসত্য নিরুদ্ধ হয় না, তার কি সমুদয়সত্য নিরুদ্ধ হয়নি? নিরুদ্ধ হয়েছিল।

(খ) অথবা যার সমুদয়সত্য নিরুদ্ধ হয়নি, তার কি দুঃখসত্য নিরুদ্ধ হয় না? নেই।

(ক) যার দুঃখসত্য নিরুদ্ধ হয় না, তার কি মার্গসত্য নিরুদ্ধ হয়নি?

উৎপদ্যমান পরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফল চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের দুঃখসত্য নিরুদ্ধ হয় না বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হয়নি তা নয়। উৎপদ্যমান অপরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হয় না, মার্গসত্যও নিরুদ্ধ হয়নি।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হয়নি, তার কি দুঃখসত্য নিরুদ্ধ হয় না?

চ্যুতমান অপরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের মার্গসত্য নিরুদ্ধ হয়নি বটে, তবে দুঃখসত্য নিরুদ্ধ হয় না তা নয়। উৎপদ্যমান অপরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হয়নি, দুঃখসত্যও নিরুদ্ধ হয় না।

১১২. (ক) যার সমুদয়সত্য নিরুদ্ধ হয় না, তার কি মার্গসত্য নিরুদ্ধ হয়নি?

পরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় এবং নিরোধসমাপন্ন সত্ত্বগণের সমুদয়সত্য নিরুদ্ধ হয় না বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হয়নি তা নয়। অপরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় এবং অসংজ্ঞসত্ত্বগণের কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হয় না, মার্গসত্যও নিরুদ্ধ হয়নি।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হয়নি, তার কি সমুদয়সত্য নিরুদ্ধ হয় না?

অপরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে মার্গসত্য নিরুদ্ধ হয়নি বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হয় না তা নয়। অপরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্তচিত্ত বিদ্যমান থাকা অবস্থায় এবং অসংজ্ঞসত্ত্বগণের কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হয়নি, সমুদয়সত্যও নিরুদ্ধ হয়

না।

(ঙ) প্রত্যানীক-স্থান

১১৩. (ক) যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয় না...।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

১১৪. (ক) যার যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয় না, তার সেখানে কি সমুদয়সত্য নিরুদ্ধ হয়নি?

চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয় না বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের উৎপত্তিচিত্তের উৎপত্তিক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হয় না, সমুদয়সত্যও নিরুদ্ধ হয়নি।

(খ) অথবা যার যেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হয়নি, তার সেখানে কি দুঃখসত্য নিরুদ্ধ হয় না?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের উৎপত্তিচিত্তের ভঙ্গক্ষণে ও অসংজ্ঞসত্ত্ব-ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হয়নি বটে, তবে দুঃখসত্য নিরুদ্ধ হয় না তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের উৎপত্তিচিত্তের উৎপত্তিক্ষণে ও অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হয়নি, দুঃখসত্যও নিরুদ্ধ হয় না।

(ক) যার যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয় না, তার সেখানে কি মার্গসত্য নিরুদ্ধ হয়নি?

উৎপদ্যমান পরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয় না বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের উৎপত্তিচিত্তের উৎপত্তিক্ষণে, উৎপদ্যমান অপরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হয় না, মার্গসত্যও নিরুদ্ধ হয়নি।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য নিরুদ্ধ হয়নি, তার সেখানে কি দুঃখসত্য নিরুদ্ধ হয় না?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের উৎপত্তিচিত্তের ভঙ্গক্ষণে, চ্যুতমান অপরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমি হতে

চ্যুতমান সত্ত্বগণের সেখানে মার্গসত্য নিরুদ্ধ হয়নি বটে, তবে দুঃখসত্য নিরুদ্ধ হয় না তা নয়। সুদ্ধবাস ভূমিবাসী সত্ত্বগণের উৎপত্তিচিত্তের উৎপত্তিক্ষণে, উৎপদ্যমান অপরিজ্ঞানী সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হয়নি, দুঃখসত্যও নিরুদ্ধ হয় না।

১১৫. (ক) যার যেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হয় না, তার সেখানে কি মার্গসত্য নিরুদ্ধ হয়নি?

পরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হয় না বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, অপরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হয় না, মার্গসত্যও নিরুদ্ধ হয়নি।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য নিরুদ্ধ হয়নি, তার সেখানে কি সমুদয়সত্য নিরুদ্ধ হয় না?

অপরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে সেখানে মার্গসত্য নিরুদ্ধ হয়নি বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হয় না তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, অপরিজ্ঞানী সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হয়নি, সমুদয়সত্যও নিরুদ্ধ হয় না।

(৫) বর্তমান-ভবিষ্যৎ বার

(ক) অনুলোম-পুদ্গল

১১৬. (ক) যার দুঃখসত্য নিরুদ্ধ হয়, তার সমুদয়সত্য নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে সেই সত্ত্বগণের দুঃখসত্য নিরুদ্ধ হয় বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হবে না। অপরাপর চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হয়, সমুদয়সত্যও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার সমুদয়সত্য নিরুদ্ধ হবে, তার দুঃখসত্য নিরুদ্ধ হয় কি?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সমুদয়সত্য নিরুদ্ধ হবে বটে,

তবে দুঃখসত্য নিরুদ্ধ হয় না। চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হবে, দুঃখসত্যও নিরুদ্ধ হয়।

(ক) যার দুঃখসত্য নিরুদ্ধ হয়, তার মার্গসত্য নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে দুঃখসত্য নিরুদ্ধ হয় বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না। যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে ও যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হয়, মার্গসত্যও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হবে, তার দুঃখসত্য নিরুদ্ধ হয় কি?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের মার্গসত্য নিরুদ্ধ হবে বটে, তবে দুঃখসত্য নিরুদ্ধ হয় না। যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে, দুঃখসত্যও নিরুদ্ধ হয়।

১১৭. (ক) যার সমুদয়সত্য নিরুদ্ধ হয়, তার মার্গসত্য নিরুদ্ধ হবে কি?

যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে সমুদয়সত্য নিরুদ্ধ হয় বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না। যাঁরা মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হয়, মার্গসত্যও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হবে, তার সমুদয়সত্য নিরুদ্ধ হয় কি?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন ও যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের মার্গসত্য নিরুদ্ধ হবে বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হয় না। যাঁরা মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে, সমুদয়সত্যও নিরুদ্ধ হয়।

(খ) অনুলোম-স্থান

১১৮. যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয়...।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

১১৯. (ক) যার যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয়, তার সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করেন সেই চিত্তের ভঙ্গক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয় বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হবে না। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান অপরাপর সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সেখানে কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হয়, সমুদয়সত্যও নিরুদ্ধ হয়।

(খ) অথবা যার যেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হবে, তার সেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয় কি?

চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হবে বটে. তবে দুঃখসত্য নিরুদ্ধ হয় না। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হবে, দুঃখসত্যও নিরুদ্ধ হয়।

(ক) যার যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয়, তার সেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে, অপায়িক সত্ত্বগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয় বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না। যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হয়, মার্গসত্যও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে, তার সেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয় কি?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন

উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে বটে, তবে দুঃখসত্য নিরুদ্ধ হয় না। যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে, দুঃখসত্যও নিরুদ্ধ হয়।

১২০. (ক) যার যেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হয়, তার সেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে কি?

অপায়িক সত্ত্বগণের ও যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে সেখানে সমুদয়সত্য উৎপন্ন হয় বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না। যাঁরা মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে সেখানে কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হয়, মার্গসত্যও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে, তার সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হয় কি?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় সেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে বটে. তবে সমুদয়সত্য নিরুদ্ধ হয় না। যাঁরা মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে সেখানে কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে, সমুদয়সত্যও নিরুদ্ধ হয়।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

১২১. (ক) যার দুঃখসত্য নিরুদ্ধ হয় না, তার কি সমুদয়সত্য নিরুদ্ধ হবে না?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের দুঃখসত্য নিরুদ্ধ হয় না বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে অর্হত্ত্বমার্গ ও ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হয় না, সমুদয়সত্যও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার সমুদয়সত্য নিরুদ্ধ হবে না, তার কি দুঃখসত্য নিরুদ্ধ হয় না?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে ও যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে সেই সত্ত্বগণের সমুদয়সত্য নিরুদ্ধ হবে না বটে, তবে দুঃখসত্য নিরুদ্ধ হয় না তা নয়। অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে অর্হত্ত্বমার্গ ও ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হবে না, দুঃখসত্যও নিরুদ্ধ হয় না।

(ক) যার দুঃখসত্য নিরুদ্ধ হয় না, তার কি মার্গসত্য নিরুদ্ধ হবে না?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের দুঃখসত্য নিরুদ্ধ হয় না বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না তা নয়। অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবেন না এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে অর্হত্ত্বমার্গের ও ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হয় না, মার্গসত্যও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হবে না, তার কি দুঃখসত্য নিরুদ্ধ হয় না?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের মার্গসত্য নিরুদ্ধ হবে না বটে, তবে দুঃখসত্য নিরুদ্ধ হয় না তা নয়। অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে অর্হত্ত্বমার্গের ও ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে না, দুঃখসত্যও নিরুদ্ধ হয় না।

১২২. (ক) যার সমুদয়সত্য নিরুদ্ধ হয় না, তার কি মার্গসত্য নিরুদ্ধ হবে না?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সমুদয়সত্য নিরুদ্ধ হয় না বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ

করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হয় না, মার্গসত্যও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হবে না, তার কি সমুদয়সত্য নিরুদ্ধ হয় না?

যেই পৃথগ্জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে মার্গসত্য নিরুদ্ধ হবে না বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হয় না তা নয়। অর্হতমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের, যেই পৃথগ্জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে না, সমুদয়সত্যও নিরুদ্ধ হয় না।

(ঙ) প্রত্যানীক-স্থান

১২৩. যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয় না...।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

১২৪. (ক) যার যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয় না, তার সেখানে কি সমুদয়সত্য নিরুদ্ধ হবে না?

চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয় না বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে অর্হত্ত্বমার্গ ও ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হয় না, সমুদয়সত্যও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার যেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হবে না, তার সেখানে কি দুঃখসত্য নিরুদ্ধ হয় না?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হবে না বটে, তবে দুঃখসত্য নিরুদ্ধ হয় না তা নয়। অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে অর্হত্ত্বমার্গ ও ফলচিত্তের ভঙ্গক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হবে না, দুঃখসত্যও নিরুদ্ধ হয় না।

(ক) যার যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয় না, তার সেখানে কি মার্গসত্য নিরুদ্ধ হবে না?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয় না বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না তা নয়। অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে, অপায়িক সত্ত্বগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের, অরূপ-ভূমিতে অর্হত্ত্বমার্গ ও ফলচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে দুঃখসত্যও নিরুদ্ধ হয় না, মার্গসত্যও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে না, তার সেখানে কি দুঃখসত্য নিরুদ্ধ হয় না?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে, অপায়িক সত্ত্বগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে না বটে, তবে দুঃখসত্য নিরুদ্ধ হয় না তা নয়। অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে, অপায়িক সত্ত্বগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অরূপ-ভূমিতে অর্হত্ত্বমার্গ ও ফলচিত্তের ভঙ্গক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে না, দুঃখসত্যও নিরুদ্ধ হয় না।

১২৫. (ক) যার যেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হয় না, তার সেখানে কি মার্গসত্য নিরুদ্ধ হবে না?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হয় না বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের, অপায়িক সত্ত্বগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হয় না, মার্গসত্যও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে না, তার সেখানে কি সমুদয়সত্য নিরুদ্ধ হয় না?

অপায়িক সত্ত্বগণের, যেই পৃথগ্জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে সেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে না বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হয় না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের, অপায়িক সত্ত্বগণের, যেই পৃথগ্জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে না, সমুদয়সত্যও নিরুদ্ধ হয় না।

(৬) অতীত-ভবিষ্যৎ বার

(ক) অনুলোম-পুদ্গল

১২৬. (ক) যার দুঃখসত্য নিরুদ্ধ হয়েছিল, তার সমুদয়সত্য নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের দুঃখসত্য নিরুদ্ধ হয়েছিল বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হয়েছিল, সমুদয়সত্যও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার... ? হ্যাঁ।

(ক) যার দুঃখসত্য নিরুদ্ধ হয়েছিল, তার মার্গসত্য নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের, যেই পৃথগ্জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের দুঃখসত্য নিরুদ্ধ হয়েছিল বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না। অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন ও যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হয়েছিল, মার্গসত্যও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার... ? হ্যাঁ।

১২৭. (ক) যার সমুদয়সত্য নিরুদ্ধ হয়েছিল, তার মার্গসত্য নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের ও যেই পৃথগ্জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের সমুদয়সত্য নিরুদ্ধ হয়েছিল বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না। অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন ও যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের কিন্তু

সমুদয়সত্যও নিরুদ্ধ হয়েছিল, মার্গসত্যও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার... ? হ্যাঁ।

(খ) অনুলোম-স্থান

১২৮. যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয়েছিল...।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

১২৯. (ক) যার যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয়েছিল, তার সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হবে কি?

অর্হত্তমার্গলাভী সত্ত্বগণের, অর্হত্ত্বগণের, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয়েছিল বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হবে না। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হয়েছিল, সমুদয়সত্যও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার যেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হবে, তার সেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হবে বটে, তবে দুঃখসত্য নিরুদ্ধ হয়েছিল তা নয়। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হবে, দুঃখসত্যও নিরুদ্ধ হয়েছিল।

(ক) যার যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয়েছিল, তার সেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের, যেই পৃথগ্জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের, অপায়িক সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয়েছিল বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না। অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন ও যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও নিরুদ্ধ হয়েছিল, মার্গসত্যও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে, তার সেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে বটে, তবে দুঃখসত্য নিরুদ্ধ হয়েছিল তা নয়। অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন ও যাঁরা অন্যান্য মার্গ

লাভ করবেন সেই সত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে, দুঃখসত্যও নিরুদ্ধ হয়েছিল।

১৩০. (ক) যার যেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হয়েছিল, তার সেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের, অপায়িক সত্ত্বগণের সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হয়েছিল বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না। অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন ও যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হয়েছিল, মার্গসত্যও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে, তার সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় সেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হয়েছিল তা নয়। অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন ও যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে, সমুদয়সত্যও নিরুদ্ধ হয়েছিল।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

১৩১. (ক) যার দুঃখসত্য নিরুদ্ধ হয়নি, তার কি সমুদয়সত্য নিরুদ্ধ হবে না? নেই।

(খ) অথবা যার সমুদয়সত্য নিরুদ্ধ হবে না, তার কি দুঃখসত্য নিরুদ্ধ হয়নি? নিরুদ্ধ হয়েছিল।

(ক) যার দুঃখসত্য নিরুদ্ধ হয়নি, তার কি মার্গসত্য নিরুদ্ধ হবে না? নেই।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হবে না, তার কি দুঃখসত্য নিরুদ্ধ হয়নি? নিরুদ্ধ হয়েছিল।

১৩২. (ক) যার সমুদয়সত্য নিরুদ্ধ হয়নি, তার কি মার্গসত্য নিরুদ্ধ হবে না? নেই।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হবে না, তার কি সমুদয়সত্য নিরুদ্ধ হয়নি? নিরুদ্ধ হয়েছিল।

(ঙ) প্রত্যানীক-স্থান

১৩৩. যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয়নি... ।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

১৩৪. (ক) যার যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয়নি, তার সেখানে কি সমুদয়সত্য নিরুদ্ধ হবে না? নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার যেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হবে না, তার সেখানে কি দুঃখসত্য নিরুদ্ধ হয়নি? নিরুদ্ধ হয়েছিল।

(ক) যার যেখানে দুঃখসত্য নিরুদ্ধ হয়নি, তার সেখানে কি মার্গসত্য নিরুদ্ধ হবে না? নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে না, তার সেখানে কি দুঃখসত্য নিরুদ্ধ হয়নি? নিরুদ্ধ হয়েছিল।

১৩৫. (ক) যার যেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হয়নি, তার সেখানে কি মার্গসত্য নিরুদ্ধ হবে না?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হয়নি বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না তা নয়। অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হয়নি, মার্গসত্যও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে না, তার সেখানে কি সমুদয়সত্য নিরুদ্ধ হয়নি?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের, যেই পৃথগ্জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের ও অপায়িক সত্ত্বগণের সেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে না বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হয়নি তা নয়। অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে না, সমুদয়সত্যও নিরুদ্ধ হয়নি।

[নিরোধ বার]

২. প্রবর্তন বার ৩. উৎপত্তি-নিরোধ বার

(১) বর্তমান বার

(ক) অনুলোম-পুদ্গল

১৩৬. (ক) যার দুঃখসত্য উৎপন্ন হয়, তার সমুদয়সত্য নিরুদ্ধ হয় কি? না।

(খ) অথবা যার সমুদয়সত্য নিরুদ্ধ হয়, তার দুঃখসত্য উৎপন্ন হয় কি? না।

(ক) যার দুঃখসত্য উৎপন্ন হয়, তার মার্গসত্য নিরুদ্ধ হয় কি? না।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হয়, তার দুঃখসত্য উৎপন্ন হয় কি? না।

১৩৭. (ক) যার সমুদয়সত্য উৎপন্ন হয়, তার মার্গসত্য নিরুদ্ধ হয় কি? না।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হয়, তার সমুদয়সত্য উৎপন্ন হয় কি? না।

(খ) অনুলোম-স্থান

১৩৮. যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়, সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হয় কি?

অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে দুঃখসত্য উৎপন্ন হয় বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হয় না...।

(বাকি অংশ উৎপত্তি বার, নিরোধ বার ও উৎপত্তি-নিরোধ বার সর্বত্রই একই। কোন প্রকার ভিন্নতা নেই।)

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

১৩৯. যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়, তার সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হয় কি? না।

(বাকি অংশ 'অনুলোম-পুদ্গল' সদৃশ।)

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

১৪০. (ক) যার দুঃখসত্য উৎপন্ন হয় না, তার কি সমুদয়সত্য নিরুদ্ধ হয় না?

তৃষ্ণার ভঙ্গক্ষণে সত্ত্বগণের দুঃখসত্য উৎপন্ন হয় না বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয় না, সমুদয়সত্যও নিরুদ্ধ হয় না।

(খ) অথবা যার সমুদয়সত্য নিরুদ্ধ হয় না, তার কি দুঃখসত্য উৎপন্ন হয় না?

উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সমুদয়সত্য নিরুদ্ধ হয় না বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হয় না, দুঃখসত্যও উৎপন্ন হয় না।

(ক) যার দুঃখসত্য উৎপন্ন হয় না, তার কি মার্গসত্য নিরুদ্ধ হয় না?

মার্গের ভঙ্গক্ষণে সত্ত্বগণের দুঃখসত্য উৎপন্ন হয় না বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে মার্গবিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয় না, মার্গসত্যও নিরুদ্ধ হয় না।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হয় না, তার কি দুঃখসত্য উৎপন্ন হয় না?

উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে মার্গসত্য নিরুদ্ধ হয় না বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে মার্গবিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হয় না, দুঃখসত্যও উৎপন্ন হয় না।

১৪১. (ক) যার সমুদয়সত্য উৎপন্ন হয় না, তার কি মার্গসত্য নিরুদ্ধ হয় না?

মার্গের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সমুদয়সত্য উৎপন্ন হয় না বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হয় না তা নয়। তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে ও মার্গবিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয় না, মার্গসত্যও নিরুদ্ধ হয় না।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হয় না, তার কি সমুদয়সত্য উৎপন্ন হয় না?

তৃষ্ণার উৎপত্তিক্ষণে সত্ত্বগণের মার্গসত্য নিরুদ্ধ হয় না বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হয় না তা নয়। মার্গবিপ্রযুক্ত চিত্তের ভঙ্গক্ষণে ও মার্গবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হয় না, সমুদয়সত্যও উৎপন্ন হয় না।

(ঙ) প্রত্যানীক-স্থান

১৪২. যেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না...।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

১৪৩. যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না...।

(বাকি অংশ সম্পূর্ণরূপে *‘প্রত্যানীক-পুদ্গল’* সদৃশ। তবে এখানে *‘নিরোধসমাপন্ন সত্ত্বগণের’* এই শব্দবন্ধ বাদ দিতে হবে।)

(২) অতীত বার

(ক) অনুলোম-পুদ্গল

১৪৪. (ক) যার দুঃখসত্য উৎপন্ন হয়েছিল, তার সমুদয়সত্য নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার... ? হ্যাঁ।

(অতীতবিষয়ক প্রশ্নগুলো উৎপত্তি বারে যেভাবে বর্ণিত হয়েছে, ঠিক সেভাবেই উৎপত্তি-নিরোধ বারেও অনুলোম-প্রত্যানীক আকারে বর্ণিতব্য।)

(৩) ভবিষ্যৎ বার

(ক) অনুলোম-পুদ্গল

১৪৫. (ক) যার দুঃখসত্য উৎপন্ন হবে, তার সমুদয়সত্য নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের ও যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের দুঃখসত্য নিরুদ্ধ হবে বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হবে, সমুদয়সত্যও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার... ? হ্যাঁ।

(ক) যার দুঃখসত্য উৎপন্ন হবে, তার মার্গসত্য নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে অর্হৎগণের ও যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের দুঃখসত্য উৎপন্ন হবে বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না। অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন ও যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হবে, মার্গসত্যও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার... ? হ্যাঁ।

১৪৬. (ক) যার সমুদয়সত্য উৎপন্ন হবে, তার মার্গসত্য নিরুদ্ধ হবে কি?

যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের সমুদয়সত্য উৎপন্ন হবে বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না। যাঁরা মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হবে, মার্গসত্যও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হবে, তার সমুদয়সত্য উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে ও যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের মার্গসত্য নিরুদ্ধ হবে বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হবে না। যাঁরা মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের মার্গসত্যও নিরুদ্ধ হবে, সমুদয়সত্যও উৎপন্ন হবে।

(খ) অনুলোম-স্থান

১৪৭. (ক) যেখানে দুঃখসত্য উৎপন্ন হবে...।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

১৪৮. (ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হবে, তার সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে... চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু...।

(বাকি অংশ পূর্বোক্ত '*অনুলোম-পুদ্গল*' সদৃশ।)

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

১৪৯. (ক) যার দুঃখসত্য উৎপন্ন হবে না, তার কি সমুদয়সত্য নিরুদ্ধ হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার সমুদয়সত্য নিরুদ্ধ হবে না, তার কি দুঃখসত্য উৎপন্ন হবে না?

অর্হত্ত্বমার্গলাভী সত্ত্বগণের, অর্হৎগণের ও যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের সমুদয়সত্য নিরুদ্ধ হবে না বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত অর্হৎগণের কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হবে না, দুঃখসত্যও উৎপন্ন হবে না।

(ক) যার দুঃখসত্য উৎপন্ন হবে না, তার কি মার্গসত্য নিরুদ্ধ হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হবে না, তার কি দুঃখসত্য উৎপন্ন হবে না?

অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের ও যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের মার্গসত্য নিরুদ্ধ হবে না বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত অর্হৎগণের কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে না, দুঃখসত্যও উৎপন্ন হবে না।

১৫০. (ক) যার সমুদয়সত্য উৎপন্ন হবে না, তার কি মার্গসত্য নিরুদ্ধ হবে না?

অর্হৎগণের উৎপত্তিক্ষণে ও যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের সমুদয়সত্য উৎপন্ন হবে না বটে, তবে মার্গসত্য

নিরুদ্ধ হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে ও অর্হৎগণের কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হবে না, মার্গসত্যও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হবে না, তার কি সমুদয়সত্য উৎপন্ন হবে না?

যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের মার্গসত্য নিরুদ্ধ হবে না বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে ও অর্হৎগণের কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে না, সমুদয়সত্যও উৎপন্ন হবে না।

(ঙ) প্রত্যানীক-স্থান

১৫১. যেখানে দুঃখসত্য উৎপন্ন হবে না...।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

১৫২. যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হবে না...।

(বাকি অংশ *‘প্রত্যানীক-পুদগল’*সদৃশ। তবে সমুদয়সত্য ও মার্গসত্যের ক্ষেত্রে একটু ভিন্নতা আছে। যেমন : অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে না, সমুদয়সত্যও উৎপন্ন হবে না।)

(৪) বর্তমান-অতীত বার

(ক) অনুলোম-পুদ্গল

১৫৩. (ক) যার দুঃখসত্য উৎপন্ন হয়, তার সমুদয়সত্য নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যার...।

(বর্তমান-অতীতকালীয় প্রশ্নগুলো উৎপত্তি বার ও উৎপত্তি-নিরোধ বার, অনুলোম-পুদ্গল, অনুলোম-স্থান ও অনুলোম-পুদ্গল-স্থান, অনুলোম ও প্রত্যানীক সবক্ষেত্রেই একই। তবে খুব সতর্কতার সাথে বিভাজিত করতে হবে।)

(৫) বর্তমান-ভবিষ্যৎ বার

(ক) অনুলোম-পুদ্গল

১৫৪. (ক) যার দুঃখসত্য উৎপন্ন হয়, তার সমুদয়সত্য নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে ও যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে সেই সত্ত্বগণের দুঃখসত্য উৎপন্ন হয় বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হবে না।

উৎপদ্যমান অপরাপর সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয়, সমুদয়সত্যও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার সমুদয়সত্য নিরুদ্ধ হবে, তার দুঃখসত্য উৎপন্ন হয় কি?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সমুদয়সত্য নিরুদ্ধ হবে বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না। উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হবে, দুঃখসত্যও উৎপন্ন হয়।

(ক) যার দুঃখসত্য উৎপন্ন হয়, তার মার্গসত্য নিরুদ্ধ হবে কি?

অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের দুঃখসত্য উৎপন্ন হয় বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না। অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে ও যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয়, মার্গসত্যও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হবে, তার দুঃখসত্য উৎপন্ন হয় কি?

যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের মার্গসত্য নিরুদ্ধ হবে বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না। অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে, দুঃখসত্যও উৎপন্ন হয়।

১৫৫. (ক) যার সমুদয়সত্য উৎপন্ন হয়, তার মার্গসত্য নিরুদ্ধ হবে কি?

যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে সমুদয়সত্য উৎপন্ন হয় বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না। যাঁরা মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয়, মার্গসত্যও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হবে, তার সমুদয়সত্য উৎপন্ন হয় কি?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন ও যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে

ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের মার্গসত্য নিরুদ্ধ হবে বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হয় না। যাঁরা মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে, সমুদয়সত্যও উৎপন্ন হয়।

(খ) অনুলোম-স্থান

১৫৬. যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়...।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

১৫৭. (ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়, তার সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হবে কি?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে দুঃখসত্য... চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উৎপদ্যমান অপরাপর সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও...।

(খ) অথবা যার যেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হবে, তার সেখানে দুঃখসত্য উৎপন্ন হয় কি?

চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হবে বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হবে, দুঃখসত্যও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয়, তার সেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে কি?

অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে, অপায়িক সত্ত্বগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে দুঃখসত্য উৎপন্ন হয় বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না। অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয়,

মার্গসত্যও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে, তার সেখানে দুঃখসত্য উৎপন্ন হয় কি?

যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না। অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে, দুঃখসত্যও উৎপন্ন হয়।

১৫৮. (ক) যার যেখানে সমুদয়সত্য উৎপন্ন হয়, তার সেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে কি?

অপায়িক সত্ত্বগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে সেখানে সমুদয়সত্য উৎপন্ন হয় বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না। যাঁরা মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে সেখানে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয়, মার্গসত্যও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে, তার সেখানে সমুদয়সত্য উৎপন্ন হয় কি?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন ও যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় সেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হয় না। যাঁরা মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে, সমুদয়সত্যও উৎপন্ন হয়।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

১৫৯. (ক) যার দুঃখসত্য উৎপন্ন হয় না, তার কি সমুদয়সত্য নিরুদ্ধ হবে না?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের দুঃখসত্য উৎপন্ন হয় না বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের

চিত্তের ভঙ্গক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে অর্হত্ত্বমার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয় না, সমুদয়সত্যও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার সমুদয়সত্য নিরুদ্ধ হবে না, তার কি দুঃখসত্য উৎপন্ন হয় না?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে সেই সত্ত্বগণের সমুদয়সত্য নিরুদ্ধ হবে না বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে অর্হত্ত্বমার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হবে না, দুঃখসত্যও উৎপন্ন হয় না।

(ক) যার দুঃখসত্য উৎপন্ন হয় না, তার কি মার্গসত্য নিরুদ্ধ হবে না?

যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের দুঃখসত্য উৎপন্ন হয় না বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে অর্হত্ত্বফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয় না, মার্গসত্যও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হবে না, তার কি দুঃখসত্য উৎপন্ন হয় না?

অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের মার্গসত্য নিরুদ্ধ হবে না বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে অর্হত্ত্বফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে না, দুঃখসত্যও উৎপন্ন হয় না।

১৬০. (ক) যার সমুদয়সত্য উৎপন্ন হয় না, তার কি মার্গসত্য নিরুদ্ধ হবে না?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সমুদয়সত্য উৎপন্ন হয় না বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হয় না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের, যেই পৃথগ্জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয় না, মার্গসত্যও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার মার্গসত্য নিরুদ্ধ হবে না, তার কি সমুদয়সত্য উৎপন্ন হয় না?

যেই পৃথগ্জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে মার্গসত্য নিরুদ্ধ হবে না বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হয় না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের, যেই পৃথগ্জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে না, সমুদয়সত্যও উৎপন্ন হয় না।

(ঙ) প্রত্যানীক-স্থান

১৬১. যেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না...।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

১৬২. (ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না, তার সেখানে কি সমুদয়সত্য নিরুদ্ধ হবে না?

চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না বটে, তবে সমুদয়সত্য নিরুদ্ধ হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে অর্হত্ত্বমার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয় না, সমুদয়সত্যও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার যেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হবে না, তার সেখানে কি দুঃখসত্য উৎপন্ন হয় না?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের উৎপত্তিক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে সমুদয়সত্য নিরুদ্ধ হবে

না বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে অর্হত্ত্বমার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও নিরুদ্ধ হবে না, দুঃখসত্যও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না, তার সেখানে কি মার্গসত্য নিরুদ্ধ হবে না?

যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন সেই চিত্তের ভঙ্গক্ষণে, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে মার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে দুঃখসত্য উৎপন্ন হয় না বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে, অপায়িক সত্ত্বগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে অর্হত্ত্বফলচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু দুঃখসত্যও উৎপন্ন হয় না, মার্গসত্যও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে না, তার সেখানে কি দুঃখসত্য উৎপন্ন হয় না?

অর্হৎগণের চিত্তের উৎপত্তিক্ষণে, অপায়িক সত্ত্বগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না এমন উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে না বটে, তবে দুঃখসত্য উৎপন্ন হয় না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের চিত্তের ভঙ্গক্ষণে, অপায়িক সত্ত্বগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না এমন চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে, অরূপ-ভূমিতে অর্হত্ত্বমার্গ ও ফলচিত্তের উৎপত্তিক্ষণে, অসংজ্ঞসত্ত্ব-ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে না, দুঃখসত্যও উৎপন্ন হয় না।

১৬৩. (ক) যার যেখানে সমুদয়সত্য উপন্ন হয় না, তার সেখানে কি মার্গসত্য নিরুদ্ধ হবে না?

অর্হত্ত্বমার্গের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে সত্ত্বগণ অর্হত্ত্বমার্গ লাভ করবেন, যাঁরা অন্যান্য মার্গ লাভ করবেন সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় সেখানে সমুদয়সত্য উৎপন্ন হয় না

বটে, তবে মার্গসত্য নিরুদ্ধ হবে না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের, অপায়িক সত্ত্বগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু সমুদয়সত্যও উৎপন্ন হয় না, মার্গসত্যও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার যেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে না, তার সেখানে কি সমুদয়সত্য উৎপন্ন হয় না?

অপায়িক সত্ত্বগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার উৎপত্তিক্ষণে সেখানে মার্গসত্য নিরুদ্ধ হবে না বটে, তবে সমুদয়সত্য উৎপন্ন হয় না তা নয়। অর্হত্ত্বমার্গের ভঙ্গক্ষণে, অর্হৎগণের, অপায়িক সত্ত্বগণের, যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবে না সেই সত্ত্বগণের তৃষ্ণার ভঙ্গক্ষণে ও তৃষ্ণাবিপ্রযুক্ত চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু মার্গসত্যও নিরুদ্ধ হবে না, সমুদয়সত্যও উৎপন্ন হয় না।

(৬) অতীত-ভবিষ্যৎ বার

(ক) অনুলোম-পুদ্গল

১৬৪. (ক) যার দুঃখসত্য উৎপন্ন হয়েছিল, তার সমুদয়সত্য নিরুদ্ধ হবে কি?

(নিরোধ বারে অতীত-ভবিষ্যৎকালীয় প্রশ্নগুলো অনুলোম ও প্রত্যানীক আকারে যেভাবে বর্ণিত হয়েছে, ঠিক সেভাবে উৎপত্তি-নিরোধ বারেও খুব সতর্কতার সাথে বর্ণনা করতে হবে।)

[উৎপত্তি-নিরোধ বার]

[প্রবর্তন বার সমাপ্ত]

৩. পরিজ্ঞা[1] বার

১. বর্তমান বার

১৬৫. (ক) যে দুঃখসত্য জ্ঞাত হয়[2], সে সমুদয়সত্য ত্যাগ করে[3] কি? হ্যাঁ।

(খ) অথবা যে সমুদয়সত্য ত্যাগ করে, সে দুঃখসত্য জ্ঞাত হয় কি? হ্যাঁ।

(ক) যে দুঃখসত্য জ্ঞাত হয় না, সে কি সমুদয়সত্য ত্যাগ করে না? হ্যাঁ।

(খ) অথবা যে... ? হ্যাঁ।

২. অতীত বার

১৬৬. (ক) যে দুঃখসত্য জ্ঞাত হয়েছিল, সে সমুদয়সত্য ত্যাগ করেছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যে... ? হ্যাঁ।

(ক) যে দুঃখসত্য জ্ঞাত হয়নি, সে কি সমুদয়সত্য ত্যাগ করেনি? হ্যাঁ।

(খ) অথবা যে... ? হ্যাঁ।

৩. ভবিষ্যৎ বার

১৬৭. (ক) যে দুঃখসত্য জ্ঞাত হবে, সে সমুদয়সত্য ত্যাগ করবে কি? হ্যাঁ।

(খ) অথবা যে... ? হ্যাঁ।

(ক) যে দুঃখসত্য জ্ঞাত হবে না, সে কি সমুদয়সত্য ত্যাগ করবে না? হ্যাঁ।

(খ) অথবা যে... ? হ্যাঁ।

৪. বর্তমান-অতীত বার

১৬৮. (ক) যে দুঃখসত্য জ্ঞাত হয়, সে সমুদয়সত্য ত্যাগ করেছিল কি? না।

(খ) অথবা যে সমুদয়সত্য ত্যাগ করেছিল, সে দুঃখসত্য জ্ঞাত হয় কি? না।

(ক) যে দুঃখসত্য জ্ঞাত হয় না, সে কি সমুদয়সত্য ত্যাগ করেনি?

---

[1]। পরিজ্ঞা তিন প্রকার; যথা : জ্ঞাতপরিজ্ঞা, তীরণপরিজ্ঞা ও প্রহাণপরিজ্ঞা। লোকোত্তর ধর্মের মধ্যে পরিজ্ঞা বিদ্যমান না থাকায় এখানে মাত্র দুটি সত্য গৃহীত হয়েছে।

[2]। 'দুঃখসত্য জ্ঞাত হয়' ইহা জ্ঞাতপরিজ্ঞা ও তীরণপরিজ্ঞাবশে বলা হয়েছে।

[3]। 'সমুদয়সত্য ত্যাগ করে' ইহা জ্ঞাতপরিজ্ঞা ও প্রহাণপরিজ্ঞাবশে বলা হয়েছে। পরবর্তীগুলো একই নিয়মে জ্ঞাতব্য।

অর্হৎ দুঃখসত্য জ্ঞাত হন না বটে, তবে সমুদয়সত্য ত্যাগ করেননি তা নয়। অর্হত্ত্বমার্গলাভী ও অর্হৎ ব্যতীত বাকি পুদ্গালেরা কিন্তু দুঃখসত্যও জ্ঞাত হয় না, সমুদয়সত্যও ত্যাগ করেনি।

(খ) অথবা যে সমুদয়সত্য ত্যাগ করেনি, সে কি দুঃখসত্য জ্ঞাত হয় না?

অর্হত্ত্বমার্গলাভী সমুদয়সত্য ত্যাগ করেননি বটে, তবে দুঃখসত্য জ্ঞাত হয় না তা নয়। অর্হত্ত্বমার্গলাভী ও অর্হৎ ব্যতীত বাকি পুদ্গালেরা কিন্তু সমুদয়সত্যও ত্যাগ করেনি, দুঃখসত্যও জ্ঞাত হয় না।

৫. বর্তমান-ভবিষ্যৎ বার

১৬৯. (ক) যে দুঃখসত্য জ্ঞাত হয়, সে সমুদয়সত্য ত্যাগ করবে কি? না।

(খ) অথবা যে সমুদয়সত্য ত্যাগ করবে, সে দুঃখসত্য জ্ঞাত হয় কি? না।

(ক) যে দুঃখসত্য জ্ঞাত হয় না, সে কি সমুদয়সত্য ত্যাগ করবে না?

যাঁরা মার্গ লাভ করবেন তাঁরা দুঃখসত্য জ্ঞাত হন না বটে, তবে সমুদয়সত্য ত্যাগ করবেন না তা নয়। অর্হৎ ও যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবেন তাঁরা কিন্তু দুঃখসত্যও জ্ঞাত হন না, সমুদয়সত্যও ত্যাগ করবেন না।

(খ) অথবা যে সমুদয়সত্য ত্যাগ করবে না, সে কি দুঃখসত্য জ্ঞাত হয় না?

অর্হত্ত্বমার্গলাভী সমুদয়সত্য ত্যাগ করবেন না বটে, তবে দুঃখসত্য জ্ঞাত হন না তা নয়। অর্হৎ ও যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবেন তাঁরা কিন্তু সমুদয়সত্যও ত্যাগ করবেন না, দুঃখসত্যও জ্ঞাত হন না।

৬. অতীত-ভবিষ্যৎ বার

১৭০. (ক) যে দুঃখসত্য জ্ঞাত হয়েছিল, সে সমুদয়সত্য ত্যাগ করবে কি? না।

(খ) অথবা যে সমুদয়সত্য ত্যাগ করবে, সে দুঃখসত্য জ্ঞাত হয়েছিল কি? না।

(ক) যে দুঃখসত্য জ্ঞাত হয়নি, সে কি সমুদয়সত্য ত্যাগ করবে না?

যাঁরা মার্গ লাভ করবেন তাঁরা দুঃখসত্য জ্ঞাত হননি বটে, তবে সমুদয়সত্য ত্যাগ করবেন না তা নয়। অর্হত্ত্বমার্গলাভী ও যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবেন তাঁরা কিন্তু দুঃখসত্যও জ্ঞাত হননি, সমুদয়সত্যও ত্যাগ করবেন না।

(খ) অথবা যে সমুদয়সত্য ত্যাগ করবে না, সে কি দুঃখসত্য জ্ঞাত

হয়নি?

অর্হৎ সমুদয়সত্য ত্যাগ করবেন না বটে, তবে দুঃখসত্য জ্ঞাত হননি তা নয়। অর্হত্ত্বমার্গলাভী ও যেই পৃথগ্‌জনেরা মার্গ লাভ করবেন তাঁরা কিন্তু সমুদয়সত্যও ত্যাগ করবেন না, দুঃখসত্যও জ্ঞাত হননি।

[পরিজ্ঞা বার]

[সত্য-যমক সমাপ্ত]

[যমক (প্রথম খণ্ড) সমাপ্ত]

* * *

অভিধর্মপিটকে

(দ্বিতীয় খণ্ড)

ভদন্ত করুণাবংশ ভিক্ষু

কর্তৃক অনূদিত

অভিধর্মপিটকে যমক (দ্বিতীয় খণ্ড)

অনুবাদ : ভদন্ত করুণাবংশ ভিক্ষু

স্বত্ব : অনুবাদক

প্রথম প্রকাশ : ৮ জানুয়ারি ২০১৩

প্রকাশক : ২০১২ সালে স্থবির পদে উন্নীত হওয়া বনভন্তের শিষ্য ভিক্ষুবৃন্দ

কম্পিউটার কম্পোজ : শ্রীমান বিমলজ্যোতি শ্রামণ

সহযোগিতায় : ভদন্ত সম্বোধি ভিক্ষু

ভদন্ত জ্ঞানলোক ভিক্ষু

Abhidhammapitake

YAMAKA (part II)

Translated by Ven. Karunabangsha Bhikkhu

Copyright : Translator

Cover Design : Ven. Karunabangsha Bhikkhu

Published by Most Ven. Bhikkhu Sangha

First Published : 8 January 2013

উৎসর্গ-পত্র

জন্মের পর থেকে আজ অব্দি
আমার যাপিত জীবনে

যেসব মানুষের সামান্যতমও সহায়তা আমি পেয়েছি,
পেয়েছি ভালোবাসা, আদর-যত্ন, স্নেহ-মমতা।

আর যেসব মহতো মহান ব্যক্তির স্নেহসান্নিধ্য পেয়ে
বুঝেছি জীবনের সার্থকতা।

তাঁদের প্রত্যেকের ক্ষুদ্র-বৃহৎ অবদান,
জীবনে আমার রবে যে চির অম্লান।

আমার অনূদিত এই পবিত্র গ্রন্থখানি
তাঁদের সকলের পুণ্যস্মৃতির উদ্দেশে—
ও পরমা শান্তি দুঃখমুক্তি নির্বাণ কামনায়
উৎসর্গ করিনু পরম কৃতজ্ঞতায়।

ইতি
ভদন্ত করুণাবংশ ভিক্ষু

সূচিপত্র

অভিধর্মপিটকে যমক (দ্বিতীয় খণ্ড)

৬. সংস্কার-যমক

৭. অনুশয়-যমক

৮. চিত্ত-যমক

(ক) উদ্দেশ

(খ) নির্দেশ

মুখবন্ধ

যমক গ্রন্থটি মোট তিন খণ্ডে সমাপ্ত। যমকের প্রথম খণ্ডটি প্রকাশিত হয়েছে। ইহা যমকের দ্বিতীয় খণ্ড। অভিধর্ম ও যমক সম্বন্ধে প্রথম খণ্ডের মুখবন্ধে যথোচিত আলোচনা তুলে ধরা হয়েছে। অতএব এখানে তার পুনরুল্লেখ করে অহেতুক কলেবর বৃদ্ধির ইচ্ছা আমার নেই। আগ্রহী পাঠকগণ প্রথম খণ্ডের মুখবন্ধ পড়ে দেখবেন।

যমক গ্রন্থটি মোট দশটি অধ্যায়ে আলোচিত। সেই দশটি অধ্যায় হচ্ছে : ১) মূল-যমক, ২) স্কন্ধ-যমক, ৩) আয়তন-যমক, ৪) ধাতু-যমক, ৫) সত্য-যমক, ৬) সংস্কার-যমক, ৭) অনুশয়-যমক, ৮) চিত্ত-যমক, ৯) ধর্ম-যমক ও ১০) ইন্দ্রিয়-যমক। এই দশটি অধ্যায়ের মধ্যে প্রথম পাঁচটি অধ্যায় প্রথম খণ্ডে বিস্তারিতভাবে আলোচিত। সংস্কার-যমক, অনুশয়-যমক ও চিত্ত-যমক—এই তিনটি যমকসম্বন্ধে সবিস্তার আলোচনা আছে এই দ্বিতীয় খণ্ডে।

'যমক' অর্থে যুগল, যুগ্ম, জোড়া। অতএব *যমক* গ্রন্থে স্বপক্ষীয় ও প্রতিপক্ষীয় প্রশ্নযুগল দ্বারা প্রতিটি বিষয়ে বিভিন্ন আঙ্গিক ও দৃষ্টিকোণ থেকে চুলচেড়া বিশ্লেষণের চেষ্টা আছে। বুদ্ধোপদিষ্ট পারমার্থিক সত্যের উপর যাতে করে কোনোরূপ দ্ব্যর্থ, ভিন্নার্থ ও কল্পিতার্থ আরোপ করা না যায়।

এখন একটু *যমক দ্বিতীয় খণ্ড* গ্রন্থটির বিষয়বস্তুর দিকে দৃষ্টি দেওয়া যাক। সংস্কার-যমকের মূল আলোচ্য বিষয় হচ্ছে : কায়সংস্কার, বাক্যসংস্কার ও চিত্তসংস্কার। এ-প্রসঙ্গে বলা হয়েছে : "শ্বাস-প্রশ্বাস হচ্ছে 'কায়সংস্কার'। বিতর্ক-বিচার হচ্ছে 'বাক্যসংস্কার'। সংজ্ঞা ও বেদনা হচ্ছে 'চিত্তসংস্কার'। বিতর্ক-বিচার ব্যতীত অবশিষ্ট চিত্তসম্প্রযুক্ত সকল ধর্মও 'চিত্তসংস্কার'।"

এখন প্রশ্ন হচ্ছে 'সংস্কার' বলতে কী বোঝায়? অর্থকথামতে নতুনভাবে উৎপন্ন করে এই অর্থে সংস্কার। শ্বাস-প্রশ্বাসকে কায়সংস্কার বলার কারণ হচ্ছে ইহারা কায়িক ও কায়প্রতিবদ্ধ। এক কথায় বলতে গেলে শ্বাস-প্রশ্বাসরূপ বায়ু কায় হতে উৎপন্ন হয় এই অর্থেই 'কায়সংস্কার'। বিতর্ক-বিচারকে বাক্যসংস্কার বলার কারণ হচ্ছে, মানুষ কথা বলার আগে চিন্তা-বিচার করে। চিন্তা অর্থ এখানে বিতর্ক। অতএব বিতর্ক-বিচারই হচ্ছে 'বাক্যসংস্কার'। সংজ্ঞা ও বেদনাসহ অপরাপর চিত্তসম্প্রযুক্ত সমস্ত

চৈতসিককেই একত্রে চিত্তসংস্কার বলা হয়েছে। কারণ এইসব চৈতসিক চিত্তপ্রতিবদ্ধ তথা চিত্তসংশ্লিষ্ট।

সেই বিচারে বলতে হয়, কামলোকের সত্ত্বগণের উক্ত তিনটি সংস্কারই উৎপন্ন হয়। কিন্তু রূপারূপ লোকের সত্ত্বগণের বাক্যসংস্কার ও চিত্তসংস্কার উৎপন্ন হলেও কায়সংস্কার উৎপন্ন হয় না। কয়েকটি দৃষ্টান্ত দেওয়া যাক :

(ক) যার কায়সংস্কার উৎপন্ন হয়, তার বাক্যসংস্কার উৎপন্ন হয় কি?

বিনা বিতর্ক-বিচারে শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কায়সংস্কার উৎপন্ন হয় বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হয় না। প্রথম ধ্যানলাভী সত্ত্বগণের ও কামাবচর সত্ত্বগণের কিন্তু শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে কায়সংস্কারও উৎপন্ন হয়, বাক্যসংস্কারও উৎপন্ন হয়।

(খ) অথবা যার বাক্যসংস্কার উৎপন্ন হয়, তার কায়সংস্কার উৎপন্ন হয় কি?

বিনা শ্বাস-প্রশ্বাসে বিতর্ক-বিচারের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের বাক্যসংস্কার উৎপন্ন হয় বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয় না। প্রথম ধ্যানলাভী সত্ত্বগণের ও কামাবচর সত্ত্বগণের কিন্তু শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে বাক্যসংস্কারও উৎপন্ন হয়, কায়সংস্কারও উৎপন্ন হয়।

ইহা দ্বারা এই বুঝায় যে, দ্বিতীয় ও তৃতীয় ধ্যানলাভী সত্ত্বগণের কায়সংস্কার উৎপন্ন হলেও বাক্যসংস্কার উৎপন্ন হয় না। কারণ দ্বিতীয় ও তৃতীয় ধ্যানে বিতর্ক-বিচার—এই ধ্যানাঙ্গদ্বয়ের কার্য সাধকের চিত্তে অনুভূত হয় না। তখন সাধকের চিত্তে শুধু প্রীতি, সুখ, একাগ্রতা—এই সমস্ত ধ্যানাঙ্গ কাজ করতে থাকে।

অনুশয়-যমকের মূল আলোচ্য বিষয় সপ্ত অনুশয়; যথা : কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয়, ভবরাগানুশয় ও অবিদ্যানুশয়। এই সাতটি অনুশয় চিত্তসন্ততিতে প্রচ্ছন্ন আকারে সুপ্ত থাকে। কিন্তু আলম্বনাদি অনুরূপ কারণ পেলেই জেগে উঠে। এই সমস্ত অনুশয় অতীব শক্তিশালী এবং ইহাদেরকে **'অনাগত চিত্তক্লেশ'** বলা হয়ে থাকে।

কামরাগানুশয় সুখ-সৌমনস্য বেদনায় ও উপেক্ষা বেদনায় সুপ্ত থাকে। প্রতিঘানুশয় দুঃখ-দৌর্মনস্য বেদনায় সুপ্ত থাকে। মানানুশয় কামলোকে সুখ-সৌমনস্য ও উপেক্ষা বেদনায় এবং রূপারূপ ভূমিতে সুপ্ত থাকে। দৃষ্টানুশয়

সংসারাবর্তনিশ্রিত সৎকায়দৃষ্টিযুক্ত যাবতীয় বিষয়ে সুপ্ত থাকে। বিচিকিৎসানুশয়ও ঠিক তদ্রুপ। ভবরাগানুশয় রূপারূপ ভূমিতে সুপ্ত থাকে। আর অবিদ্যানুশয়ও সংসারাবর্তনিশ্রিত সৎকায়দৃষ্টিযুক্ত যাবতীয় বিষয়ে সুপ্ত থাকে।

যার নিকট কামরাগানুশয় বিদ্যমান, তার নিকট প্রতিঘানুশয়ও বিদ্যমান। প্রতিঘানুশয়ের বিদ্যমানতা কামরাগানুশয়ের বিদ্যমানতাজ্ঞাপক। কামরাগানুশয়ের বিদ্যমানতা মানানুশয়ের বিদ্যমানতাজ্ঞাপক হলেও মানানুশয়ের বিদ্যমানতা কামরাগানুশয়ের বিদ্যমানতাজ্ঞাপক নয়। কারণ অনাগামীর নিকট মানানুশয় বিদ্যমান থাকলেও কামরাগানুশয় বিদ্যমান থাকে না। এক কথায় বলা যেতে পারে যে, পৃথগ্জনের নিকট উক্ত সাতটি অনুশয়ই বিদ্যমান থাকে। স্রোতাপন্ন ও সকৃদাগামীর নিকট দৃষ্টি ও বিচিকিৎসানুশয় বিদ্যমান থাকে না বটে, তবে বাকি পাঁচটি অনুশয়ই বিদ্যমান থাকে। অনাগামীর নিকট কামরাগানুশয় ও প্রতিঘানুশয় বিদ্যমান থাকে না, কিন্তু মানানুশয়, ভবরাগানুশয় ও অবিদ্যানুশয় বিদ্যমান থাকে। একমাত্র অর্হতের চিত্তই নিরনুশয় তথা অনুশয়মুক্ত।

এই সাতটি অনুশয়সম্বন্ধে নানা দৃষ্টিকোণ থেকে বহুমাত্রিক বিশ্লেষণ আছে এই অনুশয়-যমকে। প্রধানত দুটি বারে ভাগ করা হয়েছে; যথা : উৎপত্তি-স্থানবার ও মহাবার। মহাবারের মধ্যে আরও সাতটি উপবিভাগ রয়েছে; যথা : অনুশয় বার, সানুশয় বার, পরিত্যাগ বার, পরিজ্ঞা বার, প্রহীণ বার, উৎপত্তি বার ও ধাতু বার। এভাবেই অনুলোম-প্রত্যানীক ও পুদ্গল, স্থান, পুদ্গল-স্থান প্রভৃতি প্রকারে সপ্ত অনুশয়সম্বন্ধে অনুপুঙ্খ বর্ণনা আছে এই অনুশয়-যমকে।

চিত্ত-যমকে মূলত চিত্তসম্বন্ধেই আলোচনা-পর্যালোচনা করা হয়েছে। চিত্তের সংখ্যা মোট ৮৯ প্রকার হলেও চিত্ত মূলত একটিই। ৫২ প্রকার চৈতসিক তথা চিত্তবৃত্তির গুচ্ছাকারে বিভিন্ন সমাবেশের কারণেই মূলত এই এক প্রকার চিত্তের ৮৯ প্রকার বিকাশ। অতএব ৮৯ প্রকার চিত্ত হলেও প্রত্যেকটি চিত্তেই একটি মৌল স্বভাব বিদ্যমান সেটি হলো : **'আলম্বন বিজানন স্বভাব'**। চৈতসিক-সম্প্রয়োগ অনুসারে চিত্ত বহুবিধ হলেও এই **'আলম্বন বিজানন স্বভাব'** কখনো ত্যাগ করে না।

উক্ত চিত্তের উৎপত্তি, নিরোধ, উৎপদ্যমান, নিরুদ্ধমান প্রভৃতি বিষয়ে তন্নিষ্ঠ পর্যবেক্ষণ আছে এই চিত্ত-যমকে। এই চিত্ত-যমকে প্রধানত দুটি ভাগে বিভক্ত; যথা : উদ্দেশ ও নির্দেশ। প্রত্যেক বারে আবার পুদ্গল বার, ধর্ম বার

ও পুদ্গল-ধর্ম বার ভেদে তিনটি বারে বিভক্ত। উক্ত প্রত্যেক বারে উৎপত্তি-নিরোধ কালসম্ভেদ বার, উৎপত্তি-উৎপন্ন বার প্রভৃতি চৌদ্দটি বার বিদ্যমান। এভাবে চিত্তকে বহুমাত্রিক দৃষ্টিকোণ থেকে বিশ্লেষণের চেষ্টা আছে এই চিত্ত-যমকে।

বরাবরের মতো এই যমক দ্বিতীয় খণ্ড গ্রন্থটি কম্পিউটার কম্পোজের মতো শ্রমসাধ্য কাজটি অত্যন্ত যত্নের সাথে করে দিয়েছেন স্নেহভাজন শ্রীমান বিমলজ্যোতি শ্রামণ। আমি তাকে অশেষ কৃতজ্ঞতা জানাচ্ছি। বানানশুদ্ধিতে বন্ধুভাজন শ্রদ্ধেয় শ্রীমৎ সংকিচ্ছ স্থবির মহোদয় আমাকে যথেষ্ট সহায়তা করেছেন। স্নেহভাজন শ্রীমৎ জ্ঞানলোক ভিক্ষুও আমাকে বিভিন্নভাবে আন্তরিক সহায়তা করেছেন। আমি উভয়ের নিকট অশেষ কৃতজ্ঞতা প্রকাশ করছি। প্রথম খণ্ডটির ন্যায় এই দ্বিতীয় খণ্ডটিও ২০১২ সালে ‘স্থবির’ পদে উন্নীত হওয়া বন্ধুভাজন ভিক্ষুগণ প্রকাশ করায় আমাকে চিরকৃতজ্ঞতার পাশে আবদ্ধ করেছেন। উক্ত বন্ধুভাজন ভিক্ষুগণের এই মহতী উদ্যোগ ভূয়সী প্রশংসার দাবি রাখে। এই গ্রন্থটির প্রকাশকসহ সংশ্লিষ্ট সকলকে আমি অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

ইতি

ভদন্ত করুণাবংশ ভিক্ষু

২৫ জুলাই ২০১২

প্রকাশকবৃন্দের নিবেদন

বুদ্ধ-উদ্ভাবিত দার্শনিক তত্ত্বসমূহ সামগ্রিকভাবে ধারণ করা হয়েছে পালি ত্রিপিটকের অন্যতম অভিধর্মপিটকে। ইহাতে জীবজগতের যাবতীয় বিষয়গুলো দার্শনিক দৃষ্টিকোণ থেকে সম্পূর্ণ পারমার্থিকভাবে আলোচিত হয়েছে। তুলনামূলক কঠিন ও জটিল তত্ত্বপূর্ণ এই অভিধর্ম অধ্যয়ন ও পাঠ তাই মন্দপ্রাজ্ঞ পাঠক সাধারণের জন্যে নয়। ইহা দর্শনশাস্ত্রের মতো নিরস বিষয় অধ্যয়নেচ্ছু মুক্তিকামী তীক্ষ্ণপ্রাজ্ঞ পাঠকদের কাছে পরম অমৃতোপম।

বাংলা ভাষায় এমন বৌদ্ধদর্শন-বিষয়ক গ্রন্থের অনুবাদ, আলোচনা, গবেষণা, প্রকাশ ও প্রচার-প্রসার অদ্যাবধি অত্যন্ত সীমিত বলা চলে। অভিধর্মপিটকের গুটিকয়েক বই ও *অভিধর্মার্থ-সংগ্রহ* ব্যতীত অভিধর্ম-দর্শন সম্বন্ধীয় বইপত্র বাংলায় প্রকাশের ব্যাপকতা তেমন একটা বৃদ্ধি পায়নি। সেজন্য অভিধর্মপিটকের অনেক বই ও অর্থকথা এখনো বাংলায় অননূদিতই রয়ে গেছে। এই *যমক* গ্রন্থটি খানিকটা হলেও সেই অভাব পূরণ করবে আশা রাখি। ইহা অনুবাদ করেছেন অভিজ্ঞ অনুবাদক আমাদেরই সতীর্থ ভদন্ত করুণাবংশ ভিক্ষু। ত্রিপিটক অনুবাদের মতো মহান কাজের জন্য আমরা তাঁকে অভিনন্দন জানাই। আমরা ভবিষ্যতেও তাঁর ক্ষুরধার অভিজ্ঞ লেখনী থেকে বহু মূল্যবান গ্রন্থ আশা করছি।

আমরা যারা ২০১২ সালে বর্ষাশেষে ভিক্ষুজীবনের দশ বর্ষা পূর্ণ করে তথাকথিত **'সম্মতি-স্থবির'** পদে উন্নীত হয়েছি, তাদের সকলের সম্মিলিত উদ্যোগে ও স্বতঃস্ফূর্ত আর্থিক বদান্যতায় এই *যমক দ্বিতীয় খণ্ড* গ্রন্থটিও প্রকাশিত হতে যাচ্ছে। এই গ্রন্থ প্রকাশে পুণ্যচেতনায় আর্থিকভাবে আমাদের সহায়তা করেছেন খাগড়াছড়ি, বান্দরবান ও নানিয়ার চর এলাকার কতিপয় শ্রদ্ধাবান দায়ক-দায়িকাবৃন্দ। কলেবর বৃদ্ধির ভয়ে তাদের নাম ও ঠিকানা এখানে তুলে ধরা সম্ভব হলো না। আমরা আমাদের পক্ষ থেকে তাদের আশীর্বাদসহ অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

সুগভীর দার্শনিক তত্ত্বসমৃদ্ধ এই *যমক* গ্রন্থটি প্রকাশিত হওয়ায় এই বাংলাভাষী অঞ্চলে যদি কিছুটা হলেও বৌদ্ধদর্শন চর্চায় উৎসাহ বৃদ্ধি পায়

এবং গতি সঞ্চার হয়, তবেই আমাদের সমুদয় অর্থব্যয় ও শ্রম সার্থক মনে করবো। পরিশেষে এই গ্রন্থ-প্রকাশজনিত পুণ্যপ্রভাবে আমাদের সকলের বুদ্ধজ্ঞান-বিমণ্ডিত প্রাজ্জোজ্জ্বল জীবন লাভ হোক এবং পরমা শান্তি দুঃখমুক্তি নির্বাণ লাভ হোক—এই প্রার্থনা করছি।

চিরং তিট্ঠতু বুদ্ধসাসনম্!

বিনীত

২০১২ সালে স্থবির পদে
উন্নীত হওয়া বনভন্তের শিষ্য ভিক্ষুবৃন্দ
রাজবন বিহার, রাঙামাটি
৯ নভেম্বর ২০১২

"সেই ভগবান অর্হৎ সম্যকসম্বুদ্ধকে বন্দনা"

অভিধর্মপিটকে

(দ্বিতীয় খণ্ড)

৬. সংস্কার-যমক

১. প্রজ্ঞপ্তি বার

(ক) উদ্দেশ

১. সংস্কার তিন প্রকার; যথা : কায়সংস্কার, বাক্যসংস্কার ও চিত্তসংস্কার। শ্বাস-প্রশ্বাস হচ্ছে 'কায়সংস্কার'[১]। বিতর্ক-বিচার হচ্ছে 'বাক্যসংস্কার'[২]। সংজ্ঞা ও বেদনা হচ্ছে 'চিত্তসংস্কার'[৩]। বিতর্ক-বিচার ব্যতীত অবশিষ্ট চিত্তসম্প্রযুক্ত সকল ধর্মও 'চিত্তসংস্কার'।

---

[১]। মধ্যমনিকায় ও সংযুক্তনিকায়ে ভগবান বুদ্ধ বলেছেন, *'শ্বাস-প্রশ্বাস হচ্ছে কায়িক ও কায়প্রতিবদ্ধ।'* এতে করে প্রতীয়মান হয় যে ইহা কারণসম্ভূত অশুচিদেহের পরিণামফল নতুনভাবে উৎপন্ন করে এই অর্থে 'কায়সংস্কার'। অন্যভাবে বলতে গেলে বলা যায়, নতুনভাবে উৎপন্ন করে এই অর্থে 'সংস্কার'। কার দ্বারা নতুনভাবে উৎপন্ন হয়? কায় দ্বারা নতুনভাবে উৎপন্ন হয়। ইহা কর্মকারের ভস্ত্রার বায়ুর ন্যায় অশুচিদেহের দ্বারাই নতুনভাবে উৎপন্ন হয়। এবম্বিধ কায়ের সংস্কারই হচ্ছে 'কায়সংস্কার'। শ্বাস-প্রশ্বাসরূপ বায়ু কায় হতে উৎপন্ন এই অর্থেও 'কায়সংস্কার'। *[যমক-অট্‌ঠকথা]*

[২]। মধ্যমনিকায় ও সংযুক্তনিকায়ে ভগবান বুদ্ধ বলেছেন, *'আবুসো বিশাখ, মানুষ আগে চিন্তা-বিচার (বিতর্ক-বিচার) করে, পরে কথা বলে।'* অতএব বিতর্ক-বিচার হচ্ছে 'বাক্যসংস্কার'। এতে করে প্রতীয়মান হয় যে, উৎপন্ন করে এই অর্থে সংস্কার। কী উৎপন্ন করে? বাক্য। এবম্বিধ বাক্যের সংস্কারই হচ্ছে 'বাক্যসংস্কার'। *[যমক-অট্‌ঠকথা]*

[৩]। মধ্যমনিকায় ও সংযুক্তনিকায়ে ভগবান বুদ্ধ বলেছেন, *'সংজ্ঞা ও বেদনা এই চৈতসিকদ্বয় চিত্তপ্রতিবদ্ধ তথা চিত্তসংশ্লিষ্ট।'* এতে প্রতীয়মান হয় যে, উৎপন্ন করে এই অর্থে সংস্কার। কার দ্বারা উৎপন্ন হয়? চিত্ত দ্বারা উৎপন্ন হয়। চিত্তের সংস্কারই হচ্ছে 'চিত্তসংস্কার'। এই অর্থে চিত্তসমুত্থিত সমস্ত চৈতসিক ধর্মকেই 'চিত্তসংস্কার' বলা হয়। *[যমক-অট্‌ঠকথা]*

১. পদশোধন বার

(ক) অনুলোম

২. (ক) কায় কি কায়সংস্কার?
(খ) কায়সংস্কার কি কায়?
(ক) বাক্য কি বাক্যসংস্কার?
(খ) বাক্যসংস্কার কি বাক্য?
(ক) চিত্ত কি চিত্তসংস্কার?
(খ) চিত্তসংস্কার কি চিত্ত?

(খ) প্রত্যানীক

৩. (ক) যা কায় নয় তা কায়সংস্কার নয় কি?
(খ) যা কায়সংস্কার নয় তা কায় নয় কি?
(ক) যা বাক্য নয় তা বাক্যসংস্কার নয় কি?
(খ) যা বাক্যসংস্কার নয় তা বাক্য নয় কি?
(ক) যা চিত্ত নয় তা চিত্তসংস্কার নয় কি?
(খ) যা চিত্তসংস্কার নয় তা চিত্ত নয় কি?

২. পদশোধন মূলচক্র বার

(ক) অনুলোম

৪. (ক) কায় কি কায়সংস্কার?
(খ) সর্ববিধ সংস্কারই কি বাক্যসংস্কার?
(ক) কায় কি কায়সংস্কার?
(খ) সর্ববিধ সংস্কারই কি চিত্তসংস্কার?
(ক) বাক্য কি বাক্যসংস্কার?
(খ) সর্ববিধ সংস্কারই কি কায়সংস্কার?
(ক) বাক্য কি বাক্যসংস্কার?
(খ) সর্ববিধ সংস্কারই কি চিত্তসংস্কার?
(ক) চিত্ত কি চিত্তসংস্কার?
(খ) সর্ববিধ সংস্কারই কি কায়সংস্কার?
(ক) চিত্ত কি চিত্তসংস্কার?
(খ) সর্ববিধ সংস্কারই কি বাক্যসংস্কার?

(খ) প্রত্যানীক

৫. (ক) যা কায় নয় তা কায়সংস্কার নয় কি?
(খ) যা সংস্কার নয় তা বাক্যসংস্কার নয় কি?
(ক) যা কায় নয় তা কায়সংস্কার নয় কি?
(খ) যা সংস্কার নয় তা চিত্তসংস্কার নয় কি?
(ক) যা বাক্য নয় তা বাক্যসংস্কার নয় কি?
(খ) যা সংস্কার নয় তা কায়সংস্কার নয় কি?
(ক) যা বাক্য নয় তা বাক্যসংস্কার নয় কি?
(খ) যা সংস্কার নয় তা চিত্তসংস্কার নয় কি?
(ক) যা চিত্ত নয় তা চিত্তসংস্কার নয় কি?
(খ) যা সংস্কার নয় তা কায়সংস্কার নয় কি?
(ক) যা চিত্ত নয় তা চিত্তসংস্কার নয় কি?
(খ) যা সংস্কার নয় তা বাক্যসংস্কার নয় কি?

৩. সুদ্ধসংস্কার বার

(ক) অনুলোম

৬. (ক) কায়সংস্কার কি বাক্যসংস্কার?
(খ) বাক্যসংস্কার কি কায়সংস্কার?
(ক) কায়সংস্কার কি চিত্তসংস্কার?
(খ) চিত্তসংস্কার কি কায়সংস্কার?
(ক) বাক্যসংস্কার কি চিত্তসংস্কার?
(খ) চিত্তসংস্কার কি বাক্যসংস্কার?

(খ) প্রত্যানীক

৭. (ক) যা কায়সংস্কার নয় তা বাক্যসংস্কার নয় কি?
(খ) যা বাক্যসংস্কার নয় তা কায়সংস্কার নয় কি?
(ক) যা কায়সংস্কার নয় তা চিত্তসংস্কার নয় কি?
(খ) যা চিত্তসংস্কার নয় তা কায়সংস্কার নয় কি?
(ক) যা বাক্যসংস্কার নয় তা চিত্তসংস্কার নয় কি?
(খ) যা চিত্তসংস্কার নয় তা বাক্যসংস্কার নয় কি?

[প্রজ্ঞপ্তি-উদ্দেশ বার]

[প্রজ্ঞপ্তি বার]

(খ) নির্দেশ

১. পদশোধন বার

(ক) অনুলোম

৮. (ক) কায় কি কায়সংস্কার? না।

(খ) কায়সংস্কার কি কায়? না।

(ক) বাক্য কি বাক্যসংস্কার? না।

(খ) বাক্যসংস্কার কি বাক্য? না।

(ক) চিত্ত কি চিত্তসংস্কার? না।

(খ) চিত্তসংস্কার কি চিত্ত? না।

(খ) প্রত্যানীক

৯. (ক) যা কায় নয় তা কায়সংস্কার নয় কি?

কায়সংস্কার কায় নয় বটে, তবে কায়সংস্কার। কায় ও কায়সংস্কার ব্যতীত বাকিগুলো কায়ও নয়, কায়সংস্কারও নয়।

(খ) যা কায়সংস্কার নয় তা কায় নয় কি?

কায় কায়সংস্কার নয় বটে, তবে কায়। কায় ও কায়সংস্কার ব্যতীত বাকিগুলো কায়ও নয়, কায়সংস্কারও নয়।

(ক) যা বাক্য নয় তা বাক্যসংস্কার নয় কি?

বাক্যসংস্কার বাক্য নয় বটে, তবে বাক্যসংস্কার। বাক্য ও বাক্যসংস্কার ব্যতীত বাকিগুলো বাক্যও নয়, বাক্যসংস্কারও নয়।

(খ) যা বাক্যসংস্কার নয় তা বাক্য নয় কি?

বাক্য বাক্যসংস্কার নয় বটে, তবে বাক্য। বাক্য ও বাক্যসংস্কার ব্যতীত বাকিগুলো বাক্যও নয়, বাক্যসংস্কারও নয়।

(ক) যা চিত্ত নয় তা চিত্তসংস্কার নয় কি?

চিত্তসংস্কার চিত্ত নয় বটে, তবে চিত্তসংস্কার। চিত্ত ও চিত্তসংস্কার ব্যতীত বাকিগুলো চিত্তও নয়, চিত্তসংস্কারও নয়।

(খ) যা চিত্তসংস্কার নয় তা চিত্ত নয় কি?

চিত্ত চিত্তসংস্কার নয় বটে, তবে চিত্ত। চিত্ত ও চিত্তসংস্কার ব্যতীত বাকিগুলো চিত্তও নয়, চিত্তসংস্কারও নয়।

২. পদশোধন বার

(ক) অনুলোম

১০. (ক) কায় কি কায়সংস্কার? না।

(খ) সর্ববিধ সংস্কারই কি বাক্যসংস্কার?

বাক্যসংস্কারই শুধু যুগপৎ সংস্কার ও বাক্যসংস্কার। বাকি সংস্কারগুলো বাক্যসংস্কার নয়।

(ক) কায় কি কায়সংস্কার? না।

(খ) সর্ববিধ সংস্কারই কি চিত্তসংস্কার?

চিত্তসংস্কারই শুধু যুগপৎ সংস্কার ও চিত্তসংস্কার। বাকি সংস্কারগুলো চিত্তসংস্কার নয়।

১১. (ক) বাক্য কি বাক্যসংস্কার? না।

(খ) সর্ববিধ সংস্কারই কি কায়সংস্কার?

কায়সংস্কারই শুধু যুগপৎ সংস্কার ও কায়সংস্কার। বাকি সংস্কারগুলো কায়সংস্কার নয়।

(ক) বাক্য কি বাক্যসংস্কার? না।

(খ) সর্ববিধ সংস্কারই কি চিত্তসংস্কার?

চিত্তসংস্কারই শুধু যুগপৎ সংস্কার ও চিত্তসংস্কার। বাকি সংস্কারগুলো চিত্তসংস্কার নয়।

১২. (ক) চিত্ত কি চিত্তসংস্কার? না।

(খ) সর্ববিধ সংস্কারই কি কায়সংস্কার?

কায়সংস্কারই শুধু যুগপৎ সংস্কার ও কায়সংস্কার। বাকি সংস্কারগুলো কায়সংস্কার নয়।

(ক) চিত্ত কি চিত্তসংস্কার? না।

(খ) সর্ববিধ সংস্কারই কি বাক্যসংস্কার?

বাক্যসংস্কারই শুধু যুগপৎ সংস্কার ও বাক্যসংস্কার। বাকি সংস্কারগুলো বাক্যসংস্কার নয়।

(খ) প্রত্যানীক

১৩. (ক) যা কায় নয় তা কায়সংস্কার নয় কি?

কায়সংস্কার কায় নয় বটে, তবে কায়সংস্কার। কায় ও কায়সংস্কার ব্যতীত বাকিগুলো কায়ও নয়, কায়সংস্কারও নয়।

(খ) যা সংস্কার নয় তা বাক্যসংস্কার নয় কি? হ্যাঁ।

(ক) যা কায় নয় তা কায়সংস্কার নয় কি?

কায়সংস্কার কায় নয় বটে, তবে কায়সংস্কার। কায় ও কায়সংস্কার ব্যতীত বাকিগুলো কায়ও নয়, কায়সংস্কারও নয়।

(খ) যা সংস্কার নয় তা চিত্তসংস্কার নয় কি? হ্যাঁ।

১৪. (ক) যা বাক্য নয় তা বাক্যসংস্কার নয় কি?

বাক্যসংস্কার বাক্য নয় বটে, তবে বাক্যসংস্কার। বাক্য ও বাক্যসংস্কার ব্যতীত বাকিগুলো বাক্যও নয়, বাক্যসংস্কারও নয়।

(খ) যা সংস্কার নয় তা কায়সংস্কার নয় কি? হ্যাঁ।

(ক) যা বাক্য নয় তা বাক্যসংস্কার নয় কি?

বাক্যসংস্কার বাক্য নয় বটে, তবে বাক্যসংস্কার। বাক্য ও বাক্যসংস্কার ব্যতীত বাকিগুলো বাক্যও নয়, বাক্যসংস্কারও নয়।

(খ) যা সংস্কার নয় তা চিত্তসংস্কার নয় কি? হ্যাঁ।

১৫. (ক) যা চিত্ত নয় তা চিত্তসংস্কার নয় কি?

চিত্তসংস্কার চিত্ত নয় বটে, তবে চিত্তসংস্কার। চিত্ত ও চিত্তসংস্কার ব্যতীত বাকিগুলো চিত্তও নয়, চিত্তসংস্কারও নয়।

(খ) যা সংস্কার নয় তা কায়সংস্কার নয় কি? হ্যাঁ।

(ক) যা চিত্ত নয় তা চিত্তসংস্কার নয় কি?

চিত্তসংস্কার চিত্ত নয় বটে, তবে চিত্তসংস্কার। চিত্ত ও চিত্তসংস্কার ব্যতীত বাকিগুলো চিত্তও নয়, চিত্তসংস্কারও নয়।

(খ) যা সংস্কার নয় তা বাক্যসংস্কার নয় কি? হ্যাঁ।

৩. সুদ্ধসংস্কার বার

(ক) অনুলোম

১৬. (ক) কায়সংস্কার কি বাক্যসংস্কার? না।

(খ) বাক্যসংস্কার কি কায়সংস্কার? না।

(ক) কায়সংস্কার কি চিত্তসংস্কার? না।

(খ) চিত্তসংস্কার কি কায়সংস্কার? না।

(ক) বাক্যসংস্কার কি চিত্তসংস্কার? না।

(খ) চিত্তসংস্কার কি বাক্যসংস্কার? না।

(খ) প্রত্যানীক

১৭. (ক) যা কায়সংস্কার নয় তা বাক্যসংস্কার নয় কি?

বাক্যসংস্কার কায়সংস্কার নয় বটে, তবে বাক্যসংস্কার। কায়সংস্কার ও বাক্যসংস্কার ব্যতীত বাকিগুলো কায়সংস্কারও নয়, বাক্যসংস্কারও নয়।

(খ) যা বাক্যসংস্কার নয় তা কায়সংস্কার নয় কি?

কায়সংস্কার বাক্যসংস্কার নয় বটে, তবে কায়সংস্কার। বাক্যসংস্কার ও কায়সংস্কার ব্যতীত বাকিগুলো বাক্যসংস্কারও নয়, কায়সংস্কারও নয়।

(ক) যা কায়সংস্কার নয় তা চিত্তসংস্কার নয় কি?

চিত্তসংস্কার কায়সংস্কার নয় বটে, তবে চিত্তসংস্কার। কায়সংস্কার ও চিত্তসংস্কার ব্যতীত বাকিগুলো কায়সংস্কারও নয়, চিত্তসংস্কারও নয়।

(খ) যা চিত্তসংস্কার নয় তা কায়সংস্কার নয় কি?

কায়সংস্কার চিত্তসংস্কার নয় বটে, তবে কায়সংস্কার। চিত্তসংস্কার ও কায়সংস্কার ব্যতীত বাকিগুলো চিত্তসংস্কারও নয়, কায়সংস্কারও নয়।

১৮. (ক) যা বাক্যসংস্কার নয় তা চিত্তসংস্কার নয় কি?

চিত্তসংস্কার বাক্যসংস্কার নয় বটে, তবে চিত্তসংস্কার। বাক্যসংস্কার ও চিত্তসংস্কার ব্যতীত বাকিগুলো বাক্যসংস্কারও নয়, চিত্তসংস্কারও নয়।

(খ) যা চিত্তসংস্কার নয় তা বাক্যসংস্কার নয় কি?

বাক্যসংস্কার চিত্তসংস্কার নয় বটে, তবে বাক্যসংস্কার। চিত্তসংস্কার ও বাক্যসংস্কার ব্যতীত বাকিগুলো চিত্তসংস্কারও নয়, বাক্যসংস্কারও নয়।

[প্রজ্ঞপ্তি নির্দেশ বার]

২. প্রবর্তন বার ১. উৎপত্তি বার

(১) বর্তমান বার

(ক) অনুলোম-পুদ্গল

১৯. (ক) যার কায়সংস্কার উৎপন্ন হয়, তার বাক্যসংস্কার উৎপন্ন হয় কি?

বিনা বিতর্ক-বিচারে[১] শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের[২] কায়সংস্কার উৎপন্ন হয় বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হয় না। প্রথম ধ্যানলাভী সত্ত্বগণের ও কামাবচর সত্ত্বগণের[৩] কিন্তু শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে কায়সংস্কারও উৎপন্ন হয়, বাক্যসংস্কারও উৎপন্ন হয়।

(খ) অথবা যার বাক্যসংস্কার উৎপন্ন হয়, তার কায়সংস্কার উৎপন্ন হয় কি?

বিনা শ্বাস-প্রশ্বাসে[৪] বিতর্ক-বিচারের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের বাক্যসংস্কার উৎপন্ন হয় বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয় না। প্রথম ধ্যানলাভী সত্ত্বগণের

১। ইহা দ্বিতীয় ধ্যান ও তৃতীয় ধ্যানবশে বলা হয়েছে। *[যমক-অট্ঠকথা]*

২। দ্বিতীয় ও তৃতীয় ধ্যানলাভী সত্ত্বগণের। *[যমক-অট্ঠকথা]*

৩। কামাবচর ভূমিতে উৎপন্ন সত্ত্বগণের। কারণ রূপাবচর সত্ত্বগণের শ্বাস-প্রশ্বাস নেই। আর অরূপাবচর সত্ত্বগণের রূপই নেই। *[যমক-অট্ঠকথা]*

৪। ইহা রূপারূপ ভবে উৎপন্ন সত্ত্বগণের বিতর্ক-বিচারের উৎপত্তি সম্বন্ধে বলা হয়েছে। *[যমক-অট্ঠকথা]*

ও কামাবচর সত্ত্বগণের কিন্তু শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে বাক্যসংস্কারও উৎপন্ন হয়, কায়সংস্কারও উৎপন্ন হয়।

(ক) যার কায়সংস্কার উৎপন্ন হয়, তার চিত্তসংস্কার উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার চিত্তসংস্কার উৎপন্ন হয়, তার কায়সংস্কার উৎপন্ন হয় কি?

বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে, রূপারূপভূমিতে উৎপন্ন সত্ত্বগণের চিত্তসংস্কার উৎপন্ন হয় বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয় না। শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে কামাবচর সত্ত্বগণের কিন্তু চিত্তসংস্কারও উৎপন্ন হয়, কায়সংস্কারও উৎপন্ন হয়।

২০. (ক) যার বাক্যসংস্কার উৎপন্ন হয়, তার চিত্তসংস্কার উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার চিত্তসংস্কার উৎপন্ন হয়, তার বাক্যসংস্কার উৎপন্ন হয় কি?

বিনা বিতর্ক-বিচারে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের চিত্তসংস্কার উৎপন্ন হয় বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হয় না। বিতর্ক-বিচারের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু চিত্তসংস্কারও উৎপন্ন হয়, বাক্যসংস্কারও উৎপন্ন হয়।

(খ) অনুলোম-স্থান

২১. (ক) যেখানে কায়সংস্কার উৎপন্ন হয়, সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয় কি?

দ্বিতীয় ও তৃতীয় ধ্যানে কায়সংস্কার উৎপন্ন হয় বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হয় না। কামাবচর ভূমিতে উৎপন্ন প্রথম ধ্যানে কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হয়, বাক্যসংস্কারও উৎপন্ন হয়।

(খ) অথবা যেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয়, সেখানে কায়সংস্কার উৎপন্ন হয় কি?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে বাক্যসংস্কার উৎপন্ন হয় বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয় না। কামাবচর ভূমিতে উৎপন্ন প্রথম ধ্যানে কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হয়, কায়সংস্কারও উৎপন্ন হয়।

(ক) যেখানে কায়সংস্কার উৎপন্ন হয়, সেখানে চিত্তসংস্কার উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে চিত্তসংস্কার উৎপন্ন হয়, সেখানে কায়সংস্কার উৎপন্ন হয় কি?

চতুর্থ ধ্যানে, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে চিত্তসংস্কার উৎপন্ন হয় বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয় না। কামাবচর ভূমিতে উৎপন্ন প্রথম

ধ্যানে, দ্বিতীয় ধ্যানে ও তৃতীয় ধ্যানে কিন্তু চিত্তসংস্কারও উৎপন্ন হয়, কায়সংস্কারও উৎপন্ন হয়।

২২. (ক) যেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয়, সেখানে চিত্তসংস্কার উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে চিত্তসংস্কার উৎপন্ন হয়, সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয় কি?

দ্বিতীয় ধ্যানে, তৃতীয় ধ্যানে ও চতুর্থ ধ্যানে চিত্তসংস্কার উৎপন্ন হয় বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হয় না। কামাবচর, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন প্রথম ধ্যানে কিন্তু চিত্তসংস্কারও উৎপন্ন হয়, বাক্যসংস্কারও উৎপন্ন হয়।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

২৩. যার যেখানে কায়সংস্কার উৎপন্ন হয়... ।

(বাকি অংশ 'অনুলোম-পুদ্গল' সদৃশ।)

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

২৪. (ক) যার কায়সংস্কার উৎপন্ন হয় না, তার কি বাক্যসংস্কার উৎপন্ন হয় না?

বিনা শ্বাস-প্রশ্বাসে বিতর্ক-বিচারের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কায়সংস্কার উৎপন্ন হয় না বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হয় না তা নয়। সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে, বিনা শ্বাস-প্রশ্বাসে অবিতর্ক-অবিচার চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হয় না, বাক্যসংস্কারও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার বাক্যসংস্কার উৎপন্ন হয় না, তার কি কায়সংস্কার উৎপন্ন হয় না?

বিনা বিতর্ক-বিচারে শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের বাক্যসংস্কার উৎপন্ন হয় না বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয় না তা নয়। সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে, বিনা শ্বাস-প্রশ্বাসে অবিতর্ক-অবিচার চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হয় না, কায়সংস্কারও উৎপন্ন হয় না।

(ক) যার কায়সংস্কার উৎপন্ন হয় না, তার কি চিত্তসংস্কার উৎপন্ন হয় না?

বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কায়সংস্কার উৎপন্ন হয় না বটে, তবে চিত্তসংস্কার উৎপন্ন হয় না তা নয়। সকল সত্ত্বগণের চিত্তের

ভঙ্গক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হয় না, চিত্তসংস্কারও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার চিত্তসংস্কার উৎপন্ন হয় না, তার কি কায়সংস্কার উৎপন্ন হয় না? হ্যাঁ।

২৫. (ক) যার বাক্যসংস্কার উৎপন্ন হয় না, তার কি চিত্তসংস্কার উৎপন্ন হয় না?

বিনা বিতর্ক-বিচারে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের বাক্যসংস্কার উৎপন্ন হয় না বটে, তবে চিত্তসংস্কার উৎপন্ন হয় না তা নয়। সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হয় না, চিত্তসংস্কারও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার চিত্তসংস্কার উৎপন্ন হয় না, তার কি বাক্যসংস্কার উৎপন্ন হয় না? হ্যাঁ।

(ঙ) প্রত্যানীক-স্থান

২৬. (ক) যেখানে কায়সংস্কার উৎপন্ন হয় না, সেখানে কি বাক্যসংস্কার উৎপন্ন হয় না?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে কায়সংস্কার উৎপন্ন হয় না বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হয় না তা নয়। চতুর্থ ধ্যানে ও অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হয় না, বাক্যসংস্কারও উৎপন্ন হয় না।

(খ) অথবা যেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয় না, সেখানে কি কায়সংস্কার উৎপন্ন হয় না?

দ্বিতীয় ধ্যান ও তৃতীয় ধ্যানে বাক্যসংস্কার উৎপন্ন হয় না বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয় না তা নয়। চতুর্থ ধ্যানে ও অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হয় না, কায়সংস্কারও উৎপন্ন হয় না।

(ক) যেখানে কায়সংস্কার উৎপন্ন হয় না, সেখানে কি চিত্তসংস্কার উৎপন্ন হয় না?

চতুর্থ ধ্যানে, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে কায়সংস্কার উৎপন্ন হয় না বটে, তবে চিত্তসংস্কার উৎপন্ন হয় না তা নয়। অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হয় না, চিত্তসংস্কারও উৎপন্ন হয় না।

(খ) অথবা যেখানে...? হ্যাঁ।

২৭. (ক) যেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয় না, সেখানে কি চিত্তসংস্কার উৎপন্ন হয় না?

দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান ও চতুর্থ ধ্যানে বাক্যসংস্কার উৎপন্ন হয় না

বটে, তবে চিত্তসংস্কার উৎপন্ন হয় না তা নয়। অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হয় না, চিত্তসংস্কারও উৎপন্ন হয় না।

(খ) অথবা যেখানে...? হ্যাঁ।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

২৮. (ক) যার যেখানে কায়সংস্কার উৎপন্ন হয় না, তার সেখানে কি বাক্যসংস্কার উৎপন্ন হয় না?

বিনা শ্বাস-প্রশ্বাসে বিতর্ক-বিচারের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কায়সংস্কার উৎপন্ন হয় না বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হয় না তা নয়। সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে, বিনা শ্বাস-প্রশ্বাসে অবিতর্ক-অবিচার চিত্তের উৎপত্তিক্ষণে ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হয় না, বাক্যসংস্কারও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার যেখানে...? হ্যাঁ।

(বাকি অংশ 'প্রত্যানীক-পুদ্গল' সদৃশ যোগ করতে হবে। তবে এখানে 'নিরোধসমাপন্ন সত্ত্বগণের' হবে না।)

(২) অতীত বার

(ক) অনুলোম-পুদ্গল

২৯. (ক) যার কায়সংস্কার উৎপন্ন হয়েছিল, তার বাক্যসংস্কার উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার...? হ্যাঁ।

(ক) যার কায়সংস্কার উৎপন্ন হয়েছিল, তার চিত্তসংস্কার উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার...? হ্যাঁ।

৩০. (ক) যার বাক্যসংস্কার উৎপন্ন হয়েছিল, তার চিত্তসংস্কার উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার...? হ্যাঁ।

(খ) অনুলোম-স্থান

৩১. যেখানে কায়সংস্কার উৎপন্ন হয়েছিল... ।

(বাকি অংশ সর্বত্রই একই।)

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৩২. (ক) যার যেখানে কায়সংস্কার উৎপন্ন হয়েছিল, তার সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয়েছিল কি?

দ্বিতীয় ও তৃতীয় ধ্যানলাভী সত্ত্বগণের সেখানে কায়সংস্কার উৎপন্ন হয়েছিল বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হয়েছিল তা নয়। প্রথম ধ্যানলাভী সত্ত্বগণের ও কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হয়েছিল, বাক্যসংস্কারও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয়েছিল, তার সেখানে কায়সংস্কার উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয়েছিল বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয়েছিল তা নয়। প্রথম ধ্যানলাভী সত্ত্বগণের ও কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হয়েছিল, কায়সংস্কারও উৎপন্ন হয়েছিল।

(ক) যার যেখানে কায়সংস্কার উৎপন্ন হয়েছিল, তার সেখানে চিত্তসংস্কার উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে চিত্তসংস্কার উৎপন্ন হয়েছিল, তার সেখানে কায়সংস্কার উৎপন্ন হয়েছল কি?

চতুর্থ ধ্যানলাভী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে চিত্তসংস্কার উৎপন্ন হয়েছিল বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয়েছিল তা নয়। প্রথম ধ্যান, দ্বিতীয় ধ্যান ও তৃতীয় ধ্যানলাভী সত্ত্বগণের, কামাবচর সত্ত্বগণের সেখানে চিত্তসংস্কারও উৎপন্ন হয়েছিল, কায়সংস্কারও উৎপন্ন হয়েছিল।

৩৩. (ক) যার যেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয়েছিল, তার সেখানে চিত্তসংস্কার উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে চিত্তসংস্কার উৎপন্ন হয়েছিল, তার সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয়েছিল কি?

দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান ও চতুর্থ ধ্যানলাভী সত্ত্বগণের, সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় সেখানে চিত্তসংস্কার উৎপন্ন হয়েছিল বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হয়েছিল তা নয়। প্রথম ধ্যানলাভী সত্ত্বগণের, অপরাপর কামাবচর সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু চিত্তসংস্কারও উৎপন্ন হয়েছিল, বাক্যসংস্কারও উৎপন্ন হয়েছিল।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

৩৪. (ক) যার কায়সংস্কার উৎপন্ন হয়নি, তার কি বাক্যসংস্কার উৎপন্ন হয়নি? নেই।

(খ) অথবা যার বাক্যসংস্কার উৎপন্ন হয়নি, তার কি কায়সংস্কার উৎপন্ন

হয়নি?

(ক) যার কায়সংস্কার উৎপন্ন হয়নি, তার কি চিত্তসংস্কার উৎপন্ন হয়নি? নেই।

(খ) অথবা যার...? নেই।

৩৫. (ক) যার বাক্যসংস্কার উৎপন্ন হয়নি, তার কি চিত্তসংস্কার উৎপন্ন হয়নি? নেই।

(খ) অথবা যার...? নেই।

(ঙ) প্রত্যানীক-স্থান

৩৬. যেখানে কায়সংস্কার উৎপন্ন হয়নি... ।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

৩৭. (ক) যার যেখানে কায়সংস্কার উৎপন্ন হয়নি, তার সেখানে কি বাক্যসংস্কার উৎপন্ন হয়নি?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে কায়সংস্কার উৎপন্ন হয়নি বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হয়নি তা নয়। চতুর্থ ধ্যানলাভী সত্ত্বগণের, সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত[১] বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হয়নি, বাক্যসংস্কারও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয়নি, তার সেখানে কি কায়সংস্কার উৎপন্ন হয়নি?

দ্বিতীয় ধ্যান ও তৃতীয় ধ্যানলাভী সত্ত্বগণের সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয়নি বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয়নি তা নয়। চতুর্থ ধ্যানলাভী সত্ত্বগণের, সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায়, অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হয়নি, কায়সংস্কারও উৎপন্ন হয়নি।

(ক) যার যেখানে কায়সংস্কার উৎপন্ন হয়নি, তার সেখানে কি চিত্তসংস্কার উৎপন্ন হয়নি?

চতুর্থ ধ্যানলাভী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে কায়সংস্কার উৎপন্ন হয়নি বটে, তবে চিত্তসংস্কার উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হয়নি, চিত্তসংস্কারও উৎপন্ন হয়নি।

---

[১]। প্রতিসন্ধির পর থেকে দ্বিতীয় ভবাঙ্গচিত্ত।

(খ) অথবা যার যেখানে...? হ্যাঁ।

৩৮. (ক) যার যেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয়নি, তার সেখানে কি চিত্তসংস্কার উৎপন্ন হয়নি?

দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান ও চতুর্থ ধ্যানলাভী সত্ত্বগণের, সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয়নি বটে, তবে চিত্তসংস্কার উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হয়নি, চিত্তসংস্কারও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে...? হ্যাঁ।

(৩) ভবিষ্যৎ বার

(ক) অনুলোম-পুদ্গল

৩৯. (ক) যার কায়সংস্কার উৎপন্ন হবে, তার বাক্যসংস্কার উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার বাক্যসংস্কার উৎপন্ন হবে, তার কায়সংস্কার উৎপন্ন হবে কি?

যেই চিত্তের অনন্তরে কামাবচর সত্ত্বগণের সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের বাক্যসংস্কার উৎপন্ন হবে বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হবে, কায়সংস্কারও উৎপন্ন হবে।

(ক) যার কায়সংস্কার উৎপন্ন হবে, তার চিত্তসংস্কার উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার চিত্তসংস্কার উৎপন্ন হবে, তার কায়সংস্কার উৎপন্ন হবে কি?

যেই চিত্তের অনন্তরে কামাবচর সত্ত্বগণের সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের চিত্তসংস্কার উৎপন্ন হবে বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চিত্তসংস্কারও উৎপন্ন হবে, কায়সংস্কারও উৎপন্ন হবে।

৪০. (ক) যার বাক্যসংস্কার উৎপন্ন হবে, তার চিত্তসংস্কার উৎপন্ন হবে

কি? হ্যাঁ।

(খ) অথবা যার চিত্তসংস্কার উৎপন্ন হবে, তার বাক্যসংস্কার উৎপন্ন হবে কি?

যেই চিত্তের অনন্তরে অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের চিত্তসংস্কার উৎপন্ন হবে বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চিত্তসংস্কারও উৎপন্ন হবে, বাক্যসংস্কারও উৎপন্ন হবে।

(খ) অনুলোম-স্থান

৪১. যেখানে কায়সংস্কার উৎপন্ন হবে... ।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৪২. (ক) যার যেখানে কায়সংস্কার উৎপন্ন হবে, তার সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হবে কি?

দ্বিতীয় ধ্যান ও তৃতীয় ধ্যানলাভী সত্ত্বগণের সেখানে কায়সংস্কার উৎপন্ন হবে বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হবে না। প্রথম ধ্যানলাভী সত্ত্বগণের ও কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হবে, বাক্যসংস্কারও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে বাক্যসংস্কার উৎপন্ন হবে, তার সেখানে কায়সংস্কার উৎপন্ন হবে কি?

যেই চিত্তের অনন্তরে কামাবচর সত্ত্বগণের সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হবে বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হবে না। প্রথম ধ্যানলাভী সত্ত্বগণের ও অপরাপর কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হবে, কায়সংস্কারও উৎপন্ন হবে।

(ক) যার যেখানে কায়সংস্কার উৎপন্ন হবে, তার সেখানে চিত্তসংস্কার উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে চিত্তসংস্কার উৎপন্ন হবে, তার সেখানে কায়সংস্কার উৎপন্ন হবে কি?

যেই চিত্তের অনন্তরে কামাবচর সত্ত্বগণের সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে, চতুর্থ ধ্যানলাভী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে চিত্তসংস্কার উৎপন্ন হবে বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হবে না। প্রথম ধ্যান, দ্বিতীয় ধ্যান ও তৃতীয় ধ্যানলাভী সত্ত্বগণের, অপরাপর কামাবচর

সত্ত্বগণের সেখানে কিন্তু চিত্তসংস্কারও উৎপন্ন হবে, কায়সংস্কারও উৎপন্ন হবে।

৪৩. (ক) যার যেখানে বাক্যসংস্কার উৎপন্ন হবে, তার সেখানে চিত্তসংস্কার উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে চিত্তসংস্কার উৎপন্ন হবে, তার সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হবে কি?

যেই চিত্তের অনন্তরে অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের, দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান ও চতুর্থ ধ্যানলাভী সত্ত্বগণের সেখানে চিত্তসংস্কার উৎপন্ন হবে বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হবে না। প্রথম ধ্যানলাভী সত্ত্বগণের, অপরাপর কামাবচর সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু চিত্তসংস্কারও উৎপন্ন হবে, বাক্যসংস্কারও উৎপন্ন হবে।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

৪৪. (ক) যার কায়সংস্কার উৎপন্ন হবে না, তার কি বাক্যসংস্কার উৎপন্ন হবে না?

যেই চিত্তের অনন্তরে কামাবচর সত্ত্বগণের সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের এবং যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের কায়সংস্কার উৎপন্ন হবে না বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত অর্হৎগণের ও যেই চিত্তের অনন্তরে অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত[১] উৎপন্ন হবে সেই সত্ত্বগণের কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হবে না, বাক্যসংস্কারও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার...? হ্যাঁ।

(ক) যার কায়সংস্কার উৎপন্ন হবে না, তার কি চিত্তসংস্কার উৎপন্ন হবে না?

যেই চিত্তের অনন্তরে কামাবচর সত্ত্বগণের সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন

---

[১]। ইহা রূপারূপ সত্ত্বগণের দ্বিতীয় ধ্যানিক চ্যুতিচিত্তবশে ও অরূপাবচর সত্ত্বগণের চতুর্থ ধ্যানিক চ্যুতিচিত্তবশে বলা হয়েছে। *[যমক-অট্ঠকথা]*

চ্যুতমান সত্ত্বগণের কায়সংস্কার উৎপন্ন হবে না বটে, তবে চিত্তসংস্কার উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত অর্হৎগণের কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হবে না, চিত্তসংস্কারও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার চিত্তসংস্কার...? হ্যাঁ।

৪৫. (ক) যার বাক্যসংস্কার উৎপন্ন হবে না, তার কি চিত্তসংস্কার উৎপন্ন হবে না?

যেই চিত্তের অনন্তরে অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের বাক্যসংস্কার উৎপন্ন হবে না বটে, তবে চিত্তসংস্কার উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত অর্হৎগণের কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হবে না, চিত্তসংস্কারও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার...? হ্যাঁ।

(ঙ) প্রত্যানীক-স্থান

৪৬. যেখানে কায়সংস্কার উৎপন্ন হবে না... ।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

৪৭. (ক) যার যেখানে কায়সংস্কার উৎপন্ন হবে না, তার সেখানে কি বাক্যসংস্কার উৎপন্ন হবে না?

যেই চিত্তের অনন্তরে কামাবচর সত্ত্বগণের সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে কায়সংস্কার উৎপন্ন হবে না বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত অর্হৎগণের, যেই চিত্তের অনন্তরে অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে সেই সত্ত্বগণের, চতুর্থ ধ্যানলাভী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হবে না, বাক্যসংস্কারও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে বাক্যসংস্কার উৎপন্ন হবে না, তার সেখানে কি কায়সংস্কার উৎপন্ন হবে না?

দ্বিতীয় ধ্যান ও তৃতীয় ধ্যানলাভী সত্ত্বগণের সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হবে না বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত অর্হৎগণের, যেই চিত্তের অনন্তরে অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের, চতুর্থ ধ্যানলাভী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন

হবে না, কায়সংস্কারও উৎপন্ন হবে না।

(ক) যার যেখানে কায়সংস্কার উৎপন্ন হবে না, তার সেখানে কি চিত্তসংস্কার উৎপন্ন হবে না?

যেই চিত্তের অনন্তরে কামাবচর সত্ত্বগণের সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে, চতুর্থ ধ্যানলাভী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে কায়সংস্কার উৎপন্ন হবে না বটে, তবে চিত্তসংস্কার উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত অর্হৎগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হবে না, চিত্তসংস্কারও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে...? হ্যাঁ।

৪৮. (ক) যার যেখানে বাক্যসংস্কার উৎপন্ন হবে না, তার সেখানে কি চিত্তসংস্কার উৎপন্ন হবে না?

যেই চিত্তের অনন্তরে অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের, দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান ও চতুর্থ ধ্যানলাভী সত্ত্বগণের সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হবে না বটে, তবে চিত্তসংস্কার উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত অর্হৎগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হবে না, চিত্তসংস্কারও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে... হ্যাঁ।

(৪) বর্তমান-অতীত বার

(ক) অনুলোম-পুদ্গল

৪৯. (ক) যার কায়সংস্কার উৎপন্ন হয়, তার বাক্যসংস্কার উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার বাক্যসংস্কার উৎপন্ন হয়েছিল, তার কায়সংস্কার উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে, বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের বাক্যসংস্কার উৎপন্ন হয়েছিল বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয় না। শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হয়েছিল, কায়সংস্কারও উৎপন্ন হয়।

(ক) যার কায়সংস্কার উৎপন্ন হয়, তার চিত্তসংস্কার উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার চিত্তসংস্কার উৎপন্ন হয়েছিল, তার কায়সংস্কার উৎপন্ন

হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে, বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের চিত্তসংস্কার উৎপন্ন হয়েছিল বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয় না। শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু চিত্তসংস্কারও উৎপন্ন হয়েছিল, কায়সংস্কারও উৎপন্ন হয়।

৫০. (ক) যার বাক্যসংস্কার উৎপন্ন হয়, তার চিত্তসংস্কার উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার চিত্তসংস্কার উৎপন্ন হয়েছিল, তার বাক্যসংস্কার উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে, বিনা বিতর্ক-বিচারে চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের চিত্তসংস্কার উৎপন্ন হয়েছিল বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হয় না। বিতর্ক-বিচারের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু চিত্তসংস্কারও উৎপন্ন হয়েছিল, বাক্যসংস্কারও উৎপন্ন হয়।

(খ) অনুলোম-স্থান

৫১. যেখানে কায়সংস্কার উৎপন্ন হয়... ।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৫২. (ক) যার যেখানে কায়সংস্কার উৎপন্ন হয়, তার সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয়েছিল কি?

দ্বিতীয় ধ্যান ও তৃতীয় ধ্যানলাভী সত্ত্বগণের শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সেখানে কায়সংস্কার উৎপন্ন হয় বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হয়েছিল তা নয়। প্রথম ধ্যানলাভী সত্ত্বগণের ও কামাবচর সত্ত্বগণের শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সেখানে কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হয়, বাক্যসংস্কারও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয়েছিল, তার সেখানে কায়সংস্কার উৎপন্ন হয় কি?

প্রথম ধ্যানলাভী ও কামাবচর সত্ত্বগণের শ্বাস-প্রশ্বাসের ভঙ্গক্ষণে এবং তাদেরই বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয়েছিল বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয় না। প্রথম ধ্যানলাভী ও কামাবচর সত্ত্বগণের শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সেখানে কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হয়েছিল, কায়সংস্কারও

উৎপন্ন হয়।

(ক) যার যেখানে কায়সংস্কার উৎপন্ন হয়, তার সেখানে চিত্তসংস্কার উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে চিত্তসংস্কার উৎপন্ন হয়েছিল, তার সেখানে কায়সংস্কার উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে, বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে সেখানে চিত্তসংস্কার উৎপন্ন হয়েছিল বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয় না। শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু চিত্তসংস্কারও উৎপন্ন হয়েছিল, কায়সংস্কারও উৎপন্ন হয়।

৫৩. (ক) যার যেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয়, তার সেখানে চিত্তসংস্কার উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে চিত্তসংস্কার উৎপন্ন হয়েছিল, তার সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও বিনা বিতর্ক-বিচারে চিত্তের উৎপত্তিক্ষণে সেখানে চিত্তসংস্কার উৎপন্ন হয়েছিল বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হয় না। বিতর্ক-বিচারের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু চিত্তসংস্কারও উৎপন্ন হয়েছিল, বাক্যসংস্কারও উৎপন্ন হয়।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

৫৪. (ক) যার কায়সংস্কার উৎপন্ন হয় না, তার কি বাক্যসংস্কার উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার বাক্যসংস্কার উৎপন্ন হয়নি, তার কি কায়সংস্কার উৎপন্ন হয় না? নেই।

(ক) যার কায়সংস্কার উৎপন্ন হয় না, তার কি চিত্তসংস্কার উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার চিত্তসংস্কার উৎপন্ন হয়নি, তার কি কায়সংস্কার উৎপন্ন হয় না? নেই।

৫৫. (ক) যার বাক্যসংস্কার উৎপন্ন হয় না, তার কি চিত্তসংস্কার উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার...? নেই।

(ঙ) প্রত্যানীক-স্থান

৫৬. যেখানে কায়সংস্কার উৎপন্ন হয় না... ।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

৫৭. (ক) যার যেখানে কায়সংস্কার উৎপন্ন হয় না, তার সেখানে কি বাক্যসংস্কার উৎপন্ন হয়নি?

প্রথম ধ্যানলাভী সত্ত্বগণের ও কামাবচর সত্ত্বগণের শ্বাস-প্রশ্বাসের ভঙ্গক্ষণে এবং তাদেরই বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে কায়সংস্কার উৎপন্ন হয় না বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হয়নি তা নয়। দ্বিতীয় ধ্যান ও তৃতীয় ধ্যানলাভী সত্ত্বগণের শ্বাস-প্রশ্বাসের ভঙ্গক্ষণে এবং তাদেরই বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে, চতুর্থ ধ্যানলাভী সত্ত্বগণের, সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হয় না, বাক্যসংস্কারও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয়নি, তার সেখানে কি কায়সংস্কার উৎপন্ন হয় না?

দ্বিতীয় ধ্যান ও তৃতীয় ধ্যানলাভী সত্ত্বগণের, শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয়নি বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয় না তা নয়। দ্বিতীয় ধ্যান ও তৃতীয় ধ্যানলাভী সত্ত্বগণের, শ্বাস-প্রশ্বাসের ভঙ্গক্ষণে, এবং তাদেরই বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে, চতুর্থ ধ্যানলাভী সত্ত্বগণের, সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হয়নি, কায়সংস্কারও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে কায়সংস্কার উৎপন্ন হয় না, তার সেখানে কি চিত্তসংস্কার উৎপন্ন হয়নি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে সেখানে কায়সংস্কার উৎপন্ন হয় না বটে, তবে চিত্তসংস্কার উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হয় না, চিত্তসংস্কারও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে চিত্তসংস্কার উৎপন্ন হয়নি, তার সেখানে কি কায়সংস্কার উৎপন্ন হয় না? হ্যাঁ।

৫৮. (ক) যার যেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয় না, তার সেখানে কি চিত্তসংস্কার উৎপন্ন হয়নি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও বিনা বিতর্ক-বিচারে চিত্তের

উৎপত্তিক্ষণে সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয় না বটে, তবে চিত্তসংস্কার উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হয় না, চিত্তসংস্কারও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে...? হ্যাঁ।

(৫) বর্তমান-ভবিষ্যৎ বার

(ক) অনুলোম-পুদ্গল

৫৯. (ক) যার কায়সংস্কার উৎপন্ন হয়, তার বাক্যসংস্কার উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার বাক্যসংস্কার উৎপন্ন হবে, তার কায়সংস্কার উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের বাক্যসংস্কার উৎপন্ন হবে বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয় না। শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হবে, কায়সংস্কারও উৎপন্ন হয়।

(ক) যার কায়সংস্কার উৎপন্ন হয়, তার চিত্তসংস্কার উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার চিত্তসংস্কার উৎপন্ন হবে, তার কায়সংস্কার উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের চিত্তসংস্কার উৎপন্ন হবে বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয় না। শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু চিত্তসংস্কারও উৎপন্ন হবে, কায়সংস্কারও উৎপন্ন হয়।

৬০. (ক) যার বাক্যসংস্কার উৎপন্ন হয়, তার চিত্তসংস্কার উৎপন্ন হবে কি?

সবিতর্ক-সবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের বাক্যসংস্কার উৎপন্ন হয় বটে, তবে চিত্তসংস্কার উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের বিতর্ক-বিচারের উৎপত্তিক্ষণে কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হয়, চিত্তসংস্কারও উৎপন্ন হবে।

(খ) অথবা যার চিত্তসংস্কার উৎপন্ন হবে, তার বাক্যসংস্কার উৎপন্ন হয়

কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও বিনা বিতর্ক-বিচারে চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের চিত্তসংস্কার উৎপন্ন হবে বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হয় না। বিতর্ক-বিচারের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু চিত্তসংস্কারও উৎপন্ন হবে, বাক্যসংস্কারও উৎপন্ন হয়।

(খ) অনুলোম-স্থান

৬১. যেখানে কায়সংস্কার উৎপন্ন হয়... ।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৬২. (ক) যার যেখানে কায়সংস্কার উৎপন্ন হয়, তার সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হবে কি?

দ্বিতীয় ধ্যান ও তৃতীয় ধ্যানলাভী সত্ত্বগণের শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সেখানে কায়সংস্কার উৎপন্ন হয় বটে. তবে বাক্যসংস্কার উৎপন্ন হবে না। প্রথম ধ্যানলাভী ও কামাবচর সত্ত্বগণের শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সেখানে কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হয়, বাক্যসংস্কারও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে বাক্যসংস্কার উৎপন্ন হবে, তার সেখানে কায়সংস্কার উৎপন্ন হয় কি?

প্রথম ধ্যানলাভী ও কামাবচর সত্ত্বগণের শ্বাস-প্রশ্বাসের ভঙ্গক্ষণে এবং বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তক্ষণে, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হবে বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয় না। প্রথম ধ্যানলাভী ও কামাবচর সত্ত্বগণের শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সেখানে কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হবে, কায়সংস্কারও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে কায়সংস্কার উৎপন্ন হয়, তার সেখানে চিত্তসংস্কার উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে চিত্তসংস্কার উৎপন্ন হবে, তার সেখানে কায়সংস্কার উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে সেখানে চিত্তসংস্কার উৎপন্ন হবে বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয় না। শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু চিত্তসংস্কারও উৎপন্ন হবে, কায়সংস্কারও উৎপন্ন হয়।

৬৩. (ক) যার যেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয়, তার সেখানে

চিত্তসংস্কার উৎপন্ন হবে কি?

সবিতর্ক-সবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয় বটে, তবে চিত্তসংস্কার উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের বিতর্ক-বিচারের উৎপত্তিক্ষণে সেখানে কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হয়, চিত্তসংস্কারও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে চিত্তসংস্কার উৎপন্ন হবে, তার সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও বিনা বিতর্ক-বিচারে চিত্তের উৎপত্তিক্ষণে সেখানে চিত্তসংস্কার উৎপন্ন হবে বটে. তবে বাক্যসংস্কার উৎপন্ন হয় না। বিতর্ক-বিচারের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু চিত্তসংস্কারও উৎপন্ন হবে, বাক্যসংস্কারও উৎপন্ন হয়।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

৬৪. (ক) যার কায়সংস্কার উৎপন্ন হয় না, তার কি বাক্যসংস্কার উৎপন্ন হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কায়সংস্কার উৎপন্ন হয় না বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত অর্হৎগণের ও যেই চিত্তের অনন্তরে অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হয় না, বাক্যসংস্কারও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার বাক্যসংস্কার উৎপন্ন হবে না, তার কি কায়সংস্কার উৎপন্ন হয় না? হ্যাঁ।

(ক) যার কায়সংস্কার উৎপন্ন হয় না, তার কি চিত্তসংস্কার উৎপন্ন হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কায়সংস্কার উৎপন্ন হয় না বটে, তবে চিত্তসংস্কার উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত অর্হৎগণের কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হয় না, চিত্তসংস্কারও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার...? হ্যাঁ।

৬৫. (ক) যার বাক্যসংস্কার উৎপন্ন হয় না, তার কি চিত্তসংস্কার উৎপন্ন হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের বাক্যসংস্কার উৎপন্ন হয় না বটে, তবে চিত্তসংস্কার উৎপন্ন হবে না তা নয়। সবিতর্ক-সবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে ও অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত অর্হৎগণের কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হয় না, চিত্তসংস্কারও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার চিত্তসংস্কার উৎপন্ন হবে না, তার কি বাক্যসংস্কার উৎপন্ন হয় না?

১৪২. (ক) যার কায়সংস্কার উৎপন্ন হবে না, তার কি বাক্যসংস্কার নিরুদ্ধ হবে না?

কামাবচর সত্ত্বগণের সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে কামাবচর সত্ত্বগণের সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের কায়সংস্কার উৎপন্ন হবে না বটে, তবে বাক্যসংস্কার নিরুদ্ধ হবে না তা নয়। সবিতর্ক-সবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে, অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত অর্হৎগণের ও যেই চিত্তের অনন্তরে অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হবে না, বাক্যসংস্কারও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার...? হ্যাঁ।

(ক) যার কায়সংস্কার উৎপন্ন হবে না, তার কি চিত্তসংস্কার নিরুদ্ধ হবে না?

কামাবচর সত্ত্বগণের সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে কামাবচর সত্ত্বগণের সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের কায়সংস্কার উৎপন্ন হবে না বটে, তবে চিত্তসংস্কার নিরুদ্ধ হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হবে না, চিত্তসংস্কারও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার...? হ্যাঁ।

১৪৩. (ক) যার বাক্যসংস্কার উৎপন্ন হবে না, তার কি চিত্তসংস্কার নিরুদ্ধ হবে না?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে ও যেই চিত্তের অনন্তরে অর্তিক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের বাক্যসংস্কার উৎপন্ন হবে না বটে, তবে চিত্তসংস্কার নিরুদ্ধ হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হবে না, চিত্তসংস্কারও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার...? হ্যাঁ।

(ঙ) প্রত্যানীক-স্থান

১৪৪. যেখানে কাংয়সংস্কার উৎপন্ন হবে না... ।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

১৪৫. (ক) যার যেখানে কায়সংস্কার উৎপন্ন হবে না, তার সেখানে কি বাক্যসংস্কার নিরুদ্ধ হবে না?

কামাবচর সত্ত্বগণের সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে কামাবচর সত্ত্বগণের সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে কায়সংস্কার উৎপন্ন হবে না বটে, তবে বাক্যসংস্কার নিরুদ্ধ হবে না তা নয়। সবিতর্ক-সবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে, অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত অর্হৎগণের, যেই চিত্তের অনন্তরে অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের, চতুর্থ ধ্যানলাভী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হবে না, বাক্যসংস্কারও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার যেখানে বাক্যসংস্কার নিরুদ্ধ হবে না, তার সেখানে কি কায়সংস্কার উৎপন্ন হবে না?

দ্বিতীয় ধ্যান ও তৃতীয় ধ্যানলাভী সত্ত্বগণের সেখানে বাক্যসংস্কার নিরুদ্ধ হবে না বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হবে না তা নয়। সবিতর্ক-সবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে, অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত অর্হৎগণের, যেই চিত্তের অনন্তরে অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের, চতুর্থ ধ্যানলাভী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু বাক্যসংস্কারও নিরুদ্ধ হবে না, কায়সংস্কারও উৎপন্ন হবে না।

(ক) যার যেখানে কায়সংস্কার উৎপন্ন হবে না, তার সেখানে কি চিত্তসংস্কার নিরুদ্ধ হবে না?

কামাবচর সত্ত্বগণের সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে কামাবচর সত্ত্বগণের সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে, চতুর্থ ধ্যানলাভী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে কায়সংস্কার উৎপন্ন হবে না বটে, তবে চিত্তসংস্কার নিরুদ্ধ হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে, অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হবে না, চিত্তসংস্কারও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার যেখানে...? হ্যাঁ।

১৪৬. (ক) যার যেখানে বাক্যসংস্কার উৎপন্ন হবে না, তার সেখানে কি চিত্তসংস্কার নিরুদ্ধ হবে না?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে, যেই চিত্তের অনন্তরে অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের, দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান ও চতুর্থ ধ্যানলাভী সত্ত্বগণের সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হবে না বটে, তবে চিত্তসংস্কার নিরুদ্ধ হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হবে না, চিত্তসংস্কারও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার যেখানে...? হ্যাঁ।

(৪) বর্তমান-অতীত বার

(ক) অনুলোম-পুদ্গল

১৪৭. (ক) যার কায়সংস্কার উৎপন্ন হয়, তার বাক্যসংস্কার নিরুদ্ধ হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার বাক্যসংস্কার নিরুদ্ধ হয়েছিল, তার কায়সংস্কার উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের বাক্যসংস্কার নিরুদ্ধ হয়েছিল বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয় না। শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু বাক্যসংস্কারও নিরুদ্ধ হয়েছিল, কায়সংস্কারও উৎপন্ন হয়।

(উৎপত্তি বারে যেভাবে বর্তমান-অতীতকালীয় প্রশ্নগুলো 'অনুলোম' ও 'প্রত্যানীক' আকারে বর্ণিত হয়েছে, ঠিক সেভাবেই উৎপত্তি-নিরোধ বারেও

বর্তমান-অতীতকালীয় প্রশ্নগুলো ‘অনুলোম’ ও ‘প্রত্যানীক’ অকারে বর্ণনা করতে হবে।)

(৫) বর্তমান-ভবিষ্যৎ বার

(ক) অনুলোম-পুদ্গল

১৪৮. (ক) যার কায়সংস্কার উৎপন্ন হয়, তার বাক্যসংস্কার নিরুদ্ধ হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার বাক্যসংস্কার নিরুদ্ধ হবে, তার কায়সংস্কার উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের বাক্যসংস্কার নিরুদ্ধ হবে বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয় না। শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু বাক্যসংস্কারও নিরুদ্ধ হবে, কায়সংস্কারও উৎপন্ন হয়।

(ক) যার কায়সংস্কার উৎপন্ন হয়, তার চিত্তসংস্কার নিরুদ্ধ হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার চিত্তসংস্কার নিরুদ্ধ হবে, তার কায়সংস্কার উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের চিত্তসংস্কার নিরুদ্ধ হবে বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয় না। শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু চিত্তসংস্কারও নিরুদ্ধ হবে, কায়সংস্কারও উৎপন্ন হয়।

১৪৯. (ক) যার বাক্যসংস্কার উৎপন্ন হয়, তার চিত্তসংস্কার নিরুদ্ধ হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার চিত্তসংস্কার নিরুদ্ধ হবে, তার বাক্যসংস্কার উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও বিনা বিতর্ক-বিচারে চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের চিত্তসংস্কার নিরুদ্ধ হবে বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হয় না। বিতর্ক-বিচারের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু চিত্তসংস্কারও নিরুদ্ধ হবে, বাক্যসংস্কারও উৎপন্ন হয়।

(খ) অনুলোম-স্থান

১৫০. যেখানে কায়সংস্কার উৎপন্ন হয়... ।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

১৫১. (ক) যার যেখানে কায়সংস্কার উৎপন্ন হয়, তার সেখানে বাক্যসংস্কার নিরুদ্ধ হবে কি?

দ্বিতীয় ধ্যান ও তৃতীয় ধ্যানলাভী সত্ত্বগণের শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সেখানে কায়সংস্কার উৎপন্ন হয় বটে, তবে বাক্যসংস্কার নিরুদ্ধ হবে না। প্রথম ধ্যানলাভী সত্ত্বগণের ও কামাবচর সত্ত্বগণের শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সেখানে কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হয়, বাক্যসংস্কারও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার যেখানে বাক্যসংস্কার নিরুদ্ধ হবে, তার সেখানে কায়সংস্কার উৎপন্ন হয় কি?

প্রথম ধ্যানলাভী সত্ত্বগণের ও কামাবচর সত্ত্বগণের শ্বাস-প্রশ্বাসের ভঙ্গক্ষণে এবং তাদেরই বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে বাক্যসংস্কার নিরুদ্ধ হবে বটে, তবে কায়সংস্কারও উৎপন্ন হয় না। প্রথম ধ্যানলাভী সত্ত্বগণের ও কামাবচর সত্ত্বগণের শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সেখানে কিন্তু বাক্যসংস্কারও নিরুদ্ধ হবে, কায়সংস্কারও উৎপন্ন হয়।

(ক) যার যেখানে কায়সংস্কার উৎপন্ন হয়, তার সেখানে চিত্তসংস্কার নিরুদ্ধ হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে চিত্তসংস্কার নিরুদ্ধ হবে, তার সেখানে কায়সংস্কার উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে সেখানে চিত্তসংস্কার নিরুদ্ধ হবে বটে, তবে কায়সংস্কারও উৎপন্ন হয় না। শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু চিত্তসংস্কারও নিরুদ্ধ হবে, কায়সংস্কারও উৎপন্ন হয়।

১৫২. (ক) যার যেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয়, তার সেখানে চিত্তসংস্কার নিরুদ্ধ হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে চিত্তসংস্কার নিরুদ্ধ হবে, তার সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয় কি?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও বিনা বিতর্ক-বিচারে চিত্তের উৎপত্তিক্ষণে সেখানে চিত্তসংস্কার নিরুদ্ধ হবে বটে, তবে বাক্যসংস্কার উৎপন্ন হয় না। বিতর্ক-বিচারের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু চিত্তসংস্কারও নিরুদ্ধ হবে, বাক্যসংস্কারও উৎপন্ন হয়।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

১৫৩. (ক) যার কায়সংস্কার উৎপন্ন হয় না, তার কি বাক্যসংস্কার নিরুদ্ধ হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কায়সংস্কার উৎপন্ন হয় না বটে, তবে বাক্যসংস্কার নিরুদ্ধ হবে না তা নয়। সবিতর্ক-সবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে, অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত অর্হৎগণের ও যেই চিত্তের অনন্তরে অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হয় না, বাক্যসংস্কারও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার বাক্যসংস্কার নিরুদ্ধ হবে না, তার কি কায়সংস্কার উৎপন্ন হয় না? হ্যাঁ।

(ক) যার কায়সংস্কার উৎপন্ন হয় না, তার কি চিত্তসংস্কার নিরুদ্ধ হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কায়সংস্কার উৎপন্ন হয় না বটে, তবে চিত্তসংস্কার নিরুদ্ধ হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হয় না, চিত্তসংস্কারও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার চিত্তসংস্কার নিরুদ্ধ হবে না, তার কি কায়সংস্কার উৎপন্ন হয় না? হ্যাঁ।

১৫৪. যার বাক্যসংস্কার উৎপন্ন হয় না, তার কি চিত্তসংস্কার নিরুদ্ধ হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও বিনা বিতর্ক-বিচারে চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের বাক্যসংস্কার উৎপন্ন হয় না বটে, তবে চিত্তসংস্কার নিরুদ্ধ হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হয় না, চিত্তসংস্কারও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার চিত্তসংস্কার নিরুদ্ধ হবে না, তার কি বাক্যসংস্কার উৎপন্ন হয় না? হ্যাঁ।

(ঙ) প্রত্যানীক-স্থান

১৫৫. যেখানে কায়সংস্কার উৎপন্ন হয় না... ।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

১৫৬. (ক) যার যেখানে কায়সংস্কার উৎপন্ন হয় না, তার সেখানে কি বাক্যসংস্কার নিরুদ্ধ হবে না?

প্রথম ধ্যানলাভী সত্ত্বগণের ও কামাবচর সত্ত্বগণের শ্বাস-প্রশ্বাসের ভঙ্গক্ষণে এবং তাদেরই বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে কায়সংস্কার উৎপন্ন হয় না বটে, তবে বাক্যসংস্কার নিরুদ্ধ হবে না তা নয়। সবিতর্ক-সবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে, অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত অর্হৎগণের, যেই চিত্তের অনন্তরে অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের, দ্বিতীয় ধ্যান ও তৃতীয় ধ্যানলাভী সত্ত্বগণের শ্বাস-প্রশ্বাসের ভঙ্গক্ষণে এবং তাদেরই বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে, চতুর্থ ধ্যানলাভী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হয়, বাক্যসংস্কারও নিরুদ্ধ হয়।

(খ) অথবা যার যেখানে বাক্যসংস্কার নিরুদ্ধ হবে না, তার সেখানে কি কায়সংস্কার উৎপন্ন হয় না?

দ্বিতীয় ধ্যান ও তৃতীয় ধ্যানলাভী সত্ত্বগণের শ্বাস-প্রশ্বাসের উৎপত্তিক্ষণে সেখানে বাক্যসংস্কার নিরুদ্ধ হবে না বটে, তবে কায়সংস্কার উৎপন্ন হয় না তা নয়। সবিতর্ক-সবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে, অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত অর্হৎগণের, যেই চিত্তে অনন্তরে অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের, দ্বিতীয় ধ্যান ও তৃতীয় ধ্যানলাভী সত্ত্বগণের শ্বাস-প্রশ্বাসের ভঙ্গক্ষণে এবং তাদেরই বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে, চতুর্থ ধ্যানলাভী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু বাক্যসংস্কারও নিরুদ্ধ হবে না, কায়সংস্কারও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে কায়সংস্কার উৎপন্ন হয় না, তার সেখানে কি চিত্তসংস্কার নিরুদ্ধ হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও বিনা শ্বাস-প্রশ্বাসে চিত্তের উৎপত্তিক্ষণে সেখানে কায়সংস্কার উৎপন্ন হয় না বটে, তবে চিত্তসংস্কার নিরুদ্ধ হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হয় না, চিত্তসংস্কারও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার যেখানে চিত্তসংস্কার নিরুদ্ধ হবে না, তার সেখানে কি

কায়সংস্কার উৎপন্ন হয় না? হ্যাঁ।

১৫৭. (ক) যার যেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয় না, তার সেখানে কি চিত্তসংস্কার নিরুদ্ধ হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও বিনা বিতর্ক-বিচারে চিত্তের উৎপত্তিক্ষণে সেখানে বাক্যসংস্কার উৎপন্ন হয় না বটে, তবে চিত্তসংস্কার নিরুদ্ধ হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু বাক্যসংস্কারও উৎপন্ন হয় না, চিত্তসংস্কারও নিরুদ্ধ হবে না।

(খ) অথবা যার যেখানে চিত্তসংস্কার নিরুদ্ধ হবে না, তার সেখানে কি বাক্যসংস্কার উৎপন্ন হয় না? হ্যাঁ।

(৬) অতীত-ভবিষ্যৎ বার

(ক) অনুলোম-পুদ্গল

১৫৮. (ক) যার কায়সংস্কার উৎপন্ন হয়েছিল, তার বাক্যসংস্কার নিরুদ্ধ হবে কি?

সবিতর্ক-সবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে, অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত অর্হৎগণের ও যেই চিত্তের অনন্তরে অবিতর্ক-অবিচার সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের কায়সংস্কার উৎপন্ন হয়েছিল বটে, তবে বাক্যসংস্কার নিরুদ্ধ হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হয়েছিল, বাক্যসংস্কারও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার বাক্যসংস্কার নিরুদ্ধ হবে, তার কায়সংস্কার উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার কায়সংস্কার উৎপন্ন হয়েছিল, তার চিত্তসংস্কার নিরুদ্ধ হবে কি?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের কায়সংস্কার উৎপন্ন হয়েছিল বটে, তবে চিত্তসংস্কার নিরুদ্ধ হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু কায়সংস্কারও উৎপন্ন হয়েছিল, চিত্তসংস্কারও নিরুদ্ধ হবে।

(খ) অথবা যার চিত্তসংস্কার নিরুদ্ধ হবে, তার কায়সংস্কার উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(নিরোধ বারে যেভাবে অতীত-ভবিষ্যৎকালীয় প্রশ্নগুলো ‘অনুলোম’ ও ‘প্রত্যানীক’ আকারে বর্ণিত হয়েছে, ঠিক সেভাবেই উৎপত্তি-নিরোধ বারেও অতীত-ভবিষ্যৎকালীয় প্রশ্নগুলো ‘অনুলোম’ ও ‘প্রত্যানীক’ আকারে খুব

সতর্কভাবে বর্ণিতব্য। কোনো প্রকার ভিন্নতা নেই।)

[উৎপত্তি-নিরোধ বার]

৩. পরিজ্ঞা বার

১-৬. বর্তমান বার প্রভৃতি

১৫৯. (ক) যে কায়সংস্কার জ্ঞাত হয়, সে বাক্যসংস্কার জ্ঞাত হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যে বাক্যসংস্কার জ্ঞাত হয়, সে কায়সংস্কার জ্ঞাত হয় কি? হ্যাঁ।

(স্কন্ধ-যমকে পরিজ্ঞা বার যেভাবে বর্ণিত হয়েছে, ঠিক সেভাবেই এখানেও বর্ণিতব্য।)

[পরিজ্ঞা বার]

[সংস্কার-যমক সমাপ্ত]

৭. অনুশয়-যমক

১. অনুশয় সাত প্রকার; যথা : কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয়, ভবরাগানুশয় ও অবিদ্যানুশয়।

১. উৎপত্তি-স্থান বার

২. কামরাগানুশয় কোথায় সুপ্ত থাকে? কামরাগানুশয় কামধাতুতে[১] দ্বিবিধ বেদনায়[২] সুপ্ত থাকে[৩]।

প্রতিঘানুশয় কোথায় সুপ্ত থাকে? প্রতিঘানুশয় দুঃখবেদনায় সুপ্ত থাকে।

মানানুশয় কোথায় সুপ্ত থাকে? মানানুশয় কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে সুপ্ত থাকে।

দৃষ্টানুশয় কোথায় সুপ্ত থাকে? দৃষ্টানুশয় সংসারাবর্তনিশ্রিত সৎকায়দৃষ্টিযুক্ত সমস্ত ধর্মসমূহে সুপ্ত থাকে।

বিচিকিৎসানুশয় কোথায় সুপ্ত থাকে? বিচিকিৎসানুশয় সংসারাবর্তনিশ্রিত সৎকায়দৃষ্টিযুক্ত সমস্ত ধর্মসমূহে সুপ্ত থাকে।

ভবরাগানুশয় কোথায় সুপ্ত থাকে? ভবরাগানুশয় রূপধাতুতে ও অরূপধাতুতে সুপ্ত থাকে।

অবিদ্যানুশয় কোথায় সুপ্ত থাকে? অবিদ্যানুশয় সংসারাবর্তনিশ্রিত সৎকায়দৃষ্টিযুক্ত সমস্ত ধর্মসমূহে সুপ্ত থাকে।

[উৎপত্তি-স্থান বার]

২. মহাবার ১. অনুশয় বার

(ক) অনুলোম-পুদ্গল

৩. (ক) যার কামরাগানুশয় সুপ্ত থাকে, তার প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

১। সমস্ত একত্রিশ লোকভূমিকে ধাতু অনুসারে ভাগ করলে মোট তিনটি ধাতুতে ভাগ করা যায়; যথা : কামধাতু, রূপধাতু ও অরূপধাতু। সপ্ত কামসুগতি ভূমি ও চারি অপায় এই এগার প্রকার কামভূমিই হচ্ছে 'কামধাতু'। ষোল প্রকার রূপব্রহ্মলোকই হচ্ছে 'রূপধাতু'। আর চারি অরূপ-ভূমিই হচ্ছে 'অরূপধাতু'।

২। সুখবেদনা (সৌমনস্য) ও উপেক্ষা বেদনা এই দ্বিবিধ বেদনায়।

৩। 'সুপ্ত থাকে' অর্থে প্রচ্ছন্নাকারে উৎপন্ন হয়।

(খ) অথবা যার প্রতিঘানুশয় সুপ্ত থাকে, তার কামরাগানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(ক) যার কামরাগানুশয় সুপ্ত থাকে, তার মানানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(খ) অথবা যার মানানুশয় সুপ্ত থাকে, তার কামরাগানুশয় সুপ্ত থাকে কি?

অনাগামীর মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় সুপ্ত থাকে না। ত্রিবিধ পুদ্গালের[১] কিন্তু মানানুশয়ও সুপ্ত থাকে, কামরাগানুশয়ও সুপ্ত থাকে।

(ক) যার কামরাগানুশয় সুপ্ত থাকে, তার দৃষ্টানুশয় সুপ্ত থাকে কি?

দ্বিবিধ পুদ্গালের[২] কামরাগানুশয় সুপ্ত থাকে বটে, তবে দৃষ্টানুশয় সুপ্ত থাকে না। পৃথগ্‌জনের কিন্তু কামরাগানুশয়ও সুপ্ত থাকে, দৃষ্টানুশয়ও সুপ্ত থাকে।

(খ) অথবা যার দৃষ্টানুশয় সুপ্ত থাকে, তার কামরাগানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(ক) যার কামরাগানুশয় সুপ্ত থাকে, তার বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি?

দ্বিবিধ পুদ্গালের কামরাগানুশয় সুপ্ত থাকে বটে, তবে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে না। পৃথগ্‌জনের কিন্তু কামরাগানুশয়ও সুপ্ত থাকে, বিচিকিৎসানুশয়ও সুপ্ত থাকে।

(খ) অথবা যার বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, তার কামরাগানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(ক) যার কামরাগানুশয় সুপ্ত থাকে, তার ভবরাগানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(খ) অথবা যার ভবরাগানুশয় সুপ্ত থাকে, তার কামরাগানুশয় সুপ্ত থাকে কি?

অনাগামীর ভবরাগানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় সুপ্ত থাকে না। ত্রিবিধ পুদ্গালের কিন্তু ভবরাগানুশয়ও সুপ্ত থাকে, কামরাগানুশয়ও সুপ্ত থাকে।

(ক) যার কামরাগানুশয় সুপ্ত থাকে, তার অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(খ) অথবা যার অবিদ্যানুশয় সুপ্ত থাকে, তার কামরাগানুশয় সুপ্ত থাকে কি?

অনাগামীর অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় সুপ্ত থাকে

---

[১]। পৃথগ্‌জন, স্রোতাপন্ন ও সকৃদাগামী এই ত্রিবিধ পুদ্গালের।

[২]। স্রোতাপন্ন ও সকৃদাগামী এই দ্বিবিধ পুদ্গালের।

না। ত্রিবিধ পুদ্গালের কিন্তু অবিদ্যানুশয়ও সুপ্ত থাকে, কামরাগানুশয়ও সুপ্ত থাকে।

৪. (ক) যার প্রতিঘানুশয় সুপ্ত থাকে, তার মানানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(খ) অথবা যার মানানুশয় সুপ্ত থাকে, তার প্রতঘানুশয় সুপ্ত থাকে কি?

অনাগামীর মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। ত্রিবিধ পুদ্গালের মানানুশয়ও সুপ্ত থাকে, প্রতিঘানুশয়ও সুপ্ত থাকে।

যার প্রতিঘানুশয় সুপ্ত থাকে, তার দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি?

দ্বিবিধ পুদ্গালের প্রতিঘানুশয় সুপ্ত থাকে বটে, তবে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে না। পৃথগ্জনের কিন্তু প্রতিঘানুশয়ও সুপ্ত থাকে, বিচিকিৎসানুশয়ও সুপ্ত থাকে।

অথবা যার বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, তার প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

যার প্রতিঘানুশয় সুপ্ত থাকে, তার ভবরাগানুশয়... অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

অথবা যার অবিদ্যানুশয় সুপ্ত থাকে, তার প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি?

অনাগামীর অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। ত্রিবিধ পুদ্গালের কিন্তু অবিদ্যানুশয়ও সুপ্ত থাকে, প্রতিঘানুশয়ও সুপ্ত থাকে।

৫. যার মানানুশয় সুপ্ত থাকে, তার দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি?

ত্রিবিধ পুদ্গালের মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে না। পৃথগ্জনের কিন্তু মানানুশয়ও সুপ্ত থাকে, বিচিকিৎসানুশয়ও সুপ্ত থাকে।

অথবা যার বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, তার মানানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

যার মানানুশয় সুপ্ত থাকে, তার ভবরাগানুশয়... অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

অথবা যার অবিদ্যানুশয় সুপ্ত থাকে, তার মানানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

৬. (ক) যার দৃষ্টানুশয় সুপ্ত থাকে, তার বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(খ) অথবা যার বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, তার দৃষ্টানুশয় সুপ্ত থাকে

কি? হ্যাঁ।

যার দৃষ্টানুশয় সুপ্ত থাকে, তার ভবরাগানুশয়... অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

অথবা যার অবিদ্যানুশয় সুপ্ত থাকে, তার দৃষ্টানুশয় সুপ্ত থাকে কি?

ত্রিবিধ পুদ্গালের অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে দৃষ্টানুশয় সুপ্ত থাকে না। পৃথগ্‌জনের কিন্তু অবিদ্যানুশয়ও সুপ্ত থাকে, দৃষ্টানুশয়ও সুপ্ত থাকে।

৭. যার বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, তার ভবরাগানুশয়... অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

অথবা যার অবিদ্যানুশয় সুপ্ত থাকে, তার বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি?

ত্রিবিধ পুদ্গালের অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে না। পৃথগ্‌জনের কিন্তু অবিদ্যানুশয়ও সুপ্ত থাকে, বিচিকিৎসানুশয়ও সুপ্ত থাকে।

৮. (ক) যার ভবরাগানুশয় সুপ্ত থাকে, তার অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(খ) অথবা যার অবিদ্যানুশয় সুপ্ত থাকে, তার ভবরাগানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ। (একমূলক)

৯. (ক) যার কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে, তার মানানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(খ) অথবা যার মানানুশয় সুপ্ত থাকে, তার কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি?

অনাগামীর মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। ত্রিবিধ পুদ্গালের কিন্তু মানানুশয়ও সুপ্ত থাকে, কামরাগানুশয় ও প্রতিঘানুশয়ও সুপ্ত থাকে।

যার কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে, তার দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি?

দ্বিবিধ পুদ্গালের কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে বটে, তবে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে না। পৃথগ্‌জনের কিন্তু কামরাগানুশয় ও প্রতিঘানুশয়ও সুপ্ত থাকে, বিচিকিৎসানুশয়ও সুপ্ত থাকে।

অথবা যার বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, তার কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

যার কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে, তার ভবরাগানুশয়... অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

অথবা যার অবিদ্যানুশয় সুপ্ত থাকে, তার কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি?

অনাগামীর অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। ত্রিবিধ পুদ্গালের কিন্তু অবিদ্যানুশয়ও সুপ্ত থাকে না, কামরাগানুশয় ও প্রতিঘানুশয়ও সুপ্ত থাকে। (দ্বিকমূলক)

১০. যার কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে, তার দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি?

দ্বিবিধ পুদ্গালের কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে না। পৃথগ্জনের কিন্তু কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয়ও সুপ্ত থাকে, বিচিকিৎসানুশয়ও সুপ্ত থাকে।

অথবা যার বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, তার কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

যার কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে, তার ভবরাগানুশয়... অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

অথবা যার অবিদ্যানুশয় সুপ্ত থাকে, তার কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে কি?

অনাগামীর অবিদ্যানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। ত্রিবিধ পুদ্গালের কিন্তু অবিদ্যানুশয়ও সুপ্ত থাকে, কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয়ও সুপ্ত থাকে। (ত্রিকমূলক)

১১. (ক) যার কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে, তার বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(খ) অথবা যার বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, তার কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

যার কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে, তার ভবরাগানুশয়... অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

অথবা যার অবিদ্যানুশয় সুপ্ত থাকে, তার কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে কি?

অনাগামীর অবিদ্যানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে না। দ্বিবিধ পুদ্গালের অবিদ্যানুশয়, কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে দৃষ্টানুশয় সুপ্ত থাকে না। পৃথগ্জনের কিন্তু অবিদ্যানুশয়ও সুপ্ত থাকে,

কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয়ও সুপ্ত থাকে। (চতুষ্কমূলক)

১২. যার কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, তার ভবরাগানুশয়... অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

অথবা যার অবিদ্যানুশয় সুপ্ত থাকে, তার কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি?

অনাগামীর অবিদ্যানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে না। দ্বিবিধ পুদ্গলের অবিদ্যানুশয়, কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে না। পৃথগ্জনের কিন্তু অবিদ্যানুশয়ও সুপ্ত থাকে, কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয়ও সুপ্ত থাকে। (পঞ্চকমূলক)

১৩. (ক) যার কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয় সুপ্ত থাকে, তার অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(খ) অথবা যার অবিদ্যানুশয় সুপ্ত থাকে, তার কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয় সুপ্ত থাকে কি?

অনাগামীর অবিদ্যানুশয়, মানানুশয় ও ভবরাগানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে না। দ্বিবিধ পুদ্গলের অবিদ্যানুশয়, কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও ভবরাগানুশয় সুপ্ত থাকে বটে, তবে দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে না। পৃথগ্জনের কিন্তু অবিদ্যানুশয়ও সুপ্ত থাকে, কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয়ও সুপ্ত থাকে। (ষষ্ঠকমূলক)

(খ) অনুলোম-স্থান

১৪. (ক) যেখানে কামরাগানুশয় সুপ্ত থাকে, সেখানে প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি? না।

(খ) অথবা যেখানে প্রতিঘানুশয় সুপ্ত থাকে, সেখানে কামরাগানুশয় সুপ্ত থাকে কি? না।

(ক) যেখানে কামরাগানুশয় সুপ্ত থাকে, সেখানে মানানুশয় সুপ্ত থাকে কি?

হ্যাঁ।

(খ) অথবা যেখানে মানানুশয় সুপ্ত থাকে সেখানে কামরাগানুশয় সুপ্ত থাকে কি?

রূপধাতুতে ও অরূপধাতুতে মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় সুপ্ত থাকে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় কিন্তু মানানুশয়ও সুপ্ত থাকে, কামরাগানুশয়ও সুপ্ত থাকে।

যেখানে কামরাগানুশয় সুপ্ত থাকে, সেখানে দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

অথবা যেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, সেখানে কামরাগানুশয় সুপ্ত থাকে কি?

দুঃখবেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় সুপ্ত থাকে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় কিন্তু বিচিকিৎসানুশয়ও সুপ্ত থাকে, কামরাগানুশয়ও সুপ্ত থাকে।

(ক) যেখানে কামরাগানুশয় সুপ্ত থাকে, সেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে কি? না।

(খ) অথবা যেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে, সেখানে কামরাগানুশয় সুপ্ত থাকে কি? না।

(ক) যেখানে কামরাগানুশয় সুপ্ত থাকে, সেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে, সেখানে কামরাগানুশয় সুপ্ত থাকে কি?

দুঃখবেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় সুপ্ত থাকে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় কিন্তু অবিদ্যানুশয়ও সুপ্ত থাকে, কামরাগানুশয়ও সুপ্ত থাকে।

১৫. (ক) যেখানে প্রতিঘানুশয় সুপ্ত থাকে, সেখানে মানানুশয় সুপ্ত থাকে কি? না।

(খ) অথবা যেখানে মানানুশয় সুপ্ত থাকে, সেখানে প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি? না।

যেখানে প্রতিঘানুশয় সুপ্ত থাকে, সেখানে দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

অথবা যেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, সেখানে প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি?

কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। দুঃখবেদনায় কিন্তু বিচিকিৎসানুশয়ও সুপ্ত থাকে, প্রতিঘানুশয়ও সুপ্ত থাকে।

(ক) যেখানে প্রতিঘানুশয় সুপ্ত থাকে, সেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে কি? না।

(খ) অথবা যেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে, সেখানে প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি? না।

(ক) যেখানে প্রতিঘানুশয় সুপ্ত থাকে, সেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? না।

(খ) অথবা যেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে, সেখানে প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি?

কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। দুঃখবেদনায় কিন্তু অবিদ্যানুশয়ও সুপ্ত থাকে, প্রতিঘানুশয়ও সুপ্ত থাকে।

১৬. যেখানে মানানুশয় সুপ্ত থাকে, সেখানে দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

অথবা যেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, সেখানে মানানুশয় সুপ্ত থাকে কি?

দুঃখবেদনায় বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে বটে, তবে মানানুশয় সুপ্ত থাকে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু বিচিকিৎসানুশয়ও সুপ্ত থাকে, মানানুশয়ও সুপ্ত থাকে।

(ক) যেখানে মানানুশয় সুপ্ত থাকে, সেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে কি?

কামধাতুতে দ্বিবিধ বেদনায় মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে ভবরাগানুশয় সুপ্ত থাকে না। রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু মানানুশয়ও সুপ্ত থাকে, ভবরাগানুশয়ও সুপ্ত থাকে।

(খ) অথবা যেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে, সেখানে মানানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(ক) যেখানে মানানুশয় সুপ্ত থাকে, সেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে, সেখানে মানানুশয় সুপ্ত থাকে কি?

দুঃখবেদনায় অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে মানানুশয় সুপ্ত থাকে না।

কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু অবিদ্যানুশয়ও সুপ্ত থাকে, মানানুশয়ও সুপ্ত থাকে।

১৭. (ক) যেখানে দৃষ্টানুশয় সুপ্ত থাকে, সেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, সেখানে দৃষ্টানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(ক) যেখানে দৃষ্টানুশয় সুপ্ত থাকে, সেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে কি?

কামধাতুতে ত্রিবিধ বেদনায় দৃষ্টানুশয় সুপ্ত থাকে বটে, তবে ভবরাগানুশয় সুপ্ত থাকে না। রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু দৃষ্টানুশয়ও সুপ্ত থাকে, ভবরাগানুশয়ও সুপ্ত থাকে।

(খ) অথবা যেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে, সেখানে দৃষ্টানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(ক) যেখানে দৃষ্টানুশয় সুপ্ত থাকে, সেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে, সেখানে দৃষ্টানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

১৮. (ক) যেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, সেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে কি?

কামধাতুতে ত্রিবিধ বেদনায় বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে বটে, তবে ভবরাগানুশয় সুপ্ত থাকে না। রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু বিচিকিৎসানুশয়ও সুপ্ত থাকে, ভবরাগানুশয়ও সুপ্ত থাকে।

(খ) অথবা যেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে, সেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(ক) যেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, সেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে, সেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

১৯. (ক) যেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে, সেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে, সেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে কি?

কামধাতুতে ত্রিবিধ বেদনায় অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে

ভবরাগানুশয় সুপ্ত থাকে না। রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু অবিদ্যানুশয়ও সুপ্ত থাকে, ভবরাগানুশয়ও সুপ্ত থাকে। (একমূলক)

২০. (ক) যেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে, সেখানে মানানুশয় সুপ্ত থাকে কি? নেই।

(খ) অথবা যেখানে মানানুশয় সুপ্ত থাকে, সেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি?

রূপধাতুতে ও অরূপধাতুতে মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় মানানুশয় ও কামরাগানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় সুপ্ত থাকে না।

যেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে, সেখানে দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি? নেই।

অথবা যেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, সেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি?

রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয় ও কামরাগানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। দুঃখবেদনায় বিচিকিৎসানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় সুপ্ত থাকে না।

(ক) যেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে, সেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে কি? নেই।

(খ) অথবা যেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে, সেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি? না।

(ক) যেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে, সেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? নেই।

(খ) অথবা যেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে, সেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি?

রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় অবিদ্যানুশয় ও কামরাগানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। দুঃখবেদনায় অবিদ্যানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় সুপ্ত থাকে না। (দ্বিকমূলক)

২১. যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে,

সেখানে দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি? নেই।

অথবা যেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে কি?

রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয়, কামরাগানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। দুঃখবেদনায় বিচিকিৎসানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে না।

(ক) যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে, সেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে কি? নেই।

(খ) অথবা যেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে, সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে কি?

রূপধাতুতে ও অরূপধাতুতে ভবরাগানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না।

(ক) যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে, সেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? নেই।

(খ) অথবা যেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে, সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে কি?

রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় অবিদ্যানুশয়, কামরাগানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। দুঃখবেদনায় অবিদ্যানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে না। (ত্রিকমূলক)

২২. (ক) যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে, সেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি? নেই।

(খ) অথবা যেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে কি?

রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয়, কামরাগানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। দুঃখবেদনায় বিচিকিৎসানুশয় প্রতিঘানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও মানানুশয়

সুপ্ত থাকে না।

(ক) যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে, সেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে কি? নেই।

(খ) অথবা যেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে, তার কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে কি?

রূপধাতুতে ও অরূপধাতুতে ভবরাগানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না।

(ক) যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে, সেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? নেই।

(খ) অথবা যেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে, সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে কি?

রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় অবিদ্যানুশয়, কামরাগানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। দুঃখবেদনায় অবিদ্যানুশয় প্রতিঘানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে না। (চতুষ্কমূলক)

২৩. (ক) যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, সেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে কি? নেই।

(খ) অথবা যেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে, সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি?

রূপধাতুতে ও অরূপধাতুতে ভবরাগানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না।

(ক) যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, সেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? নেই।

(খ) অথবা যেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে, সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি?

রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় অবিদ্যানুশয়, কামরাগানুশয় মানানুশয় দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় সুপ্ত থাকে

না। দুঃখবেদনায় অবিদ্যানুশয়, প্রতিঘানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে না। (পঞ্চকমূলক)

২৪. (ক) যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয় সুপ্ত থাকে, সেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? নেই।

(খ) অথবা যেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে, সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয় সুপ্ত থাকে কি?

রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় অবিদ্যানুশয়, কামরাগানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় ও ভবরাগানুশয় সুপ্ত থাকে না। দুঃখবেদনায় অবিদ্যানুশয়, প্রতিঘানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয়, মানানুশয় ও ভবরাগানুশয় সুপ্ত থাকে না। (ষষ্ঠকমূলক)

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

২৫. (ক) যার যেখানে কামরাগানুশয় সুপ্ত থাকে, তার সেখানে প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি? না।

(খ) অথবা যার যেখানে প্রতিঘানুশয় সুপ্ত থাকে, তার সেখানে কামরাগানুশয় সুপ্ত থাকে কি? না।

(ক) যার যেখানে কামরাগানুশয় সুপ্ত থাকে, তার সেখানে মানানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে মানানুশয় সুপ্ত থাকে, তার সেখানে কামরাগানুশয় সুপ্ত থাকে কি?

অনাগামীর কামধাতুতে দ্বিবিধ বেদনায় রূপধাতুতে ও অরূপধাতুতে মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় সুপ্ত থাকে না। ত্রিবিধ পুদ্গলের রূপধাতুতে ও অরূপধাতুতে মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় সুপ্ত থাকে না। সেই ত্রিবিধ পুদ্গলের কামধাতুতে দ্বিবিধ বেদনায় কিন্তু মানানুশয়ও সুপ্ত থাকে, কামরাগানুশয়ও সুপ্ত থাকে।

যার যেখানে কামরাগানুশয় সুপ্ত থাকে, তার সেখানে দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি?

দ্বিবিধ পুদ্গলের কামধাতুতে দ্বিবিধ বেদনায় কামরাগানুশয় সুপ্ত থাকে বটে, তবে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে না। পৃথগ্‌জনের কামধাতুতে দ্বিবিধ বেদনায় কিন্তু কামরাগানুশয়ও সুপ্ত থাকে, বিচিকিৎসানুশয়ও সুপ্ত থাকে।

অথবা যার যেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, তার সেখানে কামরাগানুশয় সুপ্ত থাকে কি?

পৃথগ্‌জনের দুঃখবেদনায় রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় সুপ্ত থাকে না। সেই পুদ্গলের কামধাতুতে দ্বিবিধ বেদনায় কিন্তু বিচিকিৎসানুশয়ও সুপ্ত থাকে, কামরাগানুশয়ও সুপ্ত থাকে।

(ক) যার যেখানে কামরাগানুশয় সুপ্ত থাকে, তার সেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে কি? না।

(খ) অথবা যার যেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে, তার সেখানে কামরাগানুশয় সুপ্ত থাকে কি? না।

(ক) যার যেখানে কামরাগানুশয় সুপ্ত থাকে, তার সেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে, তার সেখানে কামরাগানুশয় সুপ্ত থাকে কি?

অনাগামীর কামধাতুতে ত্রিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় সুপ্ত থাকে না। ত্রিবিধ পুদ্গলের দুঃখবেদনায় রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় সুপ্ত থাকে না। সেই ত্রিবিধ পুদ্গলের কামধাতুতে দ্বিবিধ বেদনায় কিন্তু অবিদ্যানুশয়ও সুপ্ত থাকে, কামরাগানুশয়ও সুপ্ত থাকে।

২৬. (ক) যার যেখানে প্রতিঘানুশয় সুপ্ত থাকে, তার সেখানে মানানুশয় সুপ্ত থাকে কি? না।

(খ) অথবা যার যেখানে মানানুশয় সুপ্ত থাকে, তার সেখানে দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি?

দ্বিবিধ পুদ্গলের দুঃখবেদনায় প্রতিঘানুশয় সুপ্ত থাকে বটে, তবে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে না। পৃথগ্‌জনের দুঃখবেদনায় কিন্তু প্রতিঘানুশয়ও সুপ্ত থাকে, বিচিকিৎসানুশয়ও সুপ্ত থাকে।

অথবা যার যেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, তার সেখানে প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি?

পৃথগ্‌জনের কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে

বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। সেই পুদ্গালের দুঃখবেদনায় কিন্তু বিচিকিৎসানুশয়ও সুপ্ত থাকে, প্রতিঘানুশয়ও সুপ্ত থাকে।

(ক) যার যেখানে প্রতিঘানুশয় সুপ্ত থাকে, তার সেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে কি? না।

(খ) অথবা যার যেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে, তার সেখানে প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি? না।

(ক) যার যেখানে প্রতিঘানুশয় সুপ্ত থাকে, তার সেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে তার সেখানে প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি?

অনাগামীর কামধাতুতে ত্রিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। ত্রিবিধ পুদ্গালের[১] দুঃখবেদনায় রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। সেই ত্রিবিধ পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায় কিন্তু অবিদ্যানুশয়ও সুপ্ত থাকে, প্রতিঘানুশয়ও সুপ্ত থাকে।

২৭. যার যেখানে মানানুশয় সুপ্ত থাকে, তার সেখানে দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি?

ত্রিবিধ পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে না। পৃথগ্জনের কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু মানানুশয়ও সুপ্ত থাকে, বিচিকিৎসানুশয়ও সুপ্ত থাকে।

অথবা যার যেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, তার সেখানে মানানুশয় সুপ্ত থাকে কি?

পৃথগ্জনের দুঃখবেদনায় বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে বটে, তবে মানানুশয় সুপ্ত থাকে না। সেই পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু বিচিকিৎসানুশয়ও সুপ্ত থাকে, মানানুশয়ও সুপ্ত থাকে।

(ক) যার যেখানে মানানুশয় সুপ্ত থাকে, তার সেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে কি?

---

[১]। স্রোতাপত্তি, সকৃদাগামী ও অনাগামী এই ত্রিবিধ পুদ্গালের।

চতুর্বিধ পুদ্গালের[১] কামধাতুতে দ্বিবিধ বেদনায় মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে ভবরাগানুশয় সুপ্ত থাকে না। সেই চতুর্বিধ পুদ্গালের রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু মানানুশয়ও সুপ্ত থাকে, ভবরাগানুশয়ও সুপ্ত থাকে।

(খ) অথবা যার যেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে, তার সেখানে মানানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(ক) যার যেখানে মানানুশয় সুপ্ত থাকে, তার সেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে, তার সেখানে মানানুশয় সুপ্ত থাকে কি?

চতুর্বিধ পুদ্গালের দুঃখবেদনায় অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে মানানুশয় সুপ্ত থাকে না। সেই চতুর্বিধ পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু অবিদ্যানুশয়ও সুপ্ত থাকে, মানানুশয়ও সুপ্ত থাকে।

২৮. (ক) যার যেখানে দৃষ্টানুশয় সুপ্ত থাকে, তার সেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(খ) যার যেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, তার সেখানে দৃষ্টানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

যার যেখানে দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, তার সেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে কি?

পৃথগ্‌জনের কামধাতুতে ত্রিবিধ বেদনায় বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে বটে, তবে ভবরাগানুশয় সুপ্ত থাকে না। সেই পৃথগ্‌জন পুদ্গালের রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু বিচিকিৎসানুশয়ও সুপ্ত থাকে, ভবরাগানুশয়ও সুপ্ত থাকে।

অথবা যার যেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে, সেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি?

ত্রিবিধ পুদ্গালের রূপধাতুতে ও অরূপধাতুতে ভবরাগানুশয় সুপ্ত থাকে বটে, তবে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে না। পৃথগ্‌জনের রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু ভবরাগানুশয়ও সুপ্ত থাকে, বিচিকিৎসানুশয়ও সুপ্ত থাকে।

২৯. (ক) যার যেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, তার সেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে, তার সেখানে

---

[১]। পৃথগ্‌জন, স্রোতাপন্ন, সকৃদাগামী ও অনাগামী এই চতুর্বিধ পুদ্গালের।

বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি?

ত্রিবিধ পুদ্গালের কামধাতুতে ত্রিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে না। পৃথগ্জনের কামধাতুতে ত্রিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু অবিদ্যানুশয়ও সুপ্ত থাকে, বিচিকিৎসানুশয়ও সুপ্ত থাকে।

৩০. (ক) যার যেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে, তার সেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে, তার সেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে কি?

চতুর্বিধ পুদ্গালের কামধাতুতে ত্রিবিধ বেদনায় অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে ভবরাগানুশয় সুপ্ত থাকে না। সেই চতুর্বিধ পুদ্গালের রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু অবিদ্যানুশয়ও সুপ্ত থাকে, ভবরাগানুশয়ও সুপ্ত থাকে। (একমূলক)

৩১. (ক) যার যেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে, তার সেখানে মানানুশয় সুপ্ত থাকে কি? নেই।

(খ) অথবা যার যেখানে মানানুশয় সুপ্ত থাকে, তার সেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি?

অনাগামীর কামধাতুতে ত্রিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। ত্রিবিধ পুদ্গাল রূপধাতুতে ও অরূপধাতুতে মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। সেই ত্রিবিধ পুদ্গাল কামধাতুতে দ্বিবিধ বেদনায় মানানুশয় ও কামরাগানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় সুপ্ত থাকে না।

যার যেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে, তার সেখানে দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি? নেই।

অথবা যার যেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, তার সেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি?

পৃথগ্জনের রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। সেই পৃথগ্জন পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয় ও কামরাগানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। সেই পৃথগ্জন পুদ্গালের দুঃখবেদনায় বিচিকিৎসানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় সুপ্ত

থাকে না।

(ক) যার যেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে, তার সেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে কি? নেই।

(খ) অথবা যার যেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে, তার সেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি? না।

(ক) যার যেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে, তার সেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? নেই।

(খ) অথবা যার যেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে, তার সেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে কি?

অনাগামীর কামধাতুতে ত্রিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। ত্রিবিধ পুদ্গলের রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। ত্রিবিধ পুদ্গলের কামধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। সেই ত্রিবিধ পুদ্গলের দুঃখবেদনায় অবিদ্যানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় সুপ্ত থাকে না। (দ্বিকমূলক)

৩২. যার যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে, তার সেখানে দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি? নেই।

অথবা যার যেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, তার সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে কি?

পৃথগ্জনের রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। সেই পৃথগ্জন পুদ্গলের কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয়, কামরাগানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। সেই পৃথগ্জন পুদ্গলের দুঃখবেদনায় বিচিকিৎসানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে না।

(ক) যার যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে, তার সেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে কি? নেই।

(খ) অথবা যার যেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে, তার সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে কি?

চতুর্বিধ পুদ্গলের রূপধাতুতে ও অরূপধাতুতে ভবরাগানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না।

(ক) যার যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে, তার সেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? নেই।

(খ) অথবা যার যেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে, তার সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে কি?

অনাগামীর দুঃখবেদনায় অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে না। সেই অনাগামী পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। ত্রিবিধ পুদ্গালের রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। ত্রিবিধ পুদ্গালের রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। সেই ত্রিবিধ পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায় অবিদ্যানুশয়, কামরাগানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। সেই ত্রিবিধ পুদ্গালের দুঃখবেদনায় অবিদ্যানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে না। (ত্রিকমূলক)

৩৩. (ক) যার যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে, তার সেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি? নেই।

(খ) অথবা যার যেখানে বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, তার সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে কি?

পৃথগ্‌জনের রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। সেই পৃথগ্‌জন পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয়, কামরাগানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। সেই পৃথগ্‌জন পুদ্গালের দুঃখবেদনায় বিচিকিৎসানুশয়, প্রতিঘানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে না।

(ক) যার যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে, তার সেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে কি? নেই।

(খ) অথবা যার যেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে, তার সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে কি?

ত্রিবিধ পুদ্গালের রূপধাতুতে ও অরূপধাতুতে ভবরাগানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে না। পৃথগ্জনের রূপধাতুতে ও অরূপধাতুতে ভবরাগানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না।

(ক) যার যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে বটে, তবে সেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? নেই।

(খ) অথবা যার যেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে, তার সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে কি?

অনাগামীর দুঃখবেদনায় অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে না। সেই অনাগামী পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে না। দ্বিবিধ পুদ্গালের রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে না। সেই দ্বিবিধ পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায় অবিদ্যানুশয়, কামরাগানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে না। সেই দ্বিবিধ পুদ্গালের দুঃখবেদনায় অবিদ্যানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে না। পৃথগ্জনের রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। সেই পৃথগ্জন পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায় অবিদ্যানুশয়, কামরাগানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। সেই পৃথগ্জন পুদ্গালের দুঃখবেদনায় অবিদ্যানুশয়, প্রতিঘানুশয় ও দৃষ্টানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে না। (চতুষ্কমূলক)

৩৪. (ক) যার যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, তার সেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে কি? নেই।

(খ) অথবা যার যেখানে ভবরাগানুশয় সুপ্ত থাকে, তার সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি?

ত্রিবিধ পুদ্গালের রূপধাতুতে ও অরূপধাতুতে ভবরাগানুশয় ও মানানুশয়

সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে না। পৃথগ্‌জনের রূপধাতুতে ও অরূপধাতুতে ভবরাগানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না।

(ক) যার যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে, তার সেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? নেই।

(খ) অথবা যার যেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে, তার সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে কি?

অনাগামীর দুঃখবেদনায় অবিদ্যানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে না। সেই অনাগামী পুদ্গলের কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে না। দ্বিবিধ পুদ্গলের রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে না। সেই দ্বিবিধ পুদ্গলের কামধাতুতে দ্বিবিধ বেদনায় অবিদ্যানুশয়, কামরাগানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে না। সেই দ্বিবিধ পুদ্গলের দুঃখবেদনায় অবিদ্যানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে না। পৃথগ্‌জনের রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। সেই পৃথগ্‌জন পুদ্গলের কামধাতুতে দ্বিবিধ বেদনায় অবিদ্যানুশয়, কামরাগানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে বটে, তবে প্রতিঘানুশয় সুপ্ত থাকে না। সেই পৃথগ্‌জন পুদ্গলের দুঃখবেদনায় অবিদ্যানুশয়, প্রতিঘানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় সুপ্ত থাকে বটে, তবে কামরাগানুশয় ও মানানুশয় সুপ্ত থাকে না। (পঞ্চকমূলক)

৩৫. (ক) যার যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয় সুপ্ত থাকে, তার সেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে কি? নেই।

(খ) অথবা যার যেখানে অবিদ্যানুশয় সুপ্ত থাকে, তার সেখানে

কামরাগানুশয়, বিচিকিৎসানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয় সুপ্ত থাকে কি?

(খ) অথবা যে যেখানে অবিদ্যানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না?

স্রোতাপত্তিমার্গলাভী কামধাতুতে ত্রিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় জ্ঞাত হয় না বটে, তবে বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই স্রোতাপত্তিমার্গলাভী পুদ্গল লোকোত্তর ধর্মে কিন্তু অবিদ্যানুশয়ও জ্ঞাত হয় না, বিচিকিৎসানুশয়ও জ্ঞাত হয় না। অর্হত্ত্বমার্গলাভী ও স্রোতাপত্তিমার্গলাভী ব্যতীত বাকি পুদ্গলেরা কিন্তু সর্বত্রই অবিদ্যানুশয়ও জ্ঞাত হয় না, বিচিকিৎসানুশয়ও জ্ঞাত হয় না।

২৫৮. (ক) যে যেখানে ভবরাগানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি অবিদ্যানুশয় জ্ঞাত হয় না?

অর্হত্ত্বমার্গলাভী কামধাতুতে ত্রিবিধ বেদনায় ভবরাগানুশয় জ্ঞাত হয় না বটে, তবে অবিদ্যানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অর্হত্ত্বমার্গলাভী পুদ্গল লোকোত্তর ধর্মে কিন্তু ভবরাগানুশয়ও জ্ঞাত হয় না, অবিদ্যানুশয়ও জ্ঞাত হয় না। অর্হত্ত্বমার্গলাভী ব্যতীত বাকি পুদ্গলেরা কিন্তু সর্বত্রই ভবরাগানুশয়ও জ্ঞাত হয় না, অবিদ্যানুশয়ও জ্ঞাত হয় না।

(খ) অথবা যে যেখানে অবিদ্যানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি ভবরাগানুশয় জ্ঞাত হয় না? হ্যাঁ। (একমূলক)

২৫৯. (ক) যে যেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি মানানুশয় জ্ঞাত হয় না?

অর্হত্ত্বমার্গলাভী কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় জ্ঞাত হয় না বটে, তবে মানানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অর্হত্ত্বমার্গলাভী পুদ্গল দুঃখবেদনায় ও লোকোত্তর ধর্মে কিন্তু

কামরাগানুশয় ও প্রতিঘানুশয়ও জ্ঞাত হয় না, মানানুশয়ও জ্ঞাত হয় না। দ্বিবিধ মার্গলাভী ব্যতীত বাকি পুদ্গলেরা কিন্তু সর্বত্রই কামরাগানুশয় ও প্রতিঘানুশয়ও জ্ঞাত হয় না, মানানুশয়ও জ্ঞাত হয় না।

(খ) অথবা যে যেখানে মানানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি কামরাগানুশয় ও প্রতিঘানুশয় জ্ঞাত হয় না?

অনাগামীমার্গলাভী দুঃখবেদনায় মানানুশয় ও কামরাগানুশয় জ্ঞাত হয় না বটে, তবে প্রতিঘানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অনাগামীমার্গলাভী পুদ্গল কামধাতুতে দ্বিবিধ বেদনায় মানানুশয় ও প্রতিঘানুশয় জ্ঞাত হয় না বটে, তবে কামরাগানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অনাগামীমার্গলাভী পুদ্গল রূপধাতুতে, অরূপধাতুতে ও লোকোত্তর ধর্মে কিন্তু মানানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয় ও প্রতিঘানুশয়ও জ্ঞাত হয় না। দ্বিবিধ মার্গলাভী ব্যতীত বাকি পুদ্গলেরা কিন্তু সর্বত্রই মানানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয় ও প্রতিঘানুশয়ও জ্ঞাত হয় না।

যে যেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না?

স্রোতাপত্তিমার্গলাভী কামধাতুতে ত্রিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় জ্ঞাত হয় না বটে, তবে বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই স্রোতাপত্তিমার্গলাভী পুদ্গল লোকোত্তর ধর্মে কিন্তু কামরাগানুশয় ও প্রতিঘানুশয়ও জ্ঞাত হয় না, বিচিকিৎসানুশয়ও জ্ঞাত হয় না। অনাগামীমার্গলাভী ও স্রোতাপত্তিমার্গলাভী ব্যতীত বাকি পুদ্গলেরা কিন্তু সর্বত্রই কামরাগানুশয় ও প্রতিঘানুশয়ও জ্ঞাত হয় না, বিচিকিৎসানুশয়ও জ্ঞাত হয় না।

অথবা যে যেখানে বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি কামরাগানুশয় ও প্রতিঘানুশয় জ্ঞাত হয় না?

অনাগামীমার্গলাভী দুঃখবেদনায় বিচিকিৎসানুশয় ও কামরাগানুশয় জ্ঞাত হয় না বটে, তবে প্রতিঘানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অনাগামীমার্গলাভী পুদ্গল কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয় ও প্রতিঘানুশয় জ্ঞাত হয় না বটে, তবে কামরাগানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অনাগামীমার্গলাভী পুদ্গল রূপধাতুতে, অরূপধাতুতে ও লোকোত্তর ধর্মে কিন্তু বিচিকিৎসানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয় ও প্রতিঘানুশয়ও জ্ঞাত হয় না। অনাগামীমার্গলাভী ও স্রোতাপত্তিমার্গলাভী ব্যতীত বাকি পুদ্গলেরা কিন্তু সর্বত্রই বিচিকিৎসানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয়ও জ্ঞাত হয় না।

(ক) যে যেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি ভবরাগানুশয় জ্ঞাত হয় না?

অর্হত্ত্বমার্গলাভী রূপধাতুতে ও অরূপধাতুতে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় জ্ঞাত হয় না বটে, তবে ভবরাগানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অর্হত্ত্বমার্গলাভী কামধাতুতে ত্রিবিধ বেদনায় ও লোকোত্তর ধর্মে কিন্তু কামরাগানুশয় ও প্রতিঘানুশয়ও জ্ঞাত হয় না, ভবরাগানুশয়ও জ্ঞাত হয় না। দ্বিবিধ মার্গলাভী ব্যতীত বাকি পুদ্গালেরা কিন্তু সর্বত্রই কামরাগানুশয় ও প্রতিঘানুশয়ও জ্ঞাত হয় না, ভবরাগানুশয়ও জ্ঞাত হয় না।

(খ) অথবা যে যেখানে ভবরাগানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি কামরাগানুশয় ও প্রতিঘানুশয় জ্ঞাত হয় না?

অনাগামীমার্গলাভী দুঃখবেদনায় ভবরাগানুশয় ও কামরাগানুশয় জ্ঞাত হয় না বটে, তবে প্রতিঘানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অনাগামীমার্গলাভী পুদ্গাল কামধাতুতে দ্বিবিধ বেদনায় ভবরাগানুশয় ও প্রতিঘানুশয় জ্ঞাত হয় না বটে, তবে কামরাগানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অনাগামীমার্গলাভী পুদ্গাল রূপধাতুতে, অরূপধাতুতে ও লোকোত্তর ধর্মে কিন্তু ভবরাগানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয় ও প্রতিঘানুশয়ও জ্ঞাত হয় না। দ্বিবিধ মার্গলাভী ব্যতীত বাকি পুদ্গালেরা কিন্তু সর্বত্রই ভবরাগানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয় ও প্রতিঘানুশয়ও জ্ঞাত হয় না।

(ক) যে যেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি অবিদ্যানুশয় জ্ঞাত হয় না?

অর্হত্ত্বমার্গলাভী কামধাতুতে ত্রিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় জ্ঞাত হয় না বটে, তবে অবিদ্যানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অর্হত্ত্বমার্গলাভী পুদ্গাল লোকোত্তর ধর্মে কিন্তু কামরাগানুশয় ও প্রতিঘানুশয়ও জ্ঞাত হয় না, অবিদ্যানুশয়ও জ্ঞাত হয় না। দ্বিবিধ মার্গলাভী ব্যতীত বাকি পুদ্গালেরা কিন্তু সর্বত্রই কামরাগানুশয় ও প্রতিঘানুশয়ও জ্ঞাত হয় না, অবিদ্যানুশয়ও জ্ঞাত হয় না।

(খ) অথবা যে যেখানে অবিদ্যানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি কামরাগানুশয় ও প্রতিঘানুশয় জ্ঞাত হয় না?

অনাগামীমার্গলাভী দুঃখবেদনায় অবিদ্যানুশয় ও কামরাগানুশয় জ্ঞাত হয় না বটে, তবে প্রতিঘানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অনাগামীমার্গলাভী পুদ্গাল কামধাতুতে দ্বিবিধ বেদনায় অবিদ্যানুশয় ও প্রতিঘানুশয় জ্ঞাত হয় না বটে, তবে কামরাগানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অনাগামীমার্গলাভী

পুদ্গল রূপধাতুতে, অরূপধাতুতে ও লোকোত্তর ধর্মে কিন্তু অবিদ্যানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয় ও প্রতিঘানুশয়ও জ্ঞাত হয় না। দ্বিবিধ মার্গলাভী ব্যতীত বাকি পুদ্গালেরা কিন্তু সর্বত্রই অবিদ্যানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয় ও প্রতিঘানুশয়ও জ্ঞাত হয় না। (দ্বিকমূলক)

২৬০. যে যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না?

স্রোতাপত্তিমার্গলাভী কামধাতুতে ত্রিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় জ্ঞাত হয় না বটে, তবে বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই স্রোতাপত্তিমার্গলাভী পুদ্গাল লোকোত্তর ধর্মে কিন্তু কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয়ও জ্ঞাত হয় না, বিচিকিৎসানুশয়ও জ্ঞাত হয় না। দ্বিবিধ মার্গলাভী ও স্রোতাপত্তিমার্গলাভী ব্যতীত বাকি পুদ্গালেরা কিন্তু সর্বত্রই কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয়ও জ্ঞাত হয় না, বিচিকিৎসানুশয়ও জ্ঞাত হয় না।

অথবা যে যেখানে বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় জ্ঞাত হয় না?

অনাগামীমার্গলাভী দুঃখবেদনায় বিচিকিৎসানুশয়, কামরাগানুশয় ও মানানুশয় জ্ঞাত হয় না বটে, তবে প্রতিঘানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অনাগামীমার্গলাভী পুদ্গাল কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় জ্ঞাত হয় না বটে, তবে কামরাগানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অনাগামীমার্গলাভী পুদ্গাল রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয়ও জ্ঞাত হয় না বটে, তবে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয়ও জ্ঞাত হয় না। অর্হত্ত্বমার্গলাভী কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয়, কামরাগানুশয় ও প্রতিঘানুশয় জ্ঞাত হয় না বটে, তবে মানানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অর্হত্ত্বমার্গলাভী পুদ্গাল দুঃখবেদনায় ও লোকোত্তর ধর্মে কিন্তু বিচিকিৎসানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয়ও জ্ঞাত হয় না। দ্বিবিধ মার্গলাভী ও স্রোতাপত্তিমার্গলাভী ব্যতীত বাকি পুদ্গালেরা কিন্তু সর্বত্রই বিচিকিৎসানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয়ও জ্ঞাত হয় না।

(ক) যে যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি ভবরাগানুশয় জ্ঞাত হয় না? হ্যাঁ।

(খ) অথবা যে যেখানে ভবরাগানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় জ্ঞাত হয় না?

অনাগামীমার্গলাভী দুঃখবেদনায় ভবরাগানুশয়, কামরাগানুশয় ও মানানুশয় জ্ঞাত হয় না বটে, তবে প্রতিঘানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অনাগামীমার্গলাভী পুদ্গল কামধাতুতে দ্বিবিধ বেদনায় ভবরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় জ্ঞাত হয় না বটে, তবে কামরাগানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অনাগামীমার্গলাভী পুদ্গল রূপধাতুতে, অরূপধাতুতে ও লোকোত্তর ধর্মে কিন্তু ভবরাগানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয়ও জ্ঞাত হয় না। অর্হত্ত্বমার্গলাভী কামধাতুতে দ্বিবিধ বেদনায় ভবরাগানুশয়, কামরাগানুশয় ও প্রতিঘানুশয় জ্ঞাত হয় না বটে, তবে মানানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অর্হত্ত্বমার্গলাভী পুদ্গল দুঃখবেদনায় ও লোকোত্তর ধর্মে কিন্তু ভবরাগানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয়ও জ্ঞাত হয় না। দ্বিবিধ মার্গলাভী ব্যতীত বাকি পুদ্গলেরা কিন্তু সর্বত্রই ভবরাগানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয়ও জ্ঞাত হয় না

(ক) যে যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি অবিদ্যানুশয় জ্ঞাত হয় না?

অর্হত্ত্বমার্গলাভী দুঃখবেদনায় কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় জ্ঞাত হয় না বটে, তবে অবিদ্যানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অর্হত্ত্বমার্গলাভী পুদ্গল লোকোত্তর ধর্মে কিন্তু কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয়ও জ্ঞাত হয় না, অবিদ্যানুশয়ও জ্ঞাত হয় না। দ্বিবিধ মার্গলাভী ব্যতীত বাকি পুদ্গলেরা কিন্তু সর্বত্রই কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয়ও জ্ঞাত হয় না, অবিদ্যানুশয়ও জ্ঞাত হয় না।

(খ) অথবা যে যেখানে অবিদ্যানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় জ্ঞাত হয় না?

অনাগামীমার্গলাভী দুঃখবেদনায় অবিদ্যানুশয়, কামরাগানুশয় ও মানানুশয় জ্ঞাত হয় না বটে, তবে প্রতিঘানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অনাগামীমার্গলাভী পুদ্গল কামধাতুতে দ্বিবিধ বেদনায় অবিদ্যানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় জ্ঞাত হয় না বটে, তবে কামরাগানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অনাগামীমার্গলাভী পুদ্গল রূপধাতুতে, অরূপধাতুতে ও লোকোত্তর ধর্মে কিন্তু অবিদ্যানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয়ও জ্ঞাত হয় না। দ্বিবিধ মার্গলাভী ব্যতীত বাকি পুদ্গলেরা কিন্তু সর্বত্রই অবিদ্যানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয়ও জ্ঞাত হয় না। (ত্রিকমূলক)

২৬১. (ক) যে যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না? হ্যাঁ।

(খ) অথবা যে যেখানে বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় জ্ঞাত হয় না?

অনাগামীমার্গলাভী দুঃখবেদনায় বিচিকিৎসানুশয়, কামরাগানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় জ্ঞাত হয় না বটে, তবে প্রতিঘানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অনাগামীমার্গলাভী পুদ্গল কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় জ্ঞাত হয় না বটে, তবে কামরাগানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অনাগামীমার্গলাভী পুদ্গল রূপধাতুতে, অরূপধাতুতে ও লোকোত্তর ধর্মে কিন্তু বিচিকিৎসানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয়ও জ্ঞাত হয় না। অনাগামীমার্গলাভী কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয়, কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও দৃষ্টানুশয় জ্ঞাত হয় না বটে, তবে মানানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অর্হত্ত্বমার্গলাভী পুদ্গল দুঃখবেদনায় ও লোকোত্তর ধর্মে কিন্তু বিচিকিৎসানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয়ও জ্ঞাত হয় না। দ্বিবিধ মার্গলাভী ও স্রোতাপত্তিমার্গলাভী ব্যতীত বাকি পুদ্গলেরা কিন্তু সর্বত্রই বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না, কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয়ও জ্ঞাত হয় না।... (চতুষ্কমূলক)

২৬২. (ক) যে যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি ভবরাগানুশয় জ্ঞাত হয় না? হ্যাঁ।

(খ) অথবা যে যেখানে ভবরাগানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না?

স্রোতাপত্তিমার্গলাভী কামধাতুতে ত্রিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে ভবরাগানুশয়, কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় জ্ঞাত হয় না বটে, তবে দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই স্রোতাপত্তিমার্গলাভী পুদ্গল লোকোত্তর ধর্মে কিন্তু ভবরাগানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয়ও জ্ঞাত হয় না। অনাগামীমার্গলাভী দুঃখবেদনায় ভবরাগানুশয়, কামরাগানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না বটে, তবে প্রতিঘানুশয়

জ্ঞাত হয় না তা নয়। সেই অনাগামীমার্গলাভী পুদ্গল কামধাতুতে দ্বিবিধ বেদনায় ভবরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না বটে, তবে কামরাগানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অনাগামীমার্গলাভী পুদ্গল রূপধাতুতে, অরূপধাতুতে ও লোকোত্তর ধর্মে কিন্তু ভবরাগানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয়ও জ্ঞাত হয় না। অর্হত্ত্বমার্গলাভী কামধাতুতে দ্বিবিধ বেদনায় ভবরাগানুশয়, কামরাগানুশয়, প্রতিঘানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না বটে, তবে মানানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অর্হত্ত্বমার্গলাভী পুদ্গল দুঃখবেদনায় ও লোকোত্তর ধর্মে কিন্তু ভবরাগানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয়ও জ্ঞাত হয় না। দ্বিবিধ মার্গলাভী ও স্রোতাপত্তিমার্গলাভী ব্যতীত বাকি পুদ্গলেরা কিন্তু সর্বত্রই ভবরাগানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয়ও জ্ঞাত হয় না।

(ক) যে যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি অবিদ্যানুশয় জ্ঞাত হয় না?

অর্হত্ত্বমার্গলাভী দুঃখবেদনায় কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না বটে, তবে অবিদ্যানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অর্হত্ত্বমার্গলাভী পুদ্গল লোকোত্তর ধর্মে কিন্তু কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয়ও জ্ঞাত হয় না, অবিদ্যানুশয়ও জ্ঞাত হয় না। দ্বিবিধ মার্গলাভী ও স্রোতাপত্তিমার্গলাভী ব্যতীত বাকি পুদ্গলেরা কিন্তু সর্বত্রই কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয়ও জ্ঞাত হয় না, অবিদ্যানুশয়ও জ্ঞাত হয় না।

(খ) অথবা যে যেখানে অবিদ্যানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না?

স্রোতাপত্তিমার্গলাভী কামধাতুতে ত্রিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয়, কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় জ্ঞাত হয় না বটে, তবে দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই স্রোতাপত্তিমার্গলাভী পুদ্গল লোকোত্তর ধর্মে কিন্তু অবিদ্যানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয়ও জ্ঞাত হয় না। অনাগামীমার্গলাভী দুঃখবেদনায় অবিদ্যানুশয়, কামরাগানুশয়,

মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না বটে, তবে প্রতিঘানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অনাগামীমার্গলাভী পুদ্গল কামধাতুতে দ্বিবিধ বেদনায় অবিদ্যানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না বটে, তবে কামরাগানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অনাগামীমার্গলাভী পুদ্গল রূপধাতুতে, অরূপধাতুতে ও লোকোত্তর ধর্মে কিন্তু অবিদ্যানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয়ও জ্ঞাত হয় না। দ্বিবিধ মার্গলাভী ও স্রোতাপত্তিমার্গলাভী ব্যতীত বাকি পুদ্গলেরা কিন্তু সর্বত্রই অবিদ্যানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয়ও জ্ঞাত হয় না। (পঞ্চকমূলক)

২৬৩. (ক) যে যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি অবিদ্যানুশয় জ্ঞাত হয় না?

অর্হত্ত্বমার্গলাভী দুঃখবেদনায় কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয় জ্ঞাত হয় না বটে, তবে অবিদ্যানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অর্হত্ত্বমার্গলাভী লোকোত্তর ধর্মে কিন্তু কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয়ও জ্ঞাত হয় না, অবিদ্যানুশয়ও জ্ঞাত হয় না। দ্বিবিধ মার্গলাভী ও স্রোতাপত্তিমার্গলাভী ব্যতীত বাকি পুদ্গলেরা কিন্তু সর্বত্রই কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয়ও জ্ঞাত হয় না, অবিদ্যানুশয়ও জ্ঞাত হয় না।

(খ) অথবা যে যেখানে অবিদ্যানুশয় জ্ঞাত হয় না, সে সেখানে কি কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয় জ্ঞাত হয় না?

স্রোতাপত্তিমার্গলাভী কামধাতুতে ত্রিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয়, কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও ভবরাগানুশয় জ্ঞাত হয় না বটে, তবে দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই স্রোতাপত্তিমার্গলাভী পুদ্গল লোকোত্তর ধর্মে কিন্তু অবিদ্যানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয়ও জ্ঞাত হয় না। অনাগামীমার্গলাভী দুঃখবেদনায় অবিদ্যানুশয়, কামরাগানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয় জ্ঞাত হয় না বটে, তবে

প্রতিঘানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অনাগামীমার্গলাভী পুদ্গল কামধাতুতে দ্বিবিধ বেদনায় অবিদ্যানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয় জ্ঞাত হয় না বটে, তবে কামরাগানুশয় জ্ঞাত হয় না তা নয়। সেই অনাগামীমার্গলাভী পুদ্গল রূপধাতুতে, অরূপধাতুতে ও লোকোত্তর ধর্মে কিন্তু অবিদ্যানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয়ও জ্ঞাত হয় না। দ্বিবিধ মার্গলাভী ও স্রোতাপত্তিমার্গলাভী ব্যতীত বাকি পুদ্গলেরা কিন্তু সর্বত্রই অবিদ্যানুশয়ও জ্ঞাত হয় না, কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয়ও জ্ঞাত হয় না। (ষষ্ঠকমূলক)

[পরিজ্ঞা বারে প্রতিলোম]

[পরিজ্ঞা বার]

৫. প্রহীণ বার

(ক) অনুলোম-পুদ্গল

২৬৪. (ক) যার কামরাগানুশয় প্রহীণ, তার প্রতিঘানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

(খ) অথবা যার প্রতিঘানুশয় প্রহীণ, তার কামরাগানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

(ক) যার কামরাগানুশয় প্রহীণ, তার মানানুশয় প্রহীণ কি?

অনাগামীর কামরাগানুশয় প্রহীণ বটে, তবে মানানুশয় প্রহীণ নয়। অর্হতের কিন্তু কামরাগানুশয়ও প্রহীণ, মানানুশয়ও প্রহীণ।

(খ) অথবা যার মানানুশয় প্রহীণ, তার কামরাগানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

যার কামরাগানুশয় প্রহীণ, তার দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

অথবা যার বিচিকিৎসানুশয় প্রহীণ, তার কামরাগানুশয় প্রহীণ কি?

দ্বিবিধ পুদ্গলের বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় প্রহীণ নয়। দ্বিবিধ পুদ্গলের বিচিকিৎসানুশয়ও প্রহীণ, কামরাগানুশয়ও প্রহীণ।

যার কামরাগানুশয় প্রহীণ, তার ভবরাগানুশয়... অবিদ্যানুশয় প্রহীণ কি?

অনাগামীর কামরাগানুশয় প্রহীণ বটে, তবে অবিদ্যানুশয় প্রহীণ নয়। অর্হতের কিন্তু কামরাগানুশয়ও প্রহীণ, অবিদ্যানুশয়ও প্রহীণ।

অথবা যার অবিদ্যানুশয় প্রহীণ, তার কামরাগানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

২৬৫. (ক) যার প্রতিঘানুশয় প্রহীণ, তার মানানুশয় প্রহীণ কি?

অনাগামীর প্রতিঘানুশয় প্রহীণ বটে, তবে মানানুশয় প্রহীণ নয়। অর্হতের

কিন্তু প্রতিঘানুশয়ও প্রহীণ, মানানুশয়ও প্রহীণ।

(খ) অথবা যার মানানুশয় প্রহীণ, তার প্রতিঘানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

যার প্রতিঘানুশয় প্রহীণ, তার দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

অথবা যার বিচিকিৎসানুশয় প্রহীণ, তার প্রতিঘানুশয় প্রহীণ কি?

দ্বিবিধ পুদ্গালের বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় প্রহীণ নয়। দ্বিবিধ পুদ্গালের কিন্তু বিচিকিৎসানুশয়ও প্রহীণ, প্রতিঘানুশয়ও প্রহীণ।

যার প্রতিঘানুশয় প্রহীণ, তার ভবরাগানুশয়... অবিদ্যানুশয় প্রহীণ কি?

অনাগামীর প্রতিঘানুশয় প্রহীণ বটে, তবে অবিদ্যানুশয় প্রহীণ নয়। অর্হতের কিন্তু প্রতিঘানুশয়ও প্রহীণ, অবিদ্যানুশয়ও প্রহীণ।

অথবা যার অবিদ্যানুশয় প্রহীণ, তার প্রতিঘানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

২৬৬. যার মানানুশয় প্রহীণ, তার দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

অথবা যার বিচিকিৎসানুশয় প্রহীণ, তার মানানুশয় প্রহীণ কি?

ত্রিবিধ পুদ্গালের বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে মানানুশয় প্রহীণ নয়। অর্হতের কিন্তু বিচিকিৎসানুশয়ও প্রহীণ, মানানুশয়ও প্রহীণ।

যার মানানুশয় প্রহীণ, তার ভবরাগানুশয়... অবিদ্যানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

অথবা যার অবিদ্যানুশয় প্রহীণ, তার মানানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

২৬৭. (ক) যার দৃষ্টানুশয় প্রহীণ, তার বিচিকিৎসানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

(খ) অথবা যার বিচিকিৎসানুশয় প্রহীণ, তার দৃষ্টানুশয় প্রহীণ কি? হ্যাঁ।... ।

২৬৮. যার বিচিকিৎসানুশয় প্রহীণ, তার ভবরাগানুশয়... অবিদ্যানুশয় প্রহীণ কি?

ত্রিবিধ পুদ্গালের বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে অবিদ্যানুশয় প্রহীণ নয়। অর্হতের কিন্তু বিচিকিৎসানুশয়ও প্রহীণ, অবিদ্যানুশয়ও প্রহীণ।

অথবা যার অবিদ্যানুশয় প্রহীণ, তার বিচিকিৎসানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

২৬৯. (ক) যার ভবরাগানুশয় প্রহীণ, তার অবিদ্যানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

(খ) অথবা যার অবিদ্যানুশয় প্রহীণ, তার ভবরাগানুশয় প্রহীণ কি? হ্যাঁ। (একমূলক)

২৭০. (ক) যার কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ, তার মানানুশয় প্রহীণ কি?

অনাগামীর কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ বটে, তবে মানানুশয়

প্রহীণ নয়। অর্হতের কিন্তু কামরাগানুশয় ও প্রতিঘানুশয়ও প্রহীণ, মানানুশয়ও প্রহীণ।

(খ) অথবা যার মানানুশয় প্রহীণ, তার কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

যার কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ, তার দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

অথবা যার বিচিকিৎসানুশয় প্রহীণ, তার কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ কি?

দ্বিবিধ পুদ্গালের বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ নয়। দ্বিবিধ পুদ্গালের কিন্তু বিচিকিৎসানুশয়ও প্রহীণ, কামরাগানুশয় ও প্রতিঘানুশয়ও প্রহীণ।

যার কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ, তার ভবরাগানুশয়... অবিদ্যানুশয় প্রহীণ কি?

অনাগামীর কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ বটে, তবে অবিদ্যানুশয় প্রহীণ নয়। অর্হতের কিন্তু কামরাগানুশয় ও প্রতিঘানুশয়ও প্রহীণ, অবিদ্যানুশয়ও প্রহীণ।

অথবা যার অবিদ্যানুশয় প্রহীণ, তার কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ কি? হ্যাঁ। (দ্বিকমূলক)

২৭১. যার কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় প্রহীণ, তার দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

অথবা যার বিচিকিৎসানুশয় প্রহীণ, তার কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় প্রহীণ কি?

দ্বিবিধ পুদ্গালের বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় প্রহীণ নয়। অনাগামীর বিচিকিৎসানুশয়, কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ বটে, তবে মানানুশয় প্রহীণ নয়। অর্হতের কিন্তু বিচিকিৎসানুশয়ও প্রহীণ, কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয়ও প্রহীণ।

যার কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় প্রহীণ, তার ভবরাগানুশয়... অবিদ্যানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

অথবা যার অবিদ্যানুশয় প্রহীণ, তার কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় প্রহীণ কি? হ্যাঁ। (ত্রিকমূলক)

২৭২ (ক) যার কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয়

প্রহীণ, তার বিচিকিৎসানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

(খ) অথবা যার বিচিকিৎসানুশয় প্রহীণ, তার কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় প্রহীণ কি?

দ্বিবিধ পুদ্গলের বিচিকিৎসানুশয় ও দৃষ্টানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় প্রহীণ নয়। অনাগামীর বিচিকিৎসানুশয়, কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও দৃষ্টানুশয় প্রহীণ বটে, তবে মানানুশয় প্রহীণ নয়। অর্হতের কিন্তু বিচিকিৎসানুশয়ও প্রহীণ, কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয়ও প্রহীণ।... । (চতুষ্কমূলক)

২৭৩. যার কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় প্রহীণ, তার ভবরাগানুশয়... অবিদ্যানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

অথবা যার অবিদ্যানুশয় প্রহীণ, তার কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় প্রহীণ কি? হ্যাঁ। (পঞ্চকমূলক)

২৭৪. (ক) যার কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয় প্রহীণ, তার অবিদ্যানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

(খ) অথবা যার অবিদ্যানুশয় প্রহীণ, তার কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয় প্রহীণ কি? হ্যাঁ। (ষষ্ঠকমূলক)

(খ) অনুলোম-স্থান

২৭৫. (ক) যেখানে কামরাগানুশয় প্রহীণ, সেখানে প্রতিঘানুশয় প্রহীণ কি?

'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না।[১]

(খ) অথবা যেখানে প্রতিঘানুশয় প্রহীণ, সেখানে কামরাগানুশয় প্রহীণ কি?

'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না।

(ক) যেখানে কামরাগানুশয় প্রহীণ, সেখানে মানানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

---

[১]। কামরাগানুশয় ও প্রতিঘানুশয় এই দুটির উৎপত্তিস্থান সম্পূর্ণ ভিন্ন। এই ভিন্নতার কারণেই 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যায় না। মার্গ অভাবিত হলে সেখানে অনুশয় উৎপন্ন হয়, কিন্তু যখন মার্গ ভাবিত হয়, তখন সেখানে সেই অনুশয় প্রহীণ হয়। যেহেতু কামরাগানুশয়ের উৎপত্তিস্থানে প্রতিঘানুশয় উৎপন্ন হয় না, প্রতিঘানুশয়ের উৎপত্তিস্থানে কামরাগানুশয় উৎপন্ন হয় না, তাই সেখানে 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। *[যমক-অট্ঠকথা]*

(খ) অথবা যেখানে মানানুশয় প্রহীণ, সেখানে কামরাগানুশয় প্রহীণ কি?

রূপধাতুতে ও অরূপধাতুতে মানানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় মানানুশয়ও প্রহীণ, কামরাগানুশয়ও প্রহীণ।

যেখানে কামরাগানুশয় প্রহীণ, সেখানে দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

অথবা যেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ, সেখানে কামরাগানুশয় প্রহীণ কি?

দুঃখবেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয়ও প্রহীণ, কামরাগানুশয়ও প্রহীণ।

(ক) যেখানে কামরাগানুশয় প্রহীণ, সেখানে ভবরাগানুশয় প্রহীণ কি?

'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না।

(খ) অথবা যেখানে ভবরাগানুশয় প্রহীণ, সেখানে কামরাগানুশয় প্রহীণ কি?

'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না।

(ক) যেখানে কামরাগানুশয় প্রহীণ, সেখানে অবিদ্যানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অবিদ্যানুশয় প্রহীণ, সেখানে কামরাগানুশয় প্রহীণ কি?

দুঃখবেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় কিন্তু অবিদ্যাশয়ও প্রহীণ, কামরাগানুশয়ও প্রহীণ।

২৭৬. (ক) যেখানে প্রতিঘানুশয় প্রহীণ, সেখানে মানানুশয় প্রহীণ কি?

'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না।

(খ) অথবা যেখানে মানানুশয় প্রহীণ, সেখানে প্রতিঘানুশয় প্রহীণ কি?

'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না।

যেখানে প্রতিঘানুশয় প্রহীণ, সেখানে দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

অথবা যেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ, সেখানে প্রতিঘানুশয় প্রহীণ কি?

কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে

না। দুঃখবেদনায় কিন্তু বিচিকিৎসানুশয়ও প্রহীণ, প্রতিঘানুশয়ও প্রহীণ।

(ক) যেখানে প্রতিঘানুশয় প্রহীণ, সেখানে ভবরাগানুশয় প্রহীণ কি?

'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না।

(খ) অথবা যেখানে ভবরাগানুশয় প্রহীণ, সেখানে প্রতিঘানুশয় প্রহীণ কি?

'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না।

(ক) যেখানে প্রতিঘানুশয় প্রহীণ, সেখানে অবিদ্যানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অবিদ্যানুশয় প্রহীণ, সেখানে প্রতিঘানুশয় প্রহীণ কি?

কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। দুঃখবেদনায় কিন্তু অবিদ্যানুশয়ও প্রহীণ, প্রতিঘানুশয়ও প্রহীণ।

২৭৭. যেখানে মানানুশয় প্রহীণ, সেখানে দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

অথবা যেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ, সেখানে মানানুশয় প্রহীণ কি?

দুঃখবেদনায় বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে মানানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু বিচিকিৎসানুশয়ও প্রহীণ, মানানুশয়ও প্রহীণ।

(ক) যেখানে মানানুশয় প্রহীণ, সেখানে ভবরাগানুশয় প্রহীণ কি?

কামধাতুতে দ্বিবিধ বেদনায় মানানুশয় প্রহীণ বটে, তবে ভবরাগানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু মানানুশয়ও প্রহীণ, ভবরাগানুশয়ও প্রহীণ।

(খ) অথবা যেখানে ভবরাগানুশয় প্রহীণ, সেখানে মানানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

(ক) যেখানে মানানুশয় প্রহীণ, সেখানে অবিদ্যানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অবিদ্যানুশয় প্রহীণ, সেখানে মানানুশয় প্রহীণ কি?

দুঃখবেদনায় অবিদ্যানুশয় প্রহীণ বটে, তবে মানানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু অবিদ্যানুশয়ও প্রহীণ, মানানুশয়ও প্রহীণ।

২৭৮. (ক) যেখানে দৃষ্টানুশয় প্রহীণ, সেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ, সেখানে দৃষ্টানুশয় প্রহীণ কি? হ্যাঁ।... ।

২৭৯. (ক) যেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ, সেখানে ভবরাগানুশয় প্রহীণ

কি?

কামধাতুতে ত্রিবিধ বেদনায় বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে ভবরাগানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু বিচিকিৎসানুশয়ও প্রহীণ, ভবরাগানুশয়ও প্রহীণ।

(খ) অথবা যেখানে ভবরাগানুশয় প্রহীণ, সেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

(ক) যেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ, সেখানে অবিদ্যানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অবিদ্যানুশয় প্রহীণ, সেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

২৮০. (ক) যেখানে ভবরাগানুশয় প্রহীণ, সেখানে অবিদ্যানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অবিদ্যানুশয় প্রহীণ, সেখানে ভবরাগানুশয় প্রহীণ কি?

কামধাতুতে ত্রিবিধ বেদনায় অবিদ্যানুশয় প্রহীণ বটে, তবে ভবরাগানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু অবিদ্যানুশয়ও প্রহীণ, ভবরাগানুশয়ও প্রহীণ। (একমূলক)

২৮১. (ক) যেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ, সেখানে মানানুশয় প্রহীণ কি? নেই।

(খ) অথবা যেখানে মানানুশয় প্রহীণ, সেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ কি?

রূপধাতুতে ও অরূপধাতুতে মানানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় মানানুশয় ও কামরাগানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না।

যেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ, সেখানে দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় প্রহীণ কি? নেই

অথবা যেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ, সেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ কি?

রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয় ও কামরাগানুশয় প্রহীণ

বটে, তবে প্রতিঘানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না। দুঃখবেদনায় বিচিকিৎসানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না।

(ক) যেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ, সেখানে ভবরাগানুশয় প্রহীণ কি? নেই।

(খ) অথবা যেখানে ভবরাগানুশয় প্রহীণ, সেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ কি?

‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না।

(ক) যেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ, সেখানে অবিদ্যানুশয় প্রহীণ কি? নেই।

(খ) অথবা যেখানে অবিদ্যানুশয় প্রহীণ, সেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ কি?

রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় অবিদ্যানুশয় ও কামরাগানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না। দুঃখবেদনায় অবিদ্যানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না। (দ্বিকমূলক)

২৮২. যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় প্রহীণ, সেখানে দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় প্রহীণ কি? নেই।

অথবা যেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ, সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় প্রহীণ কি?

রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় ও মানানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয়, কামরাগানুশয় ও মানানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না। দুঃখবেদনায় বিচিকিৎসানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও মানানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না।

(ক) যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় প্রহীণ, সেখানে ভবরাগানুশয় প্রহীণ কি? নেই।

(খ) অথবা যেখানে ভবরাগানুশয় প্রহীণ, সেখানে কামরাগানুশয়,

প্রতিঘানুশয় ও মানানুশয় প্রহীণ কি?

মানানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না।

(ক) যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় প্রহীণ, সেখানে অবিদ্যানুশয় প্রহীণ কি? নেই।

(খ) অথবা যেখানে অবিদ্যানুশয় প্রহীণ, সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় প্রহীণ কি?

রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় ও মানানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় অবিদ্যানুশয়, কামরাগানুশয় ও মানানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না। দুঃখবেদনায় অবিদ্যানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও মানানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না। (ত্রিকমূলক)

২৮৩. (ক) যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় প্রহীণ, সেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ কি? নেই।

(খ) অথবা যেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ, সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় প্রহীণ কি?

রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয়, কামরাগানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না। দুঃখবেদনায় বিচিকিৎসানুশয়, প্রতিঘানুশয় ও দৃষ্টানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও মানানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না।... । (চতুষ্কমূলক)

২৮৪. (ক) যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় প্রহীণ, সেখানে ভবরাগানুশয় প্রহীণ কি? নেই।

(খ) অথবা যেখানে ভবরাগানুশয় প্রহীণ, সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় প্রহীণ কি?

রূপধাতুতে ও অরূপধাতুতে ভবরাগানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না।

(ক) যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় প্রহীণ, সেখানে অবিদ্যানুশয় প্রহীণ কি? নেই।

(খ) অথবা যেখানে অবিদ্যানুশয় প্রহীণ, সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় প্রহীণ?

রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় অবিদ্যানুশয়, কামরাগানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। দুঃখবেদনায় অবিদ্যানুশয়, প্রতিঘানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও মানানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। (পঞ্চকমূলক)

২৮৫. (ক) যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয় প্রহীণ, সেখানে অবিদ্যানুশয় প্রহীণ কি? নেই।

(খ) অথবা যেখানে অবিদ্যানুশয় প্রহীণ, সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয় প্রহীণ কি?

রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। কামধাতুতে দ্বিবিধ বেদনায় অবিদ্যানুশয়, কামরাগানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় ও ভবরাগানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। দুঃখবেদনায় অবিদ্যানুশয়, প্রতিঘানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয়, মানানুশয় ও ভবরাগানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। (ষষ্ঠকমূলক)

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

২৮৬. (ক) যার যেখানে কামরাগানুশয় প্রহীণ, তার সেখানে প্রতিঘানুশয় প্রহীণ কি?

'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না।

(খ) অথবা যার যেখানে প্রতিঘানুশয় প্রহীণ, তার সেখানে কামরাগানুশয়

প্রহীণ কি?

'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না।

(ক) যার যেখানে কামরাগানুশয় প্রহীণ, তার সেখানে মানানুশয় প্রহীণ কি?

অনাগামী কামধাতুতে দ্বিবিধ বেদনায় কামরাগানুশয় প্রহীণ বটে, তবে মানানুশয় প্রহীণ নয়। অর্হতের কিন্তু কামধাতুতে দ্বিবিধ বেদনায় কিন্তু কামরাগানুশয়ও প্রহীণ, মানানুশয়ও প্রহীণ।

(খ) অথবা যার যেখানে মানানুশয় প্রহীণ, তার সেখানে কামরাগানুশয় প্রহীণ কি?

অর্হতের রূপধাতুতে ও অরূপধাতুতে মানানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অর্হৎ পুদ্গলের কামধাতুতে দ্বিবিধ বেদনায় কিন্তু মানানুশয়ও প্রহীণ, কামরাগানুশয়ও প্রহীণ।

(ক) যার যেখানে কামরাগানুশয় প্রহীণ, তার সেখানে দৃষ্টানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে দৃষ্টানুশয় প্রহীণ, তার সেখানে কামরাগানুশয় প্রহীণ কি?

দ্বিবিধ পুদ্গালের দুঃখবেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে দৃষ্টানুশয় প্রহীণ বটে, তবে কারাগানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই দ্বিবিধ পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায় দৃষ্টানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় প্রহীণ নয়। দ্বিবিধ পুদ্গালের দুঃখবেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে দৃষ্টানুশয় প্রহীণ বটে, তবে কারাগানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই দ্বিবিধ পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায় কিন্তু দৃষ্টানুশয়ও প্রহীণ বটে, তবে কামরাগানুশয়ও প্রহীণ।

(ক) যার যেখানে কামরাগানুশয় প্রহীণ, তার সেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ, তার সেখানে কামরাগানুশয় প্রহীণ কি?

দ্বিবিধ পুদ্গালের দুঃখবেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে কারাগানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই দ্বিবিধ পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় নয়। দ্বিবিধ পুদ্গালের

দুঃখবেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে কারাগানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই দ্বিবিধ পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয়ও প্রহীণ বটে, তবে কামরাগানুশয়ও প্রহীণ।

(ক) যার যেখানে কামরাগানুশয় প্রহীণ, তার সেখানে ভবরাগানুশয় প্রহীণ কি?

'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না।

(খ) অথবা যার যেখানে ভবরাগানুশয় প্রহীণ, তার সেখানে কামরাগানুশয় প্রহীণ কি?

'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না।

(ক) যার যেখানে কামরাগানুশয় প্রহীণ, তার সেখানে অবিদ্যানুশয় প্রহীণ কি?

অনাগামী কামধাতুতে দ্বিবিধ বেদনায় কামরাগানুশয় প্রহীণ বটে, তবে অবিদ্যানুশয় প্রহীণ নয়। অর্হতের কামধাতুতে দ্বিবিধ বেদনায় কিন্তু কামরাগানুশয়ও প্রহীণ, অবিদ্যানুশয়ও প্রহীণ।

(খ) অথবা যার যেখানে অবিদ্যানুশয় প্রহীণ, তার সেখানে কামরাগানুশয় প্রহীণ কি?

অর্হতের দুঃখবেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অর্হৎ পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায় কিন্তু অবিদ্যানুশয়ও প্রহীণ, কামরাগানুশয়ও প্রহীণ।

২৮৭. (ক) যার যেখানে প্রতিঘানুশয় প্রহীণ, তার সেখানে মানানুশয় প্রহীণ কি?

'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না।

(খ) অথবা যার যেখানে মানানুশয় প্রহীণ, তার সেখানে প্রতিঘানুশয় প্রহীণ কি?

'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না।

যার যেখানে প্রতিঘানুশয় প্রহীণ, তার সেখানে দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

অথবা যার যেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ, তার সেখানে প্রতিঘানুশয় প্রহীণ কি?

দ্বিবিধ পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে

বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই দ্বিবিধ পুদ্গলের দুঃখবেদনায় বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় প্রহীণ নয়। দ্বিবিধ পুদ্গলের কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই দ্বিবিধ পুদ্গলের দুঃখবেদনায় কিন্তু বিচিকিৎসানুশয়ও প্রহীণ, প্রতিঘানুশয়ও প্রহীণ।

(ক) যার যেখানে প্রতিঘানুশয় প্রহীণ, তার সেখানে ভবরাগানুশয় প্রহীণ কি?

'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না।

(খ) অথবা যার যেখানে ভবরাগানুশয় প্রহীণ, তার সেখানে প্রতিঘানুশয় প্রহীণ কি?

'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না।

(ক) যার যেখানে প্রতিঘানুশয় প্রহীণ, তার সেখানে অবিদ্যানুশয় প্রহীণ কি?

অনাগামীর দুঃখবেদনায় প্রতিঘানুশয় প্রহীণ বটে, তবে অবিদ্যানুশয় প্রহীণ নয়। অর্হতের দুঃখবেদনায় কিন্তু প্রতিঘানুশয়ও প্রহীণ, অবিদ্যানুশয়ও প্রহীণ।

(খ) অথবা যার যেখানে অবিদ্যানুশয় প্রহীণ, তার সেখানে প্রতিঘানুশয় প্রহীণ কি?

অর্হতের কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অর্হৎ পুদ্গলের দুঃখবেদনায় কিন্তু অবিদ্যানুশয়ও প্রহীণ, প্রতিঘানুশয়ও প্রহীণ।

২৮৮. যার যেখানে মানানুশয় প্রহীণ, তার সেখানে দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

অথবা যার যেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ, তার সেখানে মানানুশয় প্রহীণ কি?

ত্রিবিধ পুদ্গলের দুঃখবেদনায় বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে মানানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই ত্রিবিধ পুদ্গলের কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে মানানুশয় প্রহীণ নয়। অর্হতের

দুঃখবেদনায় বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে মানানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অর্হৎ পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু বিচিকিৎসানুশয়ও প্রহীণ, মানানুশয়ও প্রহীণ।

(ক) যার যেখানে মানানুশয় প্রহীণ, তার সেখানে ভবরাগানুশয় প্রহীণ কি?

অর্হতের কামধাতুতে দ্বিবিধ বেদনায় মানানুশয় প্রহীণ বটে, তবে ভবরাগানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অর্হৎ পুদ্গালের রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু মানানুশয়ও প্রহীণ, ভবরাগানুশয়ও প্রহীণ।

(খ) অথবা যার যেখানে ভবরাগানুশয় প্রহীণ, তার সেখানে মানানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

(ক) যার যেখানে মানানুশয় প্রহীণ, তার সেখানে অবিদ্যানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অবিদ্যানুশয় প্রহীণ, তার সেখানে মানানুশয় প্রহীণ কি?

অর্হতের দুঃখবেদনায় অবিদ্যানুশয় প্রহীণ বটে, তবে মানানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অর্হৎ পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু অবিদ্যানুশয়ও প্রহীণ, মানানুশয়ও প্রহীণ।

২৮৯. (ক) যার যেখানে দৃষ্টানুশয় প্রহীণ, তার সেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

(খ) যার যেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ, তার সেখানে দৃষ্টানুশয় প্রহীণ কি? হ্যাঁ।... ।

২৯০. (ক) যার যেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ, তার সেখানে ভবরাগানুশয় প্রহীণ কি?

ত্রিবিধ পুদ্গালের কামধাতুতে ত্রিবিধ বেদনায় বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে ভবরাগানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই ত্রিবিধ পুদ্গালের রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে ভবরাগানুশয় প্রহীণ নয়। অর্হতের কামধাতুতে ত্রিবিধ বেদনায় বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে ভবরাগানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অর্হৎ পুদ্গালের রূপধাতুতে ও অরূপধাতুতে

কিন্তু বিচিকিৎসানুশয়ও প্রহীণ, ভবরাগানুশয়ও প্রহীণ।

(খ) অথবা যার যেখানে ভবরাগানুশয় প্রহীণ, তার সেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

(ক) যার যেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ, তার সেখানে অবিদ্যানুশয় প্রহীণ কি?

ত্রিবিধ পুদ্গলের কামধাতুতে ত্রিবিধ বেদনায় রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে অবিদ্যানুশয় প্রহীণ নয়। অর্হতের কামধাতুতে ত্রিবিধ বেদনায়, রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু বিচিকিৎসানুশয়ও প্রহীণ, অবিদ্যানুশয়ও প্রহীণ।

(খ) অথবা যার যেখানে অবিদ্যানুশয় প্রহীণ, তার সেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

২৯১. (ক) যার যেখানে ভবরাগানুশয় প্রহীণ, তার সেখানে অবিদ্যানুশয় প্রহীণ কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অবিদ্যানুশয় প্রহীণ, তার সেখানে ভবরাগানুশয় প্রহীণ কি?

অর্হতের কামধাতুতে ত্রিবিধ বেদনায় অবিদ্যানুশয় প্রহীণ বটে, তবে ভবরাগানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অর্হৎ পুদ্গালের রূপধাতুতে ও অরূপধাতুতে কিন্তু অবিদ্যানুশয়ও প্রহীণ, ভবরাগানুশয়ও প্রহীণ। (একমূলক)

২৯২. (ক) যার যেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ, তার সেখানে মানানুশয় প্রহীণ কি? নেই।

(খ) অথবা যার যেখানে মানানুশয় প্রহীণ, তার সেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ কি?

অর্হতের রূপধাতুতে ও অরূপধাতুতে মানানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অর্হৎ পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায় মানানুশয় ও কামরাগানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না।

যার যেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ, তার সেখানে দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় প্রহীণ কি? নেই।

অথবা যার যেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ, তার সেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ কি?

দ্বিবিধ পুদ্গলের রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না। সেই দ্বিবিধ পুদ্গলের কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় প্রহীণ নয় এবং প্রতিঘানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না। সেই দ্বিবিধ পুদ্গলের দুঃখবেদনায় বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় প্রহীণ নয় এবং কামরাগানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না। দ্বিবিধ পুদ্গলের রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না। সেই দ্বিবিধ পুদ্গলের কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয় ও কামরাগানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না। সেই দ্বিবিধ পুদ্গলের দুঃখবেদনায় বিচিকিৎসানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না।

(ক) যার যেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ, তার সেখানে ভবরাগানুশয় প্রহীণ কি? নেই

(খ) অথবা যার যেখানে ভবরাগানুশয় প্রহীণ, তার সেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ কি?

‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না।

(ক) যার যেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ, তার সেখানে অবিদ্যানুশয় প্রহীণ কি? নেই।

(খ) অথবা যার যেখানে অবিদ্যানুশয় প্রহীণ, তার সেখানে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ কি?

অর্হতের রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না। সেই অর্হৎ পুদ্গলের কামধাতুতে দ্বিবিধ বেদনায় অবিদ্যানুশয় ও কামরাগানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না। সেই অর্হৎ পুদ্গলের দুঃখবেদনায় অবিদ্যানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ‘প্রহীণ’ বা ‘অপ্রহীণ’ কোনোটিই বলা যাবে না। (দ্বিকমূলক)

২৯৩. যার যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় প্রহীণ, তার সেখানে দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় প্রহীণ কি? নেই।

অথবা যার যেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ, তার সেখানে কামরাগানুশয়,

প্রতিঘানুশয় ও মানানুশয় প্রহীণ কি?

দ্বিবিধ পুদ্গলের রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে মানানুশয় প্রহীণ নয় এবং কামরাগানুশয় ও প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই দ্বিবিধ পুদ্গলের কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও মানানুশয় প্রহীণ নয় এবং প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই দ্বিবিধ পুদ্গলের দুঃখবেদনায় বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় প্রহীণ নয় এবং কামরাগানুশয় ও মানানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। অনাগামীর রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে মানানুশয় প্রহীণ নয় এবং কামরাগানুশয় ও প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অনাগামী পুদ্গলের কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয় ও কামরাগানুশয় প্রহীণ বটে, তবে মানানুশয় প্রহীণ নয় এবং প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অনাগামী পুদ্গলের দুঃখবেদনায় বিচিকিৎসানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও মানানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। অর্হতের রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় ও মানানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অর্হৎ পুদ্গলের কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয়, কামরাগানুশয় ও মানানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অর্হৎ পুদ্গলের দুঃখবেদনায় বিচিকিৎসানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও মানানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না।

(ক) যার যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় প্রহীণ, তার সেখানে ভবরাগানুশয় প্রহীণ কি? নেই।

(খ) অথবা যার যেখানে ভবরাগানুশয় প্রহীণ, তার সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় প্রহীণ কি?

মানানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না।

(ক) যার যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় প্রহীণ, তার সেখানে অবিদ্যানুশয় প্রহীণ কি? নেই।

(খ) অথবা যার যেখানে অবিদ্যানুশয় প্রহীণ, তার সেখানে

কামরাগানুশয়, প্রতিঘানুশয় ও মানানুশয় প্রহীণ কি?

অর্হতের রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয় ও মানানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অর্হৎ পুদ্গলের কামধাতুতে দ্বিবিধ বেদনায় অবিদ্যানুশয়, কামরাগানুশয় ও মানানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অর্হৎ পুদ্গলের দুঃখবেদনায় অবিদ্যানুশয় ও প্রতিঘানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও মানানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। (ত্রিকমূলক)

২৯৪. (ক) যার যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় প্রহীণ, তার সেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ কি? নেই।

(খ) অথবা যার যেখানে বিচিকিৎসানুশয় প্রহীণ, তার সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় প্রহীণ কি?

দ্বিবিধ পুদ্গালের রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় ও দৃষ্টানুশয় প্রহীণ বটে, তবে মানানুশয় প্রহীণ নয় এবং কামরাগানুশয় ও প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই দ্বিবিধ পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয় ও দৃষ্টানুশয় প্রহীণ বটে, কামরাগানুশয় ও মানানুশয় প্রহীণ নয় এবং প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই দ্বিবিধ পুদ্গালের দুঃখবেদনায় বিচিকিৎসানুশয় ও দৃষ্টানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় প্রহীণ নয় এবং কামরাগানুশয় ও মানানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। অনাগামী রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয় ও দৃষ্টানুশয় প্রহীণ বটে, তবে মানানুশয় প্রহীণ নয় এবং কামরাগানুশয় ও প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অনাগামী পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয়, কামরাগানুশয় ও দৃষ্টানুশয় প্রহীণ বটে, তবে মানানুশয় প্রহীণ নয় এবং প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অনাগামী পুদ্গালের দুঃখবেদনায় বিচিকিৎসানুশয়, প্রতিঘানুশয় ও দৃষ্টানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও মানানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। অর্হতের রূপধাতুতে ও অরূপধাতুতে বিচিকিৎসানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অর্হৎ পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায় বিচিকিৎসানুশয়, কামরাগানুশয়, মানানুশয় ও দৃষ্টানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় 'প্রহীণ'

বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অর্হৎ পুদ্গালের দুঃখবেদনায় বিচিকিৎসানুশয়, প্রতিঘানুশয় ও দৃষ্টানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও মানানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না।... (চতুষ্কমূলক)

২৯৫. (ক) যার যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় প্রহীণ, তার সেখানে ভবরাগানুশয় প্রহীণ কি? নেই।

(খ) অথবা যার যেখানে ভবরাগানুশয় প্রহীণ, তার সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় প্রহীণ কি?

অর্হতের রূপধাতুতে ও অরূপধাতুতে ভবরাগানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না।

(ক) যার যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় প্রহীণ, তার সেখানে অবিদ্যানুশয় প্রহীণ কি? নেই।

(খ) অথবা যার যেখানে অবিদ্যানুশয় প্রহীণ, তার সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় প্রহীণ কি?

অর্হতের রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অর্হৎ পুদ্গালের কামধাতুতে দ্বিবিধ বেদনায় অবিদ্যানুশয়, কামরাগানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অর্হৎ পুদ্গালের দুঃখবেদনায় অবিদ্যানুশয়, প্রতিঘানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও মানানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। (পঞ্চকমূলক)

২৯৬. (ক) যার যেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয় প্রহীণ, তার সেখানে অবিদ্যানুশয় প্রহীণ কি? নেই।

(খ) অথবা যার যেখানে অবিদ্যানুশয় প্রহীণ, তার সেখানে কামরাগানুশয়, প্রতিঘানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়, বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয় প্রহীণ কি?

অর্হতের রূপধাতুতে ও অরূপধাতুতে অবিদ্যানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয়,

বিচিকিৎসানুশয় ও ভবরাগানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয় ও প্রতিঘানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অর্হৎ পুদ্গলের কামধাতুতে দ্বিবিধ বেদনায় অবিদ্যানুশয়, কামরাগানুশয়, মানানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে প্রতিঘানুশয় ও ভবরাগানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। সেই অর্হৎ পুদ্গলের দুঃখবেদনায় অবিদ্যানুশয়, প্রতিঘানুশয়, দৃষ্টানুশয় ও বিচিকিৎসানুশয় প্রহীণ বটে, তবে কামরাগানুশয়, মানানুশয় ও ভবরাগানুশয় 'প্রহীণ' বা 'অপ্রহীণ' কোনোটিই বলা যাবে না। (ষষ্ঠকমূলক)

[প্রহীণ বারে অনুলোম]

৫. প্রহীণ বার

(ঘ) প্রতিলোম-পুদ্গল

২৯৭. (ক) যার কামরাগানুশয় অপ্রহীণ, তার প্রতিঘানুশয় অপ্রহীণ কি? হ্যাঁ।

(খ) অথবা যার প্রতিঘানুশয় অপ্রহীণ, তার কামরাগানুশয় অপ্রহীণ কি? হ্যাঁ।

(ক) যার কামরাগানুশয় অপ্রহীণ, তার মানানুশয় অপ্রহীণ কি? হ্যাঁ।

(খ) অথবা যার মানানুশয় অপ্রহীণ, তার কামরাগানুশয় অপ্রহীণ কি?

অনাগামীর মানানুশয় অপ্রহীণ বটে, তবে কামরাগানুশয় অপ্রহীণ নয়। ত্রিবিধ পুদ্গলের[১] মানানুশয়ও অপ্রহীণ, কামরাগানুশয়ও অপ্রহীণ।

যার কামরাগানুশয় অপ্রহীণ, তার দৃষ্টানুশয়... বিচিকিৎসানুশয় অপ্রহীণ কি?

দ্বিবিধ পুদ্গলের[২] কামরাগানুশয় অপ্রহীণ বটে, তবে বিচিকিৎসানুশয় অপ্রহীণ নয়। পৃথগ্জনের কিন্তু কামরাগানুশয়ও অপ্রহীণ, বিচিকিৎসানুশয়ও অপ্রহীণ।

অথবা যার বিচিকিৎসানুশয় অপ্রহীণ, তার কামরাগানুশয় অপ্রহীণ কি? হ্যাঁ।

যার কামরাগানুশয় অপ্রহীণ, তার ভবরাগানুশয়... অবিদ্যানুশয় অপ্রহীণ কি? হ্যাঁ।

---

[১]। পৃথগ্জন, স্রোতাপত্তি ও সকৃদাগামী এই ত্রিবিধ পুদ্গলের।

[২]। স্রোতাপত্তি ও সকৃদাগামী এই দ্বিবিধ পুদ্গলের।

অথবা যার অবিদ্যানুশয় অপ্রহীণ, তার কামরাগানুশয় অপ্রহীণ কি?

(ক) যেই চিত্ত উৎপন্ন হয় না, সেই চিত্ত নিরুদ্ধ হয় কি?

অতীত ও অনাগত চিত্ত উৎপন্ন হয় না বটে, তবে সেই চিত্ত নিরুদ্ধ হয় তা নয়। ভঙ্গক্ষণে চিত্ত কিন্তু উৎপন্নও হয় না, নিরুদ্ধও হয়।

(খ) অথবা যেই চিত্ত নিরুদ্ধ হয়, সেই চিত্ত উৎপন্ন হয় না কি? হ্যাঁ।

(৮) উৎপদ্যমান-উৎপন্ন বার

৯৭. (ক) যেই চিত্ত উৎপদ্যমান, সেই চিত্ত উৎপন্ন কি? হ্যাঁ।

(খ) অথবা যেই চিত্ত উৎপন্ন, সেই চিত্ত উৎপদ্যমান কি?

ভঙ্গক্ষণে চিত্ত উৎপন্ন বটে, তবে সেই চিত্ত উৎপদ্যমান নয়। উৎপত্তিক্ষণে চিত্ত কিন্তু উৎপন্নও হয় না, উৎপদ্যমানও।

(ক) যেই চিত্ত উৎপদ্যমান নয়, সেই চিত্ত উৎপন্ন নয় কি?

ভঙ্গক্ষণে চিত্ত উৎপদ্যমান নয় বটে, তবে সেই চিত্ত উৎপন্ন নয় তা নয়। অতীত ও অনাগত চিত্ত কিন্তু উৎপদ্যমানও নয়, উৎপন্নও নয়।

(খ) অথবা যেই চিত্ত উৎপন্ন নয়, সেই চিত্ত উৎপদ্যমান নয় কি? হ্যাঁ।

(৯) নিরুদ্ধমান-উৎপন্ন বার

৯৮. (ক) যেই চিত্ত নিরুদ্ধমান, সেই চিত্ত উৎপন্ন কি? হ্যাঁ।

(খ) অথবা যেই চিত্ত উৎপন্ন, সেই চিত্ত নিরুদ্ধমান কি?

উৎপত্তিক্ষণে চিত্ত উৎপন্ন বটে, তবে সেই চিত্ত নিরুদ্ধমান নয়। ভঙ্গক্ষণে চিত্ত কিন্তু উৎপন্নও, নিরুদ্ধমানও।

(ক) যেই চিত্ত নিরুদ্ধমান নয়, সেই চিত্ত উৎপন্ন নয় কি?

উৎপত্তিক্ষণে চিত্ত নিরুদ্ধমান নয় বটে, তবে সেই চিত্ত উৎপন্ন নয় তা নয়। অতীত ও অনাগত চিত্ত কিন্তু নিরুদ্ধমানও, উৎপন্নও নয়।

(খ) অথবা যেই চিত্ত উৎপন্ন নয়, সেই চিত্ত নিরুদ্ধমান নয় কি? না

(১০) উৎপন্ন-উৎপত্তি বার

৯৯. (ক) যেই চিত্ত উৎপন্ন, সেই চিত্ত উৎপন্ন হয়েছিল কি? না।

(খ) অথবা যেই চিত্ত উৎপন্ন হয়েছিল, সেই চিত্ত উৎপন্ন কি? না।

(ক) যেই চিত্ত উৎপন্ন নয়, সেই চিত্ত উৎপন্ন হয়নি কি?

অতীত চিত্ত উৎপন্ন নয় বটে, তবে সেই চিত্ত উৎপন্ন হয়নি তা নয়। অনাগত চিত্ত কিন্তু উৎপন্নও না, উৎপন্নও হয়নি।

(খ) অথবা যেই চিত্ত উৎপন্ন হয়নি, সেই চিত্ত উৎপন্ন নয় কি?

বর্তমান চিত্ত উৎপন্ন হয়নি বটে, তবে সেই চিত্ত উৎপন্ন হয় তা নয়। অনাগত চিত্ত কিন্তু উৎপন্নও হয়নি, উৎপন্নও নয়।

১০০. (ক) যেই চিত্ত উৎপন্ন, সেই চিত্ত উৎপন্ন হবে কি? না।

(খ) অথবা যেই চিত্ত উৎপন্ন হবে, সেই চিত্ত উৎপন্ন কি? না।

(ক) যেই চিত্ত উৎপন্ন নয়, সেই চিত্ত উৎপন্ন হবে না কি?

অনাগত চিত্ত উৎপন্ন নয় বটে, তবে সেই চিত্ত উৎপন্ন হবে না তা নয়। অতীত চিত্ত কিন্তু উৎপন্নও নয়, উৎপন্নও হবে না।

(খ) অথবা যেই চিত্ত উৎপন্ন হবে না, সেই চিত্ত উৎপন্ন নয় কি?

বর্তমান চিত্ত উৎপন্ন হবে না বটে, তবে সেই চিত্ত উৎপন্ন নয় তা নয়।

অতীত চিত্ত কিন্তু উৎপন্নও হবে না, উৎপন্নও নয়।

(১১) অতীত-অনাগত বার

১০১. (ক) যেই চিত্ত উৎপন্ন হয়েছিল বটে, তবে সেই চিত্ত উৎপন্নও নয়; সেই চিত্ত উৎপন্ন হবে কি? না।

(খ) অথবা যেই চিত্ত উৎপন্ন হবে বটে, তবে সেই চিত্ত উৎপন্নও নয়; সেই চিত্ত উৎপন্ন হয়েছিল কি? না।

(ক) যেই চিত্ত উৎপন্ন হয়নি বটে, তবে সেই চিত্ত উৎপন্নও নয়; সেই চিত্ত উৎপন্ন হবে না কি? হ্যাঁ।

(খ) অথবা যেই চিত্ত উৎপন্ন হবে না বটে, তবে সেই চিত্ত উৎপন্নও নয়; সেই চিত্ত উৎপন্ন হয়নি কি? হ্যাঁ।

(১২) উৎপন্ন-উৎপদ্যমান বার

১০২. (ক) উৎপন্ন কি উৎপদ্যমান?

ভঙ্গক্ষণে উৎপন্ন বটে, উৎপদ্যমান নয়। উৎপত্তিক্ষণে কিন্তু উৎপন্নও, উৎপদ্যমানও।

(খ) উৎপদ্যমান কি উৎপন্ন? হ্যাঁ।

(ক) যা উৎপন্ন নয় তা উৎপদ্যমান নয় কি? হ্যাঁ।

(খ) যা উৎপদ্যমান নয় তা উৎপন্ন নয় কি?

ভঙ্গক্ষণে উৎপদ্যমান নয় বটে, তবে উৎপন্ন নয় তা নয়। অতীত ও অনাগত চিত্ত কিন্তু উৎপদ্যমানও নয়, উৎপন্নও নয়।

(১৩) নিরুদ্ধ-নিরুদ্ধমান বার

১০৩. (ক) নিরুদ্ধ কি নিরুদ্ধমান? না।

(খ) নিরুদ্ধমান কি নিরুদ্ধ? না।

(ক) যা নিরুদ্ধ নয়, তা নিরুদ্ধমান নয় কি?

ভঙ্গক্ষণে নিরুদ্ধ নয় বটে, তবে নিরুদ্ধমান নয় তা নয়। উৎপত্তিক্ষণে অনাগত চিত্ত কিন্তু নিরুদ্ধও নয়, নিরুদ্ধমানও নয়।

(খ) যা নিরুদ্ধমান নয়, তা নিরুদ্ধ নয় কি?

অতীত চিত্ত নিরুদ্ধমান নয় বটে, তবে নিরুদ্ধ নয় তা নয়। উৎপত্তিক্ষণে অনাগত চিত্ত কিন্তু নিরুদ্ধমানও নয়, নিরুদ্ধও নয়।

(১৪) অতিক্রান্তকাল বার

১০৪. (ক) যেই চিত্ত উৎপত্তিক্ষণ অতিক্রম করে অতিক্রান্তকাল, সেই চিত্ত নিরোধক্ষণ অতিক্রম করে অতিক্রান্তকাল কি?

ভঙ্গক্ষণে চিত্ত উৎপত্তিক্ষণ অতিক্রান্ত বটে, তবে ভঙ্গক্ষণ অনতিক্রান্ত। অতীত চিত্ত কিন্তু উৎপত্তিক্ষণও অতিক্রান্ত, ভঙ্গক্ষণও অতিক্রান্ত।

(খ) অথবা যেই চিত্ত নিরোধক্ষণ অতিক্রম করে অতিক্রান্তকাল, সেই চিত্ত উৎপত্তিক্ষণ অতিক্রম করে অতিক্রান্তকাল কি? অতীত চিত্ত।

(ক) যেই চিত্ত না-উৎপত্তিক্ষণ অতিক্রম করে অতিক্রান্তকাল, সেই চিত্ত না-নিরোধক্ষণ অতিক্রম করে অতিক্রান্তকাল কি?

উৎপত্তিক্ষণে অনাগত চিত্ত।

(খ) অথবা যেই চিত্ত না নিরোধক্ষণে অতিক্রম করে অতিক্রান্তকাল, সেই চিত্ত না-উৎপত্তিক্ষণ অতিক্রম করে অতিক্রান্তকাল কি?

ভঙ্গক্ষণে চিত্ত ভঙ্গক্ষণ অনতিক্রান্ত বটে, তবে উৎপত্তিক্ষণ অনতিক্রান্ত নয়। উৎপত্তিক্ষণে অনাগত চিত্ত কিন্তু ভঙ্গক্ষণও অনতিক্রান্ত, উৎপত্তিক্ষণও অনতিক্রান্ত।

১. সুদ্ধচিত্ত অনুক্রম

৩. পুদ্গল-ধর্ম বার

(১) উৎপত্তি-নিরোধ কালসম্ভেদ বার

১০৫. (ক) যার যেই চিত্ত উৎপন্ন হয়, নিরুদ্ধ হয় না; তার সেই চিত্ত নিরুদ্ধ হবে, উৎপন্ন হবে না কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেই চিত্ত নিরুদ্ধ হবে, উৎপন্ন হবে না; তার সেই চিত্ত উৎপন্ন হয়, নিরুদ্ধ হয় না কি? হ্যাঁ।

(ক) যার যেই চিত্ত উৎপন্ন হয় না, নিরুদ্ধ হয়; তার সেই চিত্ত নিরুদ্ধ হবে না, উৎপন্ন হবে কি? না।

(খ) অথবা যার যেই চিত্ত নিরুদ্ধ হবে না, উৎপন্ন হবে; তার সেই চিত্ত উৎপন্ন হয় না, নিরুদ্ধ হয় কি? নেই।

(২) উৎপত্তি-উৎপন্ন বার

১০৬. (ক) যার যেই চিত্ত উৎপন্ন হয়, তার সেই চিত্ত উৎপন্ন কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেই চিত্ত উৎপন্ন, তার সেই চিত্ত উৎপন্ন হয় কি?

ভঙ্গক্ষণে চিত্ত উৎপন্ন বটে, তবে তার সেই চিত্ত উৎপন্ন হয় তা নয়। উৎপত্তিক্ষণে চিত্ত কিন্তু উৎপন্নও, উৎপন্নও হয়।

(ক) যার যেই চিত্ত উৎপন্ন হয় না, তার সেই চিত্ত উৎপন্ন নয় কি?

ভঙ্গক্ষণে চিত্ত উৎপন্ন হয় না বটে, তবে তার সেই চিত্ত উৎপন্ন নয় তা নয়। অতীত ও অনাগত চিত্ত কিন্তু উৎপন্নও হয় না, উৎপন্ন নয়।

(খ) অথবা যার যেই চিত্ত উৎপন্ন নয়, তার সেই চিত্ত উৎপন্ন হয় না কি? হ্যাঁ।

(৩) নিরোধ-উৎপন্ন বার

১০৭. (ক) যার যেই চিত্ত নিরুদ্ধ হয়, তার সেই চিত্ত উৎপন্ন কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেই চিত্ত উৎপন্ন, তার সেই চিত্ত নিরুদ্ধ হয় কি?

উৎপত্তিক্ষণে চিত্ত উৎপন্ন বটে, তবে তার সেই চিত্ত নিরুদ্ধ হয় তা নয়। ভঙ্গক্ষণে চিত্ত কিন্তু উৎপন্নও, নিরুদ্ধও হয়।

(ক) যার যেই চিত্ত নিরুদ্ধ হয় না, তার সেই চিত্ত উৎপন্ন নয় কি?

উৎপত্তিক্ষণে চিত্ত নিরুদ্ধ হয় না বটে, তবে তার সেই চিত্ত উৎপন্ন নয় তা নয়। অতীত ও অনাগত চিত্ত কিন্তু নিরুদ্ধও হয় না, উৎপন্নও হয় না।

(খ) অথবা যার যেই চিত্ত উৎপন্ন নয়, তার সেই চিত্ত নিরুদ্ধ হয় না কি? হ্যাঁ।

(৪) উৎপত্তি বার

১০৮. (ক) যার যেই চিত্ত উৎপন্ন হয়, তার সেই চিত্ত উৎপন্ন হয়েছিল কি? না।

(খ) অথবা যার যেই চিত্ত উৎপন্ন হয়েছিল, তার সেই চিত্ত উৎপন্ন হয় কি? না।

(ক) যার যেই চিত্ত উৎপন্ন হয় না, তার সেই চিত্ত উৎপন্ন হয়নি কি?

অতীত চিত্ত উৎপন্ন হয় না বটে, তবে তার সেই চিত্ত উৎপন্ন হয়নি তা নয়। ভঙ্গক্ষণে অনাগত চিত্ত কিন্তু উৎপন্নও হয়না, উৎপন্নও হয়নি।

(খ) অথবা যার যেই চিত্ত উৎপন্ন হয়নি, তার সেই চিত্ত উৎপন্ন হয় না কি?

উৎপত্তিক্ষণে চিত্ত উৎপন্ন হয়নি বটে, তবে তার সেই চিত্ত উৎপন্ন হয় না তা নয়। ভঙ্গক্ষণে অনাগত চিত্ত কিন্তু উৎপন্নও হয়নি, উৎপন্নও হয় না।

১০৯. (ক) যার যেই চিত্ত উৎপন্ন হয়, তার সেই চিত্ত উৎপন্ন হবে কি? না।

(খ) অথবা যার যেই চিত্ত উৎপন্ন হবে, তার সেই চিত্ত উৎপন্ন হয় কি? না।

(ক) যার যেই চিত্ত উৎপন্ন হয় না, তার সেই চিত্ত উৎপন্ন হবে না কি?

অনাগত চিত্ত উৎপন্ন হয় না বটে, তবে তার সেই চিত্ত উৎপন্নও হবে না তা নয়। ভঙ্গক্ষণে অতীত চিত্ত কিন্তু উৎপন্নও হয় না, উৎপন্নও হবে না।

(খ) অথবা যার যেই চিত্ত উৎপন্ন হবে না, তার সেই চিত্ত উৎপন্ন হয় না কি?

উৎপত্তিক্ষণে চিত্ত উৎপন্ন হবে না বটে, তবে তার সেই চিত্ত উৎপন্ন হয় না তা নয়। ভঙ্গক্ষণে অতীত চিত্ত কিন্তু উৎপন্নও হবে না, উৎপন্নও হয় না।

১১০. (ক) যার যেই চিত্ত উৎপন্ন হয়েছিল, তার সেই চিত্ত উৎপন্ন হবে কি? না।

(খ) অথবা যার যেই চিত্ত উৎপন্ন হবে, তার সেই চিত্ত উৎপন্ন হয়েছিল কি? না।

(ক) যার যেই চিত্ত উৎপন্ন হয়নি, তার সেই চিত্ত উৎপন্ন হবে না কি?

অনাগত চিত্ত উৎপন্ন হয়নি বটে, তবে তার সেই চিত্ত উৎপন্ন হবে না তা নয়। বর্তমান চিত্ত কিন্তু উৎপন্নও হয়নি, উৎপন্নও হবে না।

(খ) অথবা যার যেই চিত্ত উৎপন্ন হবে না, তার সেই চিত্ত উৎপন্ন হয়নি কি?

অতীত চিত্ত উৎপন্ন হবে না বটে, তবে তার সেই চিত্ত উৎপন্ন হয়নি তা নয়। বর্তমান চিত্ত কিন্তু উৎপন্নও হবে না, উৎপন্নও হয়নি।

(৫) নিরোধ বার

১১১. (ক) যার যেই চিত্ত নিরুদ্ধ হয়, তার সেই চিত্ত নিরুদ্ধ হয়েছিল কি? না।

(খ) অথবা যার যেই চিত্ত নিরুদ্ধ হয়েছিল, তার সেই চিত্ত নিরুদ্ধ হয় কি? না।

(ক) যার যেই চিত্ত নিরুদ্ধ হয় না, তার সেই চিত্ত নিরুদ্ধ হয়নি কি?

অতীত চিত্ত নিরুদ্ধ হয় না বটে, তবে তার সেই চিত্ত নিরুদ্ধ হয়নি তা নয়। উৎপত্তিক্ষণেও অনাগত চিত্ত কিন্তু নিরুদ্ধও হয় না, নিরুদ্ধও হয়নি।

(খ) অথবা যার যেই চিত্ত নিরুদ্ধ হয়নি, তার সেই চিত্ত নিরুদ্ধ হয় না কি?

ভঙ্গক্ষণে চিত্ত নিরুদ্ধ হয়নি বটে, তবে তার সেই চিত্ত নিরুদ্ধ হয় না তা নয়। উৎপত্তিক্ষণে অনাগত চিত্ত কিন্তু নিরুদ্ধও হয়নি, নিরুদ্ধও হয় না।

১১২. (ক) যার যেই চিত্ত নিরুদ্ধ হয়, তার সেই চিত্ত নিরুদ্ধ হবে কি? না।

(খ) অথবা যার যেই চিত্ত নিরুদ্ধ হবে, তার সেই চিত্ত নিরুদ্ধ হয় কি? না।

(ক) যার যেই চিত্ত নিরুদ্ধ হয় না, তার সেই চিত্ত নিরুদ্ধ হবে না কি?

উৎপত্তিক্ষণে অনাগত চিত্ত নিরুদ্ধ হয় না বটে, তবে তার সেই চিত্ত নিরুদ্ধ হবে না তা নয়। অতীত চিত্ত কিন্তু নিরুদ্ধও হয় না, নিরুদ্ধও হবে না।

(খ) অথবা যার যেই চিত্ত নিরুদ্ধ হবে না, তার সেই চিত্ত নিরুদ্ধ হয় না কি?

ভঙ্গক্ষণে চিত্ত নিরুদ্ধ হবে না বটে, তবে তার সেই চিত্ত নিরুদ্ধ হয় না তা নয়। অতীত চিত্ত কিন্তু নিরুদ্ধও হবে না, নিরুদ্ধও হয় না।

১১৩. (ক) যার যেই চিত্ত নিরুদ্ধ হয়েছিল, তার সেই চিত্ত নিরুদ্ধ হবে কি? না।

(খ) অথবা যার যেই চিত্ত নিরুদ্ধ হবে, তার সেই চিত্ত নিরুদ্ধ হয়েছিল কি? না।

(ক) যার যেই চিত্ত নিরুদ্ধ হয়নি, তার সেই চিত্ত নিরুদ্ধ হবে না কি?

উৎপত্তিক্ষণে অনাগত চিত্ত নিরুদ্ধ হয়নি বটে, তবে তার সেই চিত্ত নিরুদ্ধ হবে না তা নয়। ভঙ্গক্ষণে চিত্ত কিন্তু নিরুদ্ধও হয়নি, নিরুদ্ধও হবে না।

(খ) অথবা যার যেই চিত্ত নিরুদ্ধ হবে না, তার সেই চিত্ত নিরুদ্ধ হয়নি কি?

অতীত চিত্ত নিরুদ্ধ হবে না বটে, তবে তার সেই চিত্ত নিরুদ্ধ হয়নি তা নয়। ভঙ্গক্ষণে চিত্ত কিন্তু নিরুদ্ধও হবে না, নিরুদ্ধও হয়নি।

('যার চিত্ত' অনুচ্ছেদে যেভাবে উল্লিখিত হয়েছে, ঠিক সেভাবেই 'যেই চিত্ত' ও 'যার যেই চিত্ত' যথাস্থানে যোগ করতে হবে।

২. সূত্রান্ত চিত্তমিশ্রক বিশেষ

১১৪. যার সরাগ চিত্ত উৎপন্ন হয়, নিরুদ্ধ হয় না; তার সরাগ চিত্ত নিরুদ্ধ হবে, উৎপন্ন হবে না কি?

সর্বশেষ সরাগ চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সরাগ চিত্ত উৎপন্ন হয়, নিরুদ্ধ হয় না; নিরুদ্ধ হবে, উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের সরাগ চিত্তের উৎপত্তিক্ষণে... ।

৩. অভিধর্ম চিত্তমিশ্রক বিশেষ

১১৫. যার কুশল চিত্ত উৎপন্ন হয়, নিরুদ্ধ হয় না; তার কুশল চিত্ত নিরুদ্ধ হবে, উৎপন্ন হবে না কি?

সর্বশেষ কুশল চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কুশল চিত্ত উৎপন্ন হয়, নিরুদ্ধ হয় না; নিরুদ্ধ হবে, উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কুশল

চিত্তের উৎপত্তিক্ষণে... ।

অথবা যার...? হ্যাঁ... ।

১১৬. যার অকুশল চিত্ত উৎপন্ন হয়, নিরুদ্ধ হয় না... ।

যার অব্যাকৃত চিত্ত উৎপন্ন হয়, নিরুদ্ধ হয় না... ।

['মূল-যমক', 'চিত্ত-যমক' ও 'ধর্ম-যমক'—এই তিনটি যমক সরণ-অরণ পর্যন্ত বিস্তৃত হয়।]

[চিত্ত-যমক সমাপ্ত]

[অভিধর্মপিটকে যমক (দ্বিতীয় খণ্ড) সমাপ্ত]

* * *

অভিধর্মপিটকে

যমক

(তৃতীয় খণ্ড)

ভদন্ত করুণাবংশ ভিক্ষু
কর্তৃক অনূদিত

অভিধর্মপিটকে যমক (তৃতীয় খণ্ড)
অনুবাদ : ভদন্ত করুণাবংশ ভিক্ষু

স্বত্ব : অনুবাদক
প্রথম প্রকাশ : ৮ জানুয়ারি ২০১৩
প্রথম প্রকাশক : বাবু ঝুলন কান্তি বড়ুয়া
স্বত্বাধিকারী, সংঘশক্তি প্রকাশনী
কম্পিউটার কম্পোজ : শ্রীমান বিমলজ্যোতি শ্রামণ
সহযোগিতায় : ভদন্ত সম্বোধি ভিক্ষু
ভদন্ত জ্ঞানলোক ভিক্ষু

Abhidhammapitake
YAMAKA (part III)

Translated by Ven. Karunabangsha Bhikkhu
Copyright : Translator
Cover Design : Ven. Karunabangsha Bhikkhu
Published by Mr. Jhulan Kanti Barua
First Published : 8 January 2013

উৎসর্গ-পত্র

অধুনা পরিনির্বাপিত

মহান আর্যপুরুষ, শ্রাবকবুদ্ধ

শ্রীমৎ সাধনানন্দ মহাস্থবির বনভন্তে

এবং

সুদেশক, সুলেখক, পণ্ডিত প্রবর

ভদন্ত প্রজ্ঞাবংশ মহাথের মহোদয়

পরম শ্রদ্ধাভাজনেষু

প্রণত

ভদন্ত করুণাবংশ ভিক্ষু

সূচিপত্র

অভিধর্মপিটকে যমক (তৃতীয় খণ্ড)

৯. ধর্ম-যমক

১০. ইন্দ্রিয়-যমক

মুখবন্ধ

ইহা তিন খণ্ডবিশিষ্ট যমক গ্রন্থের তৃতীয় তথা শেষ খণ্ড। ইতিপূর্বে যমক গ্রন্থের প্রথম ও দ্বিতীয় খণ্ড প্রকাশিত হয়েছে। এই তৃতীয় খণ্ডটি প্রকাশের মধ্য দিয়ে সম্পূর্ণ যমক গ্রন্থটি প্রকাশিত হলো। ইহাতে হৃদয়ে অতিশয় আনন্দানুভব করছি। অভিধর্ম ও যমক সম্বন্ধে যথোচিত পরিচয় আমি প্রথম খণ্ডের মুখবন্ধে তুলে ধরেছি। অতএব এখানে তার পুনরুল্লেখ নিষ্প্রয়োজন।

যমক গ্রন্থে মোট দশটি বিষয়ের সন্নিবেশ আছে। তন্মধ্যে মূল-যমক, স্কন্ধ-যমক, আয়তন-যমক, ধাতু-যমক ও সত্য-যমক—এই পাঁচটি যমক প্রথম খণ্ডে এবং সংস্কার-যমক, অনুশয়-যমক ও চিত্ত-যমক—এই তিনটি যমক দ্বিতীয় খণ্ডে আলোচিত। ধর্ম-যমক ও ইন্দ্রিয়-যমক—এই দুটি যমক এই তৃতীয় খণ্ডে আলোচিত।

ধর্ম-যমকে মূলত তিনটি বিষয়ে আলোচিত হয়েছে সেগুলো হলো : কুশল ধর্ম, অকুশল ধর্ম ও অব্যাকৃত ধর্ম। তন্মধ্যে 'কুশল ধর্ম' হচ্ছে একুশ প্রকার কুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত আটত্রিশটি চৈতসিক। 'অকুশল ধর্ম' হচ্ছে দ্বাদশ অকুশল চিত্ত ও তৎসম্প্রযুক্ত সাতাশটি চৈতসিক। আর 'অব্যাকৃত ধর্ম' হচ্ছে ছাপ্পান্ন প্রকার অহেতুক, বিপাক ও ক্রিয়াচিত্ত, তৎসম্প্রযুক্ত চৈতসিকসমূহ, আটাশ প্রকার রূপ ও নির্বাণ। এই সমস্ত কুশলাকুশল, অব্যাকৃত পরমার্থ ধর্মের অনুপুঙ্খ বিশ্লেষণ আছে এই ধর্ম-যমকে। প্রজ্ঞপ্তি বার, প্রবর্তন বার ও ভাবনা বার প্রথমে এই তিনটি বার ধরে আলোচনা এগিয়ে গিয়েছে। তারপর উক্ত প্রত্যেক মহাবারে পদশোধন বার, পদশোধন মূলচক্র বার প্রভৃতি, কালানুসারে বর্তমান বার, অতীত বার প্রভৃতি এবং অনুলোম ও প্রত্যানীক প্রভৃতি প্রকারে এক বহুমাত্রিক বৈচিত্রপূর্ণ আলোচনা পদ্ধতি অনুসৃত হয়েছে। কয়েকটি উদাহরণ দেওয়ার লোভ সামলাতে পারছি না। যেমন :

(ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয়, তার অকুশল ধর্ম উৎপন্ন হয় কি?
না।

(খ) অথবা যার অকুশল ধর্ম উৎপন্ন হয়, তার কুশল ধর্ম উৎপন্ন হয়

কি ? না।

(ক) যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়, সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় কি ? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়, সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় কি ? হ্যাঁ।

(ক) যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়, সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় কি ? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়, সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় কি ?

অসংজ্ঞসত্ত্বগণের অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় বটে, তবে কুশল উৎপন্ন হয় না। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়, কুশল ধর্মও উৎপন্ন হয়।

ইহার তাৎপর্য এই যে, অসংজ্ঞসত্ত্বগণের অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে প্রতিসন্ধি ও প্রবর্তনের সময় শুধু অব্যাকৃত ধর্ম **'জীবিত-নবক'** নামক রূপকলাপই উৎপন্ন হয়, কুশলাকুশল কোনো চিত্তই সেখানে উৎপন্ন হয় না। সে কারণেই এমনটি বলা হয়েছে।

ইন্দ্রিয়-যমকের মূল আলোচ্য বিষয় বাইশটি ইন্দ্রিয়; যথা : চক্ষেন্দ্রিয়, শ্রোত্রেন্দ্রিয়, ঘ্রাণেন্দ্রিয়, জিহ্বান্দ্রিয়, কায়েন্দ্রিয়, স্ত্রীন্দ্রিয়, পুরুষেন্দ্রিয়, জীবিতেন্দ্রিয়, মনেন্দ্রিয়, সুখিন্দ্রিয়, দুঃখিন্দ্রিয়, সৌমনস্যিন্দ্রিয়, দৌর্মনস্যিন্দ্রিয়, উপেক্ষিন্দ্রিয়, শ্রদ্ধেন্দ্রিয়, বীর্যেন্দ্রিয়, স্মৃতিন্দ্রিয়, সমাধিন্দ্রিয়, প্রজ্ঞেন্দ্রিয়, অজ্ঞাত-জ্ঞাতার্থীন্দ্রিয়, লোকোত্তর-জ্ঞানেন্দ্রিয় ও লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়। ইন্দ্রত্ব করে বা আধিপত্য করে এই অর্থে 'ইন্দ্রিয়'। কোথায় ইন্দ্রত্ব করে? চক্ষু দর্শন-কৃত্য সম্পাদনে চক্ষুবিজ্ঞান ও তৎসম্প্রযুক্ত চৈতসিকাদির উৎপত্তিতে ইন্দ্রত্ব বা আধিপত্য করে। অতএব চক্ষু ইন্দ্রিয়। অর্থাৎ চক্ষু দুর্বল হলে তদুৎপন্ন বিজ্ঞানও দুর্বল হয়। ঠিক তদ্রুপ শ্রোত্র (কর্ণ) শ্রবণ-কৃত্য সম্পাদনে, ঘ্রাণ (নাক) ঘ্রাণ-কৃত্য সম্পাদনে, জিহ্বা আস্বাদন-কৃত্য সম্পাদনে, কায় স্পর্শ-কৃত্য সম্পাদনে সেই সেই বিজ্ঞান ও তৎসম্প্রযুক্ত চৈতসিকাদির উৎপত্তিতে ইন্দ্রত্ব করে বা আধিপত্য করে। অতএব ইহারা ইন্দ্রিয়। মন সহজাত-চৈতসিকের উপর আধিপত্য করে বিধায় ইহা মনেন্দ্রিয়। স্ত্রীভাব ও পুংভাব নামক ভাবরূপদ্বারকে ইন্দ্রিয় বলা হয়েছে, কারণ ইহারা স্ত্রী-জনোচিত ও পুরুষোচিত আকারাদির গঠনে ও বিশেষত্ব সম্পাদনে আধিপত্য করে। অতএব ইহারা যথাক্রমে স্ত্রীন্দ্রিয় ও

পুরুষেন্দ্রিয়। জীবিতেন্দ্রিয় অর্থ জীবনীশক্তি। এই জীবিতেন্দ্রিয় দুই প্রকার, যথা : রূপ-জীবিতেন্দ্রিয় ও নাম-জীবিতেন্দ্রিয়। রূপ-জীবিতেন্দ্রিয় রূপকায়ের জীবনীশক্তিরূপে ইহার সন্ততি তথা প্রবাহের জন্য অন্যান্য রূপের উপর আধিপত্য করে। আর নাম-জীবিতেন্দ্রিয় চিত্তপ্রবাহ পুনঃপুন ভঙ্গ হলেও এই শক্তির বলে, স্কন্ধের নির্বাণ না হওয়া পর্যন্ত পুনঃপুন উৎপন্ন হতে থাকে। এই চিত্ত-সন্ততির উপর ইন্দ্রত্ব বা আধিপত্য করে বলেই ইহাকে নাম-জীবিতেন্দ্রিয় বলা হয়। সুখ, দুঃখ, সৌমনস্য, দৌর্মনস্য বেদনা চৈতসিককে ইন্দ্রিয় বলা হয়েছে, কারণ ইহারা নিজ নিজ সহজাত ধর্মকে অভিভূত করে স্ব স্ব স্থূলভাব অনুভব করায়। উপেক্ষা বেদনাকে ইন্দ্রিয় বলা হয়েছে, কারণ ইহা সহজাত চিত্ত-চৈতসিককে শান্ত, প্রণীত, নিরপেক্ষভাব প্রাপ্ত করায়। শ্রদ্ধেন্দ্রিয় অশ্রদ্ধাকে পরাভূত করে সম্প্রযুক্ত চিত্ত-চৈতসিকের প্রসন্নতা আনয়ন করে। ‘বীর্য’ আলস্যকে পরাজিত করতে, ‘স্মৃতি’ আলম্বনকে নিত্য উপস্থিত রাখতে, ‘একাগ্রতা’ আলম্বনে চিত্তের নিশ্চল অবস্থানে ইন্দ্রত্ব করে। ‘প্রজ্ঞা’ মোহ-বিধ্বংসনে সম্প্রযুক্ত চিত্ত-চৈতসিকের উপর আধিপত্য করে। অজ্ঞাতকে তথা চারি আর্যসত্যকে জানব বলে উৎপন্ন ‘অমোহ চিত্ত’ ইন্দ্রত্ব প্রাপ্ত হলে সংযোজনত্রয় (সৎকায়দৃষ্টি, শীলব্রত পরামর্শ ও বিচিকিৎসা) ছিন্ন করতে পারে এবং সহজাত চৈতসিকগুলোকে এই ছেদন কার্যাভিমুখী করে তাদের উপর ইন্দ্রত্ব করে। ইহা স্রোতাপত্তিমার্গস্থ ‘অমোহ’ চৈতসিক। ইহাই অজ্ঞাত-জ্ঞাতার্থীন্দ্রিয়। লোকোত্তর-জ্ঞানেন্দ্রিয় কামরাগ, ব্যাপাদ প্রভৃতি সংযোজনকে দুর্বল করে এবং সহজাত-ধর্মকে নিজের বশবর্তী করে। ইহা উপরের তিন মার্গস্থ বা সকৃদাগামী, অনাগামী ও অর্হত্ত্বমার্গস্থ এবং নিচের তিন ফলস্থ বা অনাগামী, সকৃদাগামী ও স্রোতাপত্তিফলস্থ ‘অমোহ’ চৈতসিক লোকোত্তর-জ্ঞানেন্দ্রিয় সর্বকাজে ঔৎসুক্য ধ্বংস করে সহজাত-ধর্মকে অমৃতাভিমুখী করে। ইহাই অর্হত্ত্বফলস্থ ‘অমোহ’ চৈতসিক।

প্রত্যেক সত্ত্বকে আর্যভূমি লাভ করতে চাইলে সর্বপ্রথম দেহস্থ ইন্দ্রিয়সমূহ বুঝতে হয়। এজন্য চক্ষু প্রভৃতি পঞ্চেন্দ্রিয় সর্বাগ্রে উল্লিখিত হয়েছে। তারপর প্রত্যেক সত্ত্ব স্ত্রী নয় পুরুষ। এজন্য এই দুই ইন্দ্রিয় তারপরই স্থান পেয়েছে। কিন্তু উক্ত সপ্ত ইন্দ্রিয় জীবিতেন্দ্রিয়-প্রতিবদ্ধ। যতদিন জীবিতেন্দ্রিয় প্রবহমান থাকে, ততদিন সুখ-দুঃখাদি বেদনাও বিদ্যমান থকে। এই বেদনা কীরূপে ইন্দ্রত্ব করে তা বুঝা প্রয়োজন। বিশ্লেষণ করে দেখলে প্রমাণিত হয় যে, সর্ববিধ বেদনাই দুঃখ। **‘সুখা বেদনা ঠিতা সুখা, বিপরিণাম দুক্‌খা।’** এই দুঃখ অতিক্রম করতে হলে শ্রদ্ধা, বীর্য, স্মৃতি, সমাধি ও প্রজ্ঞার শুধু

প্রয়োজনই নয়, অনুশীলনে তাদের ইন্দ্রত্বে পরিপুষ্ট করা অপরিহার্য। ইহাদের ইন্দ্রত্ব লাভে উচ্চাশা নির্ধারণের শক্তি লাভ হয়, 'অজ্ঞাতকে জানব' এই সংকল্প জাগে। এই সংকল্প ইন্দ্রত্ব অবস্থাই লোকোত্তরের প্রথম মার্গে তথা স্রোতাপত্তিমার্গে উপনীত করে। এই মার্গ যেই পরিপক্ব জ্ঞান প্রদান করে, সেই 'লোকোত্তর-জ্ঞানেন্দ্রিয়' ইহার পরেই স্থান পেয়েছে। এই 'লোকোত্তর-জ্ঞানেন্দ্রিয়' গভীরভাবে অনুশীলন করলে 'লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়' পূর্ণতাপ্রাপ্ত হয়। ইহাই অর্হতের অবস্থা।

এই বাইশটি ইন্দ্রিয়সম্বন্ধে সবিস্তার আলোচনা আছে এই ইন্দ্রিয়-যমকে। এই বাইশটি ইন্দ্রিয়ের সংজ্ঞা-নির্ণয়, সম্বন্ধ-বিচার, কখন, কোথায়, কোন পুদ্গালের উৎপন্ন হয় বা হয় না প্রভৃতি বিষয় পারমার্থিক দৃষ্টিতে বিচার-বিশ্লেষণ করা হয়েছে। পাঠকদের অবগতির জন্য কয়েকটি দৃষ্টান্ত দেওয়া যাক :

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচক্ষুক কিন্তু অশ্রোত্রক সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক ও সশ্রোত্রক সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রোত্রেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সশ্রোত্রক কিন্তু অচক্ষুক সত্ত্বগণের শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সশ্রোত্রক ও সচক্ষুক সত্ত্বগণের কিন্তু শ্রোত্রেন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

ইহার তাৎপর্য এই যে, যেই সত্ত্বগণ সচক্ষুক কিন্তু বধির হয়ে জন্ম নেয়, তাদের শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয় না। আর যেই সত্ত্বগণ সশ্রোত্রক কিন্তু অন্ধ হয়ে জন্ম নেয়, তাদের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না।

ত্রিরত্নের প্রতি শ্রদ্ধাতদ্গাতচিত্ত মুক্তিকামী প্রত্যেক উপাসক-উপাসিকার পরম পবিত্র দায়িত্বগুলোর মধ্যে একটি হচ্ছে বুদ্ধশাসনের উন্নতি-শ্রীবৃদ্ধি ও স্থিতিকল্পে শক্তিপ্রমাণে সহায়তার হাতটি উদার চিত্তে প্রসারিত করা। আর এই পরম পবিত্র দায়িত্বটি পালনে ব্রতী হয়েছেন *সংঘশক্তি প্রকাশনী*র স্বত্বাধিকারী শিল্পপতি শ্রদ্ধাবান উপাসক বাবু ঝুলন কান্তি বড়ুয়া। তিনি সমগ্র ত্রিপিটক বাংলায় প্রকাশ করে বিনামূল্যে বিতরণের এক মহতী উদ্যোগ হাতে

নিয়েছেন। তারই অংশ হিসেবে এই *যমক* তৃতীয় খণ্ড গ্রন্থটি প্রকাশের সার্বিক ব্যয়ভার তিনি অত্যন্ত শ্রদ্ধার সাথে বহন করেছেন। শাসনদরদী চিত্ত নিয়ে বুদ্ধশাসনের উন্নতি-শ্রীবৃদ্ধি ও স্থিতিকল্পে এমন এক প্রশংসনীয় মহতী উদ্যোগ হাতে নেওয়ায় তিনি যে বৌদ্ধ আমজনতার নিকট প্রশংসার্হ হয়ে চিরদেদীপ্যমান হয়ে থাকবেন, এতে কোনো সন্দেহ নেই। আমি তাঁর এই মহতী উদ্যোগের সফল বাস্তবায়ন কামনা করছি এবং আশীর্বাদসহ অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

বানানশুদ্ধির বেলায় বন্ধুভাজন শ্রদ্ধেয় শ্রীমৎ সংকিচ্ছ স্থবির মহোদয় আমাকে যথেষ্ট সহায়তা করেছেন। স্নেহভাজন শ্রীমৎ জ্ঞানলোক ভিক্ষুও আমাকে বিভিন্নভাবে আন্তরিক সহায়তা করেছেন। আমি উভয়ের নিকট অশেষ কৃতজ্ঞতা প্রকাশ করছি। *যমক* প্রথম ও দ্বিতীয় খণ্ডটির মতো এই তৃতীয় খণ্ডটিও অত্যন্ত যত্নের সাথে কম্পিউটার কম্পোজ করে দিয়েছেন স্নেহভাজন শ্রীমান বিমলজ্যোতি শ্রামণ। আমি তার প্রতিও আশীর্বাদসহ আশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

ইতি
ভদন্ত করুণাবংশ ভিক্ষু
৩০ জুলাই ২০১২

প্রকাশকের নিবেদন

ভগবান তথাগত সম্যকসম্বুদ্ধের আদি, মধ্য ও অন্তিম বাণীসমূহের সামষ্টিক নাম ত্রিপিটক। বিনয়পিটকের পঞ্চখণ্ড, সুত্রপিটকের পঞ্চনিকায় এবং অভিধর্মপিটকের সপ্তখণ্ড মূল ত্রিপিটক হিসেবে আখ্যায়িত। অভিধর্ম ত্রিপিটকের তৃতীয় মূখ্য ভাগ। সাত খণ্ডবিশিষ্ট অভিধর্মপিটকের মধ্যে *যমক* গ্রন্থে যুগল প্রশ্নোত্তরের মাধ্যমে ধর্মকে বিশ্লেষণ করা হয়েছে। 'যমক' শব্দের অর্থ যমজ বা জোড়া। *যমক-প্রকরণে* প্রশ্নগুলো জোড়ায় জোড়ায় বিশ্লেষণ করা হয়েছে; যেমন : (১) সব কুশল ধর্ম কি কুশলমূল? সব কুশমূল কি কুশল ধর্ম? মূল-যমক, স্কন্ধ-যমক, আয়তন-যমক, ধাতু-যমক, সত্য-যমক, সংস্কার-যমক, অনুশয়-যমক, চিত্ত-যমক, ধর্ম-যমক এবং ইন্দ্রিয়-যমক এর আলোচ্য বিষয়বস্তু।

পালি ভাষায় সুমহান বুদ্ধবাণীর ত্রিপিটক গ্রন্থসমূহ বাংলা ভাষায় অনুবাদ, প্রকাশনা ও প্রচারের সমন্বিত উদ্যোগ গ্রহণ করেছিলেন জ্ঞানতাপস অগ্রমহাপণ্ডিত শ্রীমৎ প্রজ্ঞালোক মহাস্থবির। পরবর্তী সময়ে আরও জ্ঞানী, গুণী, পালি ভাষাভিজ্ঞ পণ্ডিত মনিষীদের অক্লান্ত প্রচেষ্টায় ত্রিপিটকের অধিকাংশ বই বাংলায় অনুবাদ করে প্রকাশ ও প্রচার করা হয়েছে। বর্তমানে বাংলাদেশী বৌদ্ধদের ধর্মীয় জাগরণসৃষ্টিকারী পরম পূজনীয় বনভন্তের প্রেরণায় ও নির্দেশনায় রাঙামাটি রাজবন বিহারে প্রাজ্ঞ ভিক্ষুসংঘ পিটকীয় গ্রন্থসমূহের অনুবাদ কাজে নিয়োজিত আছেন। ইতিমধ্যে ***বনভন্তে প্রকাশনী*** হতে বিভিন্ন মূল্যবান ধর্মগ্রন্থের সাথে অনূদিত পিটকীয় গ্রন্থসমূহ প্রকাশ ও প্রচার করার কার্যক্রম এগিয়ে চলছে। পরম পূজনীয় বনভন্তের আশীর্বাদ ও প্রেরণায় এবং পরম পূজ্যস্পাদ পণ্ডিত শ্যীমৎ প্রজ্ঞাবংশ মহাথেরোর সঠিক দিকনির্দেশনায় ও তত্ত্বাবধানে ত্রিপিটকের বঙ্গানুবাদকৃত গ্রন্থসমূহ সমন্বিতভাবে প্রকাশ ও বিনামূল্যে বিতরণের জন্য ***সংঘশক্তি প্রকাশনা*** নামে একটি প্রকাশনা সংস্থার এই কার্যক্রম এগিয়ে চলেছে। ইতিমধ্যে নবপ্রতিষ্ঠিত ***সংঘশক্তি প্রকাশনী*** হতে শ্রীমৎ প্রজ্ঞানন্দ মহাস্থবির, শ্রীমৎ সত্যপ্রিয় মহাস্থবির, শ্রীমৎ প্রজ্ঞাবংশ মহাস্থবির, শ্রীমৎ বুদ্ধবংশ ভিক্ষু এবং শ্রীমৎ করুণাবংশ ভিক্ষু পবিত্র বিনয়পিটকের বঙ্গানুবাদকৃত গ্রন্থগুলো যথাক্রমে *মহাবর্গ*, *চূলবর্গ*, *পরিবার পাঠ* ও *ভিক্ষুণী বিভঙ্গ*, *পারাজিকা* এবং *পাচিত্তিয়*

সমন্বিত আকারে এক খণ্ডে ***বিনয়পিটক*** নামে প্রকাশিত হয়েছে। ত্রিপিটকের যে-সকল গ্রন্থ এখনো বঙ্গানুবাদ করা হয়নি, সে-সকল গ্রন্থের বঙ্গানুবাদ কার্যক্রমে সহযোগিতা প্রদান *সংঘশক্তি প্রকাশনী*র অন্যতম লক্ষ্য।

বিনয়পিটকের *পাচিত্তিয়*, *আধুনিক পালি ভাষা শিক্ষা* (১ম ও ২য় খণ্ড), *উচ্চতর পালি ভাষা শিক্ষা*, *পরিবাস দীপনী ও সানুবাদ কম্মবাচা*, *পট্‌ঠানুদ্দেসদীপনী* এবং *যমক* (তিন খণ্ড) প্রভৃতি গ্রন্থের অনুবাদক ভদন্ত করুণাবংশ ভিক্ষু একজন অনন্য পণ্ডিত ব্যক্তিত্ব। তিনি একজন সাধক, গবেষক, লেখক ও অনুবাদক। অভিধর্মপিটকের প্রত্যেকটি বিষয়বস্তু অত্যন্ত গভীর ও তাৎপর্যপূর্ণ। বৌদ্ধদর্শনের পরমার্থসত্য বিষয়ে বিশ্লেষিত ও ব্যাখ্যাত এই গ্রন্থের অনুবাদ তাঁর মতো পণ্ডিত ব্যক্তিত্বের পক্ষেই সম্ভব। তাই এই মূল্যবান গ্রন্থটি আমাদের প্রকাশনী হতে প্রকাশ করার সুযোগ পেয়ে আমি নিজেকে ধন্য মনে করছি। পরম শ্রদ্ধেয় অনুবাদক ভদন্ত করুণাবংশ ভিক্ষুর প্রতি আমার সকৃতজ্ঞ বন্দনা এবং গ্রন্থপ্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি আন্তরিক সাধুবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করছি।

যমক গ্রন্থের এই প্রকাশনা ছাড়াও ত্রিপিটকের সূত্রপিটক ও অভিধর্মপিটকের সকল গ্রন্থসমূহ *সংঘশক্তি প্রকাশনী*র মাধ্যমে সমন্বিত আকারে প্রকাশ ও প্রচার করার যে-পদক্ষেপ আমরা গ্রহণ করেছি তা পর্যায়ক্রমে বাস্তবায়নের পথে এগিয়ে চলছে। এ ধর্মীয় জাগরণের অগ্রযাত্রায় আমরা সংশ্লিষ্ট সকলের সহযোগিতা ও আশীর্বাদ কামনা করছি।

আমার এ সকল ধর্মীয় কার্যক্রমে উৎসাহ, প্রেরণাসহ সার্বিক সহযোগিতা প্রদান করে আসছেন আমার সাথে মধ্যপ্রাচ্যের ওমানে বসবাসরত আমার সহধর্মিনী শ্রীমতি বিউটি বড়ুয়া।

ধর্মদান সমস্ত দানকে অতিক্রম করে। সম্যকসম্বুদ্ধের এই অমোঘ বাণীতে অনুপ্রাণিত হয়ে কামনা করছি, এই ধর্মদানের ফলে সম্যক দৃষ্টিপরায়ণ হয়ে বুদ্ধের শিক্ষা ও আদর্শ-জ্ঞানে জ্ঞানী হয়ে সকলের দুঃখমুক্তি নির্বাণ লাভের হেতু হোক।

জগতের সকল প্রাণী সুখী হোক!

তারিখ :
০২. ১১. ২০১২ ইংরেজি

নিবেদক
ঝুলন কান্তি বড়ুয়া
স্বত্বাধিকারী, সংঘশক্তি প্রকাশনী
বৈদ্যপাড়া, বোয়ালখালী, চট্টগ্রাম

“সেই ভগবান অর্হৎ সম্যকসম্বুদ্ধকে বন্দনা”

অভিধর্মপিটকে

(তৃতীয় খণ্ড)

৯. ধর্ম-যমক

১. প্রজ্ঞপ্তি বার

(ক) উদ্দেশ

১. পদশোধন বার

(ক) অনুলোম

১. (ক) সর্ববিধ কুশলই কি কুশল ধর্ম?

(খ) সর্ববিধ কুশল ধর্মই কি কুশল?

(ক) সর্ববিধ অকুশলই কি অকুশল ধর্ম?

(খ) সর্ববিধ অকুশল ধর্মই কি অকুশল?

(ক) সর্ববিধ অব্যাকৃতই কি অব্যাকৃত ধর্ম?

(খ) সর্ববিধ অব্যাকৃত ধর্মই কি অব্যাকৃত?

(খ) প্রত্যানীক

২. (ক) যা কুশল নয় তা কুশল ধর্ম নয় কি?

(খ) যা কুশল ধর্ম নয় তা কুশল নয় কি?

(ক) যা অকুশল নয় তা অকুশল ধর্ম নয় কি?

(খ) যা অকুশল ধর্ম নয় তা অকুশল নয় কি?

(ক) যা অব্যাকৃত নয় তা অব্যাকৃত ধর্ম নয় কি?

(খ) যা অব্যাকৃত ধর্ম নয় তা অব্যাকৃত নয় কি?

২. পদশোধন মূলচক্র বার

(ক) অনুলোম

৩. (ক) সর্ববিধ কুশলই কি কুশল ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি অকুশল ধর্ম?
(ক) সর্ববিধ কুশলই কি কুশল ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি অব্যাকৃত ধর্ম?
৪. (ক) সর্ববিধ অকুশলই কি অকুশল ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি কুশল ধর্ম?
(ক) সর্ববিধ অকুশলই কি অকুশল ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি অব্যাকৃত ধর্ম?
৫. (ক) সর্ববিধ অব্যাকৃতই কি অব্যাকৃত ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি কুশল ধর্ম?
(ক) সর্ববিধ অব্যাকৃতই কি অব্যাকৃত ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি অকুশল ধর্ম?

(খ) প্রত্যানীক

৬. (ক) যা কুশল নয় তা কুশল ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা অকুশল নয় কি?
(ক) যা কুশল নয় তা কুশল ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা অব্যাকৃত ধর্ম নয় কি?
৭. (ক) যা অকুশল নয় তা অকুশল ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা কুশল নয় কি?
(ক) যা অকুশল নয় তা অকুশল ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা অব্যাকৃত ধর্ম নয় কি?
৮. (ক) যা অব্যাকৃত নয় তা অব্যাকৃত ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা কুশল নয় কি?
(ক) যা অব্যাকৃত নয় তা অব্যাকৃত ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা অকুশল ধর্ম নয় কি?

৩. সুদ্ধধর্ম বার

(ক) অনুলোম

৯. (ক) সর্ববিধ কুশলই কি ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি কুশল?

(ক) সর্ববিধ অকুশলই কি ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি অকুশল?
(ক) সর্ববিধ অব্যাকৃতই কি ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি অব্যাকৃত?

(খ) প্রত্যানীক

১০. (ক) যা কুশল নয় তা ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা কুশল নয় কি?
(ক) যা অকুশল নয় তা ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা অকুশল নয় কি?
(ক) যা অব্যাকৃত নয় তা ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা অব্যাকৃত নয় কি?

৪. সুদ্ধধর্ম মূলচক্র বার

(ক) অনুলোম

১১. (ক) সর্ববিধ কুশলই কি ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি অকুশল?
(ক) সর্ববিধ কুশলই কি ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি অব্যাকৃত?
১২. (ক) সর্ববিধ অকুশলই কি ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি কুশল?
(ক) সর্ববিধ অকুশলই কি ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি অব্যাকৃত?
১৩. (ক) সর্ববিধ অব্যাকৃতই কি ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি কুশল?
(ক) সর্ববিধ অব্যাকৃতই কি ধর্ম?
(খ) সর্ববিধ ধর্মই কি অকুশল?

(খ) প্রত্যানীক

১৪. (ক) যা কুশল নয় তা ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা অকুশল নয় কি?
(ক) যা কুশল নয় তা ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা অব্যাকৃত নয় কি?

১৫. (ক) যা অকুশল নয় তা ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা কুশল নয় কি?
(ক) যা অকুশল নয় তা ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা অব্যাকৃত নয় কি?
১৬. (ক) যা অব্যাকৃত নয় তা ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা কুশল নয় কি?
(ক) যা অব্যাকৃত নয় তা ধর্ম নয় কি?
(খ) যা ধর্ম নয় তা অকুশল নয় কি?

(ক) নির্দেশ

১. পদশোধন বার

(ক) অনুলোম

১৭. (ক) সর্ববিধ কুশলই কি কুশল ধর্ম? হ্যাঁ।
(খ) সর্ববিধ কুশল ধর্মই কি কুশল? হ্যাঁ।
(ক) সর্ববিধ অকুশলই কি অকুশল ধর্ম? হ্যাঁ।
(খ) সর্ববিধ অকুশল ধর্মই কি অকুশল? হ্যাঁ।
(ক) সর্ববিধ অব্যাকৃতই কি অব্যাকৃত ধর্ম? হ্যাঁ।
(খ) সর্ববিধ অব্যাকৃত ধর্মই কি অব্যাকৃত? হ্যাঁ।

(খ) প্রত্যানীক

১৮. (ক) যা কুশল নয় তা কুশল ধর্ম নয় কি? হ্যাঁ।
(খ) যা কুশল ধর্ম নয় তা কুশল নয় কি? হ্যাঁ।
(ক) যা অকুশল নয় তা অকুশল ধর্ম নয় কি? হ্যাঁ।
(খ) যা অকুশল ধর্ম নয় তা অকুশল নয় কি? হ্যাঁ।
(ক) যা অব্যাকৃত নয় তা অব্যাকৃত ধর্ম নয় কি? হ্যাঁ।
(খ) যা অব্যাকৃত ধর্ম নয় তা অব্যাকৃত নয় কি? হ্যাঁ।

২. পদশোধন মূলচক্র বার

(ক) অনুলোম

১৯. (ক) সর্ববিধ কুশলই কি কুশল ধর্ম? হ্যাঁ।
(খ) সর্ববিধ ধর্মই কি অকুশল ধর্ম?
অকুশল ধর্মই যুগপৎ ধর্ম ও অকুশল ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু অকুশল ধর্ম নয়।

(ক) সর্ববিধ কুশলই কি কুশল ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি অব্যাকৃত ধর্ম?

অব্যাকৃত ধর্মই যুগপৎ ধর্ম ও অব্যাকৃত ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু অক্যাকৃত ধর্ম নয়।

২০. (ক) সর্ববিধ অকুশলই কি অকুশল ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি কুশল ধর্ম?

কুশল ধর্মই যুগপৎ ধর্ম ও কুশল ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু কুশল ধর্ম নয়।

(ক) সর্ববিধ অকুশলই কি অকুশল ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি অব্যাকৃত ধর্ম?

অব্যাকৃত ধর্মই যুগপৎ ধর্ম ও অব্যাকৃত ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু অক্যাকৃত ধর্ম নয়।

২১. (ক) সর্ববিধ অব্যাকৃতই কি অব্যাকৃত ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি কুশল ধর্ম?

কুশল ধর্মই যুগপৎ ধর্ম ও কুশল ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু কুশল ধর্ম নয়।

(ক) সর্ববিধ অব্যাকৃতই কি অব্যাকৃত ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি অকুশল ধর্ম?

অকুশল ধর্মই যুগপৎ ধর্ম ও অকুশল ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু অকুশল ধর্ম নয়।

(খ) প্রত্যানীক

২২. (ক) যা কুশল নয় তা কুশল ধর্ম নয় কি? হ্যাঁ।

(খ) যা ধর্ম নয় তা অকুশল নয় কি? হ্যাঁ।

(ক) যা কুশল নয় তা কুশল ধর্ম নয় কি? হ্যাঁ।

(খ) যা ধর্ম নয় তা অব্যাকৃত ধর্ম নয় কি? হ্যাঁ।

২৩. (ক) যা অকুশল নয় তা অকুশল ধর্ম নয় কি? হ্যাঁ।

(খ) যা ধর্ম নয় তা কুশল নয় কি? হ্যাঁ।

(ক) যা অকুশল নয় তা অকুশল ধর্ম নয় কি? হ্যাঁ।

(খ) যা ধর্ম নয় তা অব্যাকৃত ধর্ম নয় কি? হ্যাঁ।

২৪. (ক) যা অব্যাকৃত নয় তা অব্যাকৃত ধর্ম নয় কি? হ্যাঁ।

(খ) যা ধর্ম নয় তা কুশল নয় কি? হ্যাঁ।

(ক) যা অব্যাকৃত নয় তা অব্যাকৃত ধর্ম নয় কি? হ্যাঁ।

(খ) যা ধর্ম নয় তা অকুশল ধর্ম নয় কি? হ্যাঁ।

৩. সুদ্ধধর্ম বার

(ক) অনুলোম

২৫. (ক) সর্ববিধ কুশলই কি ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি কুশল?

কুশল ধর্মই যুগপৎ ধর্ম ও কুশল ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু কুশল ধর্ম নয়।

(ক) সর্ববিধ অকুশলই কি ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি অকুশল?

অকুশল ধর্মই যুগপৎ ধর্ম ও অকুশল ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু অকুশল ধর্ম নয়।

(ক) সর্ববিধ অব্যাকৃতই কি ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি অব্যাকৃত?

অব্যাকৃত ধর্মই যুগপৎ ধর্ম ও অব্যাকৃত ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু ধর্ম ও অক্যাকৃত ধর্ম।

(খ) প্রত্যানীক

২৬. (ক) যা কুশল নয় তা ধর্ম নয় কি?

কুশল ব্যতীত বাকি ধর্মসমূহ কুশল নয় বটে, তবে ধর্ম। কুশল ও ধর্ম ব্যতীত বাকিগুলো কিন্তু কুশলও নয়, ধর্মও নয়।

(খ) যা ধর্ম নয় তা কুশল নয় কি? হ্যাঁ।

(ক) যা অকুশল নয় তা ধর্ম নয় কি?

অকুশল ব্যতীত বাকি ধর্মসমূহ অকুশল নয় বটে, তবে ধর্ম। অকুশল ও ধর্ম ব্যতীত বাকিগুলো কিন্তু অকুশলও নয়, ধর্মও নয়।

(খ) যা ধর্ম নয় তা অকুশল নয় কি? হ্যাঁ।

(ক) যা অব্যাকৃত নয় তা ধর্ম নয় কি?

অব্যাকৃত ব্যতীত বাকি ধর্মসমূহ অব্যাকৃত নয় বটে, তবে ধর্ম। অব্যাকৃত ও ধর্ম ব্যতীত বাকিগুলো কিন্তু অব্যাকৃতও নয়, ধর্মও নয়।

(খ) যা ধর্ম নয় তা অব্যাকৃত নয় কি? হ্যাঁ।

৪. সুদ্ধধর্ম মূলচক্র বার

(ক) অনুলোম

২৭. (ক) সর্ববিধ কুশলই কি ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি অকুশল?

অকুশল ধর্মই যুগপৎ ধর্ম ও অকুশল ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু অকুশল ধর্ম নয়।

(ক) সর্ববিধ কুশলই কি ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি অব্যাকৃত?

অব্যাকৃত ধর্মই যুগপৎ ধর্ম ও অব্যাকৃত ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু অব্যাকৃত ধর্ম নয়।

২৮. (ক) সর্ববিধ অকুশলই কি ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি কুশল?

কুশল ধর্মই যুগপৎ ধর্ম ও কুশল ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু কুশল ধর্ম নয়।

(ক) সর্ববিধ অকুশলই কি ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি অব্যাকৃত?

অব্যাকৃত ধর্মই যুগপৎ ধর্ম ও অব্যাকৃত ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু অব্যাকৃত ধর্ম নয়।

২৯. (ক) সর্ববিধ অব্যাকৃতই কি ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি কুশল?

কুশল ধর্মই যুগপৎ ধর্ম ও কুশল ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু কুশল ধর্ম নয়।

(ক) সর্ববিধ অব্যাকৃতই কি ধর্ম? হ্যাঁ।

(খ) সর্ববিধ ধর্মই কি অকুশল?

অকুশল ধর্মই যুগপৎ ধর্ম ও অকুশল ধর্ম। বাকি ধর্মসমূহ কিন্তু অকুশল ধর্ম নয়।

(খ) প্রত্যানীক

৩০. (ক) যা কুশল নয় তা ধর্ম নয় কি?

কুশল ব্যতীত বাকি ধর্মসমূহ কুশল নয় বটে, তবে ধর্ম। কুশল ও ধর্ম ব্যতীত বাকিগুলো কিন্তু কুশলও নয়, ধর্মও নয়।

(খ) যা ধর্ম নয় তা অকুশল নয় কি? হ্যাঁ।

(ক) যা কুশল নয় তা ধর্ম নয় কি?

কুশল ব্যতীত বাকি ধর্মসমূহ কুশল নয় বটে, তবে ধর্ম। কুশল ও ধর্ম ব্যতীত বাকিগুলো কিন্তু কুশলও নয়, ধর্মও নয়।

(খ) যা ধর্ম নয় তা অব্যাকৃত নয় কি? হ্যাঁ।

৩১. (ক) যা অকুশল নয় তা ধর্ম নয় কি?

অকুশল ব্যতীত বাকি ধর্মসমূহ অকুশল নয় বটে, তবে ধর্ম। অকুশল ও ধর্ম ব্যতীত বাকিগুলো কিন্তু অকুশলও নয়, ধর্মও নয়।

(খ) যা ধর্ম নয় তা কুশল নয় কি? হ্যাঁ।

(ক) যা অকুশল নয় তা ধর্ম নয় কি?

অকুশল ব্যতীত বাকি ধর্মসমূহ অকুশল নয় বটে, তবে ধর্ম। অকুশল ও ধর্ম ব্যতীত বাকিগুলো কিন্তু অকুশলও নয়, ধর্মও নয়।

(খ) যা ধর্ম নয় তা অব্যাকৃত নয় কি? হ্যাঁ।

৩২. (ক) যা অব্যাকৃত নয় তা ধর্ম নয় কি?

অব্যাকৃত ব্যতীত বাকি ধর্মসমূহ অব্যাকৃত নয় বটে, তবে ধর্ম। অব্যাকৃত ও ধর্ম ব্যতীত বাকিগুলো কিন্তু অব্যাকৃতও নয়, ধর্মও নয়।

(খ) যা ধর্ম নয় তা কুশল নয় কি? হ্যাঁ।

(ক) যা অব্যাকৃত নয় তা ধর্ম নয় কি?

অব্যাকৃত ব্যতীত বাকি ধর্মসমূহ অব্যাকৃত নয় বটে, তবে ধর্ম। অব্যাকৃত ও ধর্ম ব্যতীত বাকিগুলো কিন্তু অব্যাকৃতও নয়, ধর্মও নয়।

(খ) যা ধর্ম নয় তা অকুশল নয় কি? হ্যাঁ।

[প্রজ্ঞপ্তি নির্দেশ বার]

২. প্রবর্তন বার ১. উৎপত্তি বার

(১) বর্তমান বার

(ক) অনুলোম-পুদ্গল

৩৩. (ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয়, তার অকুশল ধর্ম উৎপন্ন হয় কি? না।

(খ) অথবা যার অকুশল ধর্ম উৎপন্ন হয়, তার কুশল ধর্ম উৎপন্ন হয় কি? না।

(ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয়, তার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় কি?

অরূপ-ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কুশল ধর্ম উৎপন্ন হয় বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কুশলের

উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয়, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়, তার কুশল ধর্ম উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়, কুশল ধর্মও উৎপন্ন হয়।

৩৪. (ক) যার অকুশল ধর্ম উৎপন্ন হয়, তার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় কি?

অরূপ-ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের অকুশল ধর্ম উৎপন্ন হয় বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয়, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়, তার অকুশল ধর্ম উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে অকুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়, অকুশল ধর্মও উৎপন্ন হয়।

(খ) অনুলোম-স্থান

৩৫. (ক) যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়, সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়, সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়, সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়, সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় কি?

অসংজ্ঞসত্ত্বগণের অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন

হয়, কুশল ধর্মও উৎপন্ন হয়।

৩৬. (ক) যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়, সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়, সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় কি?

অসংজ্ঞসত্ত্বগণের অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয় না। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয় না, অকুশল ধর্মও উৎপন্ন হয় না।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৩৭. (ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়, তার সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় কি? না।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়, তার সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় কি? না।

(ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়, তার সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় কি?

অরূপ-ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয়, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়, তার সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়, কুশল ধর্মও উৎপন্ন হয়।

৩৮. (ক) যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়, তার সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় কি?

অরূপ-ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয়, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়, তার সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে অকুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়, অকুশল ধর্মও উৎপন্ন হয়।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

৩৯. (ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয় না, তার কি অকুশল ধর্ম উৎপন্ন হয় না?

অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয় না তা নয়। সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে, কুশল-বিপ্রযুক্ত ও অকুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয় না, অকুশল ধর্মও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার অকুশল ধর্ম উৎপন্ন হয় না, তার কি কুশল ধর্ম উৎপন্ন হয় না?

কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের অকুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না তা নয়। সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে, অকুশল-বিপ্রযুক্ত ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, নিরোধসমাপন্ন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয় না, কুশল ধর্মও উৎপন্ন হয় না।

(ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয় না, তার কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে ও অরূপ-ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয় না, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না, তার কি কুশল ধর্ম উৎপন্ন হয় না?

অরূপ-ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের,

প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে ও অরূপ-ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয় না, কুশল ধর্মও উৎপন্ন হয় না।

৪০. (ক) যার অকুশল ধর্ম উৎপন্ন হয় না, তার কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে অকুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের অকুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে ও অরূপ-ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয় না, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না, তার কি অকুশল ধর্ম উৎপন্ন হয় না?

অরূপ-ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে ও অরূপ-ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয় না, অকুশল ধর্মও উৎপন্ন হয় না।

(ঙ) প্রত্যানীক-স্থান

৪১. (ক) যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় না, সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হয় না? হ্যাঁ।[১]

(খ) অথবা যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় না, সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হয় না? হ্যাঁ।

(ক) যেখানে কুশল ধর্ম উপন্ন হয় না, সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না? উৎপন্ন হয়।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না, সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হয় না? নেই।

৪২. (ক) যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় না, সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না? উৎপন্ন হয়।[২]

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না, সেখানে কি অকুশল

---

[১]। ইহা অসংজ্ঞসত্ত্ব-ভূমি সম্বন্ধে বলা হয়েছে। সেজন্য এখানে 'হ্যাঁ' উত্তর করা হয়েছে। *[যমক-অট্ঠকথা]*

[২]। ইহাও অসংজ্ঞসত্ত্ব-ভূমি সম্বন্ধেই বলা হয়েছে। কারণ সেখানে শুধু অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়। *[যমক-অট্ঠকথা]*

ধর্ম উৎপন্ন হয় না? নেই।

(চ) প্রত্যানীক-পুদ্গাল-স্থান

৪৩. (ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় না, তার সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হয় না?

অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয় না তা নয়। সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে, কুশল-বিপ্রযুক্ত ও অকুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয় না, অকুশল ধর্মও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় না, তার সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হয় না?

কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না তা নয়। সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে, অকুশল-বিপ্রযুক্ত ও কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে, অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয় না, কুশল ধর্মও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় না, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে কুশল-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে ও অরূপ-ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয় না, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না, তার সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হয় না?

অরূপ-ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে ও অরূপ-ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয় না, কুশল ধর্মও উৎপন্ন হয় না।

৪৪. (ক) যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় না, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না?

উৎপদ্যমান সকল সত্ত্বগণের ও প্রবর্তনে অকুশল-বিপ্রযুক্ত চিত্তের

উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে ও অরূপ-ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয় না, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয় না।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না, তার সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হয় না?

অরূপ-ভূমিতে অকুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয় না বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয় না তা নয়। চ্যুতমান সকল সত্ত্বগণের, প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে ও অরূপ-ভূমিতে কুশলের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয় না, অকুশল ধর্মও উৎপন্ন হয় না।

(২) অতীত বার

(ক) অনুলোম-পুদ্গল

৪৫. (ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল, তার কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

৪৬. (ক) যার অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল, তার অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অনুলোম-স্থান

৪৭. (ক) যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, সেখানে তার অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন

হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল, সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি?

অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল তা নয়। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়েছিল, কুশল ধর্মও উৎপন্ন হয়েছিল।

৪৮. (ক) যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল, সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি?

অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল তা নয়। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়েছিল, অকুশল ধর্মও উৎপন্ন হয়েছিল।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৪৯. (ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় অকুশল চিত্ত[১] বিদ্যমান থাকা অবস্থায় সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল তা নয়। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয়েছিল, কুশল ধর্মও উৎপন্ন হয়েছিল।

(ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল, তার সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত[২] বিদ্যমান থাকা অবস্থায় ও

---

[১]। 'দ্বিতীয় অকুশল চিত্ত' অর্থে ভবকে আস্বাদ করে উৎপন্ন ভবনিকন্তি নামক জবনের দ্বিতীয় জবন চিত্ত। *[যমক-অট্ঠকথা]*

[২]। 'দ্বিতীয় চিত্ত' অর্থে প্রতিসন্ধির পর থেকে দ্বিতীয় ভবাঙ্গচিত্ত। অথবা প্রতিসন্ধির পর ভবাঙ্গকে বিপাক বশে একচিত্ত হিসেবে ধরলে ভবনিকন্তির আবর্তন চিত্ত। ইহা অব্যাকৃত

অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হয়েছিল তা নয়। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়েছিল, কুশল ধর্মও উৎপন্ন হয়েছিল।

৫০. (ক) যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল, তার সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল, তার সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়েছিল বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয়েছিল তা নয়। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়েছিল, অকুশল ধর্মও উৎপন্ন হয়েছিল।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

৫১. (ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার কি অকুশল ধর্ম উৎপন্ন হয়নি? নেই।

(খ) অথবা যার অকুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার কি কুশল ধর্ম উৎপন্ন হয়নি? নেই।

(ক) যার কুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি? নেই।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি, তার কি কুশল ধর্ম উৎপন্ন হয়নি? নেই।

৫২. (ক) যার অকুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি? নেই।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি, তার কি অকুশল ধর্ম উৎপন্ন হয়নি? নেই।

(ঙ) প্রত্যানীক-স্থান

৫৩. (ক) যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়নি, সেখানে কি অকুশল ধর্ম

জাতীয় ক্রিয়াচিত্ত হওয়ার কারণে বিপাক অনুসারে দ্বিতীয় চিত্ত নাম প্রাপ্ত হয়েছে। *[যমক-অট্ঠকথা]*

উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়নি, সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(ক) যেখানে কুশল ধর্ম উপন্ন হয় না, সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি, সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হয়নি? নেই।

৫৪. (ক) যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়নি, সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি, সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হয়নি? নেই।

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

৫৫. (ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হয়নি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়নি বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় অকুশল চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কুশল ধর্মও উৎপন্ন হয়নি, অকুশল ধর্মও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কুশল ধর্ম উৎপন্ন হয়নি বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হয়নি, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি, তার সেখানে কি কুশল ধর্ম উৎপন্ন হয়নি? হ্যাঁ।

৫৬. (ক) যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়নি, তার সেখানে কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হয়নি বটে, তবে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হয়নি, অব্যাকৃত ধর্মও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হয়নি, তার সেখানে কি অকুশল ধর্ম উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(৩) ভবিষ্যৎ বার

(ক) অনুলোম-পুদ্গল

৫৭. (ক) যার কুশল ধর্ম উৎপন্ন হবে, তার অকুশল ধর্ম উৎপন্ন হবে কি?

যেই চিত্তের অনন্তরে[১] অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের কুশল ধর্ম উৎপন্ন হবে বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হবে, অকুশল ধর্মও উৎপন্ন হবে।

(খ) অথবা যার অকুশল ধর্ম উৎপন্ন হবে, তার কুশল ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(ক) যার কুশল ধর্ম উৎপন্ন হবে, তার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে, তার কুশল ধর্ম উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গ ও ফললাভী সত্ত্বগণের অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে, কুশল ধর্মও উৎপন্ন হবে।

৫৮. (ক) যার অকুশল ধর্ম উৎপন্ন হবে, তার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে, তার অকুশল ধর্ম উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গ ও ফললাভী সত্ত্বগণের ও যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে, অকুশল ধর্মও উৎপন্ন হবে।

---

[১]। ইহা অর্পণাজবনের গোত্রভূচিত্তকে লক্ষ্য করে বলা হয়েছে। *[যমক-অট্ঠকথা]*

(খ) অনুলোম-স্থান

৫৯. (ক) যেখানে কুশল ধর্ম উৎপন্ন হবে, সেখানে তার অকুশল ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে, সেখানে কুশল ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(ক) যেখানে কুশল ধর্ম উৎপন্ন হবে, সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে, সেখানে কুশল ধর্ম উৎপন্ন হবে কি?

অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হবে না। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে, কুশল ধর্মও উৎপন্ন হবে।

৬০. (ক) যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে, সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে, সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে কি?

অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হবে না। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে, অকুশল ধর্মও উৎপন্ন হবে।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৬১. (ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হবে, তার সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে কি?

যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের সেখানে কুশল ধর্ম উৎপন্ন হবে বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হবে না। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু কুশল ধর্মও উৎপন্ন হবে, অকুশল ধর্মও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে, তার সেখানে কুশল ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(ক) যার যেখানে কুশল ধর্ম উৎপন্ন হবে, তার সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে, তার সেখানে কুশল

ধর্ম উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গ ও ফললাভী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হবে না। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে, কুশল ধর্মও উৎপন্ন হবে।

৬২. (ক) যার যেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে, তার সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে, তার সেখানে অকুশল ধর্ম উৎপন্ন হবে কি?

অর্হত্ত্বমার্গ ও ফললাভী সত্ত্বগণের, যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে বটে, তবে অকুশল ধর্ম উৎপন্ন হবে না। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু অব্যাকৃত ধর্মও উৎপন্ন হবে, অকুশল ধর্মও উৎপন্ন হবে।

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

৬৩. (ক) যার কুশল ধর্ম উৎপন্ন হবে না, তার কি অকুশল ধর্ম উৎপন্ন হবে না? হ্যাঁ।

(খ) অথবা যার অকুশল ধর্ম উৎপন্ন হবে না, তার কি কুশল ধর্ম উৎপন্ন হবে না?

যেই চিত্তের অনন্তরে অর্হত্ত্বমার্গ লাভ করবেন এমন সত্ত্বগণের অকুশল ধর্ম উৎপন্ন হবে না বটে, তবে কুশল ধর্ম উৎপন্ন হবে না তা নয়। অর্হত্ত্বমার্গ ও ফললাভী সত্ত্বগণের কিন্তু অকুশল ধর্মও উৎপন্ন হবে না, কুশল ধর্মও উৎপন্ন হবে না।

(ক) যার কুশল ধর্ম উৎপন্ন হবে না, তার কি অব্যাকৃত ধর্ম উৎপন্ন হবে না?

(খ) যা ইন্দ্রিয় নয় তা উপেক্ষিন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

(ক) যা শ্রদ্ধা নয় তা ইন্দ্রিয় নয় কি?

শ্রদ্ধা ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো শ্রদ্ধা নয় বটে, তবে ইন্দ্রিয়। শ্রদ্ধা ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো শ্রদ্ধাও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা শ্রদ্ধেন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

(ক) যা বীর্য নয় তা ইন্দ্রিয় নয় কি?

বীর্য ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো বীর্য নয় বটে, তবে ইন্দ্রিয়। বীর্য ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু বীর্যও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা বীর্যেন্দ্রিয় নয় কি?

(ক) যা স্মৃতি নয় তা ইন্দ্রিয় নয় কি?

স্মৃতি ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো স্মৃতি নয় বটে, তবে ইন্দ্রিয়। স্মৃতি ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু স্মৃতিও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা স্মৃতিন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

(ক) যা সমাধি নয় তা ইন্দ্রিয় নয় কি?

সমাধি ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো সমাধি নয় বটে, তবে ইন্দ্রিয়। সমাধি

ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু সমাধিও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা সমাধিন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

(ক) যা প্রজ্ঞা নয় তা ইন্দ্রিয় নয় কি?

প্রজ্ঞা ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো প্রজ্ঞা নয় বটে, তবে ইন্দ্রিয়। প্রজ্ঞা ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু প্রজ্ঞাও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা প্রজ্ঞেন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

(ক) যা অজ্ঞাত-জ্ঞাতার্থী নয় তা ইন্দ্রিয় নয় কি?

অজ্ঞাত-জ্ঞাতার্থী ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো অজ্ঞাত-জ্ঞাতার্থী নয় বটে, তবে ইন্দ্রিয়। অজ্ঞাত-জ্ঞাতার্থী ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু অজ্ঞাত-জ্ঞাতার্থীও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা অজ্ঞাত-জ্ঞাতার্থীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

(ক) যা লোকোত্তর-জ্ঞান নয় তা ইন্দ্রিয় নয় কি?

লোকোত্তর-জ্ঞান ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো লোকোত্তর-জ্ঞান নয় বটে, তবে ইন্দ্রিয়। লোকোত্তর-জ্ঞান ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তুলোকোত্তর-জ্ঞানও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানেন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

(ক) যা লোকোত্তর-জ্ঞানী নয় তা ইন্দ্রিয় নয় কি?

লোকোত্তর-জ্ঞানী ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো লোকোত্তর-জ্ঞানী নয় বটে, তবে ইন্দ্রিয়। লোকোত্তর-জ্ঞানী ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তুলোকোত্তর-জ্ঞানীও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

৪. সুদ্ধ-ইন্দ্রিয় মূলচক্র বার

(ক) অনুলোম

১৪২. (ক) চক্ষু কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি শ্রোত্রেন্দ্রিয়?

শ্রোত্রেন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও শ্রোত্রেন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো শ্রোত্রেন্দ্রিয় নয়।

(ক) চক্ষু কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি ঘ্রাণেন্দ্রিয়?

ঘ্রাণেন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও ঘ্রাণেন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো ঘ্রাণেন্দ্রিয় নয়।

(ক) চক্ষু কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি জিহ্বান্দ্রিয়?

জিহ্বান্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও জিহ্বান্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো জিহ্বান্দ্রিয় নয়।

(ক) চক্ষু কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি কায়েন্দ্রিয়?

কায়েন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও কায়েন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো কায়েন্দ্রিয় নয়।

(ক) চক্ষু কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি মনেন্দ্রিয়?

মনেন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও মনেন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো মনেন্দ্রিয় নয়।

(ক) চক্ষু কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি স্ত্রীন্দ্রিয়?

স্ত্রীন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও স্ত্রীন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো স্ত্রীন্দ্রিয় নয়।

(ক) চক্ষু কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি পুরুষেন্দ্রিয়?

পুরুষেন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও পুরুষেন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো পুরুষেন্দ্রিয় নয়।

(ক) চক্ষু কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি জীবিতেন্দ্রিয়?

জীবিতেন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও জীবিতেন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো জীবিতেন্দ্রিয় নয়।

(ক) চক্ষু কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি সুখিন্দ্রিয়?

সুখিন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও সুখিন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো সুখিন্দ্রিয় নয়।

(ক) চক্ষু কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি দুঃখিন্দ্রিয়?

দুঃখিন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও দুঃখিন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো দুঃখিন্দ্রিয় নয়।

(ক) চক্ষু কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি সৌমনস্যিন্দ্রিয়?

সৌমনস্যিন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও সৌমনস্যিন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো

সৌমনস্যিন্দ্রিয় নয়।

(ক) চক্ষু কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি দৌর্মনস্যিন্দ্রিয়?

দৌর্মনস্যিন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও দৌর্মনস্যিন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো দৌর্মনস্যিন্দ্রিয় নয়।

(ক) চক্ষু কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি উপেক্ষিন্দ্রিয়?

উপেক্ষিন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও উপেক্ষিন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো উপেক্ষিন্দ্রিয় নয়।

(ক) চক্ষু কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি শ্রদ্ধেন্দ্রিয়?

শ্রদ্ধেন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও শ্রদ্ধেন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো শ্রদ্ধেন্দ্রিয় নয়।

(ক) চক্ষু কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি বীর্যেন্দ্রিয়?

বীর্যেন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও বীর্যেন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো বীর্যেন্দ্রিয় নয়।

(ক) চক্ষু কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি স্মৃতিন্দ্রিয়?

স্মৃতিন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও স্মৃতিন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো স্মৃতিন্দ্রিয় নয়।

(ক) চক্ষু কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি সমাধিন্দ্রিয়?

সমাধিন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও সমাধিন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো সমাধিন্দ্রিয় নয়।

(ক) চক্ষু কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি প্রজ্ঞেন্দ্রিয়?

প্রজ্ঞেন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও প্রজ্ঞেন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো প্রজ্ঞেন্দ্রিয় নয়।

(ক) চক্ষু কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি অজ্ঞাত-জ্ঞাতার্থীন্দ্রিয়?

অজ্ঞাত-জ্ঞাতার্থীন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও অজ্ঞাত-জ্ঞাতার্থীন্দ্রিয়। বাকি

ইন্দ্রিয়গুলো অজ্ঞাত-জ্ঞাতার্থীন্দ্রিয় নয়।

(ক) চক্ষু কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি লোকোত্তর-জ্ঞানেন্দ্রিয়?

লোকোত্তর-জ্ঞানেন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও লোকোত্তর-জ্ঞানেন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো লোকোত্তর-জ্ঞানেন্দ্রিয় নয়।

(ক) চক্ষু কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়?

লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয়।

১৪৩. (ক) শ্রোত্র কি ইন্দ্রিয়?

যেই শ্রোত্র ইন্দ্রিয়, সেই শ্রোত্রই যুগপৎ শ্রোত্র ও ইন্দ্রিয়। বাকি শ্রোত্রগুলি কিন্তু ইন্দ্রিয় নয়।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি চক্ষেন্দ্রিয়?

চক্ষেন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও চক্ষেন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো চক্ষেন্দ্রিয় নয়...।

(ক) শ্রোত্র কি ইন্দ্রিয়?

যেই শ্রোত্র ইন্দ্রিয়, সেই শ্রোত্রই যুগপৎ শ্রোত্র ও ইন্দ্রিয়। বাকি শ্রোত্রগুলি কিন্তু ইন্দ্রিয় নয়।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়?

লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো জ্ঞানীন্দ্রিয় নয়।

১৪৪. (ক) ঘ্রাণ কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি চক্ষেন্দ্রিয়?

চক্ষেন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও চক্ষেন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো চক্ষেন্দ্রিয় নয়...।

(ক) ঘ্রাণ কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়?

লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো জ্ঞানীন্দ্রিয় নয়।

১৪৫. (ক) জিহ্বা কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি চক্ষেন্দ্রিয়?

চক্ষেন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও চক্ষেন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো চক্ষেন্দ্রিয়

নয়...।

(ক) জিহ্বা কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়?

লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো জ্ঞানীন্দ্রিয় নয়।

১৪৬. (ক) কায় কি ইন্দ্রিয়?

যেই কায় ইন্দ্রিয়, সেই কায়ই যুগপৎ কায় ও ইন্দ্রিয়। বাকি কায়গুলো কিন্তু ইন্দ্রিয় নয়।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি চক্ষেন্দ্রিয়?

চক্ষেন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও চক্ষেন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো চক্ষেন্দ্রিয় নয়...।

(ক) কায় কি ইন্দ্রিয়?

যেই কায় ইন্দ্রিয়, সেই কায়ই যুগপৎ কায় ও ইন্দ্রিয়। বাকি কায়গুলো কিন্তু ইন্দ্রিয় নয়।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়?

লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো জ্ঞানীন্দ্রিয় নয়।

১৪৭. (ক) মন কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি চক্ষেন্দ্রিয়?

চক্ষেন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও চক্ষেন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো চক্ষেন্দ্রিয় নয়...।

(ক) মন কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়?

লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো জ্ঞানীন্দ্রিয় নয়।

১৪৮. (ক) স্ত্রী কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি চক্ষেন্দ্রিয়?

চক্ষেন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও চক্ষেন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো চক্ষেন্দ্রিয় নয়...।

(ক) স্ত্রী কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়?

লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়। বাকি

ইন্দ্রিয়গুলো জ্ঞানীন্দ্রিয় নয়।

১৪৯. (ক) পুরুষ কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি চক্ষেন্দ্রিয়?

চক্ষেন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও চক্ষেন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো চক্ষেন্দ্রিয় নয়...।

(ক) পুরুষ কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়?

লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো জ্ঞানীন্দ্রিয় নয়।

১৫০. (ক) জীবিত কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি চক্ষেন্দ্রিয়?

চক্ষেন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও চক্ষেন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো চক্ষেন্দ্রিয় নয়...।

(ক) জীবিত কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়?

লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো জ্ঞানীন্দ্রিয় নয়।

১৫১. (ক) সুখ কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি চক্ষেন্দ্রিয়?

চক্ষেন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও চক্ষেন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো চক্ষেন্দ্রিয় নয়...।

(ক) সুখ কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়?

লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো জ্ঞানীন্দ্রিয় নয়।

১৫২. (ক) দুঃখ কি ইন্দ্রিয়? হ্যাঁ...।

১৫৩. (ক) সৌমনস্য কি ইন্দ্রিয়? হ্যাঁ...।

১৫৪. (ক) দৌর্মনস্য কি ইন্দ্রিয়? হ্যাঁ...।

১৫৫. (ক) উপেক্ষা কি ইন্দ্রিয়?

যেই উপেক্ষা ইন্দ্রিয়, সেই উপেক্ষাই যুগপৎ উপেক্ষা ও ইন্দ্রিয়। বাকি উপেক্ষাগুলো কিন্তু ইন্দ্রিয় নয়।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি চক্ষেন্দ্রিয়?

চক্ষেন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও চক্ষেন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো চক্ষেন্দ্রিয় নয়...।

(ক) উপেক্ষা কি ইন্দ্রিয়?

যেই উপেক্ষা ইন্দ্রিয়, সেই উপেক্ষাই যুগপৎ উপেক্ষা ও ইন্দ্রিয়। বাকি উপেক্ষাগুলো কিন্তু ইন্দ্রিয় নয়।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়?

লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো জ্ঞানীন্দ্রিয় নয়।

১৫৬. (ক) শ্রদ্ধা কি ইন্দ্রিয়? হ্যাঁ...।

১৫৭. (ক) বীর্য কি ইন্দ্রিয়? হ্যাঁ...।

১৫৮. (ক) স্মৃতি কি ইন্দ্রিয়? হ্যাঁ...।

১৫৯. (ক) সমাধি কি ইন্দ্রিয়? হ্যাঁ...।

১৬০. (ক) প্রজ্ঞা কি ইন্দ্রিয়? হ্যাঁ...।

১৬১. (ক) অজ্ঞাত-জ্ঞাতার্থী কি ইন্দ্রিয়? হ্যাঁ...।

১৬২. (ক) লোকোত্তর-জ্ঞান কি ইন্দ্রিয়? হ্যাঁ...।

১৬৩. (ক) লোকোত্তর-জ্ঞানী কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি চক্ষেন্দ্রিয়?

চক্ষেন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও চক্ষেন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো চক্ষেন্দ্রিয় নয়...।

(ক) লোকোত্তর-জ্ঞানী কি ইন্দ্রিয়? হ্যাঁ।

(খ) সর্ববিধ ইন্দ্রিয়ই কি লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয়?

লোকোত্তর-জ্ঞানেন্দ্রিয়ই যুগপৎ ইন্দ্রিয় ও লোকোত্তর-জ্ঞানেন্দ্রিয়। বাকি ইন্দ্রিয়গুলো জ্ঞানেন্দ্রিয় নয়।

(খ) প্রত্যানীক

১৬৪. (ক) যা চক্ষু নয় তা ইন্দ্রিয় নয় কি?

চক্ষু ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো চক্ষু নয় বটে, তবে ইন্দ্রিয়। চক্ষু ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু চক্ষুও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা শ্রোত্রেন্দ্রিয় নয় কি? হ্যাঁ...।

(ক) যা চক্ষু নয় তা ইন্দ্রিয় নয় কি?

চক্ষু ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো চক্ষু নয় বটে, তবে ইন্দ্রিয়। চক্ষু ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু চক্ষুও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

১৬৫. (ক) যা শ্রোত্র নয় তা ইন্দ্রিয় নয় কি?

শ্রোত্র ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো শ্রোত্র নয় বটে, তবে ইন্দ্রিয়। শ্রোত্র ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু শ্রোত্রও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা চক্ষেন্দ্রিয় নয় কি? হ্যাঁ...।

(ক) যা শ্রোত্র নয় তা ইন্দ্রিয় নয় কি?

শ্রোত্র ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো শ্রোত্র নয় বটে, তবে ইন্দ্রিয়। শ্রোত্র ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু শ্রোত্রও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

১৬৬. (ক) যা ঘ্রাণ নয় তা ইন্দ্রিয় নয় কি?

ঘ্রাণ ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো ঘ্রাণ নয় বটে, তবে ইন্দ্রিয়। ঘ্রাণ ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু ঘ্রাণও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা চক্ষেন্দ্রিয় নয় কি? হ্যাঁ...।

(ক) যা ঘ্রাণ নয় তা ইন্দ্রিয় নয় কি?

ঘ্রাণ ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো ঘ্রাণ নয় বটে, তবে ইন্দ্রিয়। ঘ্রাণ ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু ঘ্রাণও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

১৬৭. (ক) যা জিহ্বা নয় তা ইন্দ্রিয় নয় কি?

জিহ্বা ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো জিহ্বা নয় বটে, তবে ইন্দ্রিয়। জিহ্বা ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো জিহ্বাও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা চক্ষেন্দ্রিয় নয় কি? হ্যাঁ...।

(ক) যা জিহ্বা নয় তা ইন্দ্রিয় নয় কি?

জিহ্বা ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো জিহ্বা নয় বটে, তবে ইন্দ্রিয়। জিহ্বা ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো জিহ্বাও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

১৬৮(ক) যা কায় নয় তা ইন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

(খ) যা ইন্দ্রিয় নয় তা চক্ষেন্দ্রিয় নয় কি? হ্যাঁ...।

(ক) যা কায় নয় তা ইন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

১৬৯. (ক) যা মন নয় তা ইন্দ্রিয় নয় কি?

মন ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো মন নয় বটে, তবে ইন্দ্রিয়। মন ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু মনও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা চক্ষেন্দ্রিয় নয় কি? হ্যাঁ...।

(ক) যা মন নয় তা ইন্দ্রিয় নয় কি?

মন ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো মন নয় বটে, তবে ইন্দ্রিয়। মন ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু মনও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

১৭০. (ক) যা স্ত্রী নয় তা ইন্দ্রিয় নয় কি?

স্ত্রী ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো স্ত্রী নয় বটে, তবে ইন্দ্রিয়। স্ত্রী ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু স্ত্রীও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা চক্ষেন্দ্রিয় নয় কি? হ্যাঁ...।

(ক) যা স্ত্রী নয় তা ইন্দ্রিয় নয় কি?

স্ত্রী ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো স্ত্রী নয় বটে, তবে ইন্দ্রিয়। স্ত্রী ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু স্ত্রীও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

১৭১. (ক) যা পুরুষ নয় তা ইন্দ্রিয় নয় কি?

পুরুষ ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো পুরুষ নয় বটে, তবে ইন্দ্রিয়। পুরুষ ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু পুরুষও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা চক্ষেন্দ্রিয় নয় কি? হ্যাঁ...।

(ক) যা পুরুষ নয় তা ইন্দ্রিয় নয় কি?

পুরুষ ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো পুরুষ নয় বটে, তবে ইন্দ্রিয়। পুরুষ ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু পুরুষও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

১৭২. (ক) যা জীবিত নয় তা ইন্দ্রিয় নয় কি?

জীবিত ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো জীবিত নয় বটে, তবে ইন্দ্রিয়। জীবিত ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু জীবিতও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা চক্ষেন্দ্রিয় নয় কি? হ্যাঁ...।

(ক) যা জীবিত নয় তা ইন্দ্রিয় নয় কি?

জীবিত ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো জীবিত নয় বটে, তবে ইন্দ্রিয়। জীবিত ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু জীবিতও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

১৭৩. (ক) যা সুখ নয় তা ইন্দ্রিয় নয় কি?

সুখ ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো সুখ নয় বটে, তবে ইন্দ্রিয়। সুখ ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু সুখও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা চক্ষেন্দ্রিয় নয় কি? হ্যাঁ...।

(ক) যা সুখ নয় তা ইন্দ্রিয় নয় কি?

সুখ ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো সুখ নয় বটে, তবে ইন্দ্রিয়। সুখ ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু সুখও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

১৭৪. (ক) যা দুঃখ নয় তা ইন্দ্রিয় নয় কি?

দুঃখ ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো দুঃখ নয় বটে, তবে ইন্দ্রিয়। দুঃখ ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু দুঃখও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা চক্ষেন্দ্রিয় নয় কি? হ্যাঁ...।

(ক) যা দুঃখ নয় তা ইন্দ্রিয় নয় কি?

দুঃখ ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো দুঃখ নয় বটে, তবে ইন্দ্রিয়। দুঃখ ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু দুঃখও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

১৭৫. (ক) যা সৌমনস্য নয় তা ইন্দ্রিয় নয় কি?

সৌমনস্য ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো সৌমনস্য নয় বটে, তবে ইন্দ্রিয়। সৌমনস্য ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু সৌমনস্যও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা চক্ষেন্দ্রিয় নয় কি? হ্যাঁ...।

(ক) যা সৌমনস্য নয় তা ইন্দ্রিয় নয় কি?

সৌমনস্য ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো সৌমনস্য নয় বটে, তবে ইন্দ্রিয়। সৌমনস্য ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু সৌমনস্যও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

১৭৬. (ক) যা দৌর্মনস্য নয় তা ইন্দ্রিয় নয় কি?

দৌর্মনস্য ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো দৌর্মনস্য নয় বটে, তবে ইন্দ্রিয়। দৌর্মনস্য ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু দৌর্মনস্যও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা চক্ষেন্দ্রিয় নয় কি? হ্যাঁ...।

(ক) যা দৌর্মনস্য নয় তা ইন্দ্রিয় নয় কি?

দৌর্মনস্য ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো দৌর্মনস্য নয় বটে, তবে ইন্দ্রিয়। দৌর্মনস্য ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু দৌর্মনস্যও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

১৭৭. (ক) যা উপেক্ষা নয় তা ইন্দ্রিয় নয় কি?

উপেক্ষা ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো উপেক্ষা নয় বটে, তবে ইন্দ্রিয়। উপেক্ষা ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু উপেক্ষাও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা চক্ষেন্দ্রিয় নয় কি? হ্যাঁ...।

(ক) যা উপেক্ষা নয় তা ইন্দ্রিয় নয় কি?

উপেক্ষা ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো উপেক্ষা নয় বটে, তবে ইন্দ্রিয়। উপেক্ষা ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু উপেক্ষাও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

১৭৮. (ক) যা শ্রদ্ধা নয় তা ইন্দ্রিয় নয় কি?

শ্রদ্ধা ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো শ্রদ্ধা নয় বটে, তবে ইন্দ্রিয়। শ্রদ্ধা ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো শ্রদ্ধাও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা চক্ষেন্দ্রিয় নয় কি? হ্যাঁ...।

(ক) যা শ্রদ্ধা নয় তা ইন্দ্রিয় নয় কি?

শ্রদ্ধা ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো শ্রদ্ধা নয় বটে, তবে ইন্দ্রিয়। শ্রদ্ধা ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো শ্রদ্ধাও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

১৭৯. (ক) যা বীর্য নয় তা ইন্দ্রিয় নয় কি?

বীর্য ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো বীর্য নয় বটে, তবে ইন্দ্রিয়। বীর্য ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু বীর্যও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা চক্ষেন্দ্রিয় নয় কি? হ্যাঁ...।

(ক) যা বীর্য নয় তা ইন্দ্রিয় নয় কি?

বীর্য ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো বীর্য নয় বটে, তবে ইন্দ্রিয়। বীর্য ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু বীর্যও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

১৮০. (ক) যা স্মৃতি নয় তা ইন্দ্রিয় নয় কি?

স্মৃতি ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো স্মৃতি নয় বটে, তবে ইন্দ্রিয়। স্মৃতি ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু স্মৃতিও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা চক্ষেন্দ্রিয় নয় কি? হ্যাঁ...।

(ক) যা স্মৃতি নয় তা ইন্দ্রিয় নয় কি?

স্মৃতি ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো স্মৃতি নয় বটে, তবে ইন্দ্রিয়। স্মৃতি ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু স্মৃতিও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

১৮১. (ক) যা সমাধি নয় তা ইন্দ্রিয় নয় কি?

সমাধি ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো সমাধি নয় বটে, তবে ইন্দ্রিয়। সমাধি ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু সমাধিও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা চক্ষেন্দ্রিয় নয় কি? হ্যাঁ...।

(ক) যা সমাধি নয় তা ইন্দ্রিয় নয় কি?

সমাধি ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো সমাধি নয় বটে, তবে ইন্দ্রিয়। সমাধি ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু সমাধিও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

১৮২. (ক) যা প্রজ্ঞা নয় তা ইন্দ্রিয় নয় কি?

প্রজ্ঞা ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো প্রজ্ঞা নয় বটে, তবে ইন্দ্রিয়। প্রজ্ঞা ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু প্রজ্ঞাও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা চক্ষেন্দ্রিয় নয় কি? হ্যাঁ...।

(ক) যা প্রজ্ঞা নয় তা ইন্দ্রিয় নয় কি?

প্রজ্ঞা ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো প্রজ্ঞা নয় বটে, তবে ইন্দ্রিয়। প্রজ্ঞা ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু প্রজ্ঞাও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

১৮৩. (ক) যা অজ্ঞাত-জ্ঞাতার্থী নয় তা ইন্দ্রিয় নয় কি?

অজ্ঞাত-জ্ঞাতার্থী ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো অজ্ঞাত-জ্ঞাতার্থী নয় বটে, তবে ইন্দ্রিয়। অজ্ঞাত-জ্ঞাতার্থী ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু অজ্ঞাত-জ্ঞাতার্থীও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা চক্ষেন্দ্রিয় নয় কি? হ্যাঁ...।

(ক) যা অজ্ঞাত-জ্ঞাতার্থী নয় তা ইন্দ্রিয় নয় কি?

অজ্ঞাত-জ্ঞাতার্থী ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো অজ্ঞাত-জ্ঞাতার্থী নয় বটে, তবে ইন্দ্রিয়। অজ্ঞাত-জ্ঞাতার্থী ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু অজ্ঞাত-জ্ঞাতার্থীও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

১৮৪. (ক) যা লোকোত্তর-জ্ঞান নয় তা ইন্দ্রিয় নয় কি?

লোকোত্তর-জ্ঞান ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো লোকোত্তর-জ্ঞান নয় বটে, তবে ইন্দ্রিয়। লোকোত্তর-জ্ঞান ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু লোকোত্তর-জ্ঞানও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা চক্ষেন্দ্রিয় নয় কি? হ্যাঁ...।

(ক) যা লোকোত্তর-জ্ঞান নয় তা ইন্দ্রিয় নয় কি?

লোকোত্তর-জ্ঞান ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো লোকোত্তর-জ্ঞান নয় বটে, তবে ইন্দ্রিয়। লোকোত্তর-জ্ঞান ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু লোকোত্তর-জ্ঞানও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানীন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

১৮৫. (ক) যা লোকোত্তর-জ্ঞানী নয় তা ইন্দ্রিয় নয় কি?

লোকোত্তর-জ্ঞানী ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো লোকোত্তর-জ্ঞানী নয় বটে, তবে ইন্দ্রিয়। লোকোত্তর-জ্ঞানী ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু লোকোত্তর-জ্ঞানীও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা চক্ষেন্দ্রিয় নয় কি? হ্যাঁ...।

(ক) যা লোকোত্তর-জ্ঞানী নয় তা ইন্দ্রিয় নয় কি?

লোকোত্তর-জ্ঞানী ব্যতীত বাকি ইন্দ্রিয়গুলো লোকোত্তর-জ্ঞানী নয় বটে, তবে ইন্দ্রিয়। লোকোত্তর-জ্ঞানী ও ইন্দ্রিয় ব্যতীত বাকিগুলো কিন্তু লোকোত্তর-জ্ঞানীও নয়, ইন্দ্রিয়ও নয়।

(খ) যা ইন্দ্রিয় নয় তা লোকোত্তর-জ্ঞানেন্দ্রিয় নয় কি? হ্যাঁ।

[প্রজ্ঞপ্তি-নির্দেশ বার]

২. প্রবর্তন বার ১. উৎপত্তি বার

(১) বর্তমান বার

(ক) অনুলোম-পুদ্গল

১৮৬. (ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচক্ষুক কিন্তু অশ্রোত্রক সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক ও সশ্রোত্রক সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রোত্রেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সশ্রোত্রক কিন্তু অচক্ষুক সত্ত্বগণের শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সশ্রোত্রক ও সচক্ষুক সত্ত্বগণের কিন্তু শ্রোত্রেন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচক্ষুক কিন্তু অঘ্রাণক সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক ও সঘ্রাণক সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সঘ্রাণক কিন্তু অচক্ষুক সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক ও সচক্ষুক সত্ত্বগণের

কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচক্ষুক কিন্তু স্ত্রী নহে[১] এমন সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক স্ত্রী সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অচক্ষুক স্ত্রী সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক স্ত্রী সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচক্ষুক কিন্তু পুরুষ নহে[২] এমন সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক পুরুষ সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অচক্ষুক পুরুষ সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক পুরুষ সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের[৩] জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের[৪] চক্ষেন্দ্রিয় উৎপন্ন

---

[১]। ইহা ব্রহ্মপরিষদ প্রভৃতি রূপব্রহ্মলোকবাসী সত্ত্ব, পুরুষ ও নপুংসক সত্ত্বগণকে উপলক্ষ করে বলা হয়েছে। কারণ সেই সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। *[যমক-অট্ঠকথা]*

[২]। ইহা রূপব্রহ্মলোকস্থ সত্ত্ব, স্ত্রী ও নপুংসক সত্ত্বগণকে উপলক্ষ করে বলা হয়েছে। কারণ সেই সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। *[যমক-অট্ঠকথা]*

[৩]। ইহা একস্কন্ধবিশিষ্ট (অসংজ্ঞসত্ত্ব), চারিস্কন্ধবিশিষ্ট (অরূপসত্ত্ব) ও কামধাতুর সত্ত্বগণকে উপলক্ষ করে বলা হয়েছে। *[যমক-অট্ঠকথা]*

[৪]। ইহা উপেক্ষাসহগত চারি মহাবিপাক চিত্তে প্রতিসন্ধিগ্রহণকারী সত্ত্বগণকে উপলক্ষ করে বলা হয়েছে। *[যমক-অট্ঠকথা]*

হয় বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের[১] চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের[২] উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচক্ষুক কিন্তু অহেতুক সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক ও সহেতুক সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সহেতুক কিন্তু অচক্ষুক সত্ত্বগণের শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সহেতুক ও সচক্ষুক সত্ত্বগণের কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচক্ষুক কিন্তু জ্ঞানবিপ্রযুক্ত সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক ও জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

---

[১]। ইহা সৌমনস্যসহগত চিত্তে প্রতিসন্ধিগ্রহণকারী সত্ত্বগণকে উপলক্ষ করে বলা হয়েছে। *[যমক-অট্ঠকথা]*

[২]। ইহা অহেতুক প্রতিসন্ধিবশে বলা হয়েছে। *[যমক-অট্ঠকথা]*

উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত কিন্তু অচক্ষুক সত্ত্বগণের প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত ও সচক্ষুক সত্ত্বগণের কিন্তু প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচিত্তক কিন্তু অচক্ষুক সত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচক্ষুক সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (চক্ষেন্দ্রিয়মূলক)

১৮৭. (ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সঘ্রাণক কিন্তু স্ত্রী নহে এমন সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক স্ত্রী সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অঘ্রাণক স্ত্রী সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক স্ত্রী সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সঘ্রাণক কিন্তু পুরুষ নহে এমন সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক পুরুষ সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অঘ্রাণক পুরুষ সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক পুরুষ সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত

উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সঘ্রাণক কিন্তু অহেতুক সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক ও সহেতুক সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সহেতুক কিন্তু অঘ্রাণক সত্ত্বগণের শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সহেতুক ও সঘ্রাণক সত্ত্বগণের কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সঘ্রাণক কিন্তু জ্ঞানবিপ্রযুক্ত সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক ও জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত কিন্তু অঘ্রাণক সত্ত্বগণের প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়

বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত ও সঘ্রাণক সত্ত্বগণের কিন্তু প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, তার মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচিত্তক কিন্তু অঘ্রাণক সত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সঘ্রাণক সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (ঘ্রাণেন্দ্রিয়মূলক)

১৮৮. (ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি? না।

(খ) অথবা যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি? না।

(ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের উপেক্ষিন্দ্রিয়

উৎপন্ন হয় বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অহেতুক স্ত্রী সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সহেতুক স্ত্রী সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সহেতুক কিন্তু স্ত্রী নহে এমন সত্ত্বগণের শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সহেতুক স্ত্রী সত্ত্বগণের কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান জ্ঞানবিপ্রযুক্ত স্ত্রী সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত স্ত্রী সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত কিন্তু স্ত্রী নহে এমন সত্ত্বগণের প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত স্ত্রী সত্ত্বগণের কিন্তু প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়, তার মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচিত্তক কিন্তু স্ত্রী নহে এমন সত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান স্ত্রী সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়। (স্ত্রীন্দ্রিয়মূলক)

১৮৯. (ক) যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান পুরুষ নহে এমন সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান পুরুষ নহে এমন সত্ত্বগণের সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান পুরুষ নহে এমন সত্ত্বগণের উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অহেতুক পুরুষ সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সহেতুক পুরুষ সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সহেতুক কিন্তু পুরুষ নহে এমন সত্ত্বগণের শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সহেতুক পুরুষ সত্ত্বগণের কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান জ্ঞানবিপ্রযুক্ত পুরুষ সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত পুরুষ সত্ত্বগণের

কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত কিন্তু পুরুষ নহে এমন সত্ত্বগণের প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত পুরুষ সত্ত্বগণের কিন্তু প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, তার মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচিত্তক কিন্তু পুরুষ নহে এমন সত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান পুরুষ সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (পুরুষেন্দ্রিয়মূলক)

১৯০. (ক) যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে সৌমনস্য-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে সৌমনস্য-সম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে উপেক্ষা-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে উপেক্ষা-সম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, তার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অহেতুক সত্ত্বগণের ও প্রবর্তনে শ্রদ্ধাবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সহেতুক সত্ত্বগণের ও প্রবর্তনে শ্রদ্ধাসম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন

হয়।

(খ) অথবা যার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, তার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান জ্ঞানবিপ্রযুক্ত সত্ত্বগণের ও প্রবর্তনে জ্ঞানবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের ও প্রবর্তনে জ্ঞানসম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, তার মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান অচিত্তক সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সচিত্তক সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ। (জীবিতেন্দ্রিয়মূলক)

১৯১. (ক) যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি? না।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি? না।

(ক) যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, তার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

প্রবর্তনে সৌমনস্য-সম্প্রযুক্ত ও শ্রদ্ধাবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সত্ত্বগণের এবং প্রবর্তনে সৌমনস্য-সম্প্রযুক্ত ও শ্রদ্ধাসম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান সহেতুক সত্ত্বগণের এবং প্রবর্তনে শ্রদ্ধাসম্প্রযুক্ত ও সৌমনস্য-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের শ্রদ্ধেন্দ্রিয়

উৎপন্ন হয় বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান সত্ত্বগণের এবং প্রবর্তনে শ্রদ্ধাসম্প্রযুক্ত ও সৌমনস্য-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, তার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান জ্ঞানবিপ্রযুক্ত সত্ত্বগণের এবং প্রবর্তনে সৌমনস্য-সম্প্রযুক্ত ও জ্ঞানবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের ও প্রবর্তনে সৌমনস্য-সম্প্রযুক্ত ও জ্ঞানসম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের এবং প্রবর্তনে জ্ঞানসম্প্রযুক্ত ও সৌমনস্য-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের এবং প্রবর্তনে জ্ঞানসম্প্রযুক্ত ও সৌমনস্য-সম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, তার মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা সৌমনস্য বেদনায় উৎপদ্যমান সচিত্তক সত্ত্বগণের ও প্রবর্তনে সৌমনস্য-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না। সৌমনস্য বেদনার সহিত উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে সৌমনস্য-সম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়। (সৌমনস্যিন্দ্রিয়মূলক)

১৯২. (ক) যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, তার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান অহেতুক সত্ত্বগণের এবং প্রবর্তনে উপেক্ষা-সম্প্রযুক্ত ও শ্রদ্ধাবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা

বেদনার সহিত উৎপদ্যমান সহেতুক সত্ত্বগণের এবং প্রবর্তনে উপেক্ষা-সম্প্রযুক্ত ও শ্রদ্ধাসম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান সহেতুক সত্ত্বগণের এবং প্রবর্তনে শ্রদ্ধাসম্প্রযুক্ত ও উপেক্ষা-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান সহেতুক সত্ত্বগণের এবং প্রবর্তনে শ্রদ্ধাসম্প্রযুক্ত ও উপেক্ষা-সম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, তার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান জ্ঞানবিপ্রযুক্ত সত্ত্বগণের এবং প্রবর্তনে উপেক্ষা-সম্প্রযুক্ত ও জ্ঞানবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের ও প্রবর্তনে উপেক্ষা-সম্প্রযুক্ত ও জ্ঞানসম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের এবং প্রবর্তনে জ্ঞানসম্প্রযুক্ত ও উপেক্ষা-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের এবং প্রবর্তনে জ্ঞানসম্প্রযুক্ত ও উপেক্ষা-সম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, তার মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি?

বিনা উপেক্ষা বেদনায় উৎপদ্যমান সচিত্তক সত্ত্বগণের ও প্রবর্তনে উপেক্ষা-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না। উপেক্ষা বেদনার সহিত উৎপদ্যমান সত্ত্বগণের ও প্রবর্তনে উপেক্ষা-সম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়। (উপেক্ষিন্দ্রিয়মূলক)

১৯৩. (ক) যার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, তার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান জ্ঞানবিপ্রযুক্ত সহেতুক সত্ত্বগণের এবং প্রবর্তনে শ্রদ্ধাসম্প্রযুক্ত ও জ্ঞানবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত সহেতুক সত্ত্বগণের এবং প্রবর্তনে শ্রদ্ধাসম্প্রযুক্ত ও জ্ঞানসম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, তার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়, তার মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়, তার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান সচিত্তক কিন্তু অহেতুক সত্ত্বগণের ও প্রবর্তনে শ্রদ্ধাবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান সহেতুক সত্ত্বগণের ও প্রবর্তনে শ্রদ্ধা-সম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (শ্রদ্ধেন্দ্রিয়মূলক)

১৯৪. (ক) যার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়, তার মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়, তার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

উৎপদ্যমান জ্ঞানবিপ্রযুক্ত সচিত্তক সত্ত্বগণের ও প্রবর্তনে জ্ঞানবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না। উৎপদ্যমান জ্ঞানসম্প্রযুক্ত সত্ত্বগণের ও প্রবর্তনে জ্ঞানসম্প্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (প্রজ্ঞেন্দ্রিয়মূলক)

(খ) অনুলোম-স্থান

১৯৫. (ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

রূপাবচর ভূমিতে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। কামাবচর ভূমিতে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়

কি? হ্যাঁ।

(ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে স্ত্রীন্দ্রিয়... পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

রূপাবচর ভূমিতে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না। কামাবচর ভূমিতে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(খ) অথবা যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে ও অরূপ-ভূমিতে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

অরূপ-ভূমিতে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

অরূপ-ভূমিতে মনিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়। (চক্ষেন্দ্রিয়মূলক)

১৯৬. যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে স্ত্রীন্দ্রিয়... পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

অথবা যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(ক) যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। কামাবচর ভূমিতে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় কি?

রূপাবচর ভূমিতে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না। কামাবচর ভূমিতে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়।

(ক) যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়, সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় কি? হ্যাঁ।

২৪১. (ক) যার ঘ্রাণেন্দ্রিয়... স্ত্রীন্দ্রিয়... পুরুষেন্দ্রিয়... জীবিতেন্দ্রিয়... সৌমনস্যিন্দ্রিয়... উপেক্ষিন্দ্রিয়... শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অনুলোম-স্থান

২৪২. (ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর ভূমিতে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর ভূমিতে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে স্ত্রীন্দ্রিয়... পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর ভূমিতে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর ভূমিতে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে ও অরূপ-ভূমিতে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

অরূপ-ভূমিতে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

অরূপ-ভূমিতে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল। (চক্ষেন্দ্রিয়মূলক)

২৪৩. যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে স্ত্রীন্দ্রিয়... পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর ভূমিতে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(ক) যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর ভূমিতে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর ভূমিতে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(ক) যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর ভূমিতে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(ক) যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর ভূমিতে কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর ভূমিতে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল। (ঘ্রাণেন্দ্রিয়মূলক)

২৪৪. (ক) যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ...।

২৪৫. (ক) যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর ভূমিতে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(ক) যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর ভূমিতে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর ভূমিতে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে উপেক্ষিন্দ্রিয়... শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর ভূমিতে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল। (পুরুষেন্দ্রিয়মূলক)

২৪৬. (ক) যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে উপেক্ষিন্দ্রিয়... শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (জীবিতেন্দ্রিয়মূলক)

২৪৭. (ক) যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (সৌমনস্যিন্দ্রিয়মূলক)

২৪৮. যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (উপেক্ষিন্দ্রিয়মূলক)

২৪৯. যেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (শ্রদ্ধেন্দ্রিয়মূলক)

২৫০. (ক) যেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (প্রজ্ঞেন্দ্রিয়মূলক)

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

২৫১. (ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে স্ত্রীন্দ্রিয়... পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

অথবা যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে উপেক্ষিন্দ্রিয়

উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

অরূপ সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

অরূপ সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল। (চক্ষেন্দ্রিয়মূলক)

২৫২. যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে স্ত্রীন্দ্রিয়... পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে উপেক্ষিন্দ্রিয়

উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল। (ঘ্রাণেন্দ্রিয়মূলক)

২৫৩. (ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ...। (স্ত্রীন্দ্রিয়মূলক)

২৫৪. (ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে উপেক্ষিন্দ্রিয়... শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল। (পুরুষেন্দ্রিয়মূলক)

২৫৫. (ক) যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। অপরাপর চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

অসংজ্ঞসত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

অসংজ্ঞসত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

অথবা যার যেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

অসংজ্ঞসত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (জীবিতেন্দ্রিয়মূলক)

২৫৬. (ক) যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। অপরাপর চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। অপরাপর চারি স্কন্ধ ও

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল। (সৌমনস্যিন্দ্রিয়মূলক)

২৫৭. (ক) যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (উপেক্ষিন্দ্রিয়মূলক)

২৫৮. (ক) যার যেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (শ্রদ্ধেন্দ্রিয়মূলক)

২৫৯. (ক) যার যেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (প্রজ্ঞেন্দ্রিয়মূলক)

(ঘ) প্রত্যানীক-পুদ্গল

২৬০. (ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার কি শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই।

(খ) অথবা যার শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই।

(খ) অথবা যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই।

যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার কি স্ত্রীন্দ্রিয়... পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই।

অথবা যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই।

যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার কি শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই। (চক্ষেন্দ্রিয়মূলক)

২৬১. যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার কি স্ত্রীন্দ্রিয়... পুরুষেন্দ্রিয়... জীবিতেন্দ্রিয়... সৌমনস্যিন্দ্রিয়... উপেক্ষিন্দ্রিয়... শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই...।

২৬২. (ক) যার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার কি মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই।

(খ) অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার কি প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই। (প্রজ্ঞেন্দ্রিয়মূলক)

(ঙ) প্রত্যানীক-স্থান

২৬৩. (ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি?

রূপাবচর ভূমিতে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন

হয়নি তা নয়। অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে ও অরূপ-ভূমিতে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি স্ত্রীন্দ্রিয়... পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

অথবা যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি?

রূপাবচর ভূমিতে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি তা নয়। অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে ও অরূপ-ভূমিতে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

(ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই

(ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(ক) যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি?

অরূপ-ভূমিতে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি তা নয়। অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি?

অরূপ-ভূমিতে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি তা নয়। অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ। (চক্ষেন্দ্রিয়মূলক)

২৬৪. যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি স্ত্রীন্দ্রিয়...

পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

অথবা যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(ক) যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই।

(ক) যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি?

রূপাবচর ভূমিতে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি তা নয়। অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে ও অরূপ-ভূমিতে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(ক) যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি তা নয়। অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি তা নয়। অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ। (ঘ্রাণেন্দ্রিয়মূলক)

২৬৫. (ক) যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ...।

২৬৬. (ক) যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

(খ) অথবা যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই।

(ক) যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি?

রূপাবচর ভূমিতে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি তা নয়। অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে ও অরূপ-ভূমিতে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(ক) যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি তা নয়। অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি?

রূপাবচর ও অরূপাবচর ভূমিতে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি তা নয়। অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ। (পুরুষেন্দ্রিয়মূলক)

২৬৭. (ক) যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই।

(খ) অথবা যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি? উৎপন্ন হয়েছিল।

যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি উপেক্ষিন্দ্রিয়... শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি? নেই।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন

হয়নি? উৎপন্ন হয়েছিল। (জীবিতেন্দ্রিয়মূলক)

২৬৮. (ক) যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ। (সৌমনস্যিন্দ্রিয়মূলক)

২৬৯. যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ। (উপেক্ষিন্দ্রিয়মূলক)

২৭০. যেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ। (শ্রদ্ধেন্দ্রিয়মূলক)

২৭১. (ক) যেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(খ) অথবা যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি, সেখানে কি প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ। (প্রজ্ঞেন্দ্রিয়মূলক)

(চ) প্রত্যানীক-পুদ্গল-স্থান

২৭২. (ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি?

রূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে চক্ষেন্দ্রিয়

উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপসত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয়... পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

অথবা যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি?

রূপাবচর সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি?

অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি?

অরূপ সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি?

অরূপ সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে মনিন্দ্রিয়

উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ। (চক্ষেন্দ্রিয়মূলক)

২৭৩. যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয়... পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

অথবা যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি?

রূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয়...

প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ। (ঘ্রাণেন্দ্রিয়মূলক)

২৭৪. (ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ...। (স্ত্রীন্দ্রিয়মূলক)

২৭৫. (ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি?

রূপাবচর সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি?

রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ। (পুরুষেন্দ্রিয়মূলক)

২৭৬. (ক) যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের উৎপত্তিচিত্তের (প্রতিসন্ধিচিত্তের) উৎপত্তিক্ষণে সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয়... শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি?

অসংজ্ঞসত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়নি তা নয়। সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের উৎপত্তি চিত্তের উৎপত্তিক্ষণে সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়নি। (জীবিতেন্দ্রিয়মূলক)

২৭৭. যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয়... শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি?

সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের দ্বিতীয় চিত্ত বিদ্যমান থাকা অবস্থায় সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন উৎপন্ন হয়নি তা নয়। উৎপদ্যমান সুদ্ধাবাস ভূমিবাসী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে

কিন্তু সৌমনস্রিন্দ্রিয়ও উৎপন্ন হয়নি, মনিন্দ্রিয়ও উৎপন্ন হয়নি।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ। (সৌমনস্যিন্দ্রিয়মূলক)

২৭৮. যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ। (উপেক্ষিন্দ্রিয়মূলক)

২৭৯. যার যেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ। (শ্রদ্ধেন্দ্রিয়মূলক)

২৮০. যার যেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হয়নি, তার সেখানে কি প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়নি? হ্যাঁ। (প্রজ্ঞেন্দ্রিয়মূলক)

(৩) ভবিষ্যৎ বার

(ক) অনুলোম-পুদ্গল

২৮১. (ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে, তার শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যাঁরা রূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হবে, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যাঁরা রূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন ও যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে

না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হবে, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যাঁরা রূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন ও যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হবে, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যাঁরা অরূপ-ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যেই সচক্ষুক সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হবে, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যেই সচক্ষুক সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হবে, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে

কি?

যাঁরা অরূপ-ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে, তার শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি? হ্যাঁ।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যাঁরা অরূপ-ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হবে। (চক্ষেন্দ্রিয়মূলক)

২৮২. (ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে, ঘ্রাণেন্দ্রিয়ও

উৎপন্ন হবে।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যেই সঘ্রাণক সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যাঁরা রূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যেই সঘ্রাণক সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে, তার শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি? হ্যাঁ।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে। (ঘ্রাণেন্দ্রিয়মূলক)

২৮৩. (ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে

পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন ও যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যাঁরা রূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন ও যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন ও যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে উপেক্ষা বেদনার সহেত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে।

যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে, তার শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি? হ্যাঁ।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন ও যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে। (স্ত্রীন্দ্রিয়মূলক)

২৮৪. (ক) যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন ও যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(ক) যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যাঁরা রূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন ও যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে

বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(ক) যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন ও যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে, তার শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি? হ্যাঁ।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এবং যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে। (পুরুষেন্দ্রিয়মূলক)

২৮৫. (ক) যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যেই চিত্তের অনন্তরে উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে কি? হ্যাঁ।

(ক) যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যেই চিত্তের অনন্তরে উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত

উৎপন্ন হবে এমন সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে কি? হ্যাঁ।

যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে, তার শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি? হ্যাঁ।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে কি? হ্যাঁ। (জীবিতেন্দ্রিয়মূলক)

২৮৬. (ক) যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যেই চিত্তের অনন্তরে সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যেই চিত্তের অনন্তরে উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে, তার শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি? হ্যাঁ।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যেই চিত্তের অনন্তরে উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের মনিন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে। (সৌমনস্যিন্দ্রিয়মূলক)

২৮৭. যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে, তার শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি? হ্যাঁ।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

যেই চিত্তের অনন্তরে সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে ও যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন

হয় না, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

কামাবচর ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের, রূপাবচর ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের, অরূপ সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

কামাবচর ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের, রূপাবচর ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের, অরূপ সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি

জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের ও অরূপ-ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের ও অরূপ-ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের, অরূপ সত্ত্বগণের ও যেই সচক্ষুক সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, স্যৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের ও যেই সচক্ষুক সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের,অসংজ্ঞসত্ত্বগণের, অরূপ সত্ত্বগণের ও যেই সচক্ষুক সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু স্যৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয়

উৎপন্ন হবে না?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, অরূপ-ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও যেই সচক্ষুক সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের ও যেই সচক্ষুক সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, অরূপ-ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও যেই সচক্ষুক সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান অচক্ষুক সত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, অরূপ-ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

কামাবচর ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, অরূপ-ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়

না। (চক্ষেন্দ্রিয়মূলক)

৩৯৬. (ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের এবং যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না?

কামাবচর ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের এবং যেই পুরুষ সত্ত্বগণ এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের এবং যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না?

কামাবচর ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে

ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের এবং যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না?

চ্যুতমান সকল সত্ত্বগণের ও উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না?

কামাবচর ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের ও রূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের, অরূপ সত্ত্বগণের ও যাঁরা উপেক্ষা বেদনায় উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, স্যৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না?

কামাবচর ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের ও যেই সঘ্রাণক সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন

উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের, অরূপ সত্ত্বগণের ও যাঁরা উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু স্যৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও যাঁরা সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না?

কামাবচর ভূমিতে উৎপদ্যমান অন্তিমজন্মী সত্ত্বগণের ও যেই সঘ্রাণক সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও যাঁরা সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান অঘ্রাণক সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও

উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অন্তিমজন্মী সঘ্রাণক সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয় না। (ঘ্রাণেন্দ্রিয়মূলক)

৩৯৭. (ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের এবং যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অন্তিমজন্মী স্ত্রী সত্ত্বগণের, যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের এবং যেই স্ত্রী সত্ত্বগণ এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের , কামাবচর ভূমিতে উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে

অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অন্তিমজন্মী স্ত্রী সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের ও রূপাবচর সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের, অরূপ সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না, স্যৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অন্তিমজন্মী স্ত্রী সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের, অরূপ সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু স্যৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর

ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অন্তিমজন্মী স্ত্রী সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের এবং যেই স্ত্রী সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও কামাবচর ভূমিতে উৎপদ্যমান স্ত্রী নহে এমন সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অন্তিমজন্মী স্ত্রী সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের এবং অসংজ্ঞ সত্ত্বগণে সেখানে মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয় না। (স্ত্রীন্দ্রিয়মূলক)

৩৯৮. (ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান

পুরুষ নহে এমন সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অন্তিমজন্মী পুরুষ সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে না, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান পুরুষ নহে এমন সত্ত্বগণের ও রূপাবচর সত্ত্বগণের সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের, অরূপাবচর সত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ উপেক্ষা বেদনায় উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, স্যৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অন্তিমজন্মী পুরুষ সত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের, অরূপ সত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু স্যৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান পুরুষ নহে এমন সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অন্তিমজন্মী পুরুষ সত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, অসংজ্ঞসত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণ সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এমন চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

কামাবচর ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের, কামাবচর ভূমিতে উৎপদ্যমান পুরুষ নহে এমন সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না?

উৎপদ্যমান অন্তিমজন্মী পুরুষ সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। কামাবচর ভূমিতে পরিনির্বাণগামী সত্ত্বগণের, রূপাবচর ও অরূপাবচর ভূমিতে অন্তিমজন্মী

সত্ত্বগণের এবং অসংজ্ঞসত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয় না। (পুরুষেন্দ্রিয়মূলক)

৩৯৯. (ক) যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না?

চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের এবং প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে ও যেই চিত্তের অনন্তরে উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে সেই চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের এবং অসংজ্ঞসত্ত্ব-ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, স্যৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে ও যেই চিত্তের অনন্তরে উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে সেই চিত্তের উৎপত্তিক্ষণে এবং অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে ও যেই চিত্তের অনন্তরে উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে সেই চিত্তের ভঙ্গক্ষণে এবং অসংজ্ঞসত্ত্ব-ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

(ক) যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না?

চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের এবং প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে ও যেই চিত্তের অনন্তরে সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে সেই চিত্তের ভঙ্গক্ষণে এবং অসংজ্ঞসত্ত্ব-ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে ও যেই চিত্তের অনন্তরে সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে সেই চিত্তের উৎপত্তিক্ষণে এবং অসংজ্ঞসত্ত্ব-ভূমিত উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে ও যেই চিত্তের অনন্তরে সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে সেই চিত্তের ভঙ্গক্ষণে এবং অসংজ্ঞসত্ত্ব-ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

চারি স্কন্ধ ও পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের ও প্রবর্তনে চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্ব-ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্ব-ভূমিতে উৎপদ্যমান সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্ব-ভূমি হতে চ্যুতমান সত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয় না। (জীবিতেন্দ্রিয়মূলক)

৪০০. (ক) যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও সৌমনস্য-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্তগণের, উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের, যেই চিত্তের অনন্তরে সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে সেই চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয় না,

উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

(খ) অথবা যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না?

সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে ও যেই চিত্তের অনন্তরে সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে সেই চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের, উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের, যেই চিত্তের অনন্তরে সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে সেই চিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয় না।

যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও সৌমনস্য-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্তগণের, উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না?

সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের, উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত সমন্বিত সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয় না। (সৌমনস্যিন্দ্রিয়মূলক)

৪০১. যার যেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও উপেক্ষা-বিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন

হবে না তা নয়। উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্তগণের, সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না?

উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্তগণের, সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত সমন্বিত সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয় না। (উপেক্ষিন্দ্রিয়মূলক)

৪০২. যার যেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও শ্রদ্ধাবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সেখানে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্তগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না।

অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয় না। (শ্রদ্ধেন্দ্রিয়মূলক)

৪০৩. (ক) যার যেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না, তার সেখানে কি মনিন্দ্রিয় উৎপন্ন হবে না?

সকল সত্ত্বগণের চিত্তের ভঙ্গক্ষণে ও জ্ঞানবিপ্রযুক্ত চিত্তের উৎপত্তিক্ষণে সেখানে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয় না, মনিন্দ্রিয়ও উৎপন্ন

হবে না।

(খ) অথবা যার যেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না, তার সেখানে কি প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের উৎপত্তিক্ষণে সত্ত্বগণের সেখানে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না বটে, তবে প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয় না তা নয়। সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্তের ভঙ্গক্ষণে সত্ত্বগণের ও অসংজ্ঞসত্ত্বগণের সেখানে কিন্তু মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে না, প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয় না। (প্রজ্ঞেন্দ্রিয়মূলক)

(৬) অতীত-ভবিষ্যৎ বার

(ক) অনুলোম-পুদ্গল

৪০৪. (ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা অরূপ-ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, শ্রোত্রেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের, যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এবং যেই পুরুষ সত্ত্বগণে এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের, যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এবং যেই স্ত্রী সত্ত্বগণে এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

যার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয়

উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (চক্ষেন্দ্রিয়মূলক)

৪০৫. (ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের, যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এবং যেই পুরুষ সত্ত্বগণে এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের, যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এবং যেই স্ত্রী সত্ত্বগণে এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে

পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

যার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (ঘ্রাণেন্দ্রিয়মূলক)

৪০৬. (ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের, যাঁরা রূপাবচর ও অরূপাবচর ভূমিতে উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন এবং যেই স্ত্রী সত্ত্বগণে এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

যার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (স্ত্রীন্দ্রিয়মূলক)

৪০৭. (ক) যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের ও যাঁরা সৌমনস্য বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

যার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

অন্তিমজন্মী সত্ত্বগণের পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার পুরুষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (পুরুষেন্দ্রিয়মূলক)

৪০৮. (ক) যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের ও যেই চিত্তের অনন্তরে উপেক্ষা-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের ও যেই চিত্তের অনন্তরে সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

যার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার জীবিতেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (জীবিতেন্দ্রিয়মূলক)

৪০৯. (ক) যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের ও যেই চিত্তের অনন্তরে সৌমনস্য-সম্প্রযুক্ত সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত উৎপন্ন হবে এমন সত্ত্বগণের সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হবে, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

যার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (সৌমনস্যিন্দ্রিয়মূলক)

৪১০. যার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার শ্রদ্ধেন্দ্রিয়... প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু উপেক্ষিন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার উপেক্ষিন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (উপেক্ষিন্দ্রিয়মূলক)

৪১১. যার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার প্রজ্ঞেন্দ্রিয়... মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু শ্রদ্ধেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার শ্রদ্ধেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (শ্রদ্ধেন্দ্রিয়মূলক)

৪১২. (ক) যার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার মনিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

সর্বশেষ অপ্রতিসন্ধিক চ্যুতিচিত্ত-সমন্বিত সত্ত্বগণের প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে মনিন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর সত্ত্বগণের কিন্তু প্রজ্ঞেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, মনিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার মনিন্দ্রিয় উৎপন্ন হবে, তার প্রজ্ঞেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ। (প্রজ্ঞেন্দ্রিয়মূলক)

(খ) অনুলোম-স্থান

৪১৩. যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, সেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হবে কি?... ।

(গ) অনুলোম-পুদ্গল-স্থান

৪১৪. (ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হবে না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, শ্রোত্রেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে শ্রোত্রেন্দ্রিয় উৎপন্ন হবে, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

কামাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের ও রূপাবচর সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, ঘ্রাণেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে ঘ্রাণেন্দ্রিয় উৎপন্ন হবে, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে কি?

কামাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, রূপাবচর সত্ত্বগণের ও যেই পুরুষ সত্ত্বগণে এই পুরুষ জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, স্ত্রীন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে স্ত্রীন্দ্রিয় উৎপন্ন হবে, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

কামাবচর ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের, রূপাবচর সত্ত্বগণের ও যেই স্ত্রী সত্ত্বগণে এই স্ত্রী জন্মের মধ্য দিয়েই কয়েকটি ভবে জন্ম নিয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে না। অপরাপর কামাবচর সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, পুরুষেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে পুরুষেন্দ্রিয় উৎপন্ন হবে, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে কি?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি?

অসংজ্ঞসত্ত্বগণের ও অরূপ সত্ত্বগণের সেখানে জীবিতেন্দ্রিয় উৎপন্ন হবে বটে, তবে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল তা নয়। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী সত্ত্বগণের সেখানে কিন্তু জীবিতেন্দ্রিয়ও উৎপন্ন হবে, চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল।

(ক) যার যেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল, তার সেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে কি?

পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিতে অন্তিমজন্মী সত্ত্বগণের ও যেই সচক্ষুক সত্ত্বগণ উপেক্ষা বেদনার সহিত উৎপন্ন হয়ে পরিনির্বাপিত হবেন সেই সত্ত্বগণের সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল বটে, তবে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে না। পঞ্চস্কন্ধবিশিষ্ট ভূমিবাসী অপরাপর সত্ত্বগণের সেখানে কিন্তু চক্ষেন্দ্রিয়ও উৎপন্ন হয়েছিল, সৌমনস্যিন্দ্রিয়ও উৎপন্ন হবে।

(খ) অথবা যার যেখানে সৌমনস্যিন্দ্রিয় উৎপন্ন হবে, তার সেখানে চক্ষেন্দ্রিয় উৎপন্ন হয়েছিল কি? হ্যাঁ।

